Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

NB. 13

তৈজস



আচার্য্য শ্রীগোপাল চন্দ্র চট্টোপাধ্যায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তস্মৈ

আচার্য্য শ্রীগোপাল চন্দ্র চট্টোপাধ্যায়।

শ্রীসত্যগোপাল গীতাশ্রম,
এলেনগঞ্জ
এলাহাবাদ।

সর্ব্বস্বত্ব সংরক্ষিত] [মূল্য তিন টাকা আট আনা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশক :—

শ্রীখগেন্দ্র নাথ চক্রবর্ত্তী

শ্রীসত্যগোপাল গীতাশ্রম

৬৯এ, এলেনগঞ্জ, এলাহাবাদ।

প্রাপ্তিস্থান :—

১। শ্রীসত্যগোপাল গীতাশ্রম—এলেনগঞ্জ, এলাহাবাদ।

২। সাধনসমর পুস্তকালয়—২০১, মুক্তারামবাবু ষ্ট্রীট, কলিকাতা।

৩। শ্রীঅতুলরঞ্জন বসু—২৮, মহীনাথ পরাল লেন, সালকিয়া, হাওড়া।

এবং কলিকাতার প্রধান প্রধান পুস্তকালয়।

আশ্বিন ১৩৫৬।

মুদ্রাকর :—

শ্রীসুনীল রায় চৌধুরী

শিক্ষক প্রেস

৬১, বালিগঞ্জ প্লেস, কলিকাতা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওঁ

শ্রীমৎপরংব্রহ্ম গুরুং বদামি।
শ্রীমৎপরংব্রহ্ম গুরুং স্মরামি ॥
শ্রীমৎপরংব্রহ্ম গুরুং ভজামি।
শ্রীমৎপরংব্রহ্ম গুরুং নমামি ॥

মহাপ্রাণশক্তিশোভাবিমণ্ডিত পরং ব্রহ্ম গুরুকেই বলিব—বাক্য তাঁহাকেই প্রকাশ করিবে; কথা অর্থই হইবে তাঁহার কথা।

পরং ব্রহ্ম গুরুরই হইবে স্মরণ—মন প্রতি মননে তাঁহারই স্মৃতি বহন করিবে; জানা, চিন্তা করা—তাঁহাকেই স্মরণ করা।

পরং ব্রহ্ম গুরুকেই ভজনা করিব—কর্ম্মমাত্রই হইবে তাঁহার পূজন; গতিমাত্রই হইবে তাঁহাকে আশ্রয়।

পরং ব্রহ্ম গুরুকেই প্রণাম করিব—জীবন হইবে তাঁহারই চরণে প্রণিপাত—একান্ত আত্মভোলা আত্মসমর্পণ।

ওঁ শান্তি ! শান্তি !! শান্তি !!!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশকের নিবেদন

"তবৈর"—শ্রীযুক্ত আচার্য্যদেবের জনৈক গুরুভ্রাতাকে লিখিত কয়েকখানা পত্রের সমষ্টি। যে ঘটনাসমাবেশে এবং যে ব্যক্তিগত প্রয়োজনে এই পত্রগুলির উৎপত্তি, তাহা এখন আর নাই; সেই হিসাবে যাবতীয় জাগতিক বস্তুর নিয়মে পত্রগুলির কালস্রোতে ভাসিয়া অদৃশ্য হইয়া যাওয়ারই কথা ছিল। কিন্তু বস্তুতঃ তেমনটি ঘটিতে পারে নাই। পত্রের প্রাপক পত্রগুলির এক অনির্দ্দিষ্ট মূল্যজ্ঞানের তাগিদে সেগুলি ন্যস্ত সম্পত্তির মত এতকাল সযত্নে রক্ষা করিয়া আসিতেছিলেন। তারপর একদিন তিনি পত্রের লেখককে পত্রগুলি ফেরত দিয়া জানাইলেন—"তোমার জিনিষ তোমাকে ফেরত দিতে পারিয়া আজ আমি দায়মুক্ত বোধ করিতেছি।" পত্রগুলি ফেরত দেওয়ার পরেই ঘটনাসূত্রে এই পত্রের সঙ্গে আমাদের পরিচয়। পত্রগুলি পড়িয়া আমাদের মনে হইল যে, যাহা এতকাল একের গোপন অধিকারে গচ্ছিত রহিয়াছে, তাহা বহুর সেবার জন্যই উদ্ভূত। আমাদের মনে হইয়াছে, এই পত্রগুলি যে কেহ নিজের জন্য লিখিত বলিয়া অনায়াসে বোধ করিতে পারিবেন। বন্ধুভাবে লিখিত পত্রগুলি সহৃদয় ব্যক্তি মাত্রেরই অন্তর বন্ধুভাবেই স্পর্শ করিবে। যে ঘটনার যোগাযোগে পত্রগুলির উৎপত্তি, আজও সকল মানুষের জীবনে জীবনে তেমনতর ঘটনাস্রোতের ঘাত-প্রতিঘাত চলিতেছে—ভুক্তভোগী ব্যক্তিমাত্রেই সেই সংঘর্ষে অগ্রগতির পথ খুঁজিতে বাধ্য হন। পত্রগুলির ছত্রে ছত্রে যে আলোর সমাবেশ আছে তাহা বিনা আড়ম্বরে পথভ্রান্তের পথ-প্রদর্শক বান্ধবের স্থান গ্রহণ করিবে—আমরা এইরূপ আশাভরসা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লইয়াই পত্রগুলির এতদিনের অন্তরাল ঘুচাইয়া ইহাদিগকে লোক-লোচনের গোচরীভূত করিবার প্রয়াস পাইতেছি। যাঁহার দিকে লক্ষ্য রাখিয়া কর্ম্মসম্পাদন করিলে কর্ম্ম জনসেবার যোগ্যতা লাভ করে—যাঁহার ভাবনায় ভাবিত হইয়া লোকব্যবহার অনুষ্ঠিত হইলে মানব-মাত্রেরই তাহা প্রীতিপ্রদ হয়, আমাদের এই ক্ষুদ্র প্রচেষ্টার ভিত্তিমূলে সেই শুভ যোগাযোগের অসম্ভাব নাই। সেই সত্য বিশেষভাবে স্মরণ করিয়াই আমরা তাঁহার নামে গ্রন্থি বাঁধিয়া, নরনারায়ণের সেবায় এই বাঙ্‌ময় অর্ঘ্য সাজাইয়া দিলাম। যাঁহাদের সেবার জন্য এই আয়োজন তাঁহারা আমাদের এই অর্পণ কিভাবে গ্রহণ করিবেন, তাহা নির্দ্ধারণ করার ভার তাঁহার উপরেই থাকুক্—যিনি অযাচিতভাবে বিশ্বের ক্ষুদ্রবৃহৎ যাবতীয় বস্তু এবং ব্যক্তির গতি-পরিণতির একমাত্র নিয়ন্তা ও বিধাতা। অলমিতি বিস্তরেণ। ইতি

মহাষ্টমী, ১৩৫৬ সাল।
শ্রীসত্যগোপাল গীতাশ্রম
এলাহাবাদ

শ্রীখগেন্দ্রনাথ চক্রবর্ত্তী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আচার্য্য শ্রীগোপালচন্দ্র চট্টোপাধ্যায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

11/111

তস্মৈ

ওঁ জয় গুরু। জয় মা॥

১

Barisal,
9-12-26

My dear..........

My apologies to you. You are sorry for my not writing to you. I scarcely write to anybody and can never justify my conduct. To please a man with a few lines—to deny even that much is cowardly, still I always do that. This is what you see me.

But you do not perhaps know what an important part you play in my life.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Your group is always a source of pure and ennobling inspiration for me. Your *basha* is my real home and I am a stranger here. You do not know how I long to be with you always. You are to deal with me as a loving brother does, with a foolish erring brother, with a clear conviction that wrongs may be done but it is never intended.

I am writing to you in a psychological moment when you are ready to forgive anybody anything, being too full with *Thakur*.

I intend to come to you as soon as possible. I shall give you the exact date hereafter. Hope you are all well. I am impatient to be away.

P. S. Please let me know if *Thakur* is likely to go back to Karmatar soon; if so, when.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২

ভাগলপুর
৪।৭।১৯২৭

স্নেহের·········

আপনার পত্র পাইয়াছি। শ্রীশ্রীঠাকুরের পত্রও মঙ্গলবার এখানে আসিয়াছিল; কিন্তু নারায়ণ বাবু এখানে না থাকায় তাহা কলিকাতায় re-directed হইয়া যায়; তারপরে তিনি শনিবার এখানে পৌঁছিয়াছেন। সেইদিন চিঠি পাইয়াছি।

এ কয়দিন বাসার জন্য বিশেষ হয়রাণ হইতে হইয়াছে। বাসা পাওয়া এখানে বড় কঠিন। যাহা হউক অদ্য এক বাসা ১৮৲ (আঠার টাকা) ভাড়ায় সাব্যস্ত করিলাম। যতটুকু বাসা হইলে আমার চলিতে পারে, ঠিক ততটুকু বাসা পাওয়া দুরূহ। এ বাসা ঠিক সহর হইতে একটু দূরে, একটু নির্জ্জন Quarter এ একতালা দালান—দু'খানা বড় room, একখানা তা'র চেয়ে ছোট room, গরু রাখিবার ঘর একখানা, ভাঁড়ারের একটা ঘর ও পাকের ঘর। বাসায় কল নাই—শুধু চৌবাচ্চা আছে। রাস্তার কল—বাসারই অপরদিকে। আর উপরে (দো-তালায়) একখানা ঘর আছে এবং সে খানা মন্দিরের মত। বাসার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চারিদিক গাছপালায় ভরা। বাসায় বাগান নাই বটে, তবে ইহার দক্ষিণ দিকের বাসায় (তিনি-ই আমার বাড়ীওয়ালা) সুন্দর বাগান আছে। গঙ্গা—বাসা হইতে দু'এক মিনিট। বাসা খুবই পরিষ্কার পরিচ্ছন্ন। নতুন দালান, একতালা হইলেও ভিত প্রায় দোতালার সমান। দালানের সামনে একটা বারান্দা আছে।

দূর বলিয়া কিছু অসুবিধা হইতে পারে, কিন্তু থাকিবার পক্ষে বেশ ভালই হইবে। বিশেষতঃ বেশ নির্জ্জন। আর এক কথা—আমার বাসার সামনেই "ঝাউয়া কুঠি" বলিয়া প্রকাণ্ড একটা বাড়ী আছে। আমার মনে হয় সেটাই ভাগলপুরের সবচেয়ে বড় এবং সুন্দর বাড়ী; দেখে Governor's House এর কথা মনে পড়ে।

কিন্তু বাসা সাব্যস্ত হইলেও আমি বাসায় যাইতে পারিতেছিনা—কারণ আজ দুই তিনদিন যাবৎ শৈলেনের জ্বর! তা'র একটু সুস্থ হওয়ারও অপেক্ষায় আছি। যাহা হয় পরে জানিতে পারিবেন। কাজকর্ম্ম এখনও ঠিক সুশৃঙ্খল ভাবে আরম্ভ হয় নাই। শুধু পুরাতন এজেন্টদের পিছনে কিছু কিছু ঘুরিতেছি। আর একজন লোক স্বেচ্ছায় আসিয়া আমার এজেন্ট হইতে চাহিয়াছে। তাহাকে নিযুক্ত করিবার জন্য চিঠি দিয়াছি।

এখানকার field যে ভাল তা'তে সন্দেহ নেই; তবে আমার জন্য মায়ের কি ব্যবস্থা তা এখনও বোঝা যায় নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঠাকুর লিখিয়াছিলেন, মাথার অসুখের কথায় তিনি বিশেষ চিন্তিত আছেন। অসুখ না সারিয়া থাকিলে, সাধনা কিছু-দিনের জন্য একেবারে বন্ধ করা দরকার। মাথার অসুখ ত এখন নাই, কিন্তু চক্ষু এখনও সঠিক দেখিতেছে না। তবে যদিও আমি ঠাকুরের পত্র শনিবার পাইয়াছি, তবুও মঙ্গলবার হইতেই সাধনা একদম বন্ধ আছে। এখানে থাকিবার সব সুবিধাই আছে কিন্তু বসিবার সুযোগ পাইতেছিনা বাসায় যাইবার পূর্ব্বে বিশেষ কিছু হইবে এমন মনে হয়না।

পূর্ব্ব পত্রে এ জায়গা সম্বন্ধে কিছু লিখিয়াছি কিনা মনে নাই। এ জায়গা অত্যন্ত সুন্দর। এখানে যে মা আনিয়াছেন —এটা একটা সৌভাগ্য বলিয়াই মনে হয়। আরও মনে হয়, এমন প্রিয়ের সঙ্গে একবার দেখা না হইলে বড়ই অন্যায় হইত। এখানে সুন্দর সুন্দর গাছপালা ও ফুলের বাগান —একটা সাধারণ ঘটনা। একটুকু বাগান নাই এমন বাড়ীই কম আছে।

অসম্ভব না হইলে এখানে আনন্দের সহিত কিছুদিন থাকিতে আমি রাজী আছি। যদি শুধু সাধনার জন্যই এখানে থাকিতে হইত তবে ত কথাই ছিলনা। এখন কাজের দ্বারা এখানে থাকার ক্ষমতা অর্জ্জন মা কিভাবে করাইয়া লইবেন তাহা এখনও আমার কাছে প্রকাশ নাই।

ইন্সিওরেন্সের কাজ যদি আপনি করেন, তবে ভালই হয়। এ কথা আমিও অনেক দিন মনে করিয়াছি। আপনি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কোনদিন এ কাজ করেন নাই, কাজেই direct agencyতে যে কমিশন পাওয়ার কথা, আমার throughতে কাজ করা সম্ভব হইলে, আপনি তা'র চেয়ে বেশী পাইবেন। কাজেই আপনি নগেনবাবুর সঙ্গে দেখা করিয়া বলিবেন যে, যদি তাহারা আপনাকে আমার এজেন্ট স্বরূপ কাজ করিতে দেয়, তবে আপনি কাজ করিতে প্রস্তুত আছেন। ইহার উত্তরে তিনি যাহা বলেন, তাহা আমাকে জানাইবেন।

আশা করি আপনারা কুশলে আছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩

ভাগলপুর
খঞ্জনপুর
৪।৮।১৯২৭

স্নেহের.........

আপনার এই পত্র ও পূর্ব্ব পত্র পাইয়াছি।

কথা ছিল খরচের টাকা হাতে থাকিলে, আমি তিথিপূজায় আসিব। খরচের টাকা ছিল ; আসার ইচ্ছা ও ক্ষমতা সবই ছিল কিন্তু তবুও আসা হইল না। মায়ের ইচ্ছায় হইল না বলিলে সব গোল চুকিয়া যায়। আর যদি মানুষের মত আলোচনা করিতে হয় তবে বলিতে হয়, এ না-আসিতে পারার কারণ ঠাকুর নিজে।

কিছুদিন পূর্ব্বে ঠাকুরের এক চিঠি পাইলাম, এবারে তিথিপূজা সমবেতভাবে না হইয়া যার যার বাড়ীতে বা বাসায় হওয়ার আলোচনা চলিতেছে। এ অবস্থায় যদিও অনেকদিন আমাকে দেখেন না বলিয়া স্থূলেও দেখিতে বিশেষ ইচ্ছা হয়, তবুও সমস্ত দিক বিবেচনা করিয়া খরচ-পত্র করিয়া আমাকে আসিতে বলিবেন কিনা তাহা তিনি ভাবিতেছেন এবং এ বিষয়ে যাহা সাব্যস্ত হয়, আমি যথা সময়ে জানিতে পারিব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তদুত্তরে আমি লিখিয়াছিলাম এ বিষয়ে আপনি যাহা আদেশ করেন তদনুসারে আমি কার্য্য করিতে চেষ্টা করিব। তা'রপরে আর কোনই খবর পাই নাই। ট্রেণ ছাড়ার শেষ মুহূর্ত্ত পর্য্যন্ত অসম্ভব আশা করিয়া রহিলাম। তাহার পরে যাহা হইয়াছে জানেন। ঠাকুরের ঐরূপ চিঠি না পাইলে আমার সুস্থ বা অসুস্থ অবস্থায় আসিবার কোনই বাধা হইত না। কাজেই এখন বলিতে হয়, মায়ের ইচ্ছা আর আমার দুর্ভাগ্য।

কথা এই, আমি না আসিতে পারিয়া অত্যন্ত দুঃখিত হইয়াছি। যাহা হউক, আমার এখন সহিবারই অবস্থা কাজেই সবই সহিতে প্রস্তুত আছি।

এখানে আমার-মত করিয়া, আমি পূজা করিবার চেষ্টা করিয়াছি—এই পর্য্যন্ত। এ বারের তিথিপূজা সম্বন্ধে আর অধিক বলার নাই।

আপনাদের পূজা ভাল হইয়াছে শুনিয়া সুখী হইলাম।

আমি কেমন আছি বোধ হয় জানিতে ইচ্ছা করেন। সে কথা বুঝাইতে পারিব না। জীবিত আছি কি স্বপ্ন দেখিতেছি বলা কঠিন। যদি বলি ভাল আছি তাহাও ঠিক হইবে না; যদি বলি ভাল নাই, তা'তেও প্রকৃত কথা বলা হইবে না। তবে এটা বোধ হয় ঠিক যে মোটের উপর জীবনটা আদৌ পছন্দ হইতেছে না। এর যে থাকার কোন আবশ্যকতা আছে তা' আমার বোধ হয় না। আমি যা' চাই এ তা' নয়। দিনগুলিকে জীবনের অবসানের সিঁড়ীর মত অতিক্রম করিতেছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আর যা' হউক যে-জীবন চলিতেছে, এ'র মধ্যে আমার জন্য কোন ভরসাই নাই।

এ এক দিক্। এর পরের কথা যা', তা'ও আমি বুঝি। এই বিতিকিচ্ছি জীবনের পিছনে যে একটা খুবই ভাল জিনিস আছে, তা' প্রতি পদে, প্রতি ঘটনায়, প্রতিপন্ন হয়। একজনের কর্ত্তৃত্বে সমস্ত চলে—এও মানিতে বাধ্য হই। কিন্তু যে গচ্ছিত টাকার ঠিকানা হারাইয়া গেছে—তাহার স্মৃতি দরিদ্রের দারিদ্র্য প্রখরতর করে মাত্র, শান্তি দেয় না। মা আছেন—অত্যন্ত বেশী আছেন—কিন্তু জীবন তাঁহার স্পর্শে কিছুতেই আলোকিত হইতে রাজি হয় না। শুধু অন্ধকার—অন্ধকার।

এসব কথা বেশী লিখিয়া লাভ নাই। আর আমার জন্য ভয় বা চিন্তারও কারণ নাই। আমার মা-টি এখন সুন্দর নয়—ভয়ঙ্কর; দয়ালু নয়—নিষ্ঠুর। আমাকে পলাইবার পথ নিশ্চয় দিবেন না। আমাকে রক্ষা করিবেন—সুখের জন্য নয়, নিছক দুঃখ ভোগের জন্য।

"জীবনটা তো দেখা গেল শুধুই কেবল কোলাহল……
ডুব দিয়ে দেখ্‌ব এবার, কতখানি গভীর জল।"

আপনি আমার অদ্ভুত কথা শুনিয়া চিন্তিত হইবেন না। মোট কথা আমি মায়ের উপর চটিয়া গিয়াছি। যে ইচ্ছা করিলেই সব করিতে পারে, তা'র যদি অনবরত দাগা দেওয়াই পদ্ধতি হয়, তবে তা'কে দয়ালু বলা অনাবশ্যক ভদ্রতা বা নিরর্থক কাপুরুষতা। আমি যে খুঁজিয়া দেখিব মা—মা, তা'নয়, মায়ের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রমাণ করিতে হইবে মা,—শুধুই মা, কেবল স্নেহময়ী আনন্দময়ী জননী।

যাক্! যদি পারেন কোন দোকানে বলিয়া একটা 300 candle power এর Day-light মোতিলাল গোপ, কেয়ার অফ্ ভাসানি গোপ, কাঠপট্টী, বরিশাল এই ঠিকানায় ভি, পি, পার্শ্বেলে পাঠাইতে পারেন। Party যে রাখিবে তা'তে সন্দেহ নাই। তবে ঝুলনের পূর্ব্বে পৌঁছা দরকার।

আপনাদের মাকে মন্দ বলিয়া যদি দুঃখ দিয়া থাকি তবে ক্ষমা করিবেন। মায়ের রকম সকম আমার সুবিধা বোধ হইতেছে না।

আশাকরি সকলে কুশলে আছেন। তিথিপূজার পর দুই দিন পেটের অসুখ হইয়া ঘরেই আটক ছিলাম। এখন বাহির হইতে পারি, তবে শরীর বেশ দুর্ব্বল হইয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪

ভাগলপুর
১৯, খঞ্জনপুর
৫।৯।১৯২৭

স্নেহের······

আপনার পত্র পাইয়াছি। কোম্পানির প্রস্তাব সম্বন্ধে Final শুনিয়া জবাব দিব—এই জন্যই উত্তর দিতে বিলম্ব করিতেছিলাম। যাহা হউক কোম্পানি শেষ পর্য্যন্ত আমাকেই নিযুক্ত করিল। আগামী কল্য charge বুঝিয়া লইবার জন্য পাটনা যাইবার হুকুম পাইয়াছি এবং কাজে কাজেই কাল সকালে পাটনা যাইতেছি।

আপনার অবস্থা আমার কাছে কতটাই আর নূতন হইবে—কতক দেখিয়াছি আর কতক বুঝিতেছি। যাহা লিখিয়াছেন ইহাতে আমার কাছেও নূতন কিছুই নাই। আপনার ধৈর্য্য অসীম, মা'য়ের উপর বিশ্বাসেরও ত্রুটি দেখা যাইতেছে না, কাজেই আশা করিবার কারণ আছে। মা-ই আস্তে আস্তে সমস্ত ঠিক করিয়া দিবেন। আমরা যে-প্রস্তাব করি তাহা সমস্তই মায়ের ইচ্ছার পোষকতার চেষ্টা মাত্র।

মায়ের পূজার জন্য আপনারা প্রস্তুত হইতেছেন। আমি ত জানেনই চিরকালই অ-প্রস্তুত। আর মা-ও তা' জানেন কিনা, তা'ই মা নিজেই সমস্ত ব্যবস্থার ভার নিয়াছেন। আমাকে কিছু করিতে হইবে বলিয়া মনে হইতেছে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আপনাদের ওখান হইতে আসিয়া অবধি খুবই ভাল আছি। মায়ের করুণা অফুরন্ত বর্ষিত হইতেছে ; তাঁর সীমা সংখ্যা নাই। শুইতে, খাইতে, বসিতে, মায়ের প্রত্যক্ষ স্নেহের পরিচয় পাইতেছি। একটা কঠিন দৃষ্টান্ত দেই আমার শৈলেনের। তা'র প্রকৃতি পর্য্যন্ত আপনা আপনি বদলাইয়া যাইতেছে। আমি কিছুই বলি নাই ; মাঝখানে কয়েকদিন আমার একটি পয়সাও ছিল না, তখন শৈলেনই আমাকে সর্ব্ব-প্রকারে সাহায্য করা দরকার বোধ করিয়াছে। আমার কাজ কর্ম্ম করা আরম্ভ করিয়াছে। কাল বড় বেশী পরিশ্রান্ত ছিলাম—রাত্রে দেখি শৈলেন বাতাস দিতেছে। আজ সকাল বেলা—সাবান দেওয়ার সময়, শৈলেন বলে যে পিঠে আমি দিয়া দিতেছি। আর কি দেখিতে চান ?

মোটকথা বেশ আছি। শরীর ভাল নয়—বড় দুর্ব্বল—পেটের অসুখও সারে না। আমার মনে হয়, এ ভাবেই মা আমাকে পূজার জন্য প্রস্তুত করিতেছেন, কাজেই আমি সে-ভাবেই সবটা দেখিতেছি।

পাটনা হইতে ফিরিয়া আবার লিখিব। ইতিমধ্যে ওখানকার ঠিকানাতেই আপনার পত্রের উত্তর আশা করি।

আপনার টাকা পাঠাইলে, আমার পাটনা যাওয়ার ভাড়া থাকে না ; তাই পাঠাইতে পারিলাম না। আপনার সাগরে শয্যা—শিশিরে আর কত ভয়।

আশাকরি আপনারা কুশলে আছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫

ভাগলপুর
C/o. কেদারনাথ গুহ।
১।১২।১৯২৭

স্নেহের······

আপনার পত্র পাটনা হইয়া যথা সময়ে এখানে আসিয়া পৌঁছিয়াছে। গেঞ্জি, মোজা, টুপি, পৌঁছিয়াছে কিনা, এখনও খবর জানি না।

আপনার সাধনা ক্রমেই ভাল হইতেছে শুনিয়া খুসী হইলাম। সাধনা করিতেছি না—দেখিতেছি, এ অবশ্যই উন্নতি। বিশেষতঃ এই যে আপনার সকল ছাড়িয়া একান্তে মায়ের কোলে ঝাঁপাইয়া পড়িবার উদ্বেগ ও আকাঙ্খা—ইহা চমৎকার।

শ্রীশ্রীঠাকুর আসিয়াছিলেন জানিয়া খুসী হইলাম। বৎসরান্তে একবার আসিবেনই—এই নিয়ম হইল। আমি উপস্থিত না থাকিলেও আমাদের বিশেষ স্থানে যে তিনি গিয়াছেন, ইহাতেই খুসী বোধ করিতেছি।

আমার সর্ব্ব বিষয়ের বিস্তারিত অবস্থা লিখিতে বলিয়াছেন। অনেক লিখিতেও পারি, আবার একটু ভাবিলে মনে হয়—লিখিবার কি-ই বা আছে। যাহা হউক কথাটা মোটামুটি শুনুন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধনা যা'কে বলে—কিছুদিন ধরিয়া আমার তা' মোটেই নিয়মিত হইতেছিল না। ঠাকুরকে জানাইয়াছিলাম ; তিনি লিখিয়াছেন—অন্ততঃ একবার বসিতেই হইবে। কাজেই দুইদিন ধরিয়া আবার বসিতেছি। সাতটার ভিতর সমস্ত সারিতে না পারিলেই বিঘ্ন। কাজেই স্নানাদি এখন রাত্রি থাকিতেই সারিতে হইতেছে। সময় যে আমার কম আছে—তা' নয়। তবে নিরুদ্বেগে বসিবার সময় কম ; যে কেহ গণ্ডগোল বাধাইতে পারে। তা' আমার পছন্দ হয় না। বসিলেই—"জাহানারা" (১) ; কিন্তু না-বসিলে যে দুঃখিত হওয়া উচিত—এ বোধ নাই ; এটাই অদ্ভুত।

তারপরে, কাজ কর্ম্ম সরল সহজ ভাবেই চলিতেছে। মা-ই agency নিয়াছেন—এরূপ বোধ হইতেছে। চাকুরি হিসাবে, চাকুরির যে অসুবিধা থাকে—তা' আমার কিছুই নাই। কাজেই মা-ই আমার কর্ত্তা।

বসিবার যে পরিমাণে অসুবিধা আছে, চল্‌তি মুখে মাকে দেখিবার সুযোগ, সে পরিমাণে পাইতেছি। সত্যই যে কাজের ঝঞ্ঝাটে জড়াইয়া পড়িয়াছি—এ বোধ নাই ; মনে হয় যেন বেশ আছি, এই বা মন্দ কি ? ইত্যাকার। হয় খুবই খারাপ হইয়া গিয়াছি, নয় ত বন্ধনের ভিতরেও মুক্তি পাকিয়া উঠিতেছে। কি যে তা' সঠিক বলিতে পারিব না। বুদ্ধি যে একেবারে লোপ পাইবার জায়গায় আসিয়াছে—বলিলে হয়ত বিশ্বাসও করিতে পারিবেন না। কি যে ভাল, কি যে মন্দ,--তা' কিছুই seriously

(১) পরিশিষ্ট দ্রষ্টব্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলিতে পারি না ; কিছুই যেন সংশোধন করার দরকার নাই। যা' ঘটে, তাই যেন বেশ। ভাল লাগে বেশ, না লাগে ত, মনে হয়—বোঝা'র গোলমাল রহিয়া গেল, বুঝিলেই ঠিক্ ঠিক্ ভাল লাগিত। পণ্ডিতেরা হয়ত বলিবেন—এ তুষ্টি, এক প্রকারের বন্ধন। তা' অসম্ভব নয়। কিন্তু তাহা হইলে, সে বন্ধন যে খুব সহজে ঘুচিবে, এমন বোধ করিতেছি না।

ঘটনার একটা দৃষ্টান্ত দেই। গত কল্য এক জায়গায় insure করিতে গিয়াছিলাম। পূর্ব্বদিন ভদ্রলোক insure করিতে স্বীকার করিয়াছিলেন। তিনি বলিতেছিলেন, ১৫,০০০৲ (পনর হাজার) টাকার বেশী করিব না ; আমরা বলিতেছিাম ৫০,০০০৲ (পঞ্চাশ হাজার)! তারপর আমরা বুঝিলাম, তিনি নিমরাজী হইলেন। একদিন পরে বাগানবাড়ীতে দেখা করিতে বলিলেন। নির্দ্দিষ্ট সময়ে যাইয়া তাঁহার দেখা পাওয়া গেল না। কাজেই তাঁহার বাড়ীতে গেলাম।

তাঁহার এক বিশিষ্ট কর্ম্মচারী বলিলেন—যে কাজের জন্য আসিয়াছেন, তাহা এখন হইবে না, দরকার হইলে বাবু পরে খবর দিবেন। আমার যে এজেণ্ট, তিনি বলিলেন—একবার বাবুর সঙ্গে দেখা করিবার একটা engagement করিয়া যাইতে চাই ; এখন আর কিছু কথা নয়। খবর আসিল, অদ্য বৈকাল চার পাঁচটা। তিনি বলিলেন, ও সময় আমার suit করিবেনা। ঐ লোক বলিল, বাবু এখনই বাহির হইবেন, জরুরি কাজ, বাহির হইবার সময় তাঁহাকে বলিবেন—বলিয়া আসিয়াছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিছুকাল পরে জানা গেল বাবু চলিয়া গিয়াছেন। আমরা লোক ছিলাম তিনজন; একজন এজেণ্ট এই কাজের, অন্য একজন মাষ্টার—বাবা হরনাথের শিষ্য, আমার বন্ধু ও এজেণ্ট। মাষ্টার মহাশয়তো এই ব্যবহারে অত্যন্ত চটিয়া গিয়াছেন। এ:জেট পুনরায় চেষ্টা করিতেছেন কিন্তু একটা কথা বোঝা যাইতেছে যে, কাজটা এখন না হওয়াই সম্ভব। আর দ্বিতীয়তঃ, আমরা অপমানিত হইয়াছি কিনা! মাষ্টার মহাশয়ের মুখ, চোখ, কথাবার্ত্তা দেখিয়া শুনিয়া স্পষ্টই বোঝা যায়, অপমানিত হইয়াছি। কিন্তু আমিও ত সর্বদাই উপস্থিত। case টি গেল, তাহা ত দেখিলাম এবং দেখা পাওয়া গেলনা ইহাও জানিলাম, কিন্তু কোন কিছুই বোধ হইলনা; অধিকন্তু যখন একজন বিষণ্ণ ও আর একজন অপমানিত হইলেন, তখন আমার যে কিছুই হইলনা—ইহা ভাবিয়া আমার আহ্লাদ হইতেছিল। এবং বাসায় আসিয়া ভাবিলাম যে, যদিও case হারাইয়াছি—তবু আমার লোকসান ত হয়-ই নাই বরং বেশ লাভ-ই হইয়াছে। ইহা কি চিত্ত-স্থৈর্য্য, না গো-বধে আনন্দ?

আপনার কাছে বেণী লিখিতে ভয় হয়। আপনি ত ভক্ত মানুষ! যা' হয় তা'তেই ভাবিবেন—চমৎকার! কিন্তু বাস্তবিক যে এ কি চলিতেছে, তাহা সঠিক বোঝা যাইতেছে না।

তারপর আর এক কথা শুনুন। মানুষের ত' সাধনা করিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উন্নতি হয়। সে সাধনা ত' বন্ধ; কিন্তু মনে হইতেছে—নিত্য নূতন উপলব্ধি হইতেছে। ব্যবসায় করিলে তবে ত' লাভ লোকসান। যেখানে দোকানই নাই, সে যদি প্রতিদিনই ভোরে উঠিয়া দেখে আজ এত লাভ, কাল এত লাভ—তা'কে অপ্রকৃতিস্থ মনে হওয়া কি আশ্চর্য্য ?

তবু আমার হিসাবে বলিতে হয়—বেশ আছি, এবং ক্রমশঃ আরও বেশ থাকিব। কেমন করিয়া তা' জানি না। কিন্তু মনে হয়—এ ধারণা অভ্রান্ত। মনে হয় কি জানেন ?—আকাশ যদি থাকে, বাতাস যদি চলে, আলো যদি প্রকাশ করে, জল যদি লুপ্ত না হয়, মাটি যদি ছোঁয়া যায়, কিম্বা আর কিছু যদি না-ই থাকে, শুধু আমি, আমি, আমি থাকে, তবু সুখের অন্ত নাই। অর্থাৎ মাথা যদি একবার খারাপ হয়, তবেই দুঃখ ফতুর।

"এক পাগল ব্রহ্মা বিষ্ণু আর পাগল শিব।
তিন পাগলে যুক্তি ক'রে ভাঙ্গ্‌ল' নবদ্বীপ ॥"

আশাকরি কুশলে আছেন। বাসার পত্র পাইয়াছি ; সকলে ভাল আছে।

পুঃ সমস্ত নিয়মই গিয়াছে, একটা ঠিক আছে। তিন বেলা স্নান ত' আবার না করিলে অস্বস্তি বোধ হয়। মাথা-গরমের সঙ্গে একেবারে ঠিক্ ঠিক্ মিলে যায় !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬

পাটনা

১০। ১। ১৯২৮

স্নেহের...........

আপনার পত্র পাইয়াছি। ইতিমধ্যে ধার্য্য হইয়াছে যে আগামী ১১ই মাঘ বরাহনগরে বসিয়া শ্রীমান জগদীশ ও আমার ভ্রাতা শ্রীমান অমরের যজ্ঞোপবীত সম্পন্ন হইবে। ঐ উপলক্ষে বাড়ী হইতে বাবা ও অমর এবং এখান হইতে আমরা কলিকাতা যাইব। বাবাকে ৯ই মাঘ পৌঁছিতে লিখিলাম; এবং রওনা হওয়ার পূর্ব্বে আপনাকে চিঠি লিখিতে লিখিয়া দিলাম। আপনি তাঁহার যথাবিহিত ব্যবস্থা করিবেন। তিনি কলিকাতায় নূতন লোক; বিনা সহায়তায় কোথাও যাওয়া তাঁহার সম্ভবপর হইবে না। আমরাও ৯ই মাঘ পৌঁছিব বলিয়া মনন আছে। যাহা হয় পরে সঠিক লিখিব।

ঐ কয়দিন (৭।৮ দিন) আমাদের থাকার জন্য একখানা বাসা আলাদা পাইলে ভাল হয়। কারণ পূজার সময় ঠাকুর বাড়ীতে আরও অনেক লোক আসা সম্ভব। এ অবস্থায় আমাদের এত লোক লইয়া সকলেরই অসুবিধার কথা। এ বিষয়ে ঠাকুরকেও পত্র লিখিয়াছি। আপনি ইতিমধ্যে একটু খবর নিয়া জানিয়া রাখিবেন যে প্রয়োজন হইলে বাসা পাওয়া যাইতে পারিবে কিনা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিস্তারিত বাচনিকই শোনা যাইতে পারিবে, আশা রহিল।

আপনার সাধনার কথা শুনিলাম। ক্রমশঃই জমিতেছে, এ পর্য্যন্ত বোঝা গেল। আমার কথা জানিলে, বা আমাকে দেখিলে, আপনি আশ্চর্য্য হইবেন। আমার যেন সাধনার কিছুই আমার মধ্যে নাই—এক অদ্ভুত অবস্থা। ইহা বলিলেই যথেষ্ট হইবে যে আমাকে স্পষ্ট জানিলে, আপনি দুঃখিত ও সাধুবাবু উৎসাহিত বোধ করিবেন।

অথচ পূজা-আদি এখনও চলে। গত বৃহস্পতিবার এখানে মায়ের এক আসন প্রতিষ্ঠা করিয়াছি। পূজা এবং হোমের আয়োজন ছিল। আমি কিছুই করিতে পারি নাই। অথচ এমন পূজা হইয়াছে যে আশ্চর্য্য। মোট কথা কিছুই বোঝা গেল না। ক্রমশঃ যেন আরও দুর্ব্বোধ্য হইতেছে।

ভাল আছি। আশা করি কুশলে আছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭

পাটনা
ইং ১। ৯। ১৯২৮

স্নেহের............:

অদ্য আপনার পত্র পাইলাম। আজ মণি-অর্ডার যোগে পনর টাকা পাঠাইলাম। কাল রবিবার, কাজেই সোমবারে পাইবেন।

আমি এই মাসের (সেপ্টেম্বর) First week এর ভিতর গয়া যাইতে ইচ্ছা করি। আমি যাওয়ার পূর্ব্বে আপনি এখানে পৌঁছিলে ভাল হইত, এরূপ মনে হয়। তবে এটা একটা দুর্ব্বলতা মাত্র। কারণ আমি এখানে না থাকিলেও আপনার অসুবিধার কোন কারণ নাই। বাসার সকলেই আপনার আসার অপেক্ষায় উৎকণ্ঠিত হইয়া আছে। এ কেন—আমি জানি না। এ যে একজন ভদ্রলোক আসার অপেক্ষা—তা' নয়। সকলেই বলে, আমাদের কিরণ বাবু আসিবে। তাহারা সকলেই একজন আত্মীয়ের অপেক্ষা করিতেছে। এ যে স্পষ্ট মায়ের দয়া—আপনার উপর কতটুকু, জানি না, আমার উপর যথেষ্ট।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তস্মৈ

জিনিষের ফর্দ্দ ঃ—

(১) জুতা—Sandal—কি রকম, তাহা খোকাকে জিজ্ঞাসা করিলেই জানিতে পারিবেন। এক রকমের Sandal আমি দেখিয়াছিলাম, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ এবং বীডন ষ্ট্রীটএর মোড়ে, পশ্চিমদিকের ফুট্‌পাথ্‌এ বসিয়া একজন বিক্রি করে,—দাম এক এক জোড়া ছয় আনা। যদি উহা পান ত ভালই, নতুবা খোকার কাছে জিজ্ঞাসা করিবেন। কোথায় যেন ঐ জুতাই দশ আনা জোড়া বিক্রি হয়, তাহাই আনিবেন। যদি তাহাও না পান, তবে আনিতে হইবে না। কারণ প্রকৃত যা' দামে সাধারণতঃ বিক্রি হয়, সে দামে এখানেও পাওয়া যায়।

(২) Hair clip—যাহা আমি আসার সময় দুইজোড়া আনিয়াছিলাম—উহাতে হইবে না। ঐ clipই আরও বড় size; মাথার পিছনদিকের চুলের গোছা আট্‌কাইবার মত। বীণাপাণির চুল বড়—ছোট clipএ তাহার চুলই আট্‌কায়না। এই clip একটা; বোধহয় সাড়ে সাত আনা, আট আনাতে একটা পাইবেন।

(৩) সেলাই করার সরু স্ূঁচ—Germanyর যে একরকম গোড়াটা গিল্‌টি করা স্ূঁচ পাওয়া যায়, তাহা হইলে ভাল হয়।

(৪) Safety-pin—ordinary ; ছোট-বড় চা'র sheet। বোধহয় এক sheetএ বারটা থাকে।

(৫) ঘি একসের—অবশ্যই গাওয়া ঘি; কারণ আমরা ত মহিষের দেশের লোক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভক্তে

যদি আপনার ব্যক্তিগত অসুবিধা না হয় তবে কতক নারিকেল আনিতে পারেন ; এটা সর্ব্বৈব optional.

কবে আসিবেন, পূর্ব্বে জানিতে পারিলে এবং আমি এখানে থাকিলে ষ্টেশন্‌এ উপস্থিত থাকিতে পারি। যদি ঐরূপ খবর দেওয়ার সুযোগ না হয় বা আসিতে বিলম্ব হওয়ার দরুণ ততদিন আমি এখানে না থাকি, সেজন্য বলিয়া রাখি—গাড়োয়ানকে বলিবেন, মাখনিয়াকুয়া যাইতে হইবে। এখানে আসিলে Sign Board (সাইন্ বোর্ড) দেখিয়াই অফিস চিনিতে পারিবেন।

বাসার সব এক প্রকার ; আমার শরীর ভাল নয়।

আপনাদের কুশল লিখিবেন। ঝি'র এখন কিরূপ ?

যত্নকে আশীর্ব্বাদ জানাইবেন। সাধু বাবু কি পূর্ণিয়া গিয়াছেন ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮

বাঁকিপুর
পাটনা
২। ১১। ১৯২৮।

স্নেহের......

আজই আপনার পত্র পাইলাম। পৌঁছান সংবাদ দিই নাই তজ্জন্য দুঃখিত হইয়াছেন। কথা কি জানেন? আমি এখনও পাটনায় পৌঁছাই নাই; কাজেই ও কথা এখনও আমার কাছে বড় হইয়া উঠে নাই। আপনাদের সকলের সংসর্গের নেশা এখনও কাটে নাই। আপনাদের নিয়াই আছি—তাই এখনও অভাব বোধ হয় নাই। কাজেই পত্র যে শুধু লিখি নাই তা' নয়, হয়ত আরও কিছুদিন না লিখিয়াই চলিত। কাজেই অনুতাপও করিতে পারিতেছি না। কথাগুলি পাগলামির মত ঠেকিতেছে, না? আমার মনে হয়, সত্য ও পাগলামির সীমা-রেখা এত সূক্ষ্ম যে অনেক সময় লক্ষ্য করা কঠিন।

শ্রীশ্রীঠাকুর এবারে যে পূজা করিয়াছেন বা করাইয়াছেন—যা হয় বলুন, সে একটা miracle। কলিকাতা গিয়াছিলাম ১৯শে অক্টোবর, ফিরিয়াছি ২৬শে অক্টোবর, কিন্তু মনে হয় কত যুগ-যুগান্ত বরাহনগরে কাটাইয়া আসিয়াছি। আর পূজায় কি পাইলাম সে হিসাব ঠিক করিতে আরও অনেক সময় লাগিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আপনাদের পূজার জন্য একটু প্রার্থনা করিতে বলিয়াছেন। আমি প্রার্থনা করি—ঠাকুর যেন আসেন। তারপরে পূজা হইল, না হইল, তা'তে আপনার আমার কি ?

যদি ঠাকুর আসেন, তবে আপনি আমার হইয়া তাঁহাকে আমার প্রণাম দিবেন। দুঃখ এই—তাঁহাকে একটু ভাল করিয়া প্রণাম করিতেও শিখিলাম না। অথচ আশ্চর্য্য এই যে কিছুতেই তাঁহার দয়া আটকায় না। বলারও কিছুই নাই। বোঝারও অতীত।

আশাকরি কুশলেই আছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯

পাটনা

২৫।১১।১৯২৮

স্নেহের............

বহুদিন হয় আপনার পত্র পাইয়াছিলাম। উত্তর দিতে বিলম্ব হইয়াছে, তা' ত বেশ বুঝা যাইতেছে। বিলম্বের কারণ সঙ্গত হউক, অসঙ্গত হউক, ফল তুল্য। অতএব, কারণ নির্দ্দেশ করিলাম না।

আপনাদের বাড়ীর পূজা ভাল হইয়াছে জানিয়া সুখী হইলাম। ভাল যে হইবেই তাহা জানিতাম। পূজার যথোপযুক্ত আয়োজন করিবার সামর্থ্য আপনার ছিলনা—এই চাপে মন পাকিয়া পূজার উপযুক্ত হইয়াছে। তারপরে ঠাকুর নিজে উপস্থিত। আরও কথা—বছর ভরিয়া পূজা পূজা করিয়া হৈ হৈ করিবেন, অথচ পূজাটাও ভাল হইবে না—এ কি হয়?

এখন হয়ত জিজ্ঞাসা করিবেন—আমি আগেই জানিতাম কি করিয়া। যোগবলে নয়, কারণ সে বল আমার নাই; এই সহজ বুদ্ধিতে। আমি যা'র ভিতর জড়িত নাই, সে সম্বন্ধে আন্দাজ করিতে ভুলের সম্ভাবনা থাকে না। কারণ বোধ হয়—পরের উপর পোদ্দারি।

গয়া যাওয়া এখনও হয় নাই—কারণ ষোলটি। (২) ইতিমধ্যে চৌধুরী এখানে আসিয়াছিলেন; তারপরে অফিসের

(২) পরিশিষ্ট দ্রষ্টব্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাজে ফণীবাবু কলিকাতা গিয়াছেন—ইত্যাদি কারণও মোলটির অন্তর্গত। তবে বোধ হয় পাঁচ সাত দিনের ভিতরে যাইব। যে বাড়ীতে গতবার ছিলাম, এ বারেও সেই বাড়ীই থাকার জন্য ঠিক হইয়া আছে।

চিঠি লিখিলে, কেমন আছি—তা'ওত বলিতে হয়; কিন্তু খুব কঠিন মনে হইতেছে। ঝি'র ভাষায় বলিতে ইচ্ছা করে—'আ-ছি'। বাংলা করিয়া বলিলে দাঁড়ায়—জীবনটা ঠিক পছন্দ হইতেছে না। জীবনটাকে একটা নিরবচ্ছিন্ন ভয়ের স্রোত বলিয়া বোধ করিতেছি। এরূপ প্রতি পদে মরিতে মরিতে বাঁচিয়া কি লাভ বুঝিতেছি না। একথায়—মরার খুব সখ হইয়াছে —মনে করিবেন না। সত্য সত্য মরিতে কি সত্য করিয়া বাঁচিতে লোভ হইতেছে। এ-ও না, ও-ও না, আর ভাল লাগে না যেন। জীবনে যা' কিছু লোভনীয় তা'ই ত পরের, আমার স্বকীয়—শুধু ভয়। আমার জীবনটা শুধু ভয়েরই বিচিত্র অভিব্যক্তি। তাই এ সময় মন কেবলই উস্‌খুস্‌ করে।

আপনার টাকার কথা, আমার মনে আছে। আপনার খুব দরকার এ-ও মনে আছে। তবুও নাই কিনা, তা'ই এখনও পাঠাই না। গরম জামাটির কি অবস্থা? আমার ভয় ছিল, আপনার এ কথা কিছুতেই মনে হইবে না। পরের দুর্ব্বলতা ভাবিয়া-ই আর অন্ত পাই না!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১০

গয়া.
১০। ১২। ১৯২৮

স্নেহের······

আপনাদের পত্র পাইয়াছি। বিস্তারিত রোগের বিবরণ শুনিলাম। যখন ভুগিতেছিলেন, তখন শুনিলে কি রকম হইত জানি না, এখন কিন্তু খুব খুসী বোধ করিতেছি। যেমন করিয়াই হউক, একটা বোঝা নামিয়া গেল। আর দেখা যাইতেছে—কিছুকাল আছেন। দেহের যতটুকুই বাকী থাকুক, রোগের সঙ্গে যুদ্ধে শেষ পর্য্যন্ত দেহেরই জয় হইয়াছে। কাজেই বেশ বুঝা যায়, এ দেহে অন্ততঃ আরও কিছুকাল কাজ চলিতে পারিবে।

লিখিয়াছেন, পাটনা আসার ফল with compound interest উঠিয়া গিয়াছে। সে কথা ঠিক নয়। যে জন্য পাটনা আসিয়াছিলেন, তাহার ফল পূর্ব্বেই আদায় করিয়া নিয়াছেন; এবং শেষে asset হাতে ছিল বলিয়াই হয়ত রোগটাকে এখন তামাসার মত ঠেকিতেছে। কাজেই পাটনার প্রতি অকৃতজ্ঞ হওয়ার হেতু নাই।

আবারও হয়ত পাটনা আসিতে হইতে পারে—যদি আমি পাটনায় থাকি। 'যদি থাকি' বলার কারণ—এই পারিপার্শ্বিক অবস্থা দেখিয়া মনে হইতেছে যে পাটনার অভিনয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার হয়ত বা শেষ হইয়া আসিয়াছে। এমন হওয়াও অসম্ভব নয় যে আগামী জানুয়ারী মাসেই পাটনার সংস্রব ছাড়িয়া দিব। যাহা হয় পরে সমস্তই জানিতে পারিবেন। এজন্যই এখনও আপনাকে পাটনা আসিতে বলিতে পারিতেছি না।

এ সব নানা কারণে মনটা কেমন যেন এলোমেলো হইয়া যাইতে চাহে। এত সামান্য সামান্য কারণে মন খারাপ হয় দেখিয়া ভাবি—যে কোথায় আছি। নিজের রূপ দেখিয়া ভীত হই। কি যে দুর্ব্বল—তাহা বোধ হয় কল্পনাও করিতে পারেন না। যাহা হউক, 'স্রোতের তৃণ সম ভাসিতে ভাসিতে' দেখা যাক্ কোথায় যাই।

বাসার সব ভাল আছে। আপনাদের কুশল লিখিবেন। আজ এই পর্য্যন্ত।

কিছুদিন আগে একটা গান শিখিয়াছিলাম—

"কেন রে মন ভাবিস এত
দীন হীন কাঙ্গালের মত ?
আমার মা ব্রহ্মাণ্ডেশ্বরী, সিদ্ধেশ্বরী ক্ষেমঙ্করী।"

ইচ্ছা করে কি জানেন ? Don't care ভাব। কিন্তু সম্বল কই ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১১

পাটনা
১৬। ১। ১৯২৯

স্নেহের……

আপনার দুই পত্রই পাইয়াছি। কিছুদিন ধরিয়া এমনি একটা অনিশ্চয় অবস্থার ভিতরে আছি যে চিঠি পত্র লেখার যেন এটা সময় নয় বলিয়া আমার বোধ হইতেছিল। যাহা হউক, এবারে যে লিখিলাম তাহা ত স্পষ্টই দেখিতেছেন।

লিখিয়াছেন—আবার সেই পুরাতন বিষয় নিয়া বাদানুবাদ হইয়াছে এবং ফলে ব্রহ্মচারীগণ দিগ্বিদিকে চলিয়া গিয়াছে। আপনি যাহা লিখিয়াছেন তাহাতে বিষয়টা কিছুই বুঝা যায় না। তবে অপ্রিয় কিছু ঘটিয়াছে—এ-পর্য্যন্ত স্পষ্ট।

কেন, কি হইয়াছে—জানি না। আর বিশেষ করিয়া জানিবার আমার ইচ্ছাও নাই। গতবারের কথা মনে হইতেছে। ঐ সময় ঐ ঘটনা নিয়া কতই না উত্তেজনা বোধ করিয়াছিলাম—যেন 'গেল রাজ্য', 'গেল মান' ভাব। কিন্তু মা এখন আর অযথা ততটা অসুস্থ হইতে দিবেন না; কাজেই এ সম্বন্ধে আমি কিছুমাত্র আগ্রহ বোধ করিতেছি না।

আমার নিজের কথা এই—ঠাকুর কি করেন বা কেন করেন সে সম্বন্ধে বাচনিক বা মানসিক কোনরূপ প্রশ্ন করার অধিকার বা প্রয়োজন আমাদের নাই; বা যাঁহারা এ নিয়মের ব্যত্যয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করেন, তাঁহারা যে নিশ্চয়ই ভুল করিতেছেন, এ সম্বন্ধে আমার নিজের কোন সন্দেহ নাই। আমাদের নিজ নিজ সমস্ত সমস্যার সমাধান শেষ করিয়া ফেলিয়াছি, এখন ঠাকুরের সমস্যা সমাধানের জন্য নিজেদের বিব্রত করিতে হইবে—এ নিতান্ত দুর্ব্বুদ্ধি। একটা বিষয় স্পষ্ট হইতেছে, যাঁহারা আমাদের চক্ষে বাহ্যিক ঝঞ্ঝাটের হাত হইতে মুক্ত, তাঁহাদের ভোগের কাল উপস্থিত হইলে, ঝঞ্ঝাটের কারণের অভাব হয় না। অঘটন--পটীয়সী মায়াই বটে!

আমকে আসিতে লিখিয়াছেন, কেন জানিনা। তবে ইতিপূর্ব্বেই আমি একবার আসিব বলিয়া মনে মনে সাব্যস্ত করিয়া রাখিয়াছিলাম। আগামী সপ্তাহে আমার একবার কলিকাতা যাওয়ার কথা আছে। যদি হয়, তবে যাইবার পথে কারমাটারে নামিব। কবে রওনা হইব, ঠিক করিয়া পরে লিখিব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১২

শনিবার
১৩ই মাঘ

স্নেহের……

আপনার পত্র পাইয়াছি। বোধ হইতেছে যেন আপনাদের কারমাটারে লিখিবার কাগজের খুবই অভাব ঘটিয়াছে; যেরূপ অতিকষ্টে দুই পত্র এক কাগজে ভাগাভাগি করিয়া সারিয়াছেন—তাহাতে ঐরূপ না ভাবিয়া পারি নাই।

আমার আসা হইল না। অসুখের পরে আমাকে একবার দেখিতে ইচ্ছা করে লিখিয়াছেন। এই দেখার ইচ্ছার ভিতরে যে স্নেহময়ী জননীটি উকি-ঝুঁকি মারিতেছেন, আমি তাঁহাকে নমস্কার করি। ঐখানেই একদিন আমাদের এমন মিলন হইবে যে ঘটনার সুযোগ বা পথ খরচের ভয় আর স্মরণে আসিয়া পীড়া দিবে না।

একথা বলার আদৌ প্রয়োজন আছে কিনা জানিনা। তবু যে বলি, তার কারণ স্নেহ পাবার আকাঙ্ক্ষাতে। কথা এই, শ্রীশ্রীঠাকুরের সঙ্গে আমাদের ঝগড়া বিবাদ দেখিয়া মনটাকে দমিয়া যাইতে দিবেন না। ঝগড়াও কিন্তু স্নেহাধিক্যেই হয়। মনে করুন—ঠাকুরের কোনও কাজ আমার পছন্দ হইল না। তখন একটা জিনিষ বুঝিলাম যে ঠাকুরকে সমগ্র-ভাবে ভালবাসিতে আমি পারি নাই। যদি আমি কখনও মনে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়া থাকি যে সে-ভালবাসা আমার আছে তবে সে ক্ষেত্রে দুঃখটা আমার আরও বেশী হইবে—কারণ প্রমাণ অকাট্য। তখন আমরা ভুল করিয়া মনে করি যে, আমাদের যে না-পারার অক্ষমতা, এর কারণ ঠাকুরের ঐ ঐ বিশিষ্ট কাজ। কাজেই যদি ঐ ঐ কাজ ঠাকুরের না থাকে, তবেই অনায়াসে আমি ঠাকুরকে পছন্দমত ভালবাসিতে পারি। এই যে বাহিরকে সংশোধন করিয়া ভিতরকে পূর্ণ করার ঝোঁক—এটাই আমাদের মূল ব্যাধি। আমার বাহির যে আমার অন্তরেরই ছবি—ইহা শুনি-ও, বলি-ও, হয়ত বা অন্যকে বুঝাইয়া দিতেও পরাঙ্মুখ নহি; কিন্তু তা যে মানি না, কৌতুকময়ী জননী আমাদের মাঝে মাঝে সেই সত্যটা প্রকাশ করিয়া দিয়া আমাদিগকে নিরাময় হইবার সুযোগ দেন। যে রোগ সত্য আছে, তাহা অপ্রকাশ থাকার চেয়ে প্রকাশিত হওয়া যে মায়ের দয়ারই চিহ্ন,—এ ত সত্য-প্রতিষ্ঠার সাধকের অস্বীকার করা চলিবে না। আর করিলেও, মা সে-অনুরোধ শুনিবেন না।

এখন এ কথাটা আমাদের বেদনার কারণ হইতে পারে যে আমাদের ভুলের জন্য ঠাকুরকে বিব্রত করি কেন? এটাও অনিবার্য্য। ঠাকুরের অপরাধ—তিনি ভগবানেরই মত মহান। জগৎ যে আমাদের দুঃখের কারণ—তাহা এই জন্য যে, সমগ্র জগৎটাকে আমরা টুকরা টুকরা করিয়া ভোগ করিতে চাই বলিয়া। এককে অনেক করিয়া যাহা সঞ্চিত হয়—তাহার নাম দুঃখ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই যে খণ্ড খণ্ড করিয়া দেখার বুদ্ধি—ইহা দ্বারাই ত আমরা ঠাকুরকেও বিচার করিতে থাকি। স্বয়ং ভগবানও তাঁহার প্রত্যেক খণ্ড কার্য্যের সদুত্তর দিতে কখনও পারিবেন না। তিনিও বলিবেন—'মামেকং শরণং ব্রজ'; দেখিবে আমি আনন্দময়।

তেমনি, আমাদের অল্প বুদ্ধি লইয়া ঠাকুরকে যদি অনবরত প্রশ্ন করি—এ-কেন করিলেন, ও-কেন করিলেন?—তিনি শুধু নিরুত্তরে হাসিতে পারেন; কিন্তু কখনও এই সমস্ত খণ্ড প্রশ্নের সদুত্তর দিতে পারিবেন না। কিন্তু তিনি ভগবানেরই মত নিঃসঙ্কোচে বলিতে পারেন যে 'আমার স্নেহের দুলাল সন্তানগণ', তোমরা আমাকে সমগ্রভাবে দেখিবার চেষ্টা কর; দেখিবে আমি শুধু মধু, মধু, মধু।

আর এক কথা, (সে শুধু আপনার আমার মধ্যে) যত বড় উচ্চাসন হইতেই ঠাকুরের প্রতি আক্রমণ আসুক, নিঃসঙ্কোচে ধরিয়া লইবেন,—এ ভুল; এ আমি মানি না।

আমরা ঠাকুরকে বুদ্ধি দিয়া যাচাই করিব না—কারণ সে বুদ্ধি চিরকালই অল্প। আমরা তাঁহাকে প্রাণ দিয়াই বরণ করিব। আর যদি তাহা করি, তাহা হইলে অনায়াসেই বুঝিতে পারিব—

'এমনটি আর পড়িল না চোখে,
আমার যেমন আছে।'

ঠাকুর যা খুশী তাই করুন, আবার বলিব—
'প্রিয়ায় প্রিয়তমায় প্রাণায় পরমাত্মনে।'

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৩

পাটনা

৫। ২। ১৯২৯।

স্নেহের........,

আপনার পত্র পাইয়াছি। আমাকে যাহা কিছু লিখিয়াছেন কিছুতেই আমি আপত্তি করিব না। দেখিতেছি মায়ের আনন্দের ব্যাপকতা। এ স্থানকালের বাধা মানে না, তাই আপনি পত্র পড়িয়া এত খুশী বোধ করিয়াছেন। আমিও মনে করি, এমনিই হওয়া উচিত। না হইলে কি মায়ের দানের মত হয়? ছিটা ফোঁটা যেখানেই এক আধটু পড়ুক, তা'তেই দিগ্বিদিক্ পুলকিত হইয়া উঠিবে।

লিখিয়াছেন, একজন আমাকে ফুলের মত সুন্দর করিয়া ফুটাইয়া তুলিতেছেন। এ কথাও স্বীকার করিতে আমার সঙ্কোচ নাই; কারণ আমি নিজেও স্পষ্ট এরূপ বোধ করিতেছি। মায়ের এমন অযাচিত দয়া কেন যে অস্বীকার করিব তাহার কারণ পাইতেছি না। মোটকথা রাস্তাটা এখন একটু একটু মায়ের বাড়ীর পথের মত লাগিতেছে। আর সব দেখা হইলে হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আগামী সোমবার রওনা হইয়া মঙ্গলবার কলিকাতায় পৌঁছিব—এরূপ ইচ্ছা। এখান হইতে ৫টা ৫৭ মিঃ এ যে Benares Cantonment Express যায়, সে গাড়ীতে যাইব (অর্থাৎ আপনার গাড়ীতে)। আপনাদের বাসায় যাইব ত? না, কি?

যা-হয় একটু খবর দিবেন। বাসার সব ভাল। আশা করি কুশলে আছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৪

পাটনা
৭।৩।১৯২৯

স্নেহের............

আপনার পত্র পাইয়াছি। পত্র লেখা হয় নাই; লিখিব ভাবিয়াছিলাম কিন্তু লিখি নাই। ঝি'র কথা ঠাকুর লিখিয়াছিলেন; এখন সুস্থ আছে শুনিয়া খুশী হইলাম।

আমার কোথায় কি হইবে বা হইতেছে তা' যতদূর আপনি জানিতেন, তাহার চেয়ে বেশী এখনও বলার নাই। তবে ইতিমধ্যে এখানকার এক ভদ্রলোকের সাহায্যে chief agencyর দরখাস্ত দিয়াছিলাম। লোকটি স্বতঃপ্রবৃত্ত হইয়া আবশ্যকীয় সমস্ত খরচ (প্রায় পাঁচ ছয় হাজার টাকা) দিতে রাজী হইয়াছিলেন। তবে এ সমস্ত চেষ্টার ফলে বাস্তবিক কি হইতেছে, তাহা এখনও বুঝা যাইতেছেনা। যতটুকু নিশ্চিন্ত বোধ করিলে আমি খুশী হইতাম, ততখানি সামর্থ্য আমার নাই—দেখা যাইতেছে। কি-যে হইবে-না-হইবে তা'র চেয়ে আমার কাছে বড় কথা এই যে, যে পরিবর্ত্তনের ভিতর দিয়া আমি যাইতে বাধ্য হইতেছি, ততখানি নড়া-চড়াটা আমার বরদাস্ত হয়না। তবে যাহা হউক, দেখিয়া যাইব। যাহা ঘটে, পরে জানিতে পারিবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাটনায় বসিয়া এবার খুব কীর্ত্তন শোনা গেল। রামকমল ভট্টাচার্য্য এখনও আছেন; প্রায় প্রত্যহই গান শুনিতে পাই-তেছি। এ একটা খুবই আনন্দের কথা।

প্রমথ দাদার অসুখ কিরূপ—কিছুই লেখেন নাই!

সকলের কুশল লিখিবেন। সঙ্গের পত্র ও form খানা সাধু বাবুকে দিবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৫

মজফঃরপুর
ইং ৬। ৭। ১৯২৯

স্নেহের.........

নির্ব্বিঘ্নে জাগ্রত অবস্থায় এখানে পৌঁছিয়াছি। দুই-দিনের উদ্যমে ধর্ম্মশালা ছাড়িয়া একটা বাসা পাক্‌ড়াইয়াছি। গতকল্য বৈকাল হইতে এখানে খাই। বাবাজি পুরি খায়, আর আমি আতিথ্যের উপর নির্ভর করিয়া এখানে পৌঁছিয়াছি।

পৌঁছিয়া দেখিলাম, হাত-বাক্সে Fountain Penটী নাই। এখন ইনি একদম গিয়াছেন, কি বাসাতে রহিয়াছেন,—সে আপনারা জানেন। বাবাজি বলে—বাকস্ সে গিরগিয়া, ফিন্ মাইজি রাখদিয়া কাঁহা ? সে হাম ঠিক নাহি জান্‌তা। এখন আপনারা যদি কিছু ঠিক জানেন ত বলিবেন। যদি সেই কলমটি (যাহাতে আপত্তি দিয়াছিলেন) না নিতাম, তবে কলম না কিনিয়া চিঠি লেখা হইতনা।

আমার কাজে কলমটি খুবই দরকার। ইত্যবস্থায় কি যে হইবে তা' জানিনা। যদি কোন কিছু ব্যবস্থা না হয়, তবে আর একটি কেনা অনিবার্য্য; আর যদি হারাইয়া গিয়া থাকে, সে কথা স্বতন্ত্র।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাসার ন্যায় 'বসা' ও গতকল্য আরম্ভ করিতে পারিয়াছি। অতঃপর যাহা হয় জানিতে পারিবেন।

খুব বৃষ্টি হইতেছে। আজ রবিবার, কিন্তু তবুও বাহির হওয়া যায় নাই।

শ্রীশ্রীঠাকুরের চিঠি পাইলেন ?

কোম্পানীকে যে চটিয়া চিঠি লিখিয়াছিলাম, তাহার উত্তর তাহারা বেশ নরম হইয়াই দিয়াছে। তাই বোধহয় আপনারা গাহেন—

তোমারই জয় তোমারই জয় !

আশা করি খুব গাহিতেছেন ও খুব কাঁদিতেছেন! আমি যথাপূর্ব্বং তথা পরং।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৬

মোজাঃফরপুর

স্নেহের······

আপনার দুই পত্রই একদিনে পাইলাম। টাকা পরশু তারিখ আসিয়াছিল; তাহা গতকল্য পোষ্ট্ অফিস হইতে আনিয়াছি। কল্য পাঠাইতে পারি নাই—Insure করার সাজসরঞ্জাম ছিল না বলিয়া; অদ্য পাঠাইতেছি। আপনাদের অসুবিধার জন্য দুঃখিত আছি।

মথুর আমি পাটনা ফিরিবার পূর্ব্বে বিদায় নিবে—ইহা আমি জানিতাম না। যাহা হউক, ভালই হইয়াছে—উঁহার যথেষ্ট সময় হইয়াছিল। নূতন লোকটি ভাল হইলেই ভাল। তবে সকলেই যদি দয়া করিয়া মনে রাখে যে চাকর একটা মহাপুরুষ হওয়ার সম্ভাবনা নাই; লোকের বুদ্ধি-সুদ্ধি কম থাকিলেই চাকর হয়, নতুবা সেই মনিব হইত; আর যত অপরাধই করুক, সেও একজন মানুষ; তাহা হইলেই অনেক ঝঞ্ঝাট কমিয়া যায়; সেও শান্তি বোধ করে; আর যাঁ'দের সংস্রবে থাকে, তাঁ'রাও সুস্থ থাকিতে পারে। টাকা দেই, অতএব তার সমস্ত কাজ, করিতে সে বাধ্য—এ বুদ্ধি থাকিলে চাকর দিয়া কখনও সুখ হইবে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছোট শিশুটির জ্বরের সংবাদে চিন্তিত হইতে নিষেধ করিয়াছেন। তা' বেশ, না-ই হইলাম চিন্তিত। আর আমি চিন্তিত হইয়াও তাহার বা আপনাদের বিন্দুমাত্র সাহায্যের যখন সম্ভাবনা নাই, এ অবস্থায় আমি যতটা কিছু-না-হই ততই ভাল।

কলমটি হারাইয়া গিয়াছে বলিয়া আমারও ধারণা হইয়াছিল। তবে এতবড় একটা লোকসানের সম্ভাবনা এড়াইতে পারিলে ভাল হইত, এ জন্যই বাবাজীর অবান্তর কথা কথঞ্চিৎ প্রিয় মনে হইয়াছে। হয়ত বাক্স রাস্তায় কোথাও খুলিয়া গিয়াছে; সমস্ত জিনিষ তুলিয়াছে, ওর মধ্যে কলম ছিল তা' বাবাজীর চক্ষুতে না পড়ারই কথা। যাহা হউক, গিয়াছে বোঝা গেল। আর যে পাইবে, সে অবশ্যই ভগবানের দয়ায় মুগ্ধ হইবে। তা মন্দ কি!

কাজকর্ম্ম আরম্ভ করিয়াছি। কিরূপ হইবে এখনও ঠিক বুঝা যায় না।

আমি ভাল আছি। আপনাদের কুশল লিখিবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৭

মজফঃরপুর
১৭।৭।১৯২৯

স্নেহের.........

পত্র পাইলাম। টাকা পাঠাইবার বিলম্বে আপনাদের অসুবিধা হয় নাই শুনিয়া নিশ্চিন্ত হইলাম। ঠিকানা দেই নাই, তা'র চেয়েও বড় ভুল, কত টাকা পাঠাইলাম এবং কি কি বাবদ তা'ও লেখা হয় নাই। শুদ্ধিপত্র—১৫০৲ টাকা; সঙ্গের নোটখানা ১০৲ টাকার নহে—পঞ্চাশ টাকার, ভুল না করেন; গড়োয়ান—৯।৶০, পত্রিকা ২৮৶০, চেয়ার, টেবিল ইহাদের দাম বাবদ—১০৲, হীরালাল বাবু ---৩০৲, আর যা' করার তা' আপনারা জানেন।

যদি অনাবশ্যক বৃদ্ধ না হইতেন, তবে না লিখিলেও বুঝিতে পারিতেন, কলম কিনিয়াছি। এই কয়দিন ইতস্ততঃ করিয়া অদ্য আপনার পত্র পাইবার পূর্ব্বেই নগদ ১২॥০টাকা মূল্য দিয়া একটি Parker কলম কিনিয়া নিয়া আসিয়াছি। ভাল কলম না কিনিলে মা যে আমার হিতের জন্যই কলমটি সরাইলেন, তাহা বুঝিতে কষ্ট হইত। কিন্তু কলম কিনিয়া সেটা জলের মত বুঝিতেছি। কারণ বর্ত্তমান কলম writes like mother. আপনার পত্র আজিকার দিনের অষ্টম পত্র---ইহাতেই বুঝিতে পারিবেন। (all envelopes)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চাকর সম্বন্ধীয় মন্তব্য অপ্রিয় হইয়াছে—এটুকু বেশ বুঝা-ই গিয়াছিল। অসন্তোষ কখনও প্রিয় হয়না। পূর্ব চাকর সম্বন্ধে আমার অন্তরে এখনও একটা নিদারুণ ব্যথা আছে। সে যে মার খাইয়াছিল, এ কথা এখনও আমি ভুলিতে পারি নাই। আমি বিশ্বাস করি, সে আঘাত ঠাকুরেরই বুকে লাগিয়াছে। আমি বাসাটাকে মায়েরই আশ্রম মনে করি। সেখানে যে-ই আসুক, সে যত হীন-ই বা কু-লোক হউক, তবু সে মায়েরই আশ্রিত, সুতরাং অন্তরে অন্তরে আমাদের পূজনীয়। চাকরকে শাস্তি দেওয়া যে 'ঠাকুরকে' মারার চেয়েও অধিক জঘন্য—এ আমার বিশ্বাস। আজও এ কথা স্মরণ হইলেই আমার কান্না পায়—তাহার আমি কি করিতে পারি? যাহা হউক, এ ঘটনা এই পর্য্যন্তই থাকুক্। ঠাকুরকে যখন সকলের সঙ্গে পাইব, তখন এর বিচার হইবে। আমি সকলের হইয়া এজন্য ঠাকুরের কাছে প্রার্থনা করিতেছি। কাজেই এ বিষয়ে আমার অন্যায় হইলেও, সকলের আমাকে ক্ষমা করা উচিত।

কাজকর্ম্ম চলিতেছে; কেমন হইবে বলা যায়না। মায়ের যেমন খুশী। বহুকষ্টে অদ্য ঠাকুরকে এক পত্র পাঠাইলাম; ইতিমধ্যে আর হয় নাই। মাঝখানে শরীরটা যেন জড়ত্বে একেবারে অসাড় হইয়া গিয়াছিল। আজ উপবাসে ভাল আছি।

সাধনা আমারই মত করিয়া হয়—যেমন সুযোগ সুবিধা। যাহা হউক, বেশ ভাল-ই আছি। আপনাদের কুশল লিখিবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৮

মজফঃরপুর
ইং ২২। ৭। ১৯২৯

স্নেহের............

তোমার চিঠি পাইলাম। তোমাদের অসুবিধার সম্বন্ধে চিন্তার কথাটা অবশ্যই একটু বাড়াবাড়ি করিয়া লেখা হইয়া গিয়াছে। তবে কথা সত্য যে, অসুবিধার কথা মনে উঠিয়াছিল। সে যাক্! আমার লেখার পাঠোদ্ধার ক্রমশঃই দুঃসাধ্য হইয়া উঠিতেছে—এ আমি নিজেই বুঝিতেছি। আমারই পড়িতে কষ্ট হয়—এমনও ঘটে। ঠাকুর যে বলেন—বুদ্ধি দিয়া পড়িতে হয়---এ চরম সত্য সিদ্ধান্ত। আমার লেখার পক্ষে যা' বলি---রসিকতা ভিন্ন কিছুই নহে। লেখা যে এর চেয়ে কদর্য্য হইতে পারে---এ আমি ভাবিতেও পারিনা।

বিনয় বলিয়া ধরিওনা, সত্যই ঘটনা এই যে, আমার মধ্য দিয়া যাহা কিছু বাহির হয়, তাহা, কেন জানিনা, প্রকৃতভাবেই অশোভন। যা' কিছু করি, বলি, ভাবি, সবই অশোভন এবং পরের পীড়াদায়ক! এ হেন আমার মধ্যে তোমার মত যাহারা ভাল দেখিতে অভ্যাস করিয়াছে, তাহারা সহজ পাত্র নয়। শুধু ঐ জন্যও তোমরা আমার অনেক শ্রদ্ধার মালিক হইয়া রহিয়াছ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এ বারের যাত্রাটা যেন একটু বেতাল মনে হয়। রাস্তায় হারাইয়াছে Fountain Pen, তারপরে সেদিন সিগারেট কেসটি হারাইয়া ফেলিয়াছি। কেমন করিয়া যে হারানো সম্ভবপর হইল, বুঝা কঠিন। তারপরে গতকল্য সিগারেটের আগুনে ছাতাটির তিন জায়গায় বড় বড় ছিদ্র হইয়া গিয়াছে—অর্থাৎ তুইপাট বদল করিলে তবে আবার চলিতে পারিবে। আরও ত দিন বাকী—দেখনা আরও কি করি!

এতদ্ভিন্ন আরও কিছু আছে; সে এক-অধ্যায় উপন্যাস। তুমি বলিবে—তোমার এই পরিপূর্ণ বার্দ্ধক্যে আবার কিসের উপন্যাস? তা' বলিতে পার, কিন্তু ঘটনা সত্য। বিস্তারিত না লিখ। দরকার হইলে কাণে কাণে বলিব।

অতএব বলিতে হয়, যাত্রাটা বেশ জটিল। অধিকন্তু ঠাকুর লিখিয়াছেন,—বোধহয় অতি জোর প্রতিক্রিয়া! তা' হবে, কিন্তু আমি ভাবি---রহস্যের কি আর স্থান নাই! এ মরা মারিয়া লাভ কি? তা' বেশ মরিতে মরিতেই চলিব; দেখি ততঃ কিম্?

শ্রীমান শঙ্কর তোমাদের যন্ত্রণা না দিয়া বরং অধিকতর স্ফূর্ত্তি প্রদান করিতেছে, এ খুব ভাল কথা। একটা অপ-রাধের অবসান হইতেছে। নূতন শ্রীমান যে একটা কেউ-কেটা না হইয়া যায়না, তা' আমারও মনে হয়। বিশেষতঃ আমার বাড়ীতে যে সেবা নিতে আসিতে সাহস পায়, তা'র যে বাসনা-ক্ষয় অনেকখানি হইয়া আসিয়াছে---এ নিশ্চয়।

আশা করি সব কুশলে আছ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৯

২৭, ক্লীভল্যাণ্ড রোড,
ভাগলপুর
ইং ২৯। ৮। ১৯২৯

স্নেহের......

চিঠি লিখিতে বিলম্ব হইল, তাহার একটা কারণ যে কেনা পোষ্টকার্ডগুলিও শেষ পর্য্যন্ত আমাকে দেওয়া হয় নাই। অন্যতম কারণ ঠিকানার অভাব। তাহাও এখন সংশোধন হইয়াছে—উপরে দেওয়া ঠিকানাই তার প্রমাণ।

যেদিন পৌঁছিয়াছি, সেদিন প্রথমতঃ ধর্ম্মশালায় আশ্রয় লইলাম। তা'র পরেই, ঐ গাড়ীতেই, অবনী বাবু ও নারায়ণ বাবু উভয়কে খুঁজিতে বাহির হইলাম। কিন্তু একজনকেও পাওয়া গেল না। সেদিন ছিল রবিবার—কাজেই পুরি খাইতে আর আপত্তি কি? তা'র পরদিনও বাসা জুটিল না। এদিকে ধর্ম্মশালায় উঠিয়াছি বলিয়া অবনী বাবুও বিশেষ অসন্তোষের ভাব প্রকাশ করিলেন। সোমবার মধ্যাহ্ন ভোজনের জন্য নারায়ণবাবু নিমন্ত্রণ করিলেন কাজেই আমি সেখানেই খাইলাম; বাবাজি, পুরি। বৈকালে পুনরায় পুরি। আর তা'র পরদিন জন্মাষ্টমী। আমি এক পুরি দিয়া Breakfast করিলাম। বৈকালে আরও দুই পুরিতে tiffin

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়া উপবাস ঠিক রাখিলাম। ঐ দিন চারটায় এ বাসায় আসিয়াছি। রাত্রে জন্মাষ্টমী, কিন্তু যে আশঙ্কা করিয়াছিলাম, তাহাই হইয়াছে। জন্মাষ্টমী আমার ভাল হয় নাই। প্রথমতঃ বসিতে বহু বিলম্ব হইল। তারপর বসিয়াও আশানুরূপ জোর হইল না। এ কয়দিনের অব্যবস্থায় শরীরটা এতই বেতাল হইয়া গিয়াছিল যে আমি যেন বসিতে পারিতেছিলাম না। তবে বসিয়াছি—এটাই যদি ভাল হয়, তবে সে পর্য্যন্ত হইয়াছে। এবারের জন্মাষ্টমী পারিলাম-না-র দিক দিয়া সম্পন্ন হইয়াছে। সর্ব্বদাই মনে হইয়াছে, সকলে মজা করিয়া জন্মাষ্টমী করিতেছে, কেবল আমিই ফাঁকে।

'তুমি যা'রে তা'রে কর দয়া
আমারে মানা—'

তারপরে এ বাসা। কতদিন এখানে থাকিতে দিবে, তা'র ঠিক নাই। ভাড়াও ঠিক হয় নাই; তবে পঁচিশ টাকার বেশী হইবে না—এপর্য্যন্ত ঠিক আছে। কিন্তু যদি থাকিতে দেয়, তবে এ পঁচিশ টাকার জন্য আমি দুঃখ করিব না। এ-এক প্রকাণ্ড দোতলা বাসা, দশটা room উপরে নীচে। আমি এক কোণের একটা ছোট room বাছিয়া নিয়াছি। এ ঘরের—দরজার-মত-বড় একটা জানালা, দুইটা দরজা; পূব, দক্ষিণ ও উত্তর খোলা। উত্তরদিকে গঙ্গা—ঘরে বসিয়াই দেখা যায়। তা'র উপরে শরৎকাল। ভাগ্যে আমি প্রকৃতিস্থ লোক—আপনি হইলে একদম পাগল হইয়া যাইতেন। আমারই যখন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তখন নাচিতে ইচ্ছা করে। ব্যবস্থা দেখিয়া মনে হয়, মা আমাকে সমাগত পূজার জন্য Season করিয়া লইতেছেন। কি চমৎকার ব্যবস্থা! জন্মাষ্টমীতে আমি ঠকিয়া গিয়াছি। মনে হইতেছে দুর্গাপূজাতে মা তা' সুদে আসলে চুকাইয়া দিবেন। মোটকথা, দুর্গাপূজা মহা-সমারোহে আরম্ভ হইয়া গিয়াছে—এরূপ মনে হইতেছে।

কাজকর্ম্মের সন্ধান করিতেছি। কোন দিক্ দিয়া কি হইবে—এখনও বলা কঠিন। তবে চট্ করিয়া সারিয়া আসিতে পারিব—এমন মনে হয় না। আর বিশেষতঃ চট্ করিয়া কাজ সারার লোক কি আমি ?

বিশেষতঃ বাসা। এ-বাসা ছাড়িতেই মহাকষ্ট হইবে। আমাদের মত দুই পরিবার স্বচ্ছন্দে এখানে থাকিতে পারে। আর এক কথা আপনাকে বলা আবশ্যক—পায়খানা ও প্রস্রাবের জায়গা দোতলাতেই আছে। আর কি চাই বলুন ?

শরীরের অবস্থা—যথারীতি—আসিয়াই ভাল হইয়া গিয়াছে। গতকল্য একটু সর্দ্দি লাগিয়াছে—সে বোধ হয় জন্মাষ্টমীর রাত্রির ঠাণ্ডা লাগার ফল। চায়ের ব্যবস্থা করিয়াছি —কাজেই এখন সারিয়া যাওয়া উচিত। জোয়ানের ঔষধ খাওয়া হয় না—কারণ বাঁটিবার পাটা নাই। ভাবিতেছি দাঁত ত আছে—চিবাইয়া খাইতে দোষ কি ?

ভাল আছি। আপনাদের কুশল লিখিবেন।

ঠাকুরের আর কোন খবর পাইলেন ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২০

ভাগলপুর

ইং ১৮। ৯। ১৯২৯

স্নেহের……

তোমার পত্র যথাসময়ে পাইয়াছি। পত্রের উত্তর পূর্ব্বেই দিয়া রাখিয়াছিলাম, কাজেই ও-বিষয়ে আর বিশেষ কিছুই লিখিবার নাই।

আজও টাকা আসে নাই—অবস্থা আদৌ ভাল নয়। একটা জিনিষ বুঝা যাইতেছে—আমার বর্ত্তমান মনিবের সঙ্গে সম্পর্ক শেষ হইবার খুব বেশী দিন বিলম্ব আছে, মনে হইতেছে না। আমি যে-কোন সময়ে চাকুরী ছাড়িয়া দিতে পারি।

ছুইবার টাকা ধার করিয়াছি, আর লজ্জা করে। কি যে করিতে পারি বুঝিতেছি না। হাতে টাকা থাকিলে চলিয়া আসিতাম। কিন্তু বাড়ীভাড়া ও টিকেট ভাড়া না দিয়া ত নড়িতেও পারিব না।

কয়েকদিন ধরিয়া মনটা বিশেষ বিদ্রোহী হইয়া চলিয়াছে; কিছুতেই ভাল লাগে না। লেখা-পড়া? সে ত চুলোয় গিয়াছে, আর হইবে এমনও ত মনে হয় না।

মায়ের দুর্ব্যবহারে অত্যন্ত চটিয়া গিয়াছি। যে দিকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাকাই, সে দিকেই অন্ধকার। মনে হইতেছে যেন আর পারি না।

টাকার অভাবে তোমাদেরও নিশ্চয় অসুবিধা হইতেছে। তা আমি কি করিব? সকলই তোমাদের মায়ের গুণ! কাজ কর্ম্মেও এক পা অগ্রসর হইলে, পরদিন দেখি যে সাত পা পিছাইয়া গিয়াছি—ইত্যবস্থা।

আশাকরি তোমরা কুশলে আছ। ঠাকুরের চিঠি পাই নাই, কাজেই আর লিখি নাই। মায়ের পৃষ্ঠপোষক বলিয়া ঠাকুরের উপরও চটিয়াছি। আজ এই পর্য্যন্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২১

ইং ৩১। ১০। ১৯২৯

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের……

তোমার তিনখানি পত্র ক্রমান্বয়ে পাইয়াছি। রোজই পত্র লেখার কথা মনে হইয়াছে; কিন্তু যতখানি উৎসাহ সংগ্রহ করিলে সত্যই লেখা হয়, তা' হইয়া উঠে নাই—কাজেই যাহা হইবার তাহাই ঘটিয়াছে। লক্ষ্মীপূজা হইতে কালীপূজা—হিসাবে এ সত্যই অনেক দিন। কিন্তু আমি ঠিক এতদিন চুপ করিয়া থাকি নাই। আমি কিছু বিলম্ব করিয়াছি এই মাত্র।

এতদিন যে চিঠি না লেখা অন্যায় হইয়াছে—তা' বেশ বুঝিতে পারি, কিন্তু বোধ করিতে পারি না। ভয় না দেখাইলে আরও কতদিন এভাবে চলিত বলা যায় না।

জিজ্ঞাসা করিবে—এতদিন কি নিয়া ব্যস্ত রহিলাম। কিছুই না। বরিশালের লোক "ভাই-ট্যাইয়া" যাওয়া বুঝা উচিত। উজান বাহিতে একদম চেষ্টা না করিয়া শুধু ভাটি দিয়া এ-কয়দিন চলিয়াছি। ফলে কাজ কিছুই করি নাই; শুধু ছিলাম এবং আছি।

তোমার অবস্থা জটিল—এ-ত বেশ বুঝাই যাচ্ছে। তোমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভবিষ্যত কর্ম্ম-পদ্ধতি কিছু ঠিক হইল কি ?

আমার মত জানার যদি প্রয়োজন থাকে, তবে তা' এই যে, হয় ঠাকুরের সঙ্গে ঘুর, নয়ত এখানে পলাইয়া এস। Trial of strengthএর বহু সুযোগ ঘটিবে। এখন যথাসম্ভব মায়ের দিকে গতি পাকা কর; তা' যে সুযোগ অবলম্বন করিয়াই সম্ভব হয়। এ বিষয় ঠাকুরের কি মত স্পষ্ট করিয়া লিখিবে।

এ ভালই হইয়াছে যে তোমার পত্র বহু প্রশ্নময় হইয়াছে। না হইলে একটি কথারও সদুত্তর দিতে পারিতাম না। লক্ষ্মী-পূজার পরের প্রচেষ্টার কথা যে জিজ্ঞাসা করিয়াছ, সে সম্বন্ধে Gentlemanএর মত একটা জবাব দেওয়ার সুযোগ মা করিয়া রাখিয়াছেন। লক্ষ্মীপূজার পরের শনিবার হইতে আরম্ভ করিয়া আজ পর্য্যন্ত (১৩ দিন) সিগারেট ছাড়ার চেষ্টা চলিতেছে। এ-বারে আস্তে আস্তে কমাইবার দুর্ব্বুদ্ধি করি নাই; একেবারেই ছাড়িয়া দিয়াছিলাম। দুই একটা সিগারেট খাই নাই—তা নহে, তবে সেটাও ইচ্ছাকৃত। বেশী টানিতে ছিঁড়িয়া না যায়—এই ভয়। যাহা হউক, সিগারেট এখন খাইতেছি না বলিলে অত্যুক্তি হইবে না। কিন্তু ধন্য নেশা! খাওয়ার ইচ্ছা এখনও বেশ আছে। কবে যে এ-ইচ্ছা একদম থাকিবে না, তা' এখনও জানি না।

৬।৭ই নভেম্বর গয়া যাইব—এরূপ ইচ্ছা। ঠাকুর কোথায় যাইতেছেন লিখিবে। আর কথা পরে হইবে। অদ্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কালীপূজার উপবাস ; কাজেই যতটা লিখিলাম, এই ঢের—তা'র উপরে আবার ধূমপান নিষিদ্ধ। আর কি প্রাণ দিব ?

তোমার Instrument box আমার সঙ্গে আসে নাই। মজুমদার কবে আসিবে ঠিক জানি না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২২

বাঁকিপুর

ইং ১৪। ১১। ১৯২৯

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের……

পত্র পাইয়াছি। আগামী শুক্রবার গয়া যাইতেছি। C/o Postmaster, Gaya এই ঠিকানাতে চিঠি লিখিবে—কারণ গয়ায় থাকিবার স্থান এখনও ঠিক হয় নাই।

ঠাকুরের পত্রে জানিলাম, তুমিও তাঁহার সঙ্গে কারমাটার আসিতেছ। কাজেই ভালই হইল। তোমার এ-অবস্থা ত খুবই পছন্দ হইবে।

আজ বোধ হয় তোমার বিড়ি ত্যাগের ১৪ দিন শেষ হইল। কেমন চলিতেছে?

আমি কিন্তু এখনও সম্যক্‌ত্যাগ করি নাই বা করিতে পারি নাই। এখনও দুই এক টান দিয়া প্রবৃত্তি দমন করিতে হয়। খুব সসঙ্কোচে বলিতে হয় যে, বোধ হয় ব্যাপারটা অনেকটা এখন শাসনাধীনে আসিয়াছে। ঠাকুর লিখিয়াছেন—কোন কিছুর অস্বাভাবিক মমতা ত্যাগ কর। এ-কথার মধ্যে আপনার সংবাদ-দান স্পষ্ট।

এখন আপনার সঙ্গে একটা পরামর্শ করি। এখন আর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একটু উদ্যম হইলেই যেটুকু অবশিষ্ট আছে, সেটুকুও যায়। এখন কথা এই---এইটুকু কি চায়ের মত হইয়া থাকিবে, না একদমই এর বিদায় হওয়া বিধেয়? আমার প্রকৃতি আপনি জানেন। সিগারেট খাইতে আমি বাধ্য—এও যেমন আমাকে পীড়া দেয়, আবার একটু সিগারেট খাইলেই আমার জাতি যায় —সেটাও আমার পছন্দ হয় না। এখন যা' আছে, তা' চায়ের অবস্থায়। চাই-ই যে---তা' নয়, কিন্তু উৎসাহ করিয়া একটু খাইতেও বাধা নাই। যাহা হউক, এ বিষয়ে আপনার উপদেশ পালন করিতে চেষ্টা করিব। 'বউ'এর ইচ্ছা কিন্তু একদম শেষ করিয়া দিতে। এখন দেখা যাক।

জগদ্ধাত্রীপূজা করিব বলিয়াই যাইতে একটু বিলম্ব হইল। তা' ভালই হইয়াছে। পূজা করিয়া খুশী বোধ করিয়াছি। কিন্তু মোটের উপর, আমি ভাল আছি---মনে হয় না। অথবা তা'-ও নয়। ভাল আছি কি মন্দ আছি,---তা'ও ঠিক করিয়া বলা কঠিন। অদ্ভুত ভাব!

আশা করি ভাল আছেন।

পুঃ—আমার পূর্ব্ব মনিব Mr. S. N. Choudhury এখন কোথায়, কি ভাবে আছেন, তাহার ঠিকানাটা আমাকে অবশ্য যোগাড় করিয়া দিবেন। বোধ হয়, 263 Upper Circular Road, The Motor Transport Ltd.এ গেলেই খবর পাইবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৩

২৪। ১১। ১৯২৯

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের·········

তোমার পত্র পাইলাম। এক তারিখে তোমাকে ও ঠাকুরকে চিঠি লিখিলাম, ঠাকুর তাঁহার চিঠি পাইতে পারিলেন আর তুমি পাইবে না, এ আর যাহা হউক—সদ্ব্যবহার হয় নাই। তা, শাস্ত্রেও আছে—মানুষকে খুশী করা দুরূহ।

তা' কারমাটারে ত এলে; কিছুদিনের মধ্যে একটা কেউ-কেটা না হইয়া পড়! বিবাহ হইতে পারে নাই; এখন আর ইচ্ছা থাকিলেও কন্যার পিতা রাজী হইবে না। কাছা ক্বচিৎ কদাচিৎ দাও, নেংটি পরিতেছ---বাকী একটু রং। তা' দু'-এক পয়সা খরচ করিয়া যদি সত্যই রঙীন হও, তবে এই যে আমি শ্রীগোপালচন্দ্র চট্টোপাধ্যায়, তখন তোমার কাছে---কস্ত্বং!

তবে একটা ভরসা আছে, তুমি জাতিতে ব্রাহ্মণ নহ। তা' যদিও আজ কাল চলে, তবু একটু যেন ধীরে চলে; পুরা জোর হয় না।

এ কথায় মনে করিও না—আমি তোমার উন্নতির পথে কাঁটা হইতে ইচ্ছা করিতেছি। রাজা হইবার পূর্ব্বে, মাথা খারাপ হইবার পূর্ব্বে উপদেশ দিয়া রাখিতে চাই—আগে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সন্ন্যাসীকে সুন্দর হইয়া সাজিয়া উঠিতে দাও, হৃদয়টা অস্তাচলের আকাশের মত আপনাআপনি রঙীন হইয়া উঠুক, তারপরে আমরা পাঁচজনে যদি দেখি যে সার্ব্বজনীন পোষাকটায় বড়ই বে-মানান-সই হইতেছে, তবে না হয় দু' চার পয়সা খরচ করিয়া ত্রুটি সংশোধন করিয়াই দিব। হয়ত জিজ্ঞাসা করিতে উদ্যত হইয়াছ যে, আমার মাথা খারাপ হইয়াছে নাকি? তা' নয় গো, তা' নয়; একটু ভাবিয়া দেখিলে দেখিবে, সমস্ত কথাই প্রাসঙ্গিক।

তোমার সময় নাই, আবার কিসে? তা' বেশ; আমারও নাই। এখনই বাহিরে যাইতেছি। আজ এই পর্য্যন্ত।

বাসায় চিঠি লিখিও—তবেই জবাব পাইবে। বাসার লোকের বিশ্বাস, তাহাদের একজন এখন কারমাটারে বেড়াইতে গিয়াছে; আবার যথাকালে বাড়ী আসিবে।

আশা করি ভাল আছ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৪

গয়া
৫। ১২। ১৯২৯

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের·········

তোমার পত্র পাইয়াছি। বিস্তারিত লিখিব না ; মনটা বড়ই বিদ্রোহী আছে। যা-ই বলি তোমাদের পছন্দ হইবে না। তাই যথা সম্ভব চুপ করিয়া কাজের কথা বলিয়া যাইব।

সিগারেট সম্বন্ধে তোমার আদেশ-পালন করার চুক্তি আছে—কাজেই তাহা করিব। তবে বর্ত্তমানে একটু অসুবিধা আছে, তাই হয়ত সর্ব্বাঙ্গীন পালনে এক-আধটু দেরী হইতে পারে। এ'র জন্য ভয় পাইও না। সিগারেট, না ছাড়িলেও যতটা ছাড়িয়াছি—তাও অনেকখানি। তা' বেশ শত্রুর শেষ রাখিব না।

তোমাদের সঙ্গে আমার যে প্রকৃতিগত পার্থক্য আছে—তা' তোমরা ঠিক বুঝ না। সেটা আমি সমর্থন যে করি তা' কিন্তু নয়। কিন্তু তবুও তা' সত্য।

সিগারেট খাওয়া উচিত নয়, এ অত্যন্ত সহজ সত্য কথা। কিন্তু তা' সিগারেট বলিয়া নয়, অনাবশ্যক কু-অভ্যাস বলিয়া। কিন্তু সেই কু-অভ্যাসের বিরুদ্ধেও এই অস্বাভাবিক জোর প্রকাশ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঙ্গত কিনা—তাহাতে আমার ভয়ানক সন্দেহ আছে। এ কথা বিশ্বাস করিতে পার?

চা যাহা খাইয়াছি, তোমরা দোকান করিয়াও এত চা খাইতে পারিয়াছ কিনা সন্দেহ! কিন্তু সে চা-খাওয়া এখন নাই। 'সিগারেট ছাড়া' উপলক্ষ্য করিয়া 'বউ' রোজ দু'বেলা চা খাওয়াইয়াছে। কিন্তু যেদিন এখানে আসিয়াছি, সেইদিন হইতেই আর খাইনা, আর খাইতে ইচ্ছাও হয়না। এ আমি বুঝি। কিন্তু কোনওরূপ যুদ্ধ—আমার একেবারে প্রকৃতি-বিরুদ্ধ বলিয়া বোধ হয়। ইহার কুফল আমি কম ভুগিনা। আমাকে দিয়া মানুষ আমার ইচ্ছার বিরুদ্ধে কত যে কাজ করে, তাহার হিসাব কেহ জানেনা। এ বিষয়ে আমি দুর্ব্বলতম। মনে করি যদি—ভাতে ভাত খাইব, খাইলাম হয়ত সেদিন পোলাও মাংস। খুব সহজেই ত ঠেকান যায়, কিন্তু তা' ত আমার হয়না! ঠেকানর কথা ভাবিলেই আমার কষ্ট হয়। এর ফল হয়ত খুব খারাপ, কিন্তু ঘটনা ত এই-ই বহুদিন চলিয়া আসিতেছে। এটা কিন্তু justification নয়; pure statement of facts.

আসিতে দেরী হইয়াছে কেন? একই ইতিহাস। শুক্রবার আসিব। ইহার পূর্ব্বদিন বাবাজীর ভাই আসিয়া, আমাদের বাসা হইয়া শোনপুরের মেলায় (ছত্রের মেলা) গিয়াছে। বাবাজীর খুব ইচ্ছা—যায়; আমি চলিয়া আসিব, কাজেই সে যাইতে পারেনা। কাজটা পছন্দ হইলনা; বাবাজীকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাইতে দিলাম। না দেওয়া অযথা অত্যাচার মনে হইল। রবিবার—ত্র্যহস্পর্শ! মেলায় শেষ পর্য্যন্ত আমিও গেলাম—হাঁটিয়া। ক্রমাগত সকাল দশটা হইতে রাত্রি দশটা পর্য্যন্ত হাঁটিয়া—অচল। রবি, সোম এভাবে গেল; মঙ্গলবার যাওয়ার চেষ্টা। যথারীতি পেটের অসুখ; অধিকন্তু বুধ, বৃহস্পতি দিক্‌শূল—কাজেই শুক্রবার।

এইত বাইরের ঘটনা! এ ছাড়া 'বসার চেয়ে শোওয়া ভাল'—হয়ত এই বুদ্ধিরও অনেকখানি যোগাযোগ এতে আছে।

বই লিখিয়াছি কিনা? লিখিবার সুযোগ পাই নাই। এ বিষয়ে তোমরা আমার উপর ঘোর অবিচার কর—এরূপ আমার বোধ। তোমাদের কথা শুনিয়া মনে হয় যে, আমি যদি দয়া করিয়া লিখিতে বসিয়া যাই, অমনি বই হইয়া যাইবে! দাদা! তা' ত সত্য নয়। বসিলেই লিখিতে যাহারা পারে, সে লোক আমি নহি। সময় এবং মানসিক অবস্থা অনুকূল না হইলে, আমি কিছুই পারিনা। তদুপরি যে বিষয়ের আলোচনা করিতে হইবে, ক্রমেই তাহার গুরুত্ব বুঝিয়া আমি ভীত হই। অনেক সময় Seriously মনে হয়, যে কথা আমি বলিতে যাইতেছি, তাহা আমার মুখে সাজেনা। যে উপদেশ নিজে সম্যক্ মানিতে পারিনা, কোন লজ্জায় তাহা লোককে বলিব? ইত্যাদি ঘোরতর আপত্তি।

তুমি বলিবে,—তোমার অত পাণ্ডিত্যের দরকার কি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঠাকুর বলিয়াছেন, তুমি লিখিবে, এর চেয়ে বেশীদূর যাও কেন? লেখা যদি হয়, তবে শুধু এই কথার বলেই হইবে; অন্যদিকে কোনই ভরসা নাই।

কাজের দিক্ দিয়া হইয়াছে এই যে, গুরুতত্ত্বের আলোচনা হইতে আজ পর্য্যন্ত বিষয়টি আমার মাথার মধ্যে ঘুরিতেছে। একবার সামঞ্জস্য হয়, আবার গোলমাল হইয়া যায়। নূতন তথ্যও অনেক আসিয়াছে। যাহা হউক, আমার দিক্ দিয়া বলিতে পারি—বিলম্বের জন্য আমি দুঃখিত নই। আশাকরি যদি গুরু কৃপায় কার্য্য সম্পন্ন হয়, তবে তোমরাও বিলম্বের জন্য আক্ষেপ করিবেনা!

সুধীর এখনও আসে নাই শুনিলাম। বাসার লোক তোমার ঠিকানা জানেনা বলিয়া পত্র দেয় নাই। তুমি হয়ত ভাব —কারমাটারের আবার ঠিকানা না-জানা কি? কর্ত্তা, তাও হয়।

পেটের অসুখ এখন নাই। মানসিক অবস্থা কিরূপ—তাহা সঠিক বলা যাইবেনা।

এখানে আসিয়া ভাবিলাম, এবার আবার কোন্ সাধু দেখিব? হঠাৎ অযাচিত ভাবে একজন খবর দিলেন—শ্রীযুত কুলদা ব্রহ্মচারী এখানে আছেন। কাজেই যাইয়া একদিন দেখা করিয়া আসিয়াছি। কথাবার্ত্তা কিছুই হয় নাই। তিনি খুব রুগ্ন! আবার একদিন যাইব।

আশাকরি সব ভাল আছ!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কারমাটারে আমার যাওয়া—অত সুখ আমার সহিবেনা। কাজেই তুমিই আসিবে, সেই ভাল। বড়দিনের বন্ধে বাসায় থাকিবার ইচ্ছা ছিল, কিন্তু কি হইবে ঠিক নাই। এ সম্বন্ধে পরের পত্রে লিখিব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৫

গয়া

১৪ । ১২ । ১৯২৯

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের.........

তোমার কাছে চিঠি লিখিতে বসিলেই আমার মাথায় খুন চাপে, মনে হয়, যা' ইচ্ছা তাই লিখিয়া দিই—যেন লোকটা আমার উপর চটিয়া যায়। এ যে কি বুদ্ধি, তা' কেন্দ্রী-ই জানেন।

কিন্তু মুস্কিল এই, আমি মনে মনে কি ভাবি জান ? তুমি আমার কথা বিশ্বাস করনা ! আমার কান্নাকাটি তোমার উপহাসের বস্তু ! তুমি ভাব—লোকটা টালিবালি করে !

তবে কথা এই, যতটা অবিশ্বাস কর, ততখানি কিন্তু সত্য নয়। টালিবালি কিছু আছে—তা' আমি নিজেও টের পাই। যদি বল যে তবে জানিয়া শুনিয়া অযথা হট্টগোল কর কেন ? তদুত্তরে বক্তব্য এই,—এটা গোত্রের ধারা। বংশ-মর্য্যাদা ত আর ছাড়া যায়না, বা উচিতও হয়ত নয় ! কেমন করিয়া শোন—

এই যে আমাদের মা-টি, যাঁ'রা ঘরের খবর রাখেন, তাঁরা জানেন এবং বলেন : ইনি নিছক্ আনন্দময়ী ! কিন্তু একবার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধারণের চক্ষে দেখনা,—সর্ব্বদাই যেন কেবল খাই খাই; যেন আড়ষ্ট হইয়াই আছেন! কিন্তু তা' ব'লে সত্যই ত আর তা' নয়। সেইজন্য যখন যেমন দেখি, তখন তেমন বলি। মা যখন গুম্ হইয়া মুখ ফুলাইয়া বসেন, আমি তখন মাতৃভক্ত সন্তানের মত মায়ের-ই মত চেহারা করি। আর যখন মায়ের আনন্দের ভেল্কি ছুটিয়া যায়, আমিও তখন সুবোধ বালকের মত বলি এবং বুঝি—'আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে' ইত্যাদি।

এতবড় ভণিতার অর্থ—এখন আমার নাচ পাইতেছে। অতএব আবার কিছুকালের জন্য পূর্ব্বকথা বিস্মৃত হও। এখন মা আনন্দময়ী—তোমারও, আমারও। কিন্তু কতকালের জন্য সে গ্যারাণ্টি দিতে পারিবনা। যতক্ষণ মনে হইবে।

হট্টগোলে একটা মজার কথা তোমাকে বলিতে ভুলিয়াই গিয়াছি। একটা বাল-গোপাল মূর্তি আবুলির জন্য কিনিয়া আনিয়াছিলাম—মনে আছে? যথাকালে আমার উপর হুকুম হইল—প্রাণপ্রতিষ্ঠা করিয়া দিতে। পূজার দিন সাব্যস্ত করিলাম—বেটাকে দুধ দিয়া ডুবাইয়া রাখিব। কাজেই এমন একটা পাত্র নিলাম, যাহাতে আমার দেওয়া দুধে বাবাজী ডুবিয়া যান। দুধ যখন গলা ডিঙ্গাইয়া নাক পর্য্যন্ত উঠিয়াছে, তখন মনে হইল, ওর দম বন্ধ হইতেছে। তখন ত পূজা রাখিয়া, দুধ ফেলিয়া ফেলিয়া, উহাকে বাঁচানই সাব্যস্ত করিলাম। মনে হইল, বেটা আমার দুর্দ্দশা দেখিয়া হাসিতেছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তারপরে ত আবুল-ই পূজা করে। আমি মাঝে মাঝে একটু আদর করি। তারপর পাটনায় শীত পড়িল। রাত্রে মনে হইত—'নন্দলালা'র শীত করিতেছে, ও আর থাকিতে পারিতেছেনা। কাজেই উহাকে বিছানায় লইয়া শুইতে হইত। তদবধি ও বোধহয় আমার সঙ্গে বিছানাতেই লেপ গায়ে দিয়া শোয়। ওর ক্ষুধা লাগে, ওর কাপড় চাই, ওর জামা চাই—এ আবুলি বলিলে ভাল শুনাইত। কিন্তু আমার নিজেরও বিশ্বাস এ সত্যই না হইলে চলেনা। এখানে আসিয়াছি, আর কাহারও কথা ত বিশেষ করিয়া মনে হয় না কিন্তু 'নন্দলালা' কেমন আছে—সে চিন্তায় মন খারাপ হয়। অর্থাৎ ষষ্ঠ সন্তানের স্থানে কুগ্রহ উপলক্ষ্য করিয়া এই সপ্তমটি হইল। আবার ওরই প্রতি টান যেন সকলকে ডিঙ্গাইয়া উঠিয়াছে। এ হইল কি—বলিতে পার? জড় ভরতের অবস্থা না হয়—ইত্যাকার।

কুড়িটি টবে গেঁদাফুল লাগাইয়াছি। পত্র পাইয়াছি—খুব কুঁড়ি হইয়াছে। গাছগুলির জন্য এত উদ্বেগ বোধ করিয়াছিলাম যে, জিজ্ঞাসা না করিতেই উহারা পত্রে আমাকে সে কথা লিখিয়া জানাইতে বাধ্য হইয়াছে। বুঝ্‌লে ব্যাপার!

"আপনি মজিলি তুই, মজালি লঙ্কায়!"

"অপরং বা কিম্ ভবিষ্যতি।"

পড়া যে আমার একটা বাতিক তা, বোধহয় তুমি ভালরূপে জান না! কারণ অনেকদিন নিয়ম করিয়া পড়া প্রায় ছাড়িয়াই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দিয়াছি। ইতিমধ্যে কুলদা ব্রহ্মচারীর বইগুলি পড়িবার খুব ইচ্ছা হইল। একজন আমাকে সেগুলি দিলেন। প্রকাণ্ড পাঁচখণ্ড বই, মূল্য সাড়ে নয়টাকা। পড়িতে পড়িতে রাত্রি দেড়টা দুইটা বাজিয়া যাইত। খুব ভাল লাগিয়াছে বলিয়া যে এরূপ, তা নয়, কিন্তু নেশা অত্যন্ত।

দৃষ্টান্ত দ্বারা বুঝাইতে চাহিতেছি এই যে, যেরূপ চতুর্দিকে নেশার ঝোঁক—এর হাত থেকে কেমন করিয়া বাঁচাইবে? অথচ যেখানে নেশা লাগিলে হয়ত উত্তম হইত, তা'তে নেশা কই? তবে দেখিয়া শুনিয়া মনে হয়, যখন নেশা ধরিবার আয়োজন হইতেছে, তখন যদি একবার ভালমত লাগিয়া যায়, তবে কি জানি খুব ভালও হইতে পারে।

এই ধর না—তোমাকে যা'-তা' লেখা, এও এমন নেশা যে বুঝিয়াও ছাড়িতে পারিনা।

মায়ের ইচ্ছায় যদি এ নেশার ঝোঁকটা ঠাকুরের উপরই বা লাগিয়া যায়, তবে ভোগ আছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৬

পাটনা
৮।১।১৯৩০

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের...........

গতকল্যের কার্ড পাইয়া থাকিবে। অদ্য সত্য সত্যই প্রবন্ধ পাঠাইলাম ; শুধু পাঠান নয়—একদম fair copy করিয়া। এখন কথা এই—বিলম্ব ত হইয়াছে, কিন্তু যে কষ্ট করিয়া প্রবন্ধ লেখা হইয়াছে, তাহাতে এখন আর এমাসে প্রকাশ না হইলে চলিবে না। তা'তে যদি একটু বেশী খরচও লাগে, সেটা আমার কাছে জরিমানা স্বরূপ আদায় করিয়াও তুমি প্রবন্ধ এ-বারেই প্রকাশের চেষ্টা করিও—এবং যতখানি লেখা হইয়াছে ততখানিই। এটা সম্পূর্ণ না দিলে বিষয়ের যোগাযোগ রক্ষিত হইবে না। এই আমার কথা ; এখন তোমরা যাহা ভাল বুঝ করিবে।

তোমাকে ধন্যবাদ—কেন তাহা শুন। যখন সকলে আশা ছাড়িয়াছে, এমন কি শ্রীশ্রীঠাকুর পর্য্যন্ত—তখনও যে তুমি তোমার উৎসাহ সমান রক্ষা করিয়া প্রবন্ধের আশা করিতে পারিয়াছ, ইহা আশ্চর্য্য। কেন পারিয়াছ, তা' আমি জানি ; কিন্তু বলিব না। যাহা হউক, দাদা বলিয়া তোমার উপর একটু ভক্তি বোধ করিতেছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এখন প্রবন্ধ লেখা হইয়াছে, এখন একটা কথা বলি। এই প্রবন্ধের বিষয়ে তোমরা আমার প্রতি একটু অবিচার কর এবং এ বিষয়ে ঠাকুরও তোমাদেরই পক্ষে। যদিও স্নেহাধিক্যই ইহার কারণ, তবুও ফলে অত্যাচারই হয়। কিরূপে তাহাই বলি। শুধু প্রবন্ধ চাহিলে আমি এতদিনে তোমাদিগকে তিন চারিটি প্রবন্ধও দিতে পারিতাম। কিন্তু 'গুরুতত্ত্ব'এর প্রবন্ধ লিখিতে সত্য সত্যই আমাকে গলদ্‌ঘর্ম্ম হইতে হয়। বিষয়টা আমার পক্ষে নিতান্তই গুরুপাক হইয়াছে। আমি ক্রমশঃই বুঝিতেছি যে এ আমার পক্ষে কত বড় কঠিন কাজ। আজ দশ এগার দিন বাসায় আসিয়াছি; এ কয়দিন প্রবন্ধ লেখা ভিন্ন আমি আর কোন কাজ করিবারই সময় পাই নাই। এই প্রবন্ধ লিখিতে এ কয়দিনে চেহারা যা' হইয়াছে তাহা দেখিলে তোমাদেরও দয়া হইত। একেবারে ঠিক যেন মাতৃদায়গ্রস্ত। এখন আরম্ভ করিয়া ঠেকিয়া গিয়াছি। এখন আর কি করি। কিন্তু কাজ অত্যন্তই সুকঠিন। সে জন্যই আমার বেশী সময়ের প্রয়োজন। আর বেশী লিখিব না—কারণ কথা বিশ্বাস করিবে কিনা তাহাই সন্দেহ। কাজেই থাক্।

আগামী রবিবার কি সোমবার মজঃফরপুর যাইব। তোমার পত্রের উত্তর ইহার মধ্যেই আশা করি।

ঠাকুরের পত্র পাই নাই। অত্র মঙ্গল। ইতি—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৭

মজঃফরপুর
১৮।১।১৯৩০

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের...........

তোমার শুক্রবারের পত্র গত বৃহস্পতিবারে এখানে আমার হস্তগত হইয়াছে। আমি তোমার যাওয়ার পরের দিন একটার গাড়ীতে এখানে আসিয়াছি। কাজেই পাটনায় বসিয়া তোমার পত্র পাওয়ার কোনই সম্ভাবনা ছিল না।

শ্রীশ্রীঠাকুরের শরীর অসুস্থ শুনিয়া চিন্তিত হইলাম। সত্বর তিনি কেমন আছেন, লিখিয়া জানাইবে।

শাক তরকারী ঠাকুরের ভোগে লাগিবে কিনা, তাহা তাঁহার খুশী। ইহাতে বক্তব্য বা চিন্তিতব্য কিছুই নাই।

স্বামী সচ্চিদানন্দজীর সঙ্গে, তোমার যাওয়ার পরদিন সন্ধ্যায় দেখা হইয়াছিল। চোখ বুঁজিয়া ঘণ্টা দেড়েক তাঁহার কাছে বসিয়াছিলাম। খুবই ভাল লাগিল। Insurance কেমন করিয়া হয়, Company সব caseএ টাকা দেয় কিনা ইত্যাদি অবান্তর কথা অনেক হইল, প্রকৃত বিষয় সম্বন্ধে কোন কথাই হয় নাই। কেবল প্রথম নমস্কারের সময় বলিলেন, "ভাল হোগা"। কাজেই আমি খুশী হইয়াই আসিয়াছি। এবারে আর প্রসাদ মিলিবার সুযোগ হয় নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাজকর্ম্ম আরম্ভ করিয়াছি। এখন পর্য্যন্ত কি হইবে বলা কঠিন। তবে আশা আছে ভাল হইতে পারে।

মজঃফরপুর ও ভাগলপুর জানুয়ারীর ভিতরে সারিবার যে Scheme ছিল, তাহা হইবে বলিয়া ভরসা হয় না। যদিও দশদিন এখানে থাকার ইচ্ছা ছিল কিন্তু কার্য্যতঃ কি দাঁড়াইবে বলা যায় না। যদি সুবিধা বোধ করি ত' এখানেই থাকিয়া যাইব।

তোমাদের সকল সংবাদ লিখিবে। শুনিয়া খুশী হইবে যে আজকাল আমি খুব ভাল আছি। জয় গুরু, জয় মা।

পুনশ্চ—এই পত্র লিখিয়া শ্রীশ্রীঠাকুরকে এক চিঠি লেখা প্রায় শেষ করিয়াছিলাম, এমন সময় তোমার পত্রে বরাহনগরের দুঃসংবাদ পাইলাম। শুনিয়া একেবারে হতবুদ্ধি হইয়াছি। কি যে বলিব কিছুই বুঝিতেছি না, সত্বর লিখিয়া জানাইও কে কেমন আছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৮

মজঃফরপুর
১৯। ১। ১৯২৯।

ওঁ সদ্‌গুরুং তং নমামি।

স্নেহের······

তোমার পত্র পাইয়াছি কিন্তু উত্তর দেওয়া হয় নাই তাই দিতেছি। এক কথা পূর্ব্বে বলিয়া রাখি, যে কথা তোমাকে লিখিতে যাইতেছি, তাহা সামাজিকতা ও সংস্কারের দিক্‌ দিয়া অমানুষিক নিষ্ঠুরতা! কাজেই তোমাকে দেওয়া সংবাদের দ্বারা অযথা শোকার্ত্ত হৃদয়ের অসম্মান ঘটাইও না। কিন্তু তোমার সঙ্গে যে ভদ্রতা রক্ষা করিলাম না, এ দায়িত্ব আমি গ্রহণ করিলাম।

মৃত্যু সম্বন্ধীয় তোমার ধারণা আমার প্রীতিপ্রদ হয় নাই। আজ নূতন নয়, শৈলেনের মৃত্যুসংবাদ কয় বছর আগে যে ভাষায় প্রকাশ করিয়াছিলে, আজও সে ভাষা ভুলিতে পার নাই! লিখিয়াছ——আমাদের কি যে সর্ব্বনাশ হইয়া গিয়াছে, ইত্যাদি! এ মিথ্যাকথা। সর্ব্বনাশ এত সহজে হইলে চলিবেনা। কাহারও কোন সর্ব্বনাশ হয় নাই—যিনি জয়যাত্রা করিয়াছেন, তাঁহারও নহে; যাঁহারা সে জন্য শোকার্ত্ত ও মর্ম্মাহত, তাঁহাদেরও নহে। তুমি নিজেই লিখিয়াছ—মেজদা মায়ের সঙ্গে মিলাইয়া গিয়াছেন। এ যদি সত্য হয়,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তবে সে উপলক্ষ্য করিয়া হা-হুতাশ, কলরব, কিসের জন্য? হিংসায়, না বেদনায়? এ হইলে সুখের কথা, না শোকের কথা?

কথা কি জান? মৃত্যুর সম্মুখীন হইলেই আমাদের সমস্ত বুজরুকী ধরা পড়িয়া যায়। মৃত্যুর সরল সত্য রূপের আলোতে আমাদের সহস্র-গোঁজামিল-দিয়া-ভরা জীবনটা একেবারে মুষড়ে যায়। কতবড় দীন কাঙ্গাল আমরা, তাহা এমন স্পষ্ট করিয়া বুঝিবার সুযোগ আর কোন পরীক্ষায় ঘটে না।

আচ্ছা দাদা! মৃত্যু ভয়ানক সুন্দর নয় কি? মৃত্যুর মত এমন একটা সত্যবাদী ও স্পষ্টবক্তা এই কুটিল জগতে আর নাই।

আর মৃত্যুর মত দয়া জগতের আর কোন বিশিষ্ট কার্য্যে আছে বলিয়া আমার মনে হয়না। জীবনটা যখন বদ্ধজলের মত পঙ্কিল হইয়া উঠে, তখন মৃত্যু—বন্যার উদারতা লইয়া আবার অচলকে সচল করিয়া তোলে। জীবনে যে পাওয়া অসম্ভব, মৃত্যু তাহাই সম্ভব এবং সুগম করে।

মেজদা'র কথাই ধর। আমাদের যদি তাঁহার জন্য বিন্দুমাত্র স্নেহের ভাণ থাকে, তবে বর্ত্তমান ঘটনার বিচার করিতে হইলে আগে দেখিতে হইবে, এই ঘটনায় তাঁ'র নিজের ভাল কি মন্দ হইল। এ সম্বন্ধে আমাদের স্পষ্ট জ্ঞান নাই, তবে অবস্থা দেখিয়া বুঝিতে হইবে।

যে কোন কাজই হউক, আমরা ভাবিতে অভ্যাস করিতেছি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে, উহা না করেন। কিন্তু এ বিষয়ে একটু অসুবিধা হয় এইজন্য যে, সকল কাজেরই সঙ্গে সঙ্গে মানুষের হাত দেখিয়া আমাদের কেবলই ভুল হইতে চাহে যে, কর্ত্তা ঐ দৃশ্যমান হাত। কিন্তু মৃত্যুর সুবিধা এই যে, এ ঘটনা আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, এমন কি শত্রুরও অনিচ্ছায় এবং প্রাণপণ চেষ্টার বিরুদ্ধে সংঘটিত হয়। কাজেই মৃত্যুকে মহত্তর হাতের কাজ বা বিধির বিধান বলিয়া ভাবিতে কষ্ট-কল্পনা লাগে না।

আচ্ছা মনে কর,—তুমি আমি পাটনায় মহানন্দে কাল কাটাইতেছি, এমন সময় ঠাকুর কারমাটার হইতে তোমাকে বা আমাকে ডাকিয়া পাঠাইলেন। তখন তুমি বা আমি অবশ্যই গরজ করিয়া একে অন্যের যাত্রার সুযোগ করিয়া দিব; ইহাতে আমাদের যে আমোদ ভঙ্গ হইল, সেটা গৌণ হইয়া যাইবে। কারণ, ঠাকুরের প্রয়োজনে আমাদের আস্থা আছে।

যে বিধির বিধানে মৃত্যু ঘটে, তাঁহার মহত্ত্বে যদি আমাদের বিন্দুমাত্র আস্থা থাকিত, তবে মৃত্যুযাত্রীকে সানন্দে Congratulate করিতে এতটুকু আট্‌কাইত না। তাহা না করিয়া যখন শোকার্ত্ত হইয়া গভীর প্রতিবাদ করি, তখন প্রমাণ হয় না কি যে, ভগবান বলিয়া যে ব্যক্তির প্রশংসা করি, তাঁহার উপর আস্থা আমাদের একবিন্দুও নাই?

কোন একটা কাজের ভাল-মন্দ বিচার করিতে হইলে আমরা তাহার ফল দেখিয়া বিচার করি। আজ লোকের উপর মৃত্যুর প্রত্যক্ষ ফল লক্ষ্য কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একজনের মৃত্যু হইল। তাহা দেখিয়া অত্যাচারীর কঠিন হস্তও অন্ততঃ সেই সময়ের জন্য কোমলতা ধারণ করে, শত্রু শত্রুতা ভুলিয়া যায়, সংসারের দুরপণেয় মোহ আপনা আপনি দূর হইয়া যাইতে চাহে, চিরস্থায়ী বন্দোবস্ত মিথ্যা বলিয়া ধরা পড়ে, ধার্ম্মিকের সাধনগতি খরতর হয়, অধার্ম্মিক ধর্ম্ম কামনা করিতে বাধ্য হয়, এক কথায়—বেদ বেদান্ত যে মোহ কাটাইতে ক্লান্ত হইয়া পড়ে, কোন সংস্কারক, কোন ধর্ম্মগুরু যে পরিবর্ত্তন আনিতে গলদ্‌ঘর্ম্ম হন, এক মৃত্যু অনায়াসে সেই শুভচিন্তা আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, পাড়া-প্রতিবাসীর ঘরে ঘরে অযাচিত ভাবে বাঁটিয়া দিয়া যায়। একটু ভাবিয়া দেখিলেই বুঝা যায় যে, মৃত্যুর মত উদার ঘটনা সংসারে না থাকিলে, সংসারটা মনুষ্যবাসের অযোগ্য হইয়া যাইত।

কার্য্যবিশেষে খুশী হইয়া দেবতারা ধরায় পুষ্পবৃষ্টি করেন—শুনিয়াছি। তাহাতে মানুষের কি কল্যাণ হয়—জানি না। কিন্তু সংসারে প্রতিনিয়ত যে মৃত্যু-বৃষ্টি হইতেছে, তাহাতে সংসারে যে অমৃত-উৎসের সৃষ্টি হইতেছে, চক্ষু মেলিয়া সে কথা অস্বীকার করা অসম্ভব।

যদি বল যে, মৃত্যু উদাসীন দর্শকের উপেক্ষার বা আদরের বস্তু, তাহাতে নিকট আত্মীয়ের শ্মশান হৃদয়ে কি সান্ত্বনা?

ধর স্বামী-স্ত্রী। একে অন্যের মৃত্যুতে মহান্ ক্ষতিগ্রস্ত বলিয়া স্বীকৃত। এদের অপরিহার্য্য ক্ষতির প্রতিবিধান কৈ?

স্বামী এবং স্ত্রী, একে অন্যকে নিত্যসহচর মনে করিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে জীবনযাত্রা চালাইতে থাকিবে, তাহাদের একজন আজ হউক, কাল হউক, মরিয়া নিশ্চয়ই আর একজনের ভুল অশ্রুজলে ভাঙ্গিয়া দিবে! যে ব্যক্তি হাত না পুড়িলে স্বীকার করিবে না যে, অগ্নি দগ্ধ করে, তার হাত ত পুড়িতেই হইবে। সে অবশ্যম্ভাবী ঘটনা কাল না ঘটিয়া আজ ঘটিলে ইষ্ট ছাড়া অনিষ্ট কই?

আর একটা কথা তোমার বুঝা কঠিন হইতে পারে, কারণ তুমি অবিবাহিত। সাধারণতঃ স্বামী-স্ত্রীর জীবন আমাদের সামাজিক নিয়মে এমনি ভাবেই চালিত হয় যাহাতে একের পক্ষে অন্যের জীবন নিজ নিজ স্বভাবের পরিপন্থী হইয়া গড়িয়া উঠিতে থাকে। তখন, দৃশ্যতঃ তাহাদের মধুর সম্পর্ক পরস্পরকে প্রকৃত জীবন হইতে অনেক দূরে লইয়া যায়। কিন্তু এতদুভয়ের কাহারও এমন সামর্থ্য থাকে না যে সেই জটিল গ্রন্থি ছিন্ন করে। কিন্তু এই উভয় জীবন যাঁহার পরম আদরের বস্তু, তিনি যদি দয়া করিয়া দৃঢ়হস্তে সেই বন্ধন ছিন্ন করিয়া সেই দুই জীবন নূতন নূতন পথে পরিচালিত করেন তবে সেটা দয়া হইবে, না নিষ্ঠুরতা?

স্বামী স্বতঃই ভুলিয়া যায় যে স্ত্রী আগে নারী, তার পরে স্ত্রী; আর স্ত্রী মনে রাখিতে পারে না যে স্বামী আগে মানুষ, তারপরে স্বামী। যদি কোন বিধান নারীর স্ত্রীত্ব-মাত্রের পঙ্গুত্ব ঘুচাইয়া স্বাভাবিক মাতৃত্বের মহত্ত্ব গড়িয়া উঠিবার সুযোগ দেয়, যদি কোন পুরুষ স্বামী-মাত্র না হইয়া নারায়ণরূপে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিকশিত হইবার সুযোগ লাভ করে, তবে সেই বিধানের বিধাতাকে কি দিলে শোভন হইবে—পুষ্পাঞ্জলি, না অপবাদ ?

মৃত্যু যতদিন জীবনের অপ্রার্থিত সীমারেখা ততদিন সেই পঙ্গু, ক্ষুদ্র, ভয়ার্ত্ত জীবনের মূল্য এক কাণাকড়িও নয়। তিমিরাবৃত রজনীতে সুদীর্ঘ পিচ্ছিল-পথের-যাত্রীর হস্তে প্রতিমুহূর্ত্তে-নির্ব্বাপিত-প্রায় আলো পাথেয় নহে, বন্ধন। এ আলোর অস্তিত্বের চেয়ে নির্ব্বাণেই পথিকের শ্রেষ্ঠতর কল্যাণ।

জীবন, জীবিত হয়—মরণের সমাদরে। জীবন যেদিন অসঙ্কোচে মরণকে বরণ করিবে—সখা বলিয়া, বন্ধু বলিয়া, প্রেমময় বলিয়া—সেদিন জীবনের প্রকৃত জন্মোৎসব। জীবনের জয়-যাত্রার সেইখানে সূচনা।

একটু শ্রদ্ধার চক্ষে মরণের ভয়াল-মূর্ত্তির ধ্যান করিলে তাহার অন্তরে অন্তরে যে করুণার অমৃত-উৎস ধরা পড়ে, তাহা দেখিয়া একথা অস্বীকার করা অসম্ভব হয় যে জীবনের মোহ-ঘোরে মরণের মহাদান, মাতৃস্নেহেই সম্ভব। মা ছাড়া, মরণের মত কঠোর স্নেহ দান করিবার মত বুকের পাটা, আর কাহারও থাকিতেই পারে না। তাই মায়ের স্নেহ-বিহ্বল সন্তানেরা মা'কে

"দোলেরে আনন্দময়ী করাল-বদনী"

—বলিয়া সমাদর করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৯

মজঃফরপুর
২৮। ১। ১৯৩০

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের.........

অতি ভয়ে ভয়ে গোপনে তোমাকে যে চিঠিখানা দিয়াছিলাম, তাহা পাইয়া সকলেই প্রীত হইয়াছে শুনিয়া বুঝিলাম যে তুমি অক্ষরে অক্ষরে আমার কথা রক্ষা করিয়াছ। যাহা হউক ইহাতে গোপনীয় এমন কিছুই ছিল না। কেবল এতবড় গুরুতর বিষয় সম্বন্ধে আমার অদ্ভুত মতামত কাহাকেও অযথা পীড়া না দেয়, এই ছিল আমার আশঙ্কা। তা' যখন হয় নাই, তখনই তোমার অপরাধ কাটিয়া গিয়াছে। তবে তুমি দুঃসাহস করিয়াছিলে, একথা বলিতেই হইবে।

আমার পত্রে মেজমাও সান্ত্বনা পাইয়াছেন শুনিয়া ভগবানকে আমি শত ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। তোমার কথা শুনিয়া ভরসা হইতেছে মেজমা এই অগ্নি পরীক্ষার ভিতর দিয়া অবিলম্বে আপন স্বাভাবিক মাতৃত্বে সুপ্রতিষ্ঠিত হইবেন। যদি তাহাই হয় তবে কি সত্য সত্যই বর্ত্তমান বিপদ ভাবী সুমঙ্গলের নিশ্চিত অগ্রদূত নহে? মৃত্যু যাহাদের হাত শূন্য করিয়া দেয়, নিরাশ্রয় করে, তাঁদের অবস্থা সত্যই শোচনীয়। কিন্তু এই দৃশ্যমান হট্টগোলে দিক্‌ভ্রান্ত না হইয়া যাহারা অমঙ্গলের বিধাতাকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিবিড়ভাবে জড়াইয়া ধরিতে পারে, তাহাদের কাছে এই ভয়ঙ্করের সৌন্দর্য্য বহুকাল লুক্কায়িত থাকে না—সুধীগণ ইহাই সত্য বলিয়া সাব্যস্ত করিয়াছেন।

আমি আগামী বৃহস্পতিবার যে কোন সময়ে পাটনা পৌঁছিব, এরূপ ইচ্ছা। তারপরে আগামী ১লা ফেব্রুয়ারী, শনিবার দানাপুর এক্‌সপ্রেসে রওনা হইয়া রবিবার সকাল বেলা (বোধ হয় ৬-২০ মিনিট) কলিকাতা পৌঁছিব। এবার আর তোমার বাসায় যাওয়ার বালাই নাই। কাজেই সরাসরি বরাহনগরে পৌঁছিব। বরাহনগর হইতে তোমার ষ্টেশনে আসা সম্ভব হইবে না। আর অযথা এত কষ্ট করিয়াই বা লাভ কি ?

কাজকর্ম্ম ভাল হইতেছে না। আশা ছিল ভাল হইবে ; কিন্তু কার্য্যতঃ দেখিতেছি bad ; বিশ হাজার টাকার proposal পরীক্ষা হইবার পূর্ব্বক্ষণে ফাঁসিয়া গিয়াছে। ভাগলপুরের ত্রিশ হাজার যথারীতি অগ্রাহ্য হইয়াছে। ইত্যাদি। তা' বেশ ! রবি বাবুর কবিতা মনে পড়িতেছে—

মনেরে আজ কহ যে
ভাল মন্দ যাহাই আসুক্
সত্যেরে লও সহজে।

বিস্তারিত সাক্ষাৎমত হইবে। এখন বছর শেষ হইবার সময়, কাজেই কোম্পানীকে বলিলে তাহারা আসিতে আপত্তি করিবে। কাজেই French leave লইয়াই আসিব। সে কয়দিন অফিসের ছুটি থাকিবে, কাজেই কোন আপদ্ নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাসার সব ভাল আছে। যদি পত্রের উত্তর দাও, পাটনার ঠিকানায় দিও।

আমি মনে করিতেছি, ৩রা ফেব্রুয়ারী, সোমবার, পূজা। যদি তোমাদের 'বিশুদ্ধ' মতে অন্য রকম হয় তবে পূর্ব্বাহ্নেই জানাইও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩০

মজঃফরপুর

২৭।৩।১৯৩০

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের.........

তোমার পত্র তিনখানা পাইয়াছি। আমিও দুইখানা লিখিয়াছি। সে পত্র তুমি পাইয়াছ কিনা তাহাও আমি জানি না। কথা এই—তোমার গতিবিধির অনিশ্চয়তা আর আমার নিজের ব্যস্ততা এই দুইটা মিলিয়া পত্রের নিয়মিত আদান, প্রদান অসম্ভব করিয়া দিয়াছে।

আমি আগামী কল্য পাটনা পৌঁছিয়া (অর্থাৎ শনিবার) ভাগলপুর যাইব, সেখানে ৩।৪ দিন দেরী হইবে। যদি সত্বর উত্তর দাও, তবে ভাগলপুরের ঠিকানায় লিখিবে ; নতুবা পাটনা। ভাগলপুরের ঠিকানা—c/o মন্মথ নাথ সেন, করুণা কুটীর, বাঙ্গালীটোলা, ভাগলপুর।

লিখিয়াছ—মানসিক অবস্থা ভাল বোধ হয় না। এ আর আশ্চর্য্য কথা কি? মাঝে মাঝে মন খারাপ হওয়ার সুবিধা এই যে তা'তে বোঝা যায় যে মনের সুস্থ হওয়ার অভ্যাস পাকা হয় নাই। পাছে সাময়িক শান্তিতে ভুলিয়া আমরা ভুল করি বা বুঝি যে মনটা ভদ্রলোক হইয়া গিয়াছে, সেই জন্য মন মাঝে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাঝে বিদ্রোহ করিয়া জানাইয়া দেয় যে তা'র সম্বন্ধে নিশ্চিন্ত হইবার সময় এখনও হয় নাই।

কলিকাতা কবে যাইব বা আদৌ যাইব কিনা এখনও জানি না। আমার বছর ৩১শে মার্চ্চ শেষ হইবে। এ সময় আমার সম্বন্ধে কি ব্যবস্থা হইবে তাহা ঠিক করিবার জন্য আমাকে ডাকা উচিত। তবে কোম্পানী কি মনে করে তা'ত আমি জানি না। এ বিষয়ে কোম্পানী কি করে না করে এপ্রিলের প্রথম সপ্তাহে বোধ হয় বোঝা যাইবে। যাহা হয় পরে জানিতে পারিবে।

সকলেই একসঙ্গে বিকল হইলে অশোভন হয়। বোধ হয় সেইজন্যই আমার মানসিক অবস্থা ভাল। বিশেষতঃ আমার পক্ষে একটা crisis উপস্থিত। সাধারণতঃ দেখা গিয়াছে যে সামান্য সামান্য কারণে অসন্তোষ প্রকাশ করিলেও ঘটনা যখন সত্যই গুরুতর হইয়া দাঁড়ায়, তখন আমি বেশী সুস্থ ও সবল বোধ করি। এ বারেও তাহার ব্যত্যয় হইতেছে না; সম্মুখের বিভীষিকাকে ম্লান করিয়া পশ্চাতের হাসি উজ্জ্বলতর হইতেছে। কথা কি, দাদা জান? আমাদের দুর্ব্বলতার কোন অন্তই নাই। যখন সে দিকে নজর পড়ে তখন আর ভরসা থাকে না। কিন্তু যদি সেগুলি উপেক্ষা করিয়া মায়ের দিকে তাকান যায়, তখন আর ভয় ভাবনা থাকে না। স্পষ্টই বোঝা যায়—আমার দুর্ব্বলতার চেয়ে আমি অনেক বড়। আর যা' আপদ বিপদ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আছে, থাকুক না। যদি এর সঙ্গে মা'ও থাকেন, তবে আর সকলকেই হাসিয়াই উড়াইয়া দেওয়া সম্ভব।

আশাকরি ভাল আছ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩১

পাটনা।
২রা বৈশাখ, ১৩৩৭

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের............

তোমার পত্র পাইলাম। আমি যে একটি আহম্মক—তা'র প্রমাণ, তোমাকে যে ১লা বৈশাখ চিঠি লিখিতে হইবে—এমন কথা আমার মনেও হয় নাই।

তুমি লিখিয়াছ—সকলকে দিয়া দিয়া তোমার store exhausted, কাজেই আমাকে দেওয়ার মত তোমার কিছুই নাই। আমি যাহা ইচ্ছা নিতে পারি। ভাবিয়াছ, এবারে আমাকে খুব ঠকাইলে। সকলকে যত খুসী দাও, তাহার পর যে নিঃস্ব তুমি থাকিবে, তাহা দ্বারাই আমার কার্য্য চলিবে। আরও বিশেষ কথা এই, এই নববর্ষ উপলক্ষ্য করিয়া তুমি আমাকে কিছু দাও বা না দাও, যাহা ইতিমধ্যেই দিয়া রাখিয়াছ, তাহাই আমার মত দরিদ্রকে কয় জনমের মত খুশী রাখিবার পক্ষে যথেষ্ট।

তোমার কষ্ট করিয়া আমাকে কিছু দিতে হইবে না। তোমার নিজের জন্য যা' সঞ্চয় হইতেছে ও হইবে, তাহাই আমাকে চিরকাল খুশী রাখিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমি তোমাকে কিছু দেওয়ার ব্যর্থ চেষ্টা করিব না। তোমাকে শুধু বলিব, মায়ের করুণা ঝরিতেছে। তোমাকে একথা শুনাইলেই তুমি যাহা পাইবে, তাহা হাতে ধরিয়া দিবার সামর্থ্য আমার নাই; অথচ তোমাকে সত্যই যে কিছু দিলাম একথাও তুমি অস্বীকার করিতে পারিবে না। খুব মজার ব্যবস্থা নয়?

এই খানেই মায়ের বাহাদুরী। মা দিতেছেন—একথা জানিয়া গ্রহীতাও খুশী হয় আর যে কেহ শোনে তা'দেরও আনন্দ হয়—"শঙ্খবণিকের করাত যেমন আসিতে যাইতে কাটে।"

পুনরায় যাওয়ার order কলিকাতা হইতে এখনও পাই নাই। মায়ের ইচ্ছায় ছুটি পাইলে বাঁচিয়া যাই।

গয়া চলিলাম। পত্রের উত্তর গয়ার ঠিকানায় দিও। C/o. Hiralal Chatterji, Imperial Bank, Gaya.

বাসার সব ভাল আছে। তোমাদের কুশল লিখিবে।

শ্রীযুক্ত সেজদা ও ব্রহ্মচারী প্রিয়লাল দা ও বরাহনগরের অন্যান্য ভ্রাতৃগণকে আমার সশ্রদ্ধ প্রীতিসম্ভাষণ জানাইবে। ভাল আছি। ইতি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩২.

পাটনা
৬।৫।১৯৩০

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের...............

তোমার পোষ্ট কার্ড পাইয়াছি। আর অন্য যে ব্যক্তি বিশেষের কাছে চিঠি দিয়াছ তাহাও দেখিলাম। এ সঙ্গে বোধ হয় ইহাও লেখা দরকার যে তুমি গয়াতে যে চিঠি দিয়াছিলে তাহাও পাইয়াছিলাম।

হিসাবে দেখা যাইতেছে যে এবার তোমার পত্রের উত্তর দিতে একটু অন্যায় রকম বেশী বিলম্বই হইয়াছে। এতটা হওয়ার কারণ ছিল না। রোজই ভাবি যে তোমাকে চিঠি লিখি, কিন্তু এ পর্য্যন্ত "কাল লিখিব" বলিয়া স্থগিত ছিল। কিন্তু শেষ পর্য্যন্ত—

"কাল ব'লে কালা গেল মধুপুরে
সে কালের আর কত বাকি"— অবস্থায় দাঁড়াইয়াছে।

যাহা হউক, আজ যখন লিখিতেছি তখন ত পূর্ব্ব পাপ সব ক্ষয় হইয়া গেল।

তুমি গয়ার চিঠিতে কি লিখিয়াছিলে ঠিক মনে হইতেছে না; হয়ত তুমি নিজেও ভুলিয়া গিয়াছ। কাজেই চিঠির উত্তর সে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সময় হইতে না দিলে তোমার বা আমার বিশেষ কিছুই ক্ষতি হইতেছে না; কাজেই বর্ত্তমানের কথাই লিখি।

শ্রীশ্রীদেশমাতৃকাপূজা মন্দ হয় নাই। শ্রীমান সুধীর ও কালু সঙ্গে ছিল।

অদ্য মহাত্মা গান্ধীর arrest উপলক্ষ্যে এখানে হর্‌তাল হইতেছে। তুমি এ সম্বন্ধে কিছুই লেখ নাই।

সমস্ত পত্রিকা বন্ধ, কাজেই নেহাৎ অন্ধকারে আছি। এখানকার Searchlight ও বন্ধ হইয়া গিয়াছে।

ইতিমধ্যে President Patel এখানে আসিয়াছিলেন—কলিকাতা যাওয়ার রাস্তায়। তিনি বলেন, যে-কোন রকমে গভর্ণমেণ্টকে embarass করিতে পারিলেই আমি খুসী। সমস্ত দিক দিয়া আক্রমণ করা দরকার। Salt Tax disobey করার চেয়ে Boycott of British goods এ সহানুভূতি বেশী। ইত্যাদি—

মোটের উপর দেশের কি অবস্থা কিছুই বুঝিতেছি না। তবে মনে হয় সংগ্রাম ক্রমেই জমিয়া উঠিতেছে। রণরঙ্গিণী আসরে নামিয়াছেন। কিন্তু একটা কথা কেবলই মনে জাগে, নিজেকে জিজ্ঞাসা করিতে ইচ্ছা হয় যে সকলে যখন দেশের কাজে ব্যস্ত তখন আমি—"গণিতেছি লহরী কি রণ-পয়োধির?"—তা যাক্।

তুমি লিখিয়াছ-'এখানকার অবস্থা সুবিধা নয়'। এর অর্থ মাথামুণ্ড কিছুই বুঝি নাই। তোমার স্থান-কাল- পাত্রের জ্ঞানই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাই। তুমি যে কোন্ স্থানের কার সম্বন্ধে, মতামত প্রকাশ করিলে তাহা বোঝা গেল না।

আর এক কথা। তোমাকে টাকা পাঠাইলে তুমি এখন আসিতে পার কিনা লিখিয়া জানাইবে।

শ্রীশ্রীঠাকুরের চিঠি পাইয়াছি। গয়াতেও তোমাদের উভয়ের চিঠি এক সঙ্গে গিয়াছিল। আবার এখানেও তোমার পোষ্টকার্ডের সঙ্গে ঠাকুরেরও পত্র পাইলাম। ইহাতে তফাৎ এই, তুমি পত্রের উত্তর না-পাওয়ায় নালিশ করিয়াছ, আর ঠাকুর পত্রোত্তরের প্রাপ্তি স্বীকার করিয়া চিঠি লিখিয়াছেন।

এখানে আরও ৪।৫ দিন আছি। কাজেই এখানকার ঠিকানা-তেই চিঠি দিতে পার। অতঃপর ভাগলপুর হইয়া মুঙ্গের যাওয়ার ইচ্ছা আছে।

কোম্পানীকে মাহিয়ানা বৃদ্ধির জন্য চিঠি দিয়াছি। উত্তর পাওয়ার এখনও সময় হয় নাই।

কলিকাতার মিষ্টার চৌধুরীর সঙ্গে দেখাই হয় নাই। কাজেই তোমাকে বলিবার কিছুই ছিল না।

ভালই আছি। তোমাদের কুশল লিখিবে। প্রিয়নাথদার জ্বরের কিরূপ হইল লিখিবে। শ্রীমান্ গঙ্গেশের ইতিমধ্যে বিশেষ অসুখ হইয়াছিল, আজ কাল ভাল আছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৩

কাজিপুর
বাঁকিপুর
১৫। ৫। ১৯৩০

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের.........

তোমার পত্র পাইয়াছি। বিস্তারিত চিঠি লিখিতে বলিয়াছ, কিন্তু কি দিয়া যে বিস্তার করিব তাহা খুঁজিয়া পাইতেছি না।

ইতিমধ্যে আমরা দেশের কোন খবরই পাইতেছিলাম না। আজ কয়দিন ধরিয়া কংগ্রেস বুলেটিন নাম দিয়া কংগ্রেস্ অফিস প্রত্যহ সন্ধ্যাবেলা একটা খবরের কাগজের মত Type করিয়া বাহির করে। মূল্য এক আনা। তাহাদ্বারা সংবাদের ক্ষুধা মিটিতেছে।

পাটনায় আজ হইতে Lady volunteer দ্বারা picketting আরম্ভ হইবার কথা। গতকল্যও ১০০ ঘোড়শোয়ার সৈন্য আসিয়াছে, কেন জানি না। বোধ হয় picketting এর উত্তর দিবে।

মোটের উপর মনে হয় সর্ব্বত্র কাজ ভালই চলিতেছে। বর্ত্তমানে Boycott এর উপরই অধিকাংশের ঝোঁক। এটা খুব সুবুদ্ধি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আজ পনর দিন পাটনায় আছি। একদম বিশ্রাম, অথচ কিছুই করিবার সময় পাইতেছি না, সর্ব্বদাই ব্যস্ত; এ ভাব বোঝা কঠিন। যাহা হউক, দুই তিন দিনের মধ্যে মুঙ্গের যাইব—ভাগলপুর হইয়া। তুমি এখানের ঠিকানাতেই পত্র দিও। ভাগলপুরের একটা চিঠির অপেক্ষায় আছি, পাইলেই রওনা হইব।

শ্রীশ্রীঠাকুরের পত্র পাইয়াছি। তোমার সঙ্গে একদিনেই ঠাকুরকে যে চিঠি দিয়াছিলাম, তাহা তিনি পান নাই। তারপরে এক পত্র দিয়াছি। তদুত্তরে ঠাকুর লিখিয়াছেন—প্রস্তুত থাকিবে; প্রয়োজন হইলেই নামিতে হইবে। যখন সত্যাগ্রহের আর লোক জুটিতেছে না দেখা যাইবে, তখনই না কি আমাদের সময় হইয়াছে বুঝিতে হইবে।

আমাকে প্রস্তুত হইতে বলা না বলা সমান : হয় প্রস্তুত আছি, নয় কখনও হইব না। ইহার কোন মাঝামাঝি পন্থা আমার নাই। দেখ, শেষ পর্য্যন্ত কি দাঁড়ায়!

তোমার আসার কথা, তোমাকে জিজ্ঞাসা করায় আমাকে তুমি, বুদ্ধি সম্বন্ধে, তোমার সমকক্ষ বলিয়া আশঙ্কা করিয়াছ। তবে বুদ্ধিতে তোমার সমকক্ষ হইতে পারিয়াছি কিনা সেটা বলা কঠিন। কিন্তু এ বিষয়ে তাহার কিছুই প্রমাণ হয় না। তোমাকে জিজ্ঞাসা করিয়াছি বলিয়াই যে অন্য কাহাকেও জিজ্ঞাসা করি নাই, এ তোমাকে কে বলিল? তোমার বুদ্ধির এই দোষ! তবু তুমি হয়ত বলিবে তবে আর আমাকে কেন?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তা' শুধু বুঝিবার জন্য যে তুমি আসিতে ইচ্ছুক কিনা। তোমাকে বন্দী করিয়া আনিতেছি না, তুমি স্বেচ্ছায়ই আসিতেছ—এ টুকুও জানা থাকার প্রয়োজন আছে।

যাহা হউক, ঠাকুরকে যে এ সম্বন্ধে লিখিয়াছিলাম, তাহার কোনও উত্তর তিনি দেন নাই। তুমি বরাহনগরে আছ, এ কথা লিখিয়াছেন, তবে তুমি আসিতে পারিবে কি না, সে সম্বন্ধে কিছু নাই। এটা কি Omission, না স্বেচ্ছাকৃত তাহাও অজ্ঞাত। যাহা হউক, আবারও চেষ্টা করিব।

শ্রীযুক্ত বিশ্বরঞ্জনদা প্রবন্ধের তাগিদ দিয়া এক পত্র লিখিয়াছেন। প্রথম অধ্যায় শেষ করিয়াছি কিন্তু "ঠিকানাসে আতা নেহি"। যাহা হউক, সঙ্কল্প—প্রবন্ধ না পাঠাইয়া বাহিরে যাইতেছি না। যাহা হয় জানিতে পারিবে।

সাধনার কথা আর কি লিখিব? বিশেষ কিছুই করিতেছি না। তবে কিছুদিন ধরিয়া একটা পাগলামি ঘাড়ে চাপিয়াছে, মনে হয় যে বেশ আছি।

তোমার শরীর এখন কেমন, লিখিবে। ব্রহ্মচারী ও বলাইদাকে শ্রদ্ধা জানাইবে। বাসার আর সব ভাল। শ্রীমান গঙ্গেশ একবার দশ বার দিন জ্বর ও পেট ফাঁপাতে ভুগিয়া একটু ভাল হইয়াছিল। আজ চার পাঁচ দিন আবার ভুগিতেছে।

পুঃ—লিখিতে ভুল হইয়াছে—তোমার আসার সম্বন্ধে ঠাকুরকে যে পত্র লিখিয়াছিলাম, তাহাই হারাইয়া গিয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৪

ভাগলপুর
৫। ৬। ১৯৩০

ওঁ সদ্‌গুরুং তং নমামি,

স্নেহের.........

তোমার পত্র বহুপূর্ব্বেই পাইয়াছিলাম, তদনন্তর তুমি যাহাকে আমার-অবস্থা-প্রাপ্ত-হওয়া বল, তাহাই ঘটিয়াছে। পত্র আর লেখা হয় নাই। বহুকাল পাটনায় ছিলাম। শুধু একটা কাজ করিয়াছি—প্রবন্ধ লেখা। যে বিপদে পড়িয়াছিলাম এই প্রবন্ধ নিয়া, কি আর বলিব। তারপরে অতিকষ্টে প্রবন্ধ নিষ্পন্ন করিয়া শ্রীযুক্ত বিশ্বরঞ্জন-দাকে পাঠাইয়াছি। তিনিও তাহা প্রাপ্ত হইয়াছেন। তিনি লিখিয়াছেন—'আপনার প্রবন্ধের দিকেই তাকাইয়াছিলাম; এখন নিশ্চিন্ত হইলাম।' কিন্তু পত্রিকা সম্বন্ধে এখনও নিশ্চিন্ত হওয়া যায় নাই, কারণ বিশ্বরঞ্জন-দা সম্পাদক হইতে রাজি নহেন, ইহা আমাকে লিখিয়াছেন এবং ঠাকুরকেও এইরূপই জানাইয়াছেন। শ্রীশ্রীঠাকুর লিখিয়াছেন 'বিশ্বরঞ্জন ইচ্ছুকও নহে, আর সে যে বলে এ কাজের সে উপযুক্ত নহে, একথাও স্বীকার্য্য ইত্যাদি। কাজেই যদি পত্রিকা চালাইতে ইচ্ছুক থাক, তবে, তুমি (অর্থাৎ আমি) সম্পাদক হইতে প্রস্তুত হইয়া যদি কার্য্যভার গ্রহণ কর তবেই হয়, নতুবা এ বিষয় নিয়া আর আমাকে অযথা বিরক্ত তোমরা করিও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না ইত্যাদি।”

কিন্তু কথাটা আমি বুঝিতে পারিতেছি না। আমি যে কেমন করিয়া সম্পাদক হইতে পারি, বুঝা গেল না। এ কাজ হয়ত যেমন তেমন করিয়া করিতে আমি পারি, কিন্তু আমার যেরূপ এখানে-ওখানে-সেখানে থাকিবার ব্যবস্থা, তাহাতে পত্রিকা প্রকাশ সম্বন্ধীয় কাজ আমার দ্বারা কেমন করিয়া চলিতে পারে? আমার মনে হয়—এটা চলে না। তবে যদি প্রবন্ধ সংগ্রহ ও নির্ব্বাচন আমি করিয়া দিলে চলে, তারপরে ছাপা হইবার জন্য ব্যবস্থা হয়, তবে আমি পারি। এই মর্ম্মে ঠাকুরকেও লিখিলাম। এ-দিকে শ্রীযুক্ত বিশ্বরঞ্জন-দার পত্রের প্রতিবাদ করিয়া আমি তাঁহাকেই সম্পাদক হইতে অনুরোধ করিয়াছিলাম। তদুত্তরে তিনি আর কিছু লিখেন নাই। আমি ভাবিয়াছিলাম তিনি রাজি হইলেন। কিন্তু আমার এ-ধারণাও সত্য কিনা তাও জানি না। সংক্ষেপে বলিতে গেলে বিশ্বরঞ্জন-দার এই স্বীকার প্রকৃত কি অভিমান মাত্র তাহাই আমাকর্ত্তৃক বুঝা হয় নাই।

প্রবন্ধ যা পাঠাইয়াছি তাহার দৈর্ঘ্য অর্দ্ধ ফুলস্কেপ পাতার ২৩ পাতা বা তোমাদের পত্রিকার অন্ততঃ চারি আনা! বিষয়—গীতায় গুরুতত্ত্ব—প্রথম ও দ্বিতীয় অধ্যায়। কি মাথামুণ্ড লিখিয়াছি, তা শ্রীগুরুই জানেন। দেখিলেই টের পাইবে।

প্রথমতঃ ভাগলপুরে আসিয়াছিলাম, তারপরে মুঙ্গেরে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গিয়াছিলাম, আজ দু'দিন আবার ভাগলপুরে আছি। আগামী কল্য পুনরায় মুঙ্গের যাইব। সেখানে দশ পনর দিন থাকিব এরূপ ইচ্ছা। যাহা হয় পরে জানিতে পারিবে। মনে থাকিতে থাকিতে ঠিকানাটা দিয়া রাখি—C/o Surendra Mohon Gupta, L. M. S. Monghyr.

বেতন বৃদ্ধির প্রস্তাব নিয়া গোলযোগ চলিতেছে। ২০শে এপ্রিল পর্য্যন্ত যে হিসাব ধরিবে বলিয়াছিল তাহা এখন বোধ হয় তাহাদের পক্ষে সুবিধাজনক বোধ হইতেছে না। কাজেই যে সমস্ত কেস্ ৩১শে মার্চ্চ পর্য্যন্ত হইয়াছে, তাহাই পূর্ণ হইয়া চারি লক্ষ হউক, ইহাই তাহাদের অভিলাষ। সে কথা হইবে বা না হইবে, তাহা এখনও বলা যায় না। মোট কথা আমি পঞ্চাশ টাকা Increment চাহিয়াছি। তাহাদের ইচ্ছা পঁচিশ টাকা এবং তাহাও দয়া হিসাবে যাহাতে আসে—এরূপ ভাবের আয়োজনে আছে। যাহা হউক, এজন্য মাথা ঘামাইবার আবশ্যক নাই। মায়ের চাকুরী করিতেছি, তাঁহার ইচ্ছা হয় মাহিয়ানা বাড়াইবে, না হয় না বাড়াইবে। আমি যুদ্ধ করিতেছি এবং করিব কিন্তু not quite seriously। যদি না-ই দেয় তবে না হয় না-ই দিবে। যেমন ছিলাম তেমনি থাকিব। আর কি জিজ্ঞাসা করিয়াছিলে মনে নাই, তবে এটুকু মনে আছে যে তা'র উত্তর না পাইলেও তোমার বা আমার মারাত্মক ক্ষতি হইবে না।

বিহারে কাজ (দেশের) ভাল চলিতেছে। Movement

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্রমশঃই অগ্রসর হইতেছে বলিয়া মনে হয়।

তোমার যাওয়া সম্বন্ধে শ্রীশ্রীঠাকুর লিখিয়াছেন যে এ বিষয়ে তোমাকে চিঠি লিখিবেন। জানিয়া পরে আমাকে জানাইবেন। পূর্ব্বেও বৃথা তর্ক করিয়াছ, এখনও হয়ত করিবে, তবে ঠাকুরের কথা শুনিয়া তোমার বুঝা উচিত কেন আমি তোমাকেও লিখিয়াছিলাম। তোমার উত্তর আমার কাছেও যেমন হইয়াছে, ঠাকুরের কাছেও তেমন হইবে। তা বেশ।

বাসার সকলে বোধ হয় ভালই আছে। এখানে আসিয়া তাহাদের খবর পাই নাই। পত্রের উত্তর মুঙ্গেরের ঠিকানায় দিবে। তোমাদের কুশল লিখিবে। আমি বেশ আছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৫

মুঙ্গের
১৪। ৬। ১৯৩০

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের·········

তোমার পত্র পাইলাম। তোমার অবস্থা কিন্তু সুবিধা-জনক মনে হইতেছে না। ভাব দেখিয়া সন্দেহ হয়—you have fallen in love with me। বৃদ্ধকালে এ ব্যারামের পরিণতি কোথায় কে জানে। বিশেষতঃ তুমি যে পাত্র নির্ব্বাচন করিয়াছ তাহার প্রকৃতিস্থতা সম্বন্ধে আমার নিজেরও নিদারুণ সন্দেহ আছে। কাজেই তা'র কাছে তোমার সহৃদয়তা অবজ্ঞাত হইতে দেখিলেও আমি আশ্চর্য্য বোধ করিব না। তা' যা' হো'ক পণ্ডিতেরা বলেন, এ রোগের রোগীদের ঔষধ বা সুপরামর্শ দেওয়া অপব্যয় মাত্র। কাজেই তুমি অগ্রসর হইতে থাক, শেষ পর্য্যন্ত সামলাইতে না পার, আপনিই সতর্ক হইবে।

শ্রীযুক্ত বিশ্বরঞ্জন-দা'র পত্রে জানিলাম, শেষ পর্য্যন্ত তিনি সম্পাদক হইতে রাজী হইলেন। বুঝা গেল ব্রহ্মজ্ঞানেও বয়সের দোষ যায় না। যাহা হউক আমরা বয়স বাড়াইয়া যে অভিজ্ঞতা অর্জ্জন করিয়াছি, তাহারও মূল্য কম নয়।

মনে থাকিতে লিখিয়া ফেলি, ঘটকালির সুযোগ ইতিমধ্যে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আর হয় নাই, কারণ পাত্রটি গ্রীষ্মের ছুটি উপলক্ষ্যে পাটনা ত্যাগ করিয়া কারমাটার ও কলিকাতা গিয়াছেন। এখানে ভরসা এই যে কারমাটারে তাঁহার অবশ্যই শ্রীশ্রীঠাকুরের সঙ্গে দেখা হইয়াছে। আমাকে যিনি নিযুক্ত করিয়াছেন, ঘটকালিতে তিনি ত আমারও নমস্য। কাজেই এ বিষয়ে তিনি একটু নাড়ী টিপিয়া দেখেন নাই—তা' বিশ্বাস হয় না। বরঞ্চ আমাকে না লিখিয়া তাঁহাকে লিখিলে বিয়েটা কতদূর অগ্রসর হইল বুঝিতে পারিবে।

পাটনায় থাকিলে রমেশবাবু প্রায়ই আমার বাসায় আসেন অথচ একবারও দেখা হয় না। কিন্তু নিরাশ হইয়াও তাঁহার অধ্যবসায় কমে না। তিনি অনবরতই আমার খবর নেন। অথচ পাটনা গেলেও তাঁহার সঙ্গে দেখা করিবার সময় পাই না। তাঁহার এই আসাটার মধ্যেও একটু রহস্য আছে বলিয়া আমার মনে হয়। কিন্তু সে যে কি, তাহা আমি আজও ধরিতে পারি নাই। হয় আমার সঙ্গে দেখা করাটা তাঁহার খুব ভাল লাগে, নয়ত' আর কিছু—সে যে কি তাহা আমার বুদ্ধির অগম্য। আমি watch করিয়া যাইতেছি।

তোমার আসা হইল না, এ ভালই হইল—হয় তোমার পক্ষে, নয় আমার পক্ষে, নয়ত উভয়েরই পক্ষে। এ ব্যবস্থার বিধাতা কর্ত্তা স্বয়ং। অন্যায় তিনি করেন না, এ বুঝিতে বাধ্য হইয়াছি। মনে মনে সাব্যস্ত করিলাম—তিনি নিজে না বলিলে, এ বিষয়ে আর উল্লেখ করিব না। দেখিব কতদিনে জিনিষটা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আপনা হইতেই ঘটে। এ অভিমানের কথা নয়, তামাসা দেখিবার হিসাবে। আমার নিজের বিশ্বাস—ঠাকুর তোমাকে ছদ্মবেশী সন্ন্যাসী বানাইতে চাহেন, কাজেই কোন সংসারী লোকের সঙ্গে খুব বেশী ঘনিষ্ঠতা হয়—ঠাকুরের বোধ হয় এ ইচ্ছা নয়। এখন নানা অবস্থার চাপে ছন্নছাড়া হইয়া আছ; তিনি এটাই পছন্দ করেন; সে জন্য তিনি তোমাকে না-রাখিয়াছেন কারমাটারে, না ইচ্ছা করেন পাটনা আসিতে দিতে। তুমি আশ্রমবাসী হইয়া আছ এবং এরূপ থাক—ইহাই তাঁহার অভিপ্রেত—আমি এরূপ মনে করি। কাজেই সজ্ঞানে তাঁহার সে অভিপ্রায়ের ব্যাঘাত ঘটাইব না। তোমারও ইহাতে অসন্তুষ্ট হইবার কারণ নাই। যিনি ভাল করিয়া, বেশী করিয়া, দেওয়ার জন্য সর্ব্বস্ব কাড়িয়া নিতে কুণ্ঠিত হন না, আনন্দ চিত্তে তাঁহাকে নিষ্ঠুর হইতে দাও। মিলনের যে তুচ্ছ পরিতৃপ্তি বর্ত্তমানে বিদায় হইল বলিয়া মনে হইতেছে, সত্যপ্রাপ্তির বিমল আনন্দে, এ সমস্ত নগণ্য বিফলতা সত্য সত্যই তুচ্ছ করিয়া দিবে। তখন তুমি, আমি, সকলেই অনায়াসে বুঝিতে পারিব—

"বহু বাসনায় প্রাণপণে চাই
বঞ্চিত ক'রে বাঁচালে মোরে,
এ কৃপা কঠোর
সঞ্চিত মোর
জীবন ভ'রে॥"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীযুক্ত নগেন-দা আসিয়াছেন শুনিয়া আহ্লাদিত হইলাম। তিনি কতদিন আছেন লেখ নাই। যদি পত্র পাওয়া পর্য্যন্ত তিনি থাকেন, তবে তাঁহাকে আমার সশ্রদ্ধ অভিবাদন জানাইয়া বলিবে যে আমরা ছোট ভাই বলিয়া একটু স্নেহের দাবী রাখি; সম্ভব হইলে তিনি যেন নিতান্ত অকরুণ না হন্।

ঢাকার খবর, কাগজে পড়িয়া, যাহা সন্দেহ হইয়াছে, তোমার খবরে সে সন্দেহ পাকা হইল। কর্ত্তাদের অকরণীয় কিছু আছে এ আমার বিশ্বাস হয় না। এরা যে সত্য সত্যই দানব, এ বিশ্বাস আমার প্রায় পাকা হইয়াছে। কাজেই ইহাদের নিকট হইতে কোনও সাধু ব্যবহার কেহ আশা করিলেও আমি উদ্বিগ্ন বোধ করি।

মুঙ্গেরে ২০শে পর্য্যন্ত বোধ হয় আছি; চাই কি ডিঙ্গাইয়াও যাইতে পারে। পত্র নিয়মিত লিখিবারই ইচ্ছা থাকে, তারপরে যা ঘটে, তা'ত জানই।

তুমি যে রিক্ত হস্ত, একথা আমার অনেকদিনই মনে হইয়াছে। কিন্তু সে কথা ভাবিয়া তারপরে কি করিয়াছি যদি জিজ্ঞাসা কর, তবে বুঝিব আমাকে চিনিতে তোমার এ জন্মে আর কুলাইবে না। যা বুঝি তাই যদি করিতে পারিতাম, তবে ত একটা কেষ্ট-বিষ্টু এতদিনে হইতাম। আমার সম্বন্ধে ঠাকুর বলিয়াছিলেন—"উত্থায় হৃদি লীয়ন্তে, দরিদ্রাণাং মনোরথাঃ।" এ কিন্তু অর্থের দিক দিয়া নয়, সামর্থ্যের দিক দিয়া।

যাহা হউক, অদ্য শনিবার। সোমবার তোমাকে দুই টাকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাঠাইব। বেশী পাঠানর প্রয়োজন নাই। কেন, তাহা আর পুনরুক্তি করিব না।

দেশের কাজ বাংলার চেয়ে বিহারে অনেক ভাল হইতেছে বলিয়া আমার মনে হয়। এখানে যেরূপ কাজকর্ম্ম চলিতেছে তাহা বেশ আশা ও ভরসাপ্রদ। রাজেন্দ্র প্রসাদ ও আব্দুল বারি সেদিন থানা বিপুরে মার খাইয়াছেন, কাগজে দেখিয়া থাকিবে। কিন্তু অত্যাচারে কর্ম্ম-প্রবণতা বাড়িয়াই যাইতেছে, ইহাই ত দেখিয়া মনে হয়।

কেমন আছি—ঘটা করিয়া জিজ্ঞাসা করায় মনে হয়—ঘটনা সম্বন্ধেই জানিতে চাহ। সে সম্বন্ধে বিশেষ বলিতে গেলে পুঁথি বাড়িয়া যায়। কথা এই, পূর্বে ভাল থাকিতাম বা মন্দ থাকিতাম ; এখন যা' আছি, মনে হয় ভালও নয় মন্দও নয়—এর মাঝামাঝি অবস্থা। অবস্থাটা নূতন বটে, তবে আপত্তি করার কিছু নয়। আর চরিত্রের দিক্ দিয়া কিছু কিছু ভাল হইয়াছে, আবার যাহা মন্দ ছিল, তাহা যেন অধিকতর মন্দ হইয়াছে। তবে এটা বুঝিতেছি যে নালিশ করা শুধু অসঙ্গত নয়—নিষ্ফল। যাঁহার পাঁঠা, তিনি যদি লেজেই কাটেন, তা'তে তোমার আমার কি? আমরা তামাসা দেখিতে আসিয়াছি, তামাসা দেখিয়া চলিয়া যাইব—এই পর্য্যন্ত। তোমার বিশ্বাস সিগারেট বাঙ্গালাদেশেই চলে না, কথাটা তা' নয়, ওটা বোধ হয় আর কুত্রাপি চলে না। শুধু খাই না তা'

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নয়, দেখিতেও পাই না; ফলে এখন তোমার মত বীর্য্যবান বা বিড়িভুক্। এমন একটা সুযোগ আসিল, তবু ভূত ছাড়িল না। 'অঙ্গার শতধৌতেন মলিনত্বং ন মুঞ্চতি!'

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৬

মুঙ্গের

২২।৬।১৯৩০

ওঁ সদ্‌গুরুং ত্বং নমামি

স্নেহের............

তোমার পত্র পাইলাম। আর যাহা কিছু আবিষ্কার করিয়া থাকি বা না থাকি, তুমিও অপমানিত হইতে পার এই আবিষ্কার চমকপ্রদ বটে। যাহা হউক, রোগ নির্ণয় করিয়া দিয়াছি, এখন হাস বা কাঁদ সে তোমার খুশী।

তিথিপূজা সম্বন্ধে শ্রীশ্রীঠাকুরকে ও বিশ্বরঞ্জন'দাকে লিখিয়াছিলাম। ঠাকুর লিখিয়াছেন, এ বিষয়ে এখনও কোন কথা উঠে নাই, কাজেই কিছু বলিতে পারিলাম না। বিশ্বরঞ্জন-দা' নীরব। কাজেই আমিও তোমাকে কিছুই বলিতে পারিলাম না।

তোমার পুনঃ পুনঃ বিশ্বরঞ্জন-দা'কে লিখিতে বলায় মনে হয়, তোমার ইচ্ছা তিথিপূজা এবার কাশীতে হউক। তাই নয় ? তা' হ'লে ফাঁকতালে শ্রীশ্রীবিশ্বেশ্বরের পাদপদ্ম দর্শনটা হ'য়ে যায়। তা' দেখ না কি হয়। গতবারে তিথিপূজা করিয়া via বিশ্বেশ্বর আসিয়াছিলে। এবারে যদি শিবঠাকুর চরণতলেই ডাকিয়া লন তা' মন্দ মজা হয় না। দেখ কি হয়। যেখানে হউক তিথিপূজা ত হইবেই ; যথা সময়ে তুমি খোল নিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপস্থিত থাকিবে। তোমার ত আর এ বিষয়ে কিছু করার নাই; শুধু খোলটা শুকাইয়া রাখা। তা' এখন থেকেই রোদ দিতে আরম্ভ কর না। আর যদি আমূল মেরামতই দরকার হয়, তা'রও আয়োজন দেখ।

তোমার আসা না-আসার কারণ সম্বন্ধে আমি যা' লিখিয়াছি, তোমার বিশ্বাস সেটা আমার কল্পনা। প্রথম কথা, তোমার সম্বন্ধে আমি কিছু লিখি নাই; ঠাকুর কেন এরূপ ব্যবস্থা করিয়াছেন—তাহার কারণ দিয়াছি। আমার বিশ্বাস—যাহা লিখিয়াছি, তাহাই সত্য। আর তা' যদি না হয়, ত ভুলই লেখা হইয়া গিয়াছে। ভুল করাটা এমন আশ্চর্য্য নয়, যে জন্য উৎফুল্ল বা দুঃখিত হইবার কারণ থাকিতে পারে।

আমার অবস্থা সম্বন্ধে লিখিয়াছ— Simply grand. there you are! এটাই তোমার স্বরূপ, আমারও আপত্তি নাই। তুমি যা'তে আনন্দ পাও, আমার তা'তে আপত্তি কি? বিশেষতঃ, তোমার আমি ও আমার আমি, একজন নহেন। কাজেই তোমার গোপালের রূপ যদি আমার গোপালের সঙ্গে না মেলে—যা' না-মেলাই স্বাভাবিক—তা'তে আশ্চর্য্যের কিছুই নাই। কাজেই আমি বলি—তথাস্তু।

আশা করি বেশ আছ। বুধবার সকালে পাটনা যাওয়ার ইচ্ছা। সেই ঠিকানাতেই চিঠি দিও। বাড়ীর পত্রে জানিলাম, বীণা ও জগদীশ, আমার ভগ্নীর সঙ্গে আসানসোল গিয়াছে। কাজেই বীণার মাতা একাই আছেন। তিনি বোধ হয় আমার মুখ চাহিয়াই যান নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৭

বাঁকিপুর
৮। ৭। ১৯৩০

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের·········

সর্ব্বাগ্রেই বলিয়া রাখি, ······ এখানে নাই। অনেকদিন হইল তাহার পিতার অসুখের সংবাদ পাইয়া সে বাড়ী গিয়াছে। কবে আসিবে জানা নাই; কারণ আমি direct কোন খবর কখনও পাই নাই। এখানে জিজ্ঞাস্য—পাটনায় যে খবর ······কে দিতে হইবে, তাহা আমাকে ভাগলপুরে বা মুঙ্গেরে জানাইয়া কার্য্য হিসাবে কি সুবিধা তাহা বুঝাইতে পার কি? অবশ্য একজনকে ভার দিলেই মানসিক দায়িত্ব কমে বটে, কিন্তু ইহাতে কাজ এক পা-ও অগ্রসর হয় না। ······কে আমি অনেকবার (তোমাদের চিঠি পাইবার পূর্ব্বেই) হিসাব ও টাকা পাঠাইতে বলিয়াছি। কিন্তু সে-বিষয়ে সে যে খুব অবহিত হইয়াছে, এমন মনে হয় না। যে-কোন কার্য্য সম্বন্ধে··· আমারও ঠাকুরদাদা। কাজেই এ-হিসাব-পত্র কতদিনে আদায় হইবে শ্রীভগবানই বলিতে পারেন। যদি এখানে আসিয়া কখনও হাতে-কলমে করিতে পার, তবেই হইবে, নতুবা নিশ্চিন্ত থাক।

রমেশরাবুর সঙ্গে কথা কারমাটারে একপ্রস্থ হইয়াছে। মর্ম্ম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই যে, তিনি বিবাহ করিতে প্রস্তুত হইলে, ঠাকুরের নির্ব্বাচিত এই কন্যা গ্রহণে তিনি সম্মত আছেন। কিন্তু বিবাহ করিবেন কিনা, সেটা ঠাকুরকেই তিনি স্পষ্ট করিয়া বলিতে বলেন। তাঁহার কথা এই—যদি বিবাহ না-করিয়া থাকা ঠাকুরের আশীর্ব্বাদে সম্ভবপর হয়, তবে ঠাকুরের সাহায্যে তিনি স্ব-মত অবলম্বন করিতে পারিলে খুশী হইবেন। আর যদি ঠাকুর বলেন যে বিবাহ না করিয়া থাকা তাঁহার পক্ষে সম্ভবপর নহে, তবে তিনি বিবাহ করিতে রাজী হইবেন এবং আর বেশী বিলম্ব করারও সে ক্ষেত্রে প্রয়োজন হইবে না।

কাজেই, এ-বিষয়ে ঠাকুরের সঙ্গে শেষ পরামর্শ কারমাটারেই হইবে, এরূপ প্রস্তাব আছে। আমি তাঁকে এ-বিষয়ে অবিলম্বে একটা চরম সিদ্ধান্তে আসিতে অনুরোধ করিয়াছি। পরামর্শে কি সাব্যস্ত হইয়াছে তাহা জানি না।

নগেন-দা'কে যাহা বলিয়াছি, তাহার বেশী আর বলিবার নাই। তিনি ভাল আছেন—ইহাই আনন্দের কথা। এজন্য যদি আমাদের সকলকে ভুলিয়া যাওয়ার তাঁহার প্রয়োজন হয়, ব্যক্তিগত ভাবে, আমার তা'তে আপত্তি নাই। আনন্দের ভাগী করা, দাতার ইচ্ছা। তিনি যদি তাঁহার অর্জ্জিত সম্পদ্ কৃপণের মত ব্যবহার করেন, তা'তেই বা আমাদের আপত্তি কি? সময় সময় ভগবানকেও ত কৃপণ মনে হয়। সে যদি হয় দৃষ্টির দোষ, তবে এ-ক্ষেত্রেও তা'ই নয় কি? যতক্ষণ আমাদের আনন্দ উপভোগের ক্ষমতা না হইতেছে, ততদিন আনন্দ গায়ে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাখিয়া দিলেও আমরা 'পদ্ম পত্রমিবাম্ভসা' আনন্দস্পর্শে বঞ্চিত থাকিবই। কাজেই নালিশ করা শুধু একটা মানসিক অভ্যাস বা Luxury

তিথিপূজা কারমাটারে সাব্যস্ত বলিয়াই আমার ধারণা। বিশ্বরঞ্জন-দা লিখিয়াছিলেন—তিথিপূজা পাটনাতে করাই কি আপনার ঐকান্তিক ইচ্ছা? ইত্যাদি। পাটনায় তিথিপূজা যদি কখনও হওয়া সম্ভব হয়, তবে তাহার নির্দ্ধারণ কর্ত্তা আমি হইব বলিয়া আমার মনে হয় না। যাঁহার পূজা, তিনি যদি কখনও পাটনাতে পূজিত হইতে ইচ্ছা করেন, সে-ব্যবস্থা তিনিই করিবেন—এ আমার বিশ্বাস। কিন্তু মানুষ কেমন উল্টা করিয়া ভাবে দেখিলে?

শ্রীমান, শ্রীমতীরা আসানসোল বেড়াইতেই গিয়াছিল, অন্য কোন কারণে নহে। 'বউ'-ও যাওয়ার অনুমতি চাহিয়া আমাকে চিঠি দিয়াছিল। সে চিঠি, আমি আসার দিন, পাইয়াছি; না হইলে অবশ্যই মত দিতাম। যাহা হউক, সে-অধ্যায় শেষ হইয়াছে। এবার কারমাটারে তিথিপূজায় সকলকে নিয়া আসিবার অনুমতি চাহিয়াছিলাম। ঠাকুর রাজী আছেন। কিন্তু বউ বলিতেছে, তিনি যাইবেন না, অন্য সকলে যাইতে পারে।—এত' বুঝিতেই পারিতেছ যে অভিমান unadulterated। তা' শেষ পর্য্যন্ত দেখে যাও।

অদ্য মজঃফরপুর চলিলাম। ঠিকানা—

C/o Radha Ballav Agarwalla.
Near Kanhauli Naka.
Muzaffarpur

এই ঠিকানাতেই চিঠি দিও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কোম্পানীর সঙ্গে ঝগড়া এখনও চলিতেছে। বেতন বৃদ্ধি বা Bonus এর টাকা এখনও পাওয়া যায় নাই। পাওয়া যাইবে কি চাকুরিই ছাড়িতে হইবে, তাহা এখনও ঠিক হয় নাই। তবে উদ্বেগের কারণ নাই। High Court এর Sanction না নিয়া কিছু করিব না। ইহাতে মানিত বা অবমানিত যাহাই হই।

তোমার অসুস্থতার কথা শুনিয়া যখন দুঃখিত বা চিন্তিত হই নাই, তখন কি করিয়া তোমাকে অযথা ভরসা দিই? সবল ছিলে, হঠাৎ দুর্ব্বল হইয়াছ, হাঁটিতেও কষ্ট হয়, বেশ ত এ-ও একটা style; আবার যে সবল হইবে,—তা'ও নিশ্চয়, তবে আর ঘটা করিয়া লাভ কি? কথাগুলি একটু নীরস ঠেকিতেছে? তা' তোমার সঙ্গে আর formality করিয়া লাভ কি? নিতান্ত একা একা ছিলে, এখন তবু একটা সাথী পাইয়াছ, আর ফাঁকা ফাঁকা লাগিবে না। এখন বেশ জাঁকজমকে থাকিতে পারিবে, এ-কি মন্দ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৮

মজফঃরপুর

১৯। ৭। ১৯৩০

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের······

সংক্ষিপ্ত পত্র পাইলাম। তুমি শ্রীশ্রীঠাকুরের উপস্থিতির জন্য অনবসর থাকায় সংক্ষেপ করিয়াছ, আর আমি অবিলম্বেই দেখা হওয়ার সম্ভাবনা রহিয়াছে—এই ভরসায় সংক্ষেপ করিলাম। সব লিখিয়া ফেলিলে দেখা হইলে কি বলিব?

তোমার লেংটির কথা লিখিয়া দিতে যথারীতি ভুলিয়া গিয়াছি। যদি সম্ভব হয়, ইতিমধ্যে দেখিব। নতুবা পাটনা যাইয়াও এ বিরাট কার্য্য সম্পাদনের সুযোগ হওয়া অসম্ভব নয়। তা' ক্ষেত্রে কর্ম্ম বিধীয়তে। . . .

কোম্পানীর সঙ্গে ঝগড়া চরমে উঠিয়াছিল। শেষ পর্য্যন্ত আমি সমস্ত দাবী ছাড়িয়া দিলাম বলিয়া চিঠি লিখি। তদুত্তরে তাহারা ২৫৲ (পঁচিশ টাকা) বাড়াইয়া দিতে রাজী হইয়াছে; বোনাস্‌ও যথাকালে দিবে এরূপ ভরসা দিয়াছে। কাজেই এখন সন্ধি স্থাপন করিলাম। মায়ের সঙ্গে যুদ্ধ কতকাল চলে? আবার কিছুকাল সুশীল ও সুবোধ বালক হইয়া চলিব সাব্যস্ত করিয়াছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাগলের 'গো-বধে আনন্দ' কেন লিখিয়াছ বুঝিলাম না! আর বুঝিলামনা-ই বা বলি কেমন করিয়া? কথা এই যে তোমার যে অসুখের কথা লিখিয়াছিলে, তাহাতে তোমার বধাশঙ্কা আমার ছিলনা। তবে আর বধে আনন্দ কি করিয়া হইল? এখন বোধ হয় ভাল হইয়া গিয়াছ। তবে আর আক্ষেপ করিয়া কি লাভ আমার হইত! একটু ভদ্রতা? দাদা! তোমার সঙ্গেও যদি ভদ্রতা ক'রতে হয়, তবে ত গেছি একদম্!

কবে আসিতেছ তুমি? আমার কি ব্যবস্থা হইল? Bearing Post ত রেল কোম্পানীতে এখনও introduced হয় নাই। সে কথা ত কিছু বললা!

আমার কতক জিনিষের দরকার, যথা :—সওয়া সের (ঠিক করিয়া লিখিতেও জানি) কাটা শুপারী, আর একজোড়া বড় কুশাসন—আসনের নীচে দেওয়ার জন্য। যিনি আছেন, তিনি আমার সাধনার চাপে ছিন্নভিন্ন—কাজেই অবসরপ্রার্থী।

লিখিয়াছ—খুব ভাল আছি। তা এ কথার জবাব দেওয়া কঠিন। আমার বিশ্বাস, সকলেই খুব ভাল থাকে—কেউ জানে, কেউ জানে না। আর একরকম আছে—এ কথা কেউ মানে, কেউ মানে না। তবে কথা এই, যদি এ কথার দ্বারা তোমার মনে হয়—যে তীব্র বেগে সাধনার ঊর্দ্ধগতি হইতেছে, তা' বোধহয় ঠিক নয়। আমার বরং ঊর্দ্ধ বা অধঃ কোন গতি-ই নাই, বরং মনে হয়—কেমন একটা অবস্থাতেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যেন সুস্থির হইয়া থাকিতেছি। তবে আর সংশয় কেন? চক্ষু মনের বিবাদভঞ্জন ত হইবেই। অল্প লিখিব বলিয়াছিলাম, বেশী না লিখিয়া ছাড়িলাম না। ভাল কথা, বুধবার পাটনা যাইব; শুক্রবার ভোরে যথাস্থানে রওনা হওয়ার ইচ্ছা! পত্রের উত্তর তারিখের হিসাব করিয়া যথাস্থানে দিও। ভালই আছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৯

গয়া

৮।৮।১৯৩০

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের............

আমি এখন গয়ায় ; গত মঙ্গলবার এসেছি। পত্র তোমারই আগে দেওয়া উচিত ছিল। তা' তুমিও দাও নাই, আমিও দিই নাই, কাজেই কে কা'কে বলে ?

যে প্রবন্ধ নকল করিতে নিয়াছিলে, তাহার কি অবস্থা করিলে ? পাঠোদ্ধার হইল, না আন্দাজেই করিয়া দিবে ? যাহা হউক, যদি ইতিমধ্যে না হইয়া থাকে, তবে সত্বর লিখিয়া ঠাকুরকে পাঠাও।

কাগজেও দেখিয়াছিলাম, আজ ঠাকুরের পত্রেও জানিলাম—সেজ-দা'র এক বছরের বিনাশ্রম হইয়াছে। আমার কিন্তু হিংসা হয়! মনে হয় ফাঁকতালে মজা করিয়া লইল সেজ-দা'। এবার সেজ-দা' যখন ফিরিবে, দেখিবে চেহারা আমূল বদলাইয়া গিয়াছে। তবে কথা এই—এক বছর ওরা রাখিবে না।

ঠাকুর আমার চিঠির ঠিকানায় প্রথমে আমাকে "চক্রবর্ত্তী" লিখিয়া ফেলিয়াছিলেন, পরে সংশোধন করিয়াছেন। মনে হয় —সেজদা'র জেল হওয়াতে ঠাকুর বিচলিত। এত সহজে বিচলিত হইলে ত ভালই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমার উপর আমার 'যোগদর্শন' বদলাইয়া দেওয়ার ভার পড়িয়াছে জানিতে পারিলাম। আমার যে বই পাওয়া হইয়াছে, তাহাতে আট পাতার গোলমাল এবং চার পাতা নাই। কাজেই অঙ্গহীন হইয়া পড়িয়া আছে।

"পূজা" পড়িয়াছ? কেমন লাগে? কিন্তু একটা জিনিষ—এ সম্বন্ধে তোমার উক্তি আমার ভাল লাগে নাই। তুমি যেন "পূজা"র উপর বিদ্বেষ-বুদ্ধি বিশিষ্ট। তা' কি ভাল? যত কথাই বলিবে—এ তোমার দুর্ব্বলতা। ভালমন্দ লাগা যতদিন পরের কার্য্যের উপর নির্ভর করিবে ততদিন "গেছ"। কথা শুনিয়া তোমার হয়ত মনে হইবে—আমার এ-সব বালাই নাই। জান ত', 'পরোপদেশে পাণ্ডিত্যং সর্ব্বেষাং সুকরং নৃণাম্'।

পত্র না-পাইতেই যদি সব লিখি, তবে উত্তরে কি লিখিব? ভাল আছি, কিন্তু কতদিন ভাল থাকিতেছি, মনে থাকে যেন। তুমিও ভাল আছ—আমি ভাল আছি, আর আমার দাদা ভাল থাকিবে না, সে কি হয়?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪০

দ্বারভাঙ্গা
১৯।৯।১৯৩০

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের.........

তোমাকে ইতিমধ্যে দু'খানা পত্র লিখিয়াছি: তাহা যে একদম ফাঁকি দেওয়া, সে আমারও জানা আছে। এখন বিস্তৃত লিখিবার প্রয়োজন নাই, কারণ অনতিকাল মধ্যে সশরীরে নিজেকে তোমার হেফাজতে ছাড়িয়া দিতে আসিতেছি। এখন যদি বেশী কথা বলি, তবে আর পরে কি বলিব?

এখানে আসিয়াছি মঙ্গলবার। কিন্তু বড়ই অব্যবস্থায় আছি। থাকিবার স্থান হয় নাই। ধর্ম্মশালায় আছি। তা কি ভাবে যে, ধর্ম্মই জানেন। যদি কৃচ্ছ্রসাধনে পূজার জন্য প্রস্তুত হওয়া হয়, তবে আমার দাবী এবারে মন্দ হইবে না। কিন্তু মা যে অন্তরও জানেন, এই মুস্কিল। সেখানে মাতৃজ্যোতি কই এখনও ত সজাগ হইয়া উঠে নাই! তবে ভরসা এই যে, গোলেমালে এক আধটা অচল যেমন করিয়া হউক চলিয়া যাইবে।

শ্রীমান গঙ্গেশের অসুখ সারিতেছে দেখিয়া আসিয়াছিলাম; এখন কিরূপ, জানিনা। আমি বোধহয় ২৭শে তারিখে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পৌঁছিব, নতুবা ২৮শে সকালে। ঠিক করিয়া লেখা, পাটনায় না যাইয়া পারিব না।

প্রবন্ধ এখনও জমিতেছে না, তবে সাধ আছে, এই মাত্র। এখন শেষ পর্য্যন্ত যা' দাঁড়ায়, দেখিতেই পাইবে। এখন দেখিতেছি, পূজার পূর্ব্বে আর না বাহির হইলেই ভাল করিতাম। অন্ততঃ মনটা সুস্থ বোধ করিত। তা' আর কি করি? কেন্দ্রী যেমন চালাইবে—তেমন না বুদ্ধি হইবে? তুমি লক্ষ্মীপূজার সময় পাটনা আসিবার জন্য একটা দরখাস্ত পেশ করিয়া রাখিও, কেমন?

উত্তর দিতে হইলে সত্বর দিও, নতুবা চিঠি মাঠে মারা যাইবে!

এখানে আসিয়া তোমার গল্পটা মনে পড়িতেছে। তোমার গল্পের নায়িকার বিষ মরে নাই বলিয়াছিলে! আমার বিষ যেন মরি মরি হইয়াছে। বিস্তারিত—মুখে। যাহা হউক ভাল আছি কিন্তু।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪১

৩০।১০।১৯৩০

ওঁ সদ্‌গুরুং তং নমামি,

স্নেহের............

তোমার কার্ড পাইয়াছি। তোমাকে একটা বিস্তারিত বড় চিঠি লিখিব—এ অনেক দিন ভাবিতেছি; কিন্তু কিসের যে বিস্তার করি, ভাবিয়া পাইতেছি না। কথা যেন খুঁজিয়াই পাইতেছি না; তবু দেখা যাক্।

ঘড়ি পাইয়াছি। সোমবার পাঠায় নাই, বুধবার পাঠাইয়াছে। আমি বৃহস্পতিবার পাইয়াছি (ভ্রাতৃদ্বিতীয়ার দিন)। Packing charge করিয়াছে বারো আনা; আমাকে দিতে হইয়াছে একুনে ৪৸৶০। টর্চটির আয়না বদলাইতে হইবে এবং Bulb বদলাইতে হইবে। charge কত লাগিবে, বলিলে পাঠাইয়া দিব। সেই সঙ্গেই "মাতৃ-দর্শন" এর দামও পাঠাইব। সে ব্যবস্থাই ভাল মনে হয়।

বীণার বিবাহের প্রস্তাব এই পর্য্যন্ত হইয়া আছে যে, তাহারা এ সম্বন্ধ করিতে রাজী আছে, এই আমাকে জানাইয়াছে। তবে এর ভিতরে একটু 'কিন্তু' আছে। দেনা পাওনা সম্বন্ধে, মনে হয়, তা'দের কিছু বক্তব্য আছে। আমি তাহা স্পষ্ট করিয়া জানিতে চাহিয়াছি। তাহারা যাহা বলে, পরে জানিতে পারিবে। তাহাদের দাবী অসম্ভব না হইলে আমি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাজী হইব। তুমি লিখিয়াছ—এ বিষয়ে আমাকে একটু জোর দিতে। এ কিরূপ জোর ? কায়িক, মানসিক, না আধ্যাত্মিক ? কায়িক জোর—ছিল, এখন নাই। মানসিক বল—কোন কালেই ছিল না, এখনও নাই। আধ্যাত্মিক বল—অন্যে সন্দেহ করে আছে, আমি আজও আছে বলিয়া বিশ্বাস করিতে পারি নাই। এখন তুমিই বল, দিই কোথা থেকে ? তবে একটা কথা, তোমাদের পাঁচজনের শুভ ইচ্ছার জোর কিন্তু আমি মানি। কাজেই আমার ভরসা আছে, যদি কিছু হয়, ত' সেইদিক দিয়াই হইবে। সর্ব্বোপরি শ্রীশ্রীঠাকুর যখন আমার মেয়ের বিবাহের চিন্তায় কন্যাদায়গ্রস্ত, তখন আমি কি করি বা ভাবি তা'তে কি খুব বেশী আসে যায় ? যখন সূর্য্য উঠিয়াছে, তখন জোনাকি তাহার ঐশ্বর্য্য লইয়া কি খেলা খেলিতেছে, সেটা খুব ভাবিবার বিষয় নয়। তারপর তোমাদের ভাষায় বলি, তোমরা বল যে, কোন কাজের সম্বন্ধে কেহ যদি সম্পূর্ণ উদ্বেগশূন্য হইতে পারে, তবে তাহার সে কাজের ভার সনাতন নিয়মানুযায়ী— সকল কাজের কর্ত্তা নিজেই গ্রহণ করেন। এ যদি সত্য হয়, তবে এই বিবাহ ব্যাপারে আমার নিশ্চিন্ততার যে-পরিমাণ, তাহা লক্ষ্য করিয়া 'কর্ত্তা' নিজেই যদি এ কাজের ভার গ্রহণ করেন, তবে আমার মনে হয়, তাহাতে তাঁহার সনাতন নিয়মের ব্যত্যয় হইবে না। তুমি হয়ত আমার এই কথার মধ্যে আমার শারীরিক আলস্যের মত, মানসিক আলস্যেরও পরিচয় পাইবে। তা' কিন্তু অসম্ভব নয়। কিসের ফলে যে কি হইতেছে, তা'

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জানি না। যা' ঘটনা তা'ই বলিলাম। মোট কথা এই, ছুনিয়ায় কেহ যে আর "অপদার্থ" বলিয়া গালি দিবে, সে সুযোগ রাখি নাই। কিন্তু বলিহারি ভাগ্য যে, তবুও আমি তোমাদেরই একজন। এ রহস্য বুঝি নাই, বুঝিবার ইচ্ছাও নাই। যে-কোন ফাঁকে নিমন্ত্রণবাড়ীতে ঢুকিয়া গিয়াছি; এখন, কেমন করিয়া—সে তত্ত্বের দরকার নাই। শুধু ভোগ, শুধু ভোগ, কি বল?

লক্ষ্মীপূজা বোধ হয় মন্দ হয় নাই। কালীপূজা 'আমার আন্দাজে' বেশ হইয়াছে। কিন্তু কালকের জগদ্ধাত্রীপূজা একেবারে চমৎকার। ছুই একটা প্রমাণ দিলে, বুঝিতে তোমার সহজ হইবে। তোমার খোল বাজাইয়া হাতে ফোস্কা পড়ে, আর আমার ঘণ্টা বাজাইয়া হাতে ফোস্কা পড়িয়াছে—তা' আবার ডান হাতে। তবে ঘণ্টা অনেকক্ষণ বাজিয়াছে তা' কিন্তু নয়। যখন বাজিয়াছে, তখন এতই আশ্চর্য্য জোরে যে, ভাঙ্গিয়া গেলেও আশ্চর্য্য হইবার কথা ছিল না। আর এক প্রমাণ—আমি স্বয়ং এক হাতে ঘণ্টা ও এক হাতে শঙ্খ এক সঙ্গে বাজাইয়াছি। বোধ হয়, আর প্রমাণের দরকার নাই। আর তোমাদের যে তুর্ণাম লোকে করে—অযথা কান্না-সে কলঙ্কও কম হয় নাই। কাঁদিতে কাঁদিতে সুরু করিয়া, কাঁদিতে কাঁদিতে পূজা শেষ করিয়াছি। কারণ কি জান? এটা যে আমার মায়ের পূজা। যখন একথা ভাবিয়া সুরু করিয়াছি, তখন আর মসল্লার দরকার হয় নাই। আবার সেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কথাই বলিলে হয়—এ ভাগ্য, শুধু ভাগ্য, আর কিছু নয়; শুধু কপালগুণেই সব।

বড় চিঠি লিখিলাম ত'। Thank you—কারণ এ তোমারই ওস্তাদি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪২

কাজিপুর (বাঁকিপুর)
২৩। ১১। ১৯৩০

ওঁ সদ্‌গুরুং ত্বং নমামি

স্নেহের……

তোমার পূর্ব্ব পত্র এবং তা'র পরের কার্ডখানাও পাইলাম। তোমার পত্র পাইয়া মনে হইয়াছে যে, তোমার নূতন চাকুরীতে অবস্থান ও প্রতিষ্ঠার ফলে তোমার অধঃপতন হইয়াছে। কাজ করিতে পারার ক্ষমতার উপর অযথা আস্থা আসিয়াছে বলিয়া সন্দেহ হয়। তুমি Explanation দিয়াছ যে তুমি জগদীশের জ্যাঠার মত লিখিয়াছ। তা' জ্যাঠামি কম কর নাই। তুমি যা বিশ্বাস কর না, তাহাই লিখিয়াছ। এ জবাব ছাড়া তোমার আর সন্তোষজনক কৈফিয়ৎ নাই।

আচ্ছা, এবার কাজের কথা শোন। আমি দিন-রাত্রি অবিশ্রান্ত কায়িক ও মানসিক পরিশ্রম স্বীকার করিয়া শেষ পর্য্যন্ত শ্রীমতীর বিবাহের সম্বন্ধ সুস্থির করিয়াছি। এ কার্য্য আমি বলিয়াই করা সম্ভব হইয়াছে। অন্যের পক্ষে সম্ভব হইত না। এ গেল কাজের লোকের কথা। আর অ-কাজের লোকের কথা শোন! বিনা আয়াসে দু'একখানা চিঠিপত্র লেখার ফলে বরপক্ষ আমার বাড়ীতে আসিয়া সম্বন্ধ সুস্থির করিয়া গিয়াছে। একটি মাত্রই সম্বন্ধ উপস্থিত ছিল এবং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শেষ পর্য্যন্ত তাঁহার ইচ্ছায় সেইটি-ই হওয়ার কথা হইল। শুনিয়া আনন্দ পাই। কিন্তু ঘটনা এর বেশী আর ঘটে নাই।

যিনি সম্বন্ধ সুস্থির করিতে আসিয়াছিলেন, তিনি জমিদারী এষ্টেটে চাকুরী করেন; এ দিকে মধ্যম ভ্রাতা। কাজেই চাপ দিতে কম করে নাই। ফর্দ্দ প্রথমে যাহা দিয়াছিল, তাহাতে হইতেই পারিবে না মনে করিয়াছিলাম। শেষকালে ভয়ে ভয়ে—কষ্ট করিয়াও অনেক কথায় রাজী হইতে হইয়াছে। সম্বন্ধটি অবস্থানুযায়ী মায়ের এমনই অভিপ্রেত বলিয়া মনে হয় যে, আমি আমার অক্ষমতার অজুহাতে তাহা ভাঙ্গিয়া দিতে সাহস পাই নাই। যেরূপ বরাদ্দ, তাহাতে ১৫০০৲ (দেড় হাজার) টাকার কমে বিবাহ হওয়া কঠিন। আমার হাতে এক পয়সাও নাই। একটা ঘটনা শোন। যে দিন সম্বন্ধ ঠিক করিতে লোক আসিয়াছিল, সেইদিন বৈকালের গাড়ীতে প্রেমানন্দ স্বামী পাটনা ত্যাগ করিয়া কলিকাতা গেলেন। পূর্ব্বদিন তিনি আমাদের বাড়ীতে আসিয়াছিলেন। আমি সে সময়ে আরা গিয়াছিলাম। তাঁহাকে বীণার মা বলিল,—আপনার দিদিমণির সম্বন্ধ উপস্থিত আছে। তখন তিনি দিদিমণির পৃষ্ঠে খুব কয়েকটি চপেটাঘাত লাগাইয়া দিয়া জিজ্ঞাসা করিলেন—কি করিলাম জানিস্? দিদিমণিকে আমি আশীর্ব্বাদ করিয়া গেলাম। তারপরে প্রশ্ন হইল—বিবাহ কেমন করিয়া হইবে? টাকা একটিও সঞ্চিত নাই! তিনি প্রথমে নীরব, তারপরে উর্দ্ধে অঙ্গুলী নির্দ্দেশ করিয়া জিজ্ঞাসা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিলেন—ও আছে? উত্তর—আছে। 'তবে সবই আছে' বলিয়া তিনি বিষয়টীর নিশ্চিন্ত সমাধান করিলেন।

আমার কথা এই—কন্যার বিবাহ চিরকাল পিতাই দেয়। আর কন্যা মাত্রেরই পিতা একটি আছেন। কাজেই পিতা তাহার কন্যা সম্প্রদান করিবেন, তাহাতে তোমার আমার বিশেষ ভাবনার কি আছে? পিতা অক্ষম কখনই হয় না, তাহা হইলে সে পিতা-ই হইতে পারিত না। এ অবস্থায় পিতা যদি অযথা এই বিবাহ উপলক্ষ্য করিয়া তোমাকে আমাকে হয়রাণ করে, তবে সেটা তাহার পক্ষে gentleman এর মত কাজ হইবে না। বেশী হইলে—তিনি তোমার আমার Volunteer's service দাবী করিতে পারেন। সে আমরা gladly দিতে রাজী হইব। এর চেয়ে বেশী দাবী করিলে, সে অভদ্রতার দায়িত্ব আমাদের নাই! কেমন রাজী?

বিবাহের দিন সুস্থির হইতে পারার বাধা আছে। বরের বাড়ীতে অশৌচের আশঙ্কা আছে। তবে মোটামুটি ফাল্গুনে হইতে পারে, এরূপ সম্ভব।

আমি যাই যাই করিয়াও বাহির হইতে পারিতেছিনা, নানা আগন্তুকের ঠেকায় আটক পড়িতেছি। যাহা হউক তুমি মুঙ্গেরের ঠিকানায় পত্র দিও। C/o-দেবেন্দ্রনাথ গুপ্ত, উকিল, তোপখানা বাজার, মুঙ্গের। অত্র মঙ্গল, তোমাদের কুশল লিখিও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৩

মুঙ্গের

৮। ১২। ১৯২৯।

ওঁ সদ্‌গুরুং তং নমামি।

স্নেহের……

তোমার পত্র, তোমার কল্পিত ঠিকানার বাধা অগ্রাহ্য করিয়া, সোজাসুজি আসিয়া আমার কাছে পৌঁছিয়াছে। কি যে তোমাদের রোগ বুঝি না। যে কোন অজুহাতে অন্যকে দোষগ্রস্ত করিবার যেন একটা সুনিয়ন্ত্রিত চেষ্টা আছে। বুঝার অক্ষমতা মনে হইল না—বুঝা যে যায় না, এটাই প্রীতিপ্রদ!

চৌধুরীর চিঠির উত্তর ত পাইয়াছি। কিন্তু যে-জন্য চিঠি, তার এখনও দেখা নাই। এখন বলে যে, instalment করিয়া এক মাসের মধ্যে দিবে; এবং প্রথম কিস্তি কাল পাঠাইতেছি বলিয়া ৪ঠা ডিসেম্বর চিঠি দিয়াছিল। অবস্থা এইখানে আছে।

ঠিক জায়গামত কয়েকখানা চিঠি লিখিতে বলিয়াছ। সে কোন্ কোন্ জায়গা? জানা স্থান ত' চৌধুরী আর কোম্পানী। কোম্পানীকে এখনও লিখি নাই। ভাবিতেছি, সরস্বতীপূজায় যখন যাইব, তখন personally ধরিব। দেখা যাক্ এর মধ্যে আর কি বুদ্ধি আসে।

তুমি লিখিয়াছ—মা আমাকে প্রস্তুত হইবার জন্য ছ'মাসের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সময় দিয়াছেন। এ একেবারে ব্যাকরণ ভুল। মা আমাকে অনন্তকাল সময় দিলেও, আমার প্রস্তুত হওয়ার সম্ভাবনা নাই। আমার মনে হয়, মা-ই প্রস্তুত হওয়ার জন্য দুইমাসের সময় নিতেছেন। রকম দেখে মনে হয়, মায়ের যেন অনেকটা Insolvent ভাব। এত ছেলে পিলে যাঁর, তাঁর পক্ষে এ আর আশ্চর্য্য কি? দৃষ্টান্ত স্বরূপ ফুল আনিতে Motor arrangement এর কথা ভাবিতে পার, তিন বছর সময় লাগিয়াছিল ত! যাহা হউক, আমার বেশ আনন্দ হইতেছে, এই ভাবিয়া যে, যাহা বাহিরে দেখিতে নূতন একটা সমস্যার মত দাঁড়াইতেছে, মা কেমন করিয়া তাহার ভিতর দিয়া বাহির হইয়া আসেন! এটা দেখারই অপেক্ষায় রহিলাম।

সুধীর পাটনায় আমি থাকা পর্য্যন্ত আসে নাই। কি ভাবে, কোথায় আছে তাহাও আমার জানা নাই।

টর্চ ইত্যাদির বাবদ ৪৲ (চারি) টাকা কাল পাঠাইতেছি। এ কয়দিন টাকা পাওয়ার অপেক্ষায় ছিলাম। "যদি সম্ভব হয়" না লিখিয়া, "পাঠাও" লিখিলে ভাল হয় না? সম্ভব, অসম্ভবটা বরং আমার উপর থাকিতে পারে। মা ত আমাকে জানেন, আমার দিক দিয়া তাঁহার প্রয়োজন তদনুযায়ীই সৃষ্টি করেন।

তোমার বাবার পরীক্ষা শনিবার শেষ হইয়াছে। পাশ হওয়া এবারে কঠিন—মনে হয়। কিরূপ পরীক্ষা দিয়াছে, তাহা এখনও প্রকাশ নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তস্মৈ

গঙ্গেশের অসুখ সারিয়াছিল; আবার খবর পাইলাম নূতন করিয়া হইয়াছে। এই gentleman যে কি mean করে, ঠিক ক'রে বোঝা যাচ্ছে না।

শঙ্করের উপদ্রব ক্রমেই বাড়িতেছে। আমি-শূন্য বাড়ীতে সে থাকিতে রাজী নয়—ইহাই গোলমালের মূল সূত্র। তোমাদের মা এতও জানে!

ঠাকুরের পত্র পাইয়াছি; উত্তর ইচ্ছা করিয়াই দিই নাই। কারণ শুন। প্রবন্ধ এখনও দিই নাই। ঠাকুর লিখিয়াছেন, এতে আমার লজ্জা করে কিনা। অধিকন্তু তিনি লিখিয়াছেন যে এ পত্রিকা যে কখনও মাসিক হইতে পারিবে সে আশা আর করা যায় না। এখন কথা এই—আমি ইহার কি করিতে পারি? আমার বিশ্বাস, আমার যখন—তখন লিখিতে পারার ক্ষমতার অভাবে এবং কতক আমার পারিপার্শ্বিক অবস্থার চাপে, লেখা যেরূপ হওয়া উচিত তেমন হইতে পারে না। এর সঙ্গে না হয় আমার আলস্যও ধরিয়া নাও। তাহা হইলেও, সে-টাও ত একটা ঘটনা। "থাকিও না"—বলিলেই বা আমার এতদিনের আলস্য আমাকে ছাড়িবে কেন? ইত্যাদি কারণে প্রবন্ধ ত লিখি নাই, আর তা'র ফলে যা' অবস্থা দাঁড়াইয়াছে তা'তে ত আমি যাই যাই হইয়াছি। এখন আমার এক নিতান্ত অপরাধীর অবস্থা। অত্যন্ত ভয়ে ভয়ে সঙ্কুচিত হইয়া আছি। যাহা হউক, সরস্বতী পূজার প্রবন্ধ তোমাকে পাঠাইয়া দিলাম, তুমি নকল করিয়া দিও। বলিতে আমার লজ্জা করেনা এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জন্য যে, তোমরা কাজের লোক, কাজ পাইলে তোমাদের আহ্লাদিত হওয়ারই কথা! আমার কিন্তু হয় ভয়। আর অন্য প্রবন্ধ যথাসম্ভব সত্বর পাঠাইয়া দিতেছি।

তোমার পোষ্টকার্ড পাটনা হইয়া এখানে আসিয়াছে। অনেক লিখিয়াছি, আজ আর থাক্।

প্রবন্ধের কথা না উঠিলে ভালই থাকি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৪

ভাগলপুর
২৫। ১২। ১৯৩০

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের ·········

তোমার পত্র পাইলাম। তুমি কোন্ বুদ্ধিতে যে পাটনার ঠিকানায় চিঠি লিখিলে, বুঝিলাম না। আমার ত মনে হয়—তোমাকে লিখিয়াছিলাম, মুঙ্গের হইতে ভাগলপুর আসিব এবং যতটা মনে পড়ে ঠিকানাও দিয়াছিলাম। তা' যদি না দিয়া থাকি, তবে আমাকে ধিক্; আর তা' তুমি যদি না দেখিয়া থাক, তবে তোমাকে ধিক্! তবে জানি এ বৃথা চেষ্টা—"লজ্জাহীন তুমি, কি-বা লজ্জা দিব তোমারে!"

আগে কাজের কথা বলি। দেখ, এই প্রবন্ধ ব্যাপারটা আমার ঘাড়ে ভূতের মত চাপিয়া আছে। তোমরা হয়ত মনে কর, এত তাগাদা সত্ত্বেও আমি চুপ করিয়া আছি উদাসীনতার বশে। কিন্তু ঘটনাটা আমার পক্ষে ঠিক এত মোলায়েম নয়। যাহা ঘটিয়াছে, তাহা এই—প্রথম পাটনায় থাকিতে যখন সময় ছিল, তখন—দীর্ঘসূত্রীদের যেমন হয়, আজ-কাল করিয়া আর লেখা হয় নাই। তারপরে বাড়ী হইতে আসিয়া লেখার ইচ্ছা থাকা সত্ত্বেও, একদম সময় পাইনা। এখন ত আমি ভয়ানক কর্ম্মঠ লোক; চিঠি লেখার পর্য্যন্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সময় নাই। এই পত্র রাত্রিতে লিখিয়া রাখিতেছি, নতুবা কা'ল দিনে আর হওয়ার সম্ভাবনা নাই। এই ত অবস্থা!

প্রবন্ধ সম্বন্ধে এখন সম্যক্ প্রস্তুত আছি—বোধ করি। কিন্তু বসিবার সুযোগ একদম নাই। আশা করিয়াছিলাম, আজ পাটনা যাইব এবং প্রবন্ধ সেখানে যাইয়া লিখিব, কিন্তু আজও যাওয়া হইলনা। শনিবার সকালের পূর্ব্বে রওনা হইতে পারি না। যদি শনিবার যাই, তবে রবি, সোম, মঙ্গল, এই তিন দিনে যেমন করিয়া পারি, প্রবন্ধ শেষ করিয়া পাঠাইব। ইতিপূর্ব্বে পাঠান অসম্ভব। যদি মনে কর, বুধবারের মধ্যে প্রবন্ধ পাইলে তোমাদের চলিবে, তবে পত্রপাঠ পাটনায় চিঠি দিও। আমি সেই অনুসারে পাঠাইব, নতুবা আর অযথা আমাকে হয়রাণ করিওনা। এবারে আমাকে রেহাই দাও। তবে এই বিলম্বের জন্য যদি ছাপা খরচ কিছু বেশী লাগে, সে দণ্ড আমি জরিমানা হিসাবে দিতে রাজী আছি—এ কথা গোপনে তোমাকে বলা রহিল। আমি পত্রিকায় প্রবন্ধ দেওয়ার দায়িত্ব হইতেও শ্রীশ্রীঠাকুরের অসন্তোষের আশঙ্কায় বিব্রত আছি। এখন যাহা হয় উদ্ধারের একটা পথ কর। রোজই আশা করি এবার একটু ফুরসুৎ হইবে, কিন্তু তাহা হয় নাই এবং এ স্থান ত্যাগ না করিলে হইবেওনা। অতএব এই ব্যবস্থা! এ সম্বন্ধে আমার যাহা করিতে হইবে, পত্রপাঠ লিখিও। পাটনা যাইয়া প্রবন্ধ শেষ করিবার পূর্ব্বে আর লোকের সঙ্গে ভিড়িতেছিনা, এই কথা!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তস্মৈ

পুরীধাম হইতে শ্রীশ্রীঠাকুরের পত্র পাইয়াছি। তাহাতে প্রবন্ধের কোন কথা নাই। ঠাকুরের পত্রে প্রবন্ধের কথা থাকিলে ভয়ে মরি, না থাকিলেও ভয়ে মরি। দেখ কাপুরুষতার শাস্তি!

শ্রীযুক্ত বিশ্বরঞ্জন-দা ইতিপূর্ব্বে এক তাগিদ দিয়াছিলেন। আবারও এক তাগিদ দিয়াছেন। তিনি লিখিয়াছেন, প্রবন্ধ ছাপিতে দেওয়া হইয়াছে, আমি যেন অন্ততঃ পূজার বিবরণটা পাঠাই; আর না পারিলে তাহাও জানাইতে লিখিয়াছেন।

তুমি লিখিয়াছিলে, বিশ্বরঞ্জন-দা তাঁহার দায়িত্ব শেষ করিয়াছেন! তিনি লিখিয়াছেন, অনন্ত-দা কিছুই খবর নিতেছেন না। অনন্ত-দা লিখিয়াছেন, এবার তাঁহার মনোমত হইবে না, পরবারে পত্রিকাকে তিনি তাঁহার মনোমত রূপ দিতে চেষ্টা করিবেন। এবারে আমার জন্য যথেষ্ট জায়গা আছে, অর্থাৎ বোধহয় আর প্রবন্ধ নাই। এখন পত্রিকা কোথায় ছাপা হইতেছে, এবং কা'র তত্ত্বাবধানে—সে'টাই কিন্তু বুঝি-নাই। আন্দাজ যে একটা করি নাই—তা' নয়। তবে ঠিক জানিতে চাই।

বিবাহের আয়োজন সম্বন্ধে কথা—চৌধুরী ১০০৲(একশত) টাকা পাঠাইয়া চুপ করিয়াছে, এই পর্য্যন্ত। আর কিছু এখনও প্রকাশ নাই। ঠাকুর লিখিয়াছেন, বিবাহের যোগাড় করিতেই হইবে। আমি বলি—বেশ ত; আমি দেখিতে রাজী আছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুরুষোত্তম দর্শন এবার আমার হইবেনা। ইচ্ছা ছিল কারমাটার যাইব, তা'ত ঠাকুর পলাইত, কাজেই আর ব্যর্থ-চেষ্টা করিবনা। এদিকে বছর শেষ হয় হয়। কাজের অবস্থা দিন দিনই ভয়াবহ; কাজেই স্রোতে গা ঢালিয়া দিয়াছি। পাটনায় সাত আটদিন থাকিব; তারপরে কোথায়, তাহা পরে জানিবে। এ বারেও পয়লা জানুয়ারীর পূজা হইবে এরূপ ইচ্ছা। তারপরে কর্ত্তার ইচ্ছা।

পত্রপাঠ প্রবন্ধ বিষয়ে আমার কর্ত্তব্য জানাইও। আমি যেরূপ বলিলাম, এ ছাড়া আর পথ দেখিনা।

আবার ভাগলপুরে চিঠি দিওনা। তুমি দিগ্বিদিক্ জ্ঞান-রহিত। আচ্ছা! বলিতে পার, তোমাকে গালি দিতে এত আরাম লাগে কেন? বোধ হয় কোন ভয়ের আশঙ্কা নাই বলিয়া। আমরা বীরের জাতি!

রামকমল এখন ভাগলপুরে। আজ একটু ভাগবত-পাঠ শুনা গিয়াছে। কা'ল কীর্ত্তন হইবে, এরূপ শুনিলাম। বাবাজীর সঙ্গে দেখা করার সময় হয় নাই। বোধ হয় এ বারে বুঝি বা হইবেও না। ঠাকুরই পলায়মান, কাজেই এ বারে আর কাহারও সঙ্গে দেখা করিবনা, শুধু নিজেকেই দেখিব। তুমি ত ভাল আছ-ই; আমার তা'তে আপত্তিও নাই। আমি কেমন আছি, পরে সময় পাইলে লিখিব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৫

মুজঃফরপুর
১৫। ১। ১৯৩১

ওঁ সদ্‌গুরুং তং নমামি

তোমার পত্র পেলাম। ইচ্ছা আছে, বৃহস্পতিবার সকালবেলা কলিকাতায় পৌঁছিব, এখন তোমাদের আশীর্ব্বাদ। কথাটা শুনিয়া ঘাবড়াইও না। আবিষ্কার করিয়াছি—যে-কোন মানুষ যে-কোন মানুষকে আশীর্ব্বাদ করিবার অধিকারী ও ক্ষমতাসম্পন্ন। সে কি, বা কোথায় আছে, সে প্রশ্ন অনাবশ্যক।

লিখিয়াছ—প্রবন্ধে ফাঁকি দিয়াছি ; তা' কিন্তু নয়। তৃতীয় অধ্যায়ের উপক্রমণিকা হিসাবে, বুদ্ধিযোগের বিস্তারিত ব্যাখ্যা না করিলে বিষয়টা অস্পষ্ট থাকিয়া যাইত। যাহা হউক, এ সম্বন্ধে সাক্ষাতে আলোচনা হইবে। শ্রীশ্রীঠাকুরের সঙ্গে দেখা হওয়ার পূর্ব্বে প্রবন্ধ যেখানে থামিয়াছে, সেইখানেই সে থামিতে বাধ্য ; পরে বুঝিতে পারিবে।

রেঙ্গুনের ভ্রাতার পত্র দেখিলাম। পাগল বটে। তবে একটু বেশী পাগল নাকি? সে আশঙ্কা কিন্তু আমার হয়। একটু সুস্থির দেখিলে, আমার বেশী ভাল লাগে।

তোমার বাবা মহাশয় পাশ হইয়া প্রথম শ্রেণীতে প্রমোশন পাইয়াছে। গঙ্গেশ ভালই আছে। শ্রীমান্ শঙ্কর একটু বিচিত্রতা লইয়াই আছে। সে একজন ভাল গায়ক, বহু গান

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গায়—যখন যেমন খেয়াল। জগদ্ধাত্রীপূজার দিনে একটা বাতি লইয়া ঘুরিয়া ঘুরিয়া গাহিতেছিল—তুমি আস, বা না আস, আমি ব'সে র'ব, জ্বালায়ে আশার বাতি (সঙ্গে সঙ্গে বাতিটা দেখাইয়া দিয়া)। তা'র মা শাসন করিলে বলে,—"আমি ভগবানের সঙ্গে জঙ্গলে মঙ্গলে ছিলাম, ঠাকুর আমাকে ধরিয়া আনিয়াছে। আমাকে মার ত আবার ভগবানের কাছে চ'লে যাব"—ইত্যাদি ইত্যাদি বহু অদ্ভুত কথা বলে, যা শুনিলে আমার ত কান্নাই পায়। তবে শঙ্কর সম্বন্ধে আমার কথা অগ্রাহ্য; কারণ আমার মনে হয়, ওর সম্বন্ধে আমার একটু partiality আছে। ওকে আমার একটু অ-সাধারণ বলিয়া মনে হয়। মনে হয়, ওকে ভাল না-লাগা যেন মানুষের অসম্ভব। জ্যেঠার কথা, ওর খুবই মনে আছে; কারণ স্মৃতি-শক্তিটা অত্যন্ত প্রবল—অবশ্য এখনও পর্য্যন্ত।

আমার বাসার লোকদের অসুখের একট style আছে। তা'দের অসুখ হয় সর্ব্বদাই আমার অ-সাক্ষাতে; কিন্তু যেদিন আমি বাসায় পৌঁছিব, সেই দিনই আরোগ্য আরম্ভ। কাজেই ওদের ভিতরে ভিতরে একটা সন্দেহ জাগিতেছে, যে আমার বুঝি বা একটা বিশেষত্বই আছে। আর একটা কথা শুন, বউ বলে যে আজকাল পূজা করিয়া উঠিলে, আমার চেহারা নাকি এমন চমৎকার হয়, যে দেখিবার মত। বলে যে ··· বাবু থাকিলে বুঝিতে পারিত। এ সব শুনিয়া মনে করিও না, সকলে আমার উপর হঠাৎ সদয় হইয়া উঠিয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এ সব মৌখিক কথা ; খুব গভীর বলিয়া আমার মনে হয় না। তা'রা যা'র যেমন ইচ্ছা, বলে। সকলেই আমাকে "ঢোঁড়া সাপ" জানিয়া নিশ্চিন্ত। কাজেই আমি, যথা পূর্ব্বং তথা পরং।

আবুলি গান শিখিতেছে। ৫।৬টা গান আপনিই বাজাইয়া গাহিতে পারে। তবে 'ওস্তাদ হইবে কিনা' সে কথা জিজ্ঞাসা কর আমাকে? ঠাকুর বলেন, আমি গান জানি না ; তারপরে আর, কি কথা আছে? তোমার মা-ও আবুলির সঙ্গে-সঙ্গে শিখিতেছে—অবশ্য নিজেরই চেষ্টায়। তা'র advantage, সে এত সহজে catch করিতে পারে, যে খুবই আশ্চর্য্য!

কত আর লিখিব? অনেক ত লিখিলাম। এইবার দেখা হইবে, তখনকার জন্য আর সব রহিল।

কালু পাটনাতে ; সুধীর তাহার নিজ বাড়ীতে—এরূপ শুনিয়াছি। সুধীর চিঠি কখনও লেখে না। প্রবন্ধ কপি করিয়াছে, ··· ; সুধীর নয়—তাই অনেক ভুল রহিয়াছে। 'পরাঙ্মুখ'কে প্রবন্ধে 'পরান্মুখ' লেখা হইয়াছে—দেখিয়া দিও। এরূপ হয়ত আরও আছে ; বিশেষতঃ "দীর্ঘঈ"কারের উপর ···র খুব শ্রদ্ধা।

বীণার অলঙ্কারের অর্ডার দেওয়া হইয়াছে। একটা খাটের অর্ডার দেওয়া হইয়াছে, একটা লেপ বানাইয়াছি, এ-ই আয়োজন। আর বেশী, টাকায় কুলায় নাই। চৌধুরীর সঙ্গে, যদি পার ত, একবার দেখা করিলে ভাল হয়। ১০০৲ (এক শত) টাকা দিয়া চুপ আছে। এবারে আসিয়া কোম্পানীকে ধরিব—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এরূপ মতলব ; দেখা যাউক, কার্য্যতঃ কি হয়। তারিখ এখনও ঠিক হয় নাই। বিবাহ পাটনাতে হবে—এরূপই সাব্যস্ত আছে।

এখান হইতে সোমবার কি মঙ্গলবার ফিরিব, বুঝিয়া যেখানে হয় চিঠি দিও। রমেশ বাবুর সঙ্গে দেখা হয়, তবে কোনই improvement feel করি না ; বরং hopelessই মনে হয়। মনে হয় সে যেন এখন একা থাক্‌তেই বল পাচ্ছে।

অত্র মঙ্গল। তোমাদের কুশল প্রার্থনীয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৬

গয়া
২৪। ১। ১৯৩১

ওঁ সদ্‌গুরুং তং নমামি

আজ ত নিশ্চয়ই প্রবন্ধ পাইয়াছ। কাজেই যে দুর্ভোগের আশঙ্কা ছিল, তাহার কতক আরম্ভ হইল। আমি যথাশক্তি fair copy করিয়া দিয়াছি—উদ্দেশ্য তোমার ভোগ কমান। আর কি করিতে পারি বল?

আর একটা কথা—প্রবন্ধ এখনও আমার ঘাড় হইতে নামে নাই। আজ ফরমাইস্ হইল,একটু addition হইবে। যেখানে লেখা আছে, "মা, আদর করিয়াও মা, প্রহার করিয়াও মা," যেখানে দেখিবে যে, যে জায়গায় লেখা আছে—"আর যাহাদের অজ্ঞতাবশতঃ কর্ত্তা কর্ম্ম পৃথক হইয়া গিয়াছে, তাহাদের কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি না দেখিয়া আর উপায় কি?" ইহার পরেই একটু জুড়িয়া দিতে হইবে—"ফলে, মায়ের এক বচন ও কর্ত্তা ও কর্ম্ম উভয়তঃই বহু হইয়া চলিয়াছে।" প্রবন্ধে কিছু কিছু ভুলও রহিয়াছে, তাহা তুমি যথাসম্ভব সারিয়া দিও।

বাসার খবর তোমাকে অনেক দিন ভাল করিয়া দেওয়া হয় নাই, কাজেই অনেক পরিবর্ত্তনই তোমার জানা নাই। সে সব খবর আজ দিতেছি। উদ্দেশ্য, তোমার পরিশ্রমের মধ্যে তোমাকে একটু আরাম দেওয়ার চেষ্টা; আর তুমিও আসিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভবিষ্যতে গালি না দিতে পার সেই জন্য। প্রসঙ্গক্রমে বলিয়া রাখি যে তুমি কিন্তু আমার সঙ্গেই সরস্বতীপূজার পরে পাটনা আসিতেছ। সে বন্দোবস্ত কিন্তু পাকা, আমি প্রস্তুত আছি।

বাসার খবর এই যে, বাসার লোকসংখ্যা অনেক বৃদ্ধি হইয়াছে। যথা—

(১) একটি ছাগল আসিয়াছে, সঙ্গে একটি বাচ্চা। ছাগলের তিন পোয়া দুধ হয়—দুই বেলায়। মূল্য হইয়াছে ১৫ (পনর) টাকা। ইহাতে না কি সকলের স্বাস্থ্য পরিবর্তন হইবে। কিছু কিছু হইয়াছেও—যথা গণেশের।

(২) একটি কবুতর—আমিই নাম রাখিয়াছি, নন্দ-দুলাল। মায়ের পূজার দু'একদিন আগে, হঠাৎ আসিয়া জুটিয়াছে। কেন জানি না। একাই আছে এবং সেই অবধি থাকিতে ছিল। মায়ের পূজার পরে, আমি যখন আরা গিয়াছিলাম, তখন হঠাৎ নন্দদুলাল চলিয়া গেল। আসিয়া শুনিলাম চার পাঁচ দিন হইল চলিয়া গিয়াছে। বউ চিন্তিত—এরূপ হইল কেন? আমি আসার পরে বউ বলিল যে, যদি নন্দদুলাল জীবিত থাকে, তবে সে কাল ভোরে নিশ্চয় আসিবে—তা'র কারণ আমি নিজে আসিয়া পড়িয়াছি। পরদিন সকালে দেখা গেল, সত্যই নন্দদুলাল আসিয়া ঘাড় বাঁকাইয়া নাচিতেছে। দেখিয়া, দাদা! সত্যই চোখে জল আসিয়াছিল। তা' কি করা যায় বল? তারপরে ত রহিয়া গেল। দু' তিন দিন হইল, চিঠি পাইলাম নন্দদুলাল আবার চলিয়া গিয়াছে। এবারে সে আর ফিরিবে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কি না, তা'ত আমি জানি না। কিন্তু বাসার লোকেরা নিশ্চয় ভরসা করে যে, সে আমার সঙ্গেই ফিরিবে। দেখ কি হয়।

(৩) বাসায় ফুলগাছ লাগাইয়াছি (টবে) ৪০টা। ফুল হইয়াছে—খুব; সে এক শোভা। তুমি আসা পর্য্যন্ত থাকিবে কিনা জানি না। তবে সকলেরই ইচ্ছা যে থাকে। ১লা জানুয়ারীর পূজার দিন টব দিয়া পূজা করিয়াছিলাম। এখন গাঁদা ফুল ত আছেই, অন্যান্য ফুলও ফুটিয়াছে।

শ্রীমান্ জগদীশ Test পরীক্ষায় ফেল হইয়াছে—যেমন আশা করা গিয়াছিল; তবে সে বলে যে, পাশ না করিয়া নাকি ছাড়িবে না। তবে আয়োজন দেখিয়া ভরসা হয় না। 'সন্ধ্যা' এখনও আরম্ভ করে নাই—করিবে, ভয় দেখাইতেছে। লেখা পড়া ভিন্ন অন্যদিকে চরিত্র লক্ষণ ভাল। হতাশ হইবার কারণ নাই।

হিরণ পূজা করিতে আরম্ভ করিয়াছে; রোজই 'বসে'।

আবুল পরীক্ষায় পাশ হইয়াছে। গান শিখিতেছে। এখন গানের সুর জানিলে নিজেই বাজাইতে পারে। গলার স্বর ক্রমেই ভাল হইতেছে বলিয়া আমার মনে হয়।

শঙ্কর ভয়ানক বক্তা হইয়াছে, অনর্গল কথাই বলিতে চাহে। আমাকে মাঝে মাঝে বলে, আজ রাত্রে আমরা ঘুমাব না; তুমি শোন, আমি কথা বলি। এই অত্যুক্তির ফলে, মাঝে মাঝে প্রহারও হয়; তা'র কি করি—তা'র আপন মা! তবে একটা লক্ষণ এখনও ঠিক আছে—শঙ্কর অনেক সময়েই যা কথা বলে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুনিয়া অবাক্ হইতে হয়। একদম ঘাবড়াইয়া যাই। তবে এ ভাব কতদিন থাকিবে কে জানে!

গঙ্গেশ প্রায়ই ভোগে; আজ কাল একটু ভাল আছে। আগে যেমন, কথা বলিত না, এখনও তা' শোধ করিয়া লইতেছে। সব কথাই বলে—তবে একটাও ঠিক্ ঠিক্ নয়। সব তা'র original.

খুকীর পরীক্ষার খবর পাই নাই, পাশ হইবে নিশ্চয়। তবে কত হইল জানি না।

ছোট পুত্র অসুস্থ। বউ লিখিয়াছে—সত্বর বাসায় আসি, তবেই অসুখ সারিয়া যাইবে।

কাজের অবস্থা জঘন্য; মনের অবস্থা বেশ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৭

পাটনা
১৬।৪।১৯৩১

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের.........

আমার নববর্ষের প্রণাম গ্রহণ কর, এবং বরাহ-নগরের ভ্রাতৃবৃন্দকে আমার প্রণাম জানাও আর আশীর্ব্বাদ কর যে, আমাদের পরস্পরের ভ্রাতৃত্বের বন্ধনের গৌরব অনুভব করিবার সামর্থ্য হউক।

এখনও কোথাও যাই নাই, দ্বারভাঙ্গা যাওয়ার ব্যবস্থা করিয়াছিলাম। কিন্তু যাঁহার সঙ্গে বন্দোবস্ত, তিনি দুই দুইবার যাওয়ার আগের দিন আমাকে জানাইয়া দিলেন যে তিনি যাইতে পারিবেন না। ফলে এখন সমস্যায় দাঁড়াইয়া গিয়াছে। এক ঠেকা ছিল—পয়লা বৈশাখ ; এখন সম্মুখের বাধা, দেশ-মাতৃকা পূজা। বাহিরে গেলে, আনুষ্ঠানিক পূজা হইতে পারার সম্ভাবনা নাই ; ইত্যবস্থায় মঙ্গলবারের পূর্ব্বে বাহিরে যাওয়ার মতলব নাই।

এদিকে কোম্পানী আজও আমাকে জানায় নাই যে, কি কাজ হইল। শেষ পত্র লিখিয়াছিল যে, গুড্‌ফ্রাইডের পর জানাইবে। তারপরে আজ পর্য্যন্তও জানায় নাই। উদ্দেশ্য ঠিক্ বোধগম্য নয়। ভাবিয়াছিলাম, টাকা পাঠাইবার সময়, কথা ফুটিবে ;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিন্তু বক্তৃতা না দিয়াই টাকা পাঠাইয়া দিয়াছে।

আর এক কথা, আর্থিক অবস্থা খুব শোচনীয়। যাহাদের না দিলেই নয়, তাহাদের দিতে দিতেই টাকা প্রায় নিঃশেষের দিকে আসিয়াছে। কাজেই যে কোন জায়গায় যাওয়া চলিবে না। যাইতেও হইবে, অথচ খরচ কম হয় অর্থাৎ কেবল বুদ্ধির খেলার উপরই চলিতে হইবে—এই অবস্থা। এ জন্য, তোমার ৪৲ (চারি) টাকা, অধিকন্তু ॥৹ (আট আনা), কিছুই পাঠান গেল না; কারণ এককালে ৪৲ (চারি) টাকা দেওয়ার মত সাহস আর নাই।

তুমি একবার চৌধুরীর সঙ্গে দেখা করিতে পারিলে হয়। তাঁহার নিকট হইতে পত্রের উত্তর পাইবার আশা নাই। এবারে দেখা করিয়া বুঝিও, কিছু আদায় হইতে পারে কিনা।

আরও কি কি লিখিবার ছিল, মনে পড়িতেছে না। তুমি লিখিয়াছ, জামাতা বাবাজীকে নিয়া দু'দিন আনন্দ করিবে তা'ও হইল না। কথাটা সংস্কারবশেই বলিয়াছ। আসিলেও আনন্দ হইত না; কারণ যা তা নিয়া আনন্দ করিবার সামর্থ্য যে এখন আর নাই, তা' বিশ্বাস করিতে পারিতেছ না। অথচ এ সত্য। এটা উন্নতি, না অবনতি, তা' জানি না,—তবে এই ঘটনা।

পত্রিকা বাহির হইলে আমাকে পাঠাইয়া দিও।

কলিকাতা যাওয়ার চেষ্টায় ছিলাম। কিন্তু তার পূর্ব্বে কাজের কতটা কি হইল, তা' জানা দরকার ছিল। কোম্পানী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এ সম্বন্ধে একটা রহস্যের সৃষ্টি করিয়া, সে দিকে আটকাইয়া দিয়াছে। অন্যকে উপলক্ষ্য করিয়া যাওয়ার অনুমতি চাহিয়াছিলাম, তাহাতে লিখিয়াছে যে, যাওয়ার প্রয়োজন নাই; তবে আমার অন্য কোন কাজ থাকিলে যাইতে পারি। অনুমতি দিলে পাছে পয়সা লাগে—এই ভয় বলিয়া মনে হয়।

অত্র মঙ্গল: আশাকরি তোমরা আনন্দে আছ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৮

দ্বারভাঙ্গা
২৬। ৬। ৩১

ওঁ সদ্‌গুরুং তং নমামি,

স্নেহের·········

পত্র পাইয়াছি। বড় চিঠি কবে লিখিতে পারিব জানি না। এবারেও হইল না। বাবাজীর বৃত্তান্ত পাটনা আসিয়া শুনিবে—তা' মন্দ কি? আর বিশেষ কোন কথাও নয়। আমি যে একটা আশ্চর্য্য পুরুষ, ইহার নানা ভঙ্গীতে বর্ণনা। আমি যে ভাল, তা' ত তোমার অ-জানা নাই, কাজেই নুতন-করিয়া-আর শুনিবেই বা কি? তবে এ-কথা আমার এখনও বিশ্বাস হয় নাই, তাই মা নানারূপে সে কথা শুনাইয়া আমার সঙ্গে স্নেহাভিনয় করেন।

তুমি ঠাকুরকে লিখে দাও—'গোপাল পাটনা যেতে বলে; আমারও একটু স্থান—পরিবর্ত্তনের ইচ্ছা। অনুমতি হইলে একবার ঘুরিয়া আসি।' দাদা! ব্রহ্মচারী মানুষ তোমরা, তোমাদের কি পেটে ক্ষুধা মুখে লাজ সাজে? যখন বুঝিতেছ তুমি আসিতে পার, তখন আর ঠাকুর বাধা দিবেন কেন?

আমি ভাল আছি। যে অনুকূল অবস্থার সূচনা তুমি দেখিয়া গিয়াছ, দৈনন্দিন জীবনে তাহারই বিস্তার দেখা যাচ্ছে। ঘটনা, ভাল মন্দ দুইই ঘটিতেছে। কিন্তু মায়ের সঙ্গে আমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মীয়তার একটা খেলা তবু বেশ চলিতেছে। সাধনা কি যে হয়, ভালমন্দ, কিই বা আর লিখিব! কখনও ভাবি বেশ, কখনও মনে হয় কিছুই বুঝি হইল না। একই অবস্থার মধ্যে এমন বিরুদ্ধ সিদ্ধান্ত যে বুদ্ধিতে সম্ভব, তাহার উপর ভরসা করিয়া কিইবা আর মতামত দিব? যা' খুশী হউক, নালিশ করিলে মায়ের তা'তে ভ্রূক্ষেপ নাই, শুধু আমারই কষ্ট। সে আর অযথা বাড়াইয়া লাভ কি? তাই মাকেও বলিব—যা' খুশী কর বাপু, বেশই থাকিব; ফাঁকি দিয়া তামাসা করিতে দিবার ইচ্ছা নাই।

২।৩ দিনের মধ্যে পাটনা যাব। সেখানেই চিঠি দিও। তোমার আসার কথা ঠাকুরকে জিজ্ঞাসা করিয়াছি, তুমিও কর। প্রবন্ধের জন্য, ঠাকুর যে রাগ করিয়া চিঠি দিয়াছেন, তা'তে প্রথমতঃ চটিয়াই গিয়াছিলাম। তারপর মনে হইল, ঠাকুরের যখন বুদ্ধি কম, কিছুতেই আমার সুবিধা অসুবিধা বুঝিবেন না, তখন আর এর সঙ্গে কি ঝগড়া করিব! যখন বুঝিলাম ঠাকুরের বুদ্ধি কম, তখনই রাগ কমিয়া গেল। এ এক আবিষ্কার! কাজে লাগে ত, কৌশলটা শিখিয়া রাখ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৯

বাঁকিপুর
৩০ । ৯ । ১৯৩১

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের.........

পৌঁছা সংবাদ ত শ্রীশ্রীঠাকুরের নামেই দিয়াছি, কাজেই আর দোকরের প্রয়োজন ছিল না। তারপরে তোমার কাছে চিঠি লেখার সময়টা একটু বিলম্বেরই মত হইয়াছে বটে, তবে মারাত্মক নয়। কিছু না করিয়াই ভয়ানক ব্যস্ত ছিলাম। একদম সময়াভাব, কারণ অত্যন্ত গরম। গায়ের অবস্থা হইয়াছে গুইলের চামড়ার মত। আমি হেন লোকের রাত্রে ঘুম হয় না। কাজেই ত্যক্ত হইয়া বাসা ত্যাগে লাগিয়া গেলাম। বহু বাসা দেখিয়া শুনিয়া শেষ পর্য্যন্ত—যে বাড়ীতে বরযাত্রী ছিল, সেই বাড়ীতেই যাইতেছি। কা'ল যাইব, কারণ জন্মাষ্টমীর পূজা সেখানে করিব—এই ইচ্ছা। শেষ পর্য্যন্ত বাড়ীওয়ালা ছাড়িলনা। ৪৫৲(পঁয়তাল্লিশ) টাকার বাড়ী ৪০৲ (চল্লিশ) টাকায় দিতে রাজী হইয়া তাহাদের মধ্যেই রাখিয়া দিল। এ ব্যবস্থা শেষ পর্য্যন্ত বেশ motherly হইয়াছে, তাই আমি খুশী। যে সমস্ত বাড়ী দেখিয়াছিলাম, তাহা হইল না; আর এ বাড়ী হঠাৎ খালি হইয়া বিনাবাক্যে একেবারে সাব্যস্ত! কাজেই রহিয়া গেলাম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমার মাছ অতি উত্তম ছিল, একটুও খারাপ হয় নাই। তবে তুমি তরাসে নুন অত্যন্তই বেশী দিয়াছিলে—যাহা ধুইয়াও সারে নাই! তবে তা'তেও ফল মন্দ হয় নাই। সকলেই বিশেষ appreciate করিয়াছে। তারপরে তোমার মাছ বেশ পয়মন্ত—এই হিসাবে যে, তদবধি আমরা ইলিশমাছ অনেক খাইয়াছি—এখানকারই। জল বেশী হইলে, এখানকার মাছ হঠাৎ কয়েকদিনের জন্য ভাল হইয়া যায়। এখন সেই period চলিতেছে।

অত কথা লিখিলে, অথচ তোমার ছাতাটির কি হইল, সে কথা লিখিতে মনে হইল না?

বাড়ী হইতে শীঘ্রই যাইতেছি। তবে ঠিক তারিখটা পরের চিঠিতে দিব। বাড়ীর জন্য ছাপরায় পত্র দিয়াছি; তদুত্তরে দিন সাব্যস্ত হইবে। মাহিয়ানা আজ পাইলাম। এ কয়দিন টানাটানি ছিল।

আর কি লিখিব মনে হইতেছে না। রমেশবাবুকে পত্রিকা পাঠাইতে হইবে না, আজ দিয়া আসিব।

অত্র মঙ্গল। তুমি আর ভাল না থাকিয়া কি করিবে? সেজদা'কে ভালবাসা জানাইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫০

মজঃফরপুর
৭। ১১। ১৯৩১

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের........

প্রথম কথা—আমার special membership এর সংখ্যা ১৭।১৮ জন হইয়াছে শুনিয়া বিশেষ আনন্দিত হইলাম। আমার ইচ্ছা ২৫ জন হয়। তবে বর্ত্তমানে ২০ হইলেও অনায়াসে কাজ চলিয়া যাইবে। যাহা হউক, তুমি আমাকে এই সমস্ত লোকের নামের একটা list পাঠাইবে; ইচ্ছা—তাহাদের সকলকে এই সম্বন্ধে চিঠি দিব। আমি নিজেকে এই কার্য্যটির Secretary নিযুক্ত করিলাম; তুমি হইলে সহকারী। ইহার যাবতীয় কার্য্য আমরাই করিব—এই মতলব। তুমি জান 'পূজা' পত্রিকা নিয়া ঠাকুরের সঙ্গে আমার একটা আন্তরিক কলহের সৃষ্টি হইয়াছে। তাহার কারণ, 'পূজা' পত্রিকা পরিচালন সম্বন্ধে আমি উদাসীন; দ্বিতীয় কারণ, আমি নিয়মিত সময়ে প্রবন্ধ পাঠাই না। কোনরূপে, জোরে, বলে, আদায় করিয়া নেওয়া হয়। প্রথম কারণ সংশোধনের চেষ্টা, member করিয়া 'পূজা' পত্রিকার আর্থিক অবস্থা যথাসম্ভব সচ্ছল ও সন্দেহাতীত করা। দ্বিতীয় কথা—প্রবন্ধ; এ বিষয়ে ইচ্ছা করিতেছে, এত প্রবন্ধ দিব যেন ঠাকুর কিছুতেই 'পূজা' পত্রিকাতে তাহা একবারে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছাপাইবার জায়গা করিতে না পারেন। এই জন্য আমার অন্ততঃ এই বছরের জন্যই বারটি প্রবন্ধ লেখা দরকার। কতক মাঘ মাসের পূর্ব্বে লিখিব; বাকী বৈশাখের পূর্ব্বে। এই গেল সঙ্কল্প। তবে ঠাকুর আমার সম্বন্ধে বলেন, "উত্থায় হৃদি লীয়ন্তে দরিদ্রাণাং মনোরথাঃ"; সে কথাও আমার স্মরণ আছে। এখন শুধু দেখ, কি পর্য্যন্ত দাঁড়ায়।

প্রবন্ধ এখনও কিছু লেখা হয় নাই। কারণ জগদীশের জ্বর ছাড়িয়া এই ত পথ্য করিল। তারপরেই গেল, লক্ষ্মীপূজা রবিবার। মঙ্গলবার হইতে স্ত্রীটি জ্বরে পড়িলেন। অমনি ছেলেপিলের লালন পালনের ভার পড়িল আমার উপর। ছোট ছেলেকে তেল মাখান, স্নান করান, খাওয়ান, ঘুম পাড়ান, আমিই করিতে লাগিলাম। যেন আমিই মা। তুমি হয়ত মনে মনে হাসিতেছ যে, আমি আবার কি করিতে পারি? তা' কিন্তু নয়। আমি পারি না 'আরম্ভ' করিতে। একবার ঘাড়ে ফেলিয়া দিলে সবই পারি। তারপরে সদ্য দুর্গাপূজার, লক্ষ্মী পূজার পরে 'মা' 'মা' খেলিতে খুবই আরাম লাগিয়াছে। আর পারার আর-একটা কারণ, তুমি জান, সকল ছেলে পিলেগুলিই আমার প্রতি একটা গোপন আকর্ষণ অনুভব করে। তারপরে ভগ্নী আসিয়াছে: সেও জ্বরে পড়িয়াছিল। খুকী হরিদ্বার হইতেই জ্বর লইয়া আসিয়াছিল। এখন সকলেই ভাল হইয়াছে; কিন্তু কেহই সমর্থ নহে—কোন রকমে চলে ফিরে। আবার আসার পূর্ব্বদিন দেখিয়া আসিয়াছি, শ্রীমান জ্বরে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পড়িয়াছে ; কাজেই বাসার অবস্থা প্রায় অচলেরই মত, কোন-রূপে ছেঁচড়াইয়া চলিবে।

কাল রাত্রিতে আবার বাসায় যাইব। বুধবার ভ্রাতৃ-দ্বিতীয়া। বৃহস্পতিবারে আবার এখানে ফিরিব। তারপরে চারিদিন থাকিয়া আবার চলিয়া যাইতে হইবে ; কারণ তা'র পরের বুধবার আমার মায়ের পূজা।

এখন কথা এই, তোমার আর এখন আসিতে পারার বাধা কি ? কাজেই ঠাকুরের অনুমতি লইয়া দুর্গা বলিয়া ঝুলিয়া পড়। যা'তে মায়ের পূজার আগেই আসা হয়, তাহার ব্যবস্থা দেখিও। আমিও ঠাকুরকে লিখিতেছি।

শ্রীমতী বীণাপাণি বাসা হইতে রওনা হইবার সময় খুব বেশী অস্থির ছিল না। মনে হয়, দূরে যাওয়ার সঙ্গে সঙ্গে ক্রমশঃ মন বেশী খারাপ হইয়া থাকিবে। যখন যাত্রা করে, তখন একটা লক্ষ্য করিবার বিষয় ছিল যে, সে তা'র মাকে প্রণাম করিয়া সুস্থ ভাবেই উঠিয়া আসিল, কিন্তু আমাকে প্রণাম করিয়াই অস্থির হইয়া উঠিল। একটা ভা'ব্‌বার কথা বটে।

গঙ্গেশ এখনও টিন্‌টিন্‌ করিয়া চলিতেছে। শঙ্কর ক্রমশঃই বিজ্ঞ হইয়া উঠিতেছে। এখন একজন রীতিমত বক্তা। আজ কাল বলে যে জ্যেঠা ম'শায়কে আস'তে লিখে দাও না। তুমি চ'লে গেলে ত' সে বাসায় থাক্‌বে। নইলে আমি কা'কে নিয়ে থাকি ? আজ কাল তা'র গান—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

'আমারে এই আঁধারে, এমন ক'রে, চালায় কে গো।
(তাকে) ধরতে নারি, চিনতে নারি, বুঝতে নারি, কিছুই যে গো।
এই আঁধারে········"

তবে তাহার গানের এখন একটা মুস্কিল এই হইয়াছে যে, সব সময় গাহিতে রাজী হয় না, বলে যে খালি গলায় গাইতে পারবো না, বাজনা কই ?

আমার মনে হয়, এবারের দুর্গাপূজার ফলে সকল সন্তানেরাই আপনাদিগকে অধিকতর শক্তি-সম্পন্ন বোধ করিতেছে। মায়ের কৃপার এবার সত্যই বান ডাকিয়াছিল ; কাজই কেহই বাদ পড়িবার কথা নয়। সুতরাং আমিও বেশ বল পাচ্ছি মনে হয়। লক্ষ্মীপূজাও খুবই ভাল হইয়াছে। এখন কালীপূজা, মায়ের পূজা বাকী ; দেখ কি হয়।

অনেক ত লিখিলাম। আর বেশী কি লিখিব ? সত্বর উত্তর দিলে পাটনার ঠিকানায় দিও। আর যদি আমার মত আলস্যে ধরে, তবে মজঃফরপুরের ঠিকানা জানিয়া রাখ—

C/o Bindhyachal Prasad Mehrotra
Partitola Road, Muzaffarpur

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫১

মজঃফরপুর
১৬। ১১। ১৯৩১

ওঁ সদ্‌গুরুং ত্বং নমামি

স্নেহের·········

এত বড় একটা মস্ত চিঠি দিলাম। আর তার তুমি জবাবই দিলে না, এটা ত ঠিক তোমার মত নয়। এ যে ঠিক আমার মত ভাব! আলস্যটাও কি ছোঁয়াচে?

ব্যাপার কি? পত্র কি পেলে, না সে মাঠেই মারা গেল?

এবারে কেবল পাটনায় যাই আর আসি, যাই আর আসি। কাজ ত "অকর্ম্ম" হইয়া উঠিতেছে।

তোমার আসার কথা ঠাকুরকে লিখিয়াছিলাম। তিনি লিখিয়াছেন এ কথার সঠিক জবাব বরাহনগর যাইয়া দিব। এখন তিনি গিয়াছেন। তুমি জানিয়া আমাকে জানাইলেই যথাবিহিত ব্যবস্থা হইবে।

আগামী সোমবারে আমি আরা যাইব এরূপ ইচ্ছা, তুমি ত রাসের পূর্ব্বে ছুটি পাইবে না জানি। তবে কবে পর্য্যন্ত আসিতেছ লিখিবে।

কারণ আসিতেছ যে, এটা ঠিক বলিয়া মনে হইতেছে।

আশাকরি তোমরা সকলে কুশলেই আছ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫২

বাঁকিপুর
২৩। ১১। ১৯৩১

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের............

তুমি যেন আমার 'পূজা' পত্রিকা, আর পাটনা যেন আশ্রম। এইভাবে আমার মা'য়ের পূজা-বিবরণ তোমাতে প্রকাশিত হইতেছে।

গত সোমবার রাত্রি বারটায় বাসায় পৌঁছিলাম। রাস্তায় ত আর কোন কাজ ছিল না, কাজেই বসিয়া বসিয়া কি ভাবে পূজা হইবে তাহার একটা মানসিক খসড়া করিয়া ফেলিয়াছিলাম। কালীপূজার জন্য যখন পূর্ব্বে একবার বাসায় আসিয়াছিলাম, তখনই শ্রীশ্রীঠাকুরের এক পত্র পাইয়াছিলাম। তাহাতে এবারে কিভাবে শ্রীশ্রীজগদ্ধাত্রী পূজা করিতে হইবে, তাহার উপদেশ ছিল। কাজেই পূজার জন্য প্রস্তুত হওয়ার অবকাশ যথেষ্টই ছিল। প্রথমতঃ, ঠাকুরের অযাচিত উপদেশ স্পষ্টই অহেতুক কৃপার মত আমার কাছে আবির্ভূত হইয়াছে। দ্বিতীয়তঃ, এ ব্যবস্থা যেমন হওয়ার কথা, আমার তেমনি মনঃপূত হইয়াছিল; কাজেই উদ্যোগ-পর্ব্ব অত্যন্ত আশাপ্রদরূপে অনুষ্ঠিত হইয়াছে।

তারপরে, যে কথা বলিতেছিলাম। বাসায় ত আসা গেল। আসিয়া দেখি শিশু পুত্রটির কয়দিন ধরিয়া জ্বর, কাসি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুনিলাম রাত্রিতে কোলে করিয়া বসিয়া থাকিতে হয়, নতুবা চীৎকার করে। প্রথমতঃ, অভ্যাসবশে মনটা একটু দমিতে চাহিল, কারণ পূজার কল্পিত ফর্দ্দে ভোগের যে সব ব্যবস্থা ছিল, তাহাতে স্ত্রীটির সাহায্যের প্রয়োজন ছিল। অবস্থা দেখিয়া মনে হইল, তবে বুঝিবা আরম্ভ না করিয়াই মতলব বদলাইতে হয়। যাহা হউক, এ নিরুৎসাহ অত্যন্তই সাময়িক। হঠাৎ মনে হইল যে, সোমবারের রোগীর যে বুধবার পর্য্যন্ত অসুস্থ থাকিতেই হইবে, এমনই বা কি নিয়ম আছে? কাজেই বউকে ভরসা দিলাম যে, যখন আসিয়া পড়িয়াছি, তখন মায়ের ইচ্ছায় ছেলের অসুখ ত সারিয়াই গেল; কাজেই এখন পূজার কথাই ভাব। এইরূপ বল দেওয়ার আরও একটা গূহ্য কারণ, তোমার জানা আছে। এ বাসার রোগীরা আমি আসিলেই সুস্থ হইতে আরম্ভ করে। শাস্ত্রেও আছে—

ঝড়ে বাণে কাউয়া মরে,
ফকিরে বলে, আমার কেরামৎ বাড়ে।

(এ পর্য্যন্ত লেখার পর, তোমার পত্র পাওয়া গেল। সে কথা পরে হইবে)

এরূপে আমারও কেরামৎ বাড়িয়াই চলিয়াছে। এবারেও হাতযশ উত্তম প্রতিপন্ন হইয়াছে। রোগী ঐ রাত্রি হইতেই সুস্থ হইয়া ঘুমাইয়াছে এবং ক্রমশঃ সুস্থ হইয়াছে। সে কথা যাক্। রোগ আরোগ্যের ভরসা দিয়াই, ঐ বৈঠকেই, (যদিও তখন রাত্রি একটা), পূজার বিস্তারিত ফর্দ্দ বউকে জানাইয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দিলাম। তিনি (এটাই রীতি না?) তাঁহার অভ্যাস বশে বলিলেন, তা' এ আর বেশী কি কাজ? তা' হ'য়ে যাবে। আমিও তাহাই মানিয়া লইলাম; কারণ গরজ।

বুদ্ধিমান লোক অবস্থা দেখিয়া ব্যবস্থার পরিবর্ত্তন করিত; কিন্তু মানুষের মাথায় যদি একবার পাগলামি চাপে তবে বুদ্ধি যায় কোন্ চুলায়! কাজেই পাগলামিরই জয় হইল; ব্যবস্থা যথাযথ রহিল। পরদিন আমার কার্য্য আমি সম্পূর্ণ করিয়া দিলাম—যোগাড় যন্ত্র করিয়া দিয়া। বাকী রহিল—ফুল। শুধু তাহার ব্যবস্থা হইল, ইচ্ছা যে মায়ের পূজায় ফুল হইবে প্রচুর। কিন্তু পাটনায় ফুল যোগাড় করার অসুবিধা আছে অনেক এবং অনিশ্চয়তা অত্যধিক। বিশেষতঃ এখন সব ফুল চালান হইয়া যায়—শোণপুরের মেলায়। সন্ধ্যাবেলা ফুল কিনিতে গেলাম মন্দিরে (স্থান তোমার জানা আছে); কিন্তু একদম রিক্তহস্তে ফিরিলাম। ফুল কিছুই না পাইয়া খুব আহ্লাদ হইল; কারণ পাগলের গো-বধে আনন্দ। ভরসা হইল—মজা হবে। বাসায় আসিয়া জানাইলাম, ফুল ত' পাওয়া গেল না। অমনি উত্তর আসিল, তা' ফুল হবেই; সব পূজায় এত ফুল হয়, আর তোমার মায়ের পূজায় ফুল আসিবে না—এ হ'তেই পারে না। আমিও বলিলাম, তাইত, সে কেমন করিয়া হয়! নিজের কথা, পরের মুখে শুনিয়া, কে না খুশী বোধ করে? কাজেই ফুলের যোগাড় সম্পূর্ণই পরের দিনের জন্য রহিল।

পরদিন সাতটায় একজন ফুল দিবে বলিয়াছিল। আমি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গেলাম—তার কাছে। এদিকে প্রাতে হাট হইতে যে জিনিষ-পত্র আসিয়াছিল, তা'র মধ্যে একটা জিনিষ ছিল—লাউ। এ আমার ফরমায়েসেই আসিয়াছে। লাউ দেখিয়া মনে হইল, আজ ত ইহা চলিবে না—আজ যে নবমী। জগদ্ধাত্রীপূজা যে নবমীতে হয়, এ-কথাটাও এত সময় মনেই পড়ে নাই। তা'রপরে আমার যে নবমীতে লাউ দিয়া মায়ের ভোগ দিতে কিছুমাত্রও আপত্তি নাই, সে কথাও তুমি জান। কিন্তু এ-পূজার ব্যবস্থা ঠাকুরের; তা'র উপরে আর কারিগরির জায়গা নাই। কাজেই লাউ অচল হইল। কিন্তু বেচারার সঙ্গে দুইটা জিনিষের যোগ ছিল। তখন সাব্যস্ত হইল, এর প্রতিনিধি হইতে পারে—চাল কুমড়া। কিন্তু তা' এখন পাই কোথায়? বাজারে যাওয়ার লোকও নাই, সময়ও নাই; অথচ উনানের উপর ডাল, লাউয়ের অপেক্ষা করিতেছে। বিষয়টা এইরূপ অ-মীমাংসিত রাখিয়াই আমাকে ফুলের খোঁজে বাহির হইতে হইল।

ফুল যিনি দিবেন, গিয়া দেখিলাম, তিনি বাড়ীতে নাই; বাসায় কোন উপদেশও নাই। কাজেই, দ্বিতীয়বার ফুলের চেষ্টা ব্যর্থ বুঝিয়া মহানন্দে বাসায় ফিরিয়া চলিলাম। কিছুদূর আসিতেই দেখিলাম, আমার সম্মুখে এক বুড়ি দুইটি চাল কুমড়া নামাইল। জিজ্ঞাসা করিলাম, বেচোগে? উত্তর হইল, লিজিয়ে বাবুজি। দাম পাঁচ আনা চাহিল। আমি বলিলাম, তিন আনা। বুড়ি রাজী হইয়া, দিয়াছিল। আমার প্রস্তাবে রাজী না হইলে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে দাম চাহিত, তাহা দিয়াই শেষ পর্য্যন্ত আমি কিনিতাম—কারণ বলা অনাবশ্যক। অতঃপর ফুলের পরিবর্ত্তে চাল-কুমড়া কাঁধে করিয়া বাসায় রওনা হইলাম। মহা খুশীভাব; বুঝিলাম এতক্ষণে মা কাজে হাত দিয়াছেন। এবারে সব চলিবে স্রোতের টানে। কিছুদূর যাইয়া দেখিলাম, যে ভদ্রলোকের বাড়ীতে গিয়াছিলাম তিনি, আমার বাসায় যাইয়া বাবাজীকে সঙ্গে করিয়া চলিয়াছেন—ফুল দিয়া দিবার জন্য। বাসায় পৌঁছিয়া দেখিলাম, দরজায় মালী দাঁড়াইয়া আছে—ফুল দিয়াছে, দামের অপেক্ষা করিতেছে। জিজ্ঞাসা করিলাম, মালা দিবে না? বলিল যে, এক ঘণ্টার মধ্যে দিতে পারি। আমি বলিয়া দিলাম, যত ঘণ্টাতেই পার, মালা তুমি দিও। এবং সে কিছুক্ষণের মধ্যেই দিয়াছিল। বাবাজী ফুল নিয়া যখন ফিরিল, তখন বারটা। সে ফুলও খুব বেশী ভাল ছিল না। তবুও দিয়াছে ত; তবে সময় লইয়াছে অত্যন্ত বেশী।

এদিকে পূজার আয়োজন করিয়া দিতেও অত্যন্ত দেরী হইতেছিল; কারণ পাকের আয়োজন যে করিবে, পূজার আয়োজনও তাহারই। অধিকন্তু অ-বুঝ পুত্র সংখ্যা—তিন। যতই বেলা হইতে লাগিল, মনও ততই খারাপ হইতে লাগিল—এই চিন্তায় যে তোমরা ত ঠাকুরের সঙ্গে পূজা আরম্ভ করিয়া দিয়াছ; আর আমি এখনও আয়োজনেই আছি। কি আর করি, উপায়ান্তর না দেখিয়া, আর অপেক্ষা না করিয়া, ঐ অবস্থাতেই পূজা আরম্ভ করিয়া দিলাম—সে কেমন করিয়া,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহা সাধন—সমর আশ্রমের লোককে বুঝাইয়া বলিবার কষ্ট স্বীকার করিব না।

ঠিক্ ঠিক্ যখন পূজায় বসিলাম, তখন বেলা সাড়ে বার ঘটিকা। তখন নিশ্চিন্ত। মনে হইল, এখন আমি আছি আর পূজা আছে। তারপরে ত পূজা আরম্ভ হইল; তা' যা' হইল, সে কথা আমি কি আর বলিব। এ-সম্বন্ধে সত্য করিয়া তিনিই বলিতে পারেন, যিনি এমন করিয়া পূজারূপে ফুটিয়া-ছিলেন। পূজায় গুরু ব্যতিরেকে দ্বিতীয় কর্ম্ম-কর্ত্তা নাই। আচার, নিষ্ঠা, আয়োজন, আকাঙ্ক্ষা, বুদ্ধি, কৌশল, সবই মিথ্যা —শুধু কৃপা, কৃপা, নিছক কৃপা। এ কৃপা সর্ব্বথা কারণহীন; পাত্রাপাত্র সম্বন্ধে একদম নির্ব্বিচার। তোমাদের আশ্রম ত সমর স্থান। যদি কখনও সাধনায় পূজার প্রয়োজনীয়তা সম্বন্ধে সত্য সত্যই লড়াই হয়, তবে পূজার অবশ্য-কর্ত্তব্যতার পক্ষে হইয়া সমগ্র বিশ্ব-ব্রহ্মাণ্ডের বিরুদ্ধেও আমি একক দাঁড়াইয়া থাকিতে উৎসুক বোধ করিতেছি।

পূজার বিশেষত্ব সম্বন্ধে দু'চার কথা যা' বলিতে হয় ঠাকুরকেই বলিব। তুমি পত্রিকা, গোপন কথার স্থান তোমাতে কোথায়? তবে ঘটনা তোমাকে স-বিস্তার বলিব।

আমার ঠাকুরদাদা, শ্রীনাথ শর্ম্মার পূজা সম্বন্ধে একটা স্বরচিত গানের দু'একটা পদ অনেক দিন তোমাকে শুনাইয়াছি। এতদিনে আবার তাহার পুনরাবৃত্তির সময় আসিয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গানটির যতটা আবশ্যক তা' এই :—

শ্রীনাথ এক কীর্ত্তি রেখেছে।
দিবা-যজ্ঞ ত্যজ্য ক'রে নিশা-যজ্ঞ করেছে।
শ্রীনাথ এক কীর্ত্তি রেখেছে॥

শ্রীনাথের নাতি এইবারের পূজাতে তাহার ঠাকুরদাদার কীর্ত্তি ছুঁই ছুঁই করিয়াছিল; আর একটু সাহস থাকিলেই হইত।

পূজায় বসিবার সময় একটু খুঁত খুত ভাব হইয়াছিল—এত দেরী হইয়া গেল! তারপরে আর হিসাব কি? শুধু পূজাকাল। হঠাৎ যখন একসময় সময়ের দিকে নজর পড়িল তখন বোধ হইল দিবাবসানের বোধ হয় খুব বেশী আর বাকী নাই। কাজেই সঙ্গে সঙ্গে একটু তাড়াতাড়ি করারও বুদ্ধি আসিল। যজ্ঞ বেশী সময় হয় নাই। ঘি বেলপাতারও যখন দিনেরই মত অবসান ঘটিল, তখন আমিও থামিলাম। ঠাকুরদাদার কীর্ত্তি অন্ততঃ এবারের মত অক্ষুন্নই রাখিলাম। তবে ভোগ হইল রাত্রিতে। তার কারণ, সন্ধ্যা পূর্ব্বেই অতীত হইয়া গিয়াছে। দ্বিতীয় কারণ, যজ্ঞ করিয়া উঠিয়াও দেখিলাম রান্না চলিতেইছে। আমি পূজক, বাবাজী পাচক—মণিকাঞ্চণ যোগ। অগ্রহায়ণের ক্ষুদ্র দিনের সাধ্য কি যে সে আয়োজনকে তার গণ্ডীর মধ্যে আটকাইয়া রাখে!

কাজেই ভোগ এবং আরতির ব্যবধান ঘুচিয়া ভোগারতি হইল। ভোগ সাজাইয়া প্রথমে হইল নৃত্য। পূজায় এ অঙ্গ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এতদিন সম্ভ্রমের দিক দিয়াই হউক বা যে কারণেই হউক, বাকী ছিল এবার পূজা পূর্ণাঙ্গ হইল। কিছুকাল পরে আমার সঙ্গে গঙ্গেশও নৃত্যে যোগ দিল। কিন্তু অল্পক্ষণের মধ্যেই, সে একটা মিষ্টান্নের বাটীর উপর চিৎ হইয়া পড়িয়া গেল। কাজেই এ পর্ব্ব এখানেই সমাপ্ত হইল।

তারপরে ভোগ দেওয়া হইল, আরতি করা হইল। এবারে নৃত্যের সরঞ্জাম আমার ছিল না। পঞ্চপ্রদীপটা কি সুরেনদা'র বাড়ীতে না পূজামণ্ডপে ফেলিয়া আসিয়াছি, তাহার স্মৃতি বিলুপ্ত। এমন কি তোমাকে স্মরণ করাইয়া দিতেও এত কাল মনে ছিল না। কিন্তু শেষ পর্য্যন্ত তা'র জন্য আটকাইল না। শেষে আরতি হইল মোমবাতি সহযোগে। ইহার আর যতই দোষ থাকুক, গুণ এই যে, বাতি নিভিয়া যায় না। বেশ অনেকক্ষণ চলে। কাজেই নৃত্যে রসভঙ্গের কারণ থাকে না। এবম্প্রকারে রাত্রি সাত ঘটিকায় পূজা সমাপ্ত হইল। তখন ইচ্ছা হইল, চোখ বুজিয়া বসি—মানসিক ও শারীরিক যা অবস্থা ছিল, তাহাতে এ সুযোগ, আমি ভিন্ন আর কেহ ছাড়িত না, আমার বিশ্বাস। আমাদের এখানকার শাসন-পদ্ধতি গণতন্ত্র, তুমি জান। Public এর ভোট চাহিলাম। তাহারা বলিল, ঢের হ'য়েছে, আর কেন ? আজ থাক্। কাজেই তা'ই হইল। তুমি না আসিয়া ভালই করিয়াছিলে ; আসিলে হয়ত খুনোখুনি কাণ্ড হইত। কালুকে আসিতে বলিয়াছিলাম, সেও আসে নাই। শেষ পর্য্যন্ত আমি বুঝিয়াছি ঐ দিন একারই প্রয়োজন ছিল !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"তুমি আর আমি, মাঝে কেহ নাই
কোন বাধা নাই ভুবনে।"

এই ত গেল বিবরণ।

এত কথা লিখিলাম কেন জান? ব্যাপারটার আদ্যন্ত একটু মনোনিবেশ করিলে দেখিতে পাইবে, এ যেন একেবারে আমার হুবহু ছবি; ঘটনাটি যেন অবিকল আমি। আমার ভিতর বাহির ইহাতে সুস্পষ্ট ফুটিয়া উঠিয়াছে। ঠাকুর উপদেশ দিয়াছিলেন—নিজ প্রকৃতিকে জগদ্ধাত্রী জ্ঞানে পূজা করিবার চেষ্টা করিতে। পূজায় কি হইয়াছে, সে কথা ঠাকুরই জানেন। কিন্তু সমগ্র পূজা ব্যাপারটায় যে আমার স্বভাবের উলঙ্গ চিত্র সুপ্রকটিত হইয়াছে, ইহা নিঃসন্দেহ। আমি নিঃসঙ্কোচে বলিতে পারি, এই আমি। এই চিত্র দেখিয়া, আমি মনে সিদ্ধান্ত করিয়াছি যে, পূজা হইয়াছে সাংঘাতিক। নইলে অন্তর কখনও এমন করিয়া বাহির হয়?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৩

বাঁকিপুর
৩।১২।১৯৩১

ওঁ সদ্গুরুং তং নমামি,

স্নেহের............

তোমার পত্র পাইয়াছি। যে পত্রে list পাঠাইয়াছিলে, সে পত্রও পাইয়াছি। এবারে লিখিয়াছ যে আরও দু'জন পাইয়াছ, কাজেই সংখ্যা হইল ১৯ (উনিশ)। অন্ততঃ আর একজন হইলেই বর্ত্তমানের মত খুশী হইব। আরও পাঁচ জনের দিকে নজর রাখিবে। আমি নিজে, ২৫ (পঁচিশ) জন হইলে পুরা খুশী বোধ করিব। আমার ভরসা হয়, তা' হবে।

প্রবন্ধ এখনও লিখি নাই; অথচ এতদিন বাসায় রহিলাম কাজেই "পার'লে হয়"(৩) কথাটা খুব সত্য। ব্যাপার কি জান? একে ত চিরকালের আল্‌সে; তা'র উপর মাঝে মাঝে এমন একটা সময় আসে, যখন একদম যেন অচল হইয়া যাই। কিছুই না করিয়া বিব্রত থাকি। আশ্চর্য্য এই যে, এ অবস্থাটা কোন একটা পূজার পরেই বিশেষ করিয়া আসে। যাহা হউক্, কি আর করিব? নিজের আচরণে নিজেই তিক্ত বোধ করি। মাঝে মাঝে সঙ্কল্প হয়, এ অবস্থা কিছুতেই চলিতে দিব না। কিন্তু এটা মানসিকই থাকিয়া যায়। দুই দিন নিয়মিত চলি

(৩) পরিশিষ্ট দ্রষ্টব্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত, তারপরে আবার যেই সেই। এর সংশোধন কোথায় এবং কি ভাবে হইবে, বা এ জীবনে আর হইবে না,—তা' জানিনা। যাহা হউক, তাঁহার ইচ্ছাই পূর্ণ হউক্।

ইতিমধ্যে এখানে দুইজন সাধু আসিয়াছিলেন—একজন প্রেমানন্দ স্বামী, আর একজন সেই মোটা অতিবৃদ্ধ সন্ন্যাসী। দু'জনের সঙ্গেই দেখা হইয়াছে। তবে মোটা সন্ন্যাসীর সঙ্গে এবার ভাবটা একটু ঘনিষ্ঠতর হইয়াছে। বুড়ো আমাকে বাহিরে যাওয়ার দেরী করিয়া দিল; কেমন করিয়া, শোন। প্রথম দিন দেখা করিতে গেলাম; সে দিন তিনি ছিলেন একা। প্রথমতঃ Insurance সম্বন্ধে নানা খুঁটিনাটি কথা জিজ্ঞাসা করিলেন, দেখিলাম বুড়ো সব জানে। আমি বসিয়াই রহিলাম। তারপরে তিনি বলিলেন, রে গোপাল, তোম্ কেয়া চা'তে হো? আমি হাত জোড় করিয়া শুধু হাসিলাম। তারপরে তিনি বলিলেন, 'রাত হ'য়ে গেছে, তুমি এখন যাও। তবে আজ যানা, ফিন্ একরোজ আনা—কাল নেহি আনা।' (মাঝের দিনটা তিনি এখানে থাকিবেন না, তাই ঐ দিন যেতে নিষেধ)। তারপরে সপরিবারে ঐ নির্দিষ্ট দিনে গেলাম। কিছু সময় থাকার পরে, আবার তিনি বলিলেন, পরশু চ'লে যাব, ঐ দিন সকলে এস, সুখ-দুঃখের কথা শুনবো।' আমি ভাবলাম—এ আবার কি?

যাহা হউক, গতকল্য ছিল—সেই দিন। দেখা করিলাম। কিছু পরে তিনি জিজ্ঞাসা করিলেন, 'তোমার ব'ল্‌নেকো কুছ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হ্যায় ? আমি বলিলাম, 'নেহি'। তিনি বলিলেন,—তবে আর কি ? এখন আমার অন্যত্র যেতে হবে, আমি যাই। কিছুক্ষণ পরে আবার নিজেই বলিলেন—বাচ্চা আনন্দ রহেগা। আমিও খুশী হইয়া বাসায় ফিরিলাম। এ দেখার হিসাব করিলেই বুঝিতে পারিবে যে, সাধুর ফরমাইস্ মত দেখা করিবার জন্য কয়দিন আটক রহিলাম। মনে হইয়াছিল, দেখি না কতদূর গড়ায় ; তারপর যা হয় হবে। একটা কথা ভাবিয়া আনন্দ হয় যে,—লোকে সাধুদের কথা জিজ্ঞাসা করিবার সুযোগ পাইলে আনন্দিত হয়। এ সাধুকে ত ভয়ে অনেকে জিজ্ঞাসাই করিতে পারে না। অথচ সাধু যাচিয়া বলিতেছে—কুছ্ ব'লনেকো হ্যায় ; কিন্তু প্রশ্ন কিছু করিবার বা কোন কথা জানাইবার বিন্দুমাত্র ইচ্ছাও হইল না। সত্যই কোথাও কোন প্রশ্ন ছিল না। সাধুর কাছে যেতে ভাল লাগে, তাই যাই ; আর ত কোন উদ্দেশ্য নাই। যেখানেই গিয়া, যে-কোন কথাই—ধর্ম্ম সম্বন্ধে, শুনি, তাহা এমনি সুন্দর করিয়া একজন শুনাইয়া রাখিয়াছেন যে শুনিবার লোভ সংযত হইয়া গিয়াছে। তবে স্বেচ্ছাপূর্ব্বক যে যাহা শুনাইবেন তাহাই সশ্রদ্ধায় শুনিতে রাজী আছি। মনের গোপন ভাবটায় একটু অহঙ্কারও যে আছে—'রাবণ শ্বশুর মোর, মেঘনাদ স্বামী'—তবে এ অহঙ্কারে আমার আপত্তি নাই। স্বয়মাগত সৌভাগ্য, যাদের মা হইয়া ঘরে বসিয়া, তাদের আর যা হউক, ভিক্ষুক হওয়ার কারণ নাই।

সেজদার কাজের সাফল্যের জন্য আমাকে প্রার্থনা করিতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তিনি অনুরোধ করিয়াছেন, আর তুমিও সে অনুরোধ রক্ষা করিয়াছ। কিন্তু এটা যে অস্থান। প্রার্থনা এখনও আমাতে সুন্দর হইয়া ফোটে না—কি নিজের জন্য, কি জগতেব জন্য। কাজেই অনুরোধ বৃথা। আর একটা আশ্চর্য্য কথা—যার মাথার উপর সূর্য্য জ্বল্ জ্বল্ করিয়া জ্বলিতেছে, সে যদি বলে, ভাই বাতি, একটু আমার জন্য জ্বল ত। তখন হাসিতে হইবে, কি কাঁদিতে হইবে, বাতির সেটা মহা সমস্যা। কাজেই, আমার কাছে, মোটের উপর বিষয়টা পরিতাপের! আর যদি বুদ্ধির কথা শুনিতে চাও, তবে উত্তর এই—যদি মায়ের কাজ হয়, তবে সাফল্য চেষ্টার অন্তরেই নিহিত আছে, শুধু প্রকাশের অপেক্ষা। আর যদি বাজে কাজ হয়, তবে বিফলতা, ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বরও ঠেকাইতে পারিবেন না, বা অযথা চেষ্টাও করিবেন না।

তোমার এখন আসা হইল না, এতে একটা দুঃখের ভাব যেন আছে, মনে হয়। তবে খুশী বোধ করিতেছি এই ভাবিয়া যে, তোমার থাকাতে রাণীমার যদি কিছু সহায়তা হয় তবে না আসিতে পারার সেটাই চরম সার্থকতা।

শনিবারের পূর্ব্বে বাহিরে যাওয়া আর হয় না। ঐ দিন দশটায় আরা যাইব। ওখানকার ঠিকানা C/o পোষ্ট মাষ্টার আরা, জেলা সাহাবাদ। ঐ ঠিকানাতেই পত্র দিও।

আর কি লিখিবার আছে, মনে নাই। শ্রীমতী বীণাপাণির চিঠি পাওয়া গিয়াছে। তাহার জা' লিখিয়াছে, বীণাকে পাইয়া তাহারা সর্ব্ব বিষয়েই সৌভাগ্য মনে করিতেছে। তার বিরুদ্ধে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কোন বিষয়ে তা'দের নালিশ নাই। শুধু এক কথা, এখনও না কি বীণা মাঝে মাঝে কাঁদে। এটা আর বেশী কি অন্যায়! বাসার সব ভাল। আশ্রমের কুশল লিখিও।

পুনশ্চ—তোমাকে শীঘ্রই ২।৩টা টাকা পাঠাইবার চেষ্টায় আছি, সে জন্য টিকেট পাঠাইলাম না। মাহিনা এখনও পাই নাই ; আরা যাইয়া পাইব সেরূপ বন্দোবস্ত হইয়া গিয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৪

ভাগলপুর
১৯। ১২। ১৯৩১

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের······

তাগিদ পেয়েছি ; কিন্তু বুদ্ধি করিয়া পূর্ব্বে টাকা পাঠাইয়া রাখিয়াছিলাম—কাজেই তুমি ঠক্‌লে। তোমাকে আজকাল চিঠি লিখ্‌বার বিপদ এই যে, এতই ঘটনা ঘট্‌ছে যে, সব লিখ্‌তে গেলে বই হ'য়ে যায়। কাজেই কি করি, চুপ ক'রেই থাক্‌তে হয়। কম ক'রে লিখ্‌লেও যে অনেক হয়ে যায়।

এখন ত ভাগলপুরে। বাবাজীর সঙ্গে দেখা হয়েছে ; তুমি কবে আস্‌বে জিগ্যেস করল'। আমার সঙ্গে তাঁর ত এখন খুব ভাব। বুড়ো বলে যে, আমাকে ভালবেসে ফেলেছে। তাঁর কাছে গেলে, আমার কাজ—হাসা ; আর তাঁর কাজ, আমি কি এবং আমার মধ্যে কি কি চ'লেছে, তাই বিস্তার ক'রে বলা। একটা কথা বলেছেন—তা' শুনে তোমরা ত' চটেই যাবে। আমার গুরু নাকি বলেছেন, এই একটি লোক আছে যে আমার আসনের উত্তরাধিকারী হইবার যোগ্য ; সেইজন্য সেই মহাত্মা একে অত্যন্ত স্নেহ করেন ; আর বল্লেন যে একে মা বুকে নিয়ে ঘুরে বেড়াচ্ছেন ; আর মহাপুরুষের তীক্ষ্ণ দৃষ্টি এর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পিছে লেগেই আছে। বাইরে দিব্বি বাবুটি, ভিতরে একেবারে যোগী। ও কেমন জানিস্—রসে ভরা রসকরা ও—আর মনে নাই। নারায়ণ বাবু সঙ্গে ছিলেন, তাঁকে বল্লেন—ওকে নিয়ে শুধু ঘুরেই বেড়ান্, চিন্‌তে ত পারলেন না! শুধু খুঁচিয়ে দেখুন, দেখ্‌বেন কি বেরোয়। এবারে বুড়ো "গীতায় গুরুতত্ত্ব" প'ড়ে ফেলেছে। এক জায়গায় আছে, "সুপ্ত মহত্ত্বের প্রতি লুব্ধ দৃষ্টি করিয়া"—বুড়ো বলে,—ও সুপ্ত মহত্ত্ব আর কারও নয় তোমার নিজেরই কথা, অন্যের ঘাড়ে চাপিয়ে দিয়েছ। তারপরে ত হুকুম কর্‌ল'—একে একটু পেঁপে আর এক গেলাস জল দাও; গোপাল এসে অম্‌নি ফিরে যাবে? যেমন বলা, সঙ্গে সঙ্গে একজন লোকে একটি চিঠি এর হাতে দিলে। তাতে খবর লেখা—খাবার পাঠান হইল। বুড়ো অম্‌নি লাফিয়ে উঠ্‌ল। তাই ত ভাবছিলুম—একটু মিষ্টি থাকলে ভাল হ'ত, শুধু একটু পেঁপে দিবে? বাড়ীর ভিতরে ছুটে গিয়ে বল্লে,—এ খাবার মা গোপালের জন্য পাঠিয়েছে, শীগ্‌গির ওকে দে। আর আমাকে এসে বল্লে—রে গোপাল, তুই কি? সত্যি তুই কি? অবস্থা বুঝিতেই পার। কিন্তু সত্যই কাঁদি নাই। এই রকম আর কি! তারপরে কতক্ষণ পরে চ'লে এলাম। আর একদিন যাব, মতলব আছে। সেদিন ইচ্ছা আছে, সম্ভব হ'লে একা যাব।

আজ কা'ল, দাদা! আছি ভাল! বাবাজীর কাণ্ড দেখেই বুঝে থাকবে যে আমার অবস্থাটাতেও পাগলামির

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুযোগ কিছু আছে। আজ কাল আমার পূর্ণিমা। মা একেবারে মুক্তহস্ত মনে হচ্ছে। খুব বল পাচ্ছি। তুমি ত ভালই আছ। ইতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৫

ভাগলপুর
২৯। ১২। ১৯৩১

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের......

তোমার কার্ড ও চিঠি দুইই পাইয়াছি। উত্তর দিতে বিলম্ব হওয়ার কারণ সময়াভাব। কয়দিন ধরিয়া সময় হাতে মোটেই নাই। খুবই ঘুরিতেছি, কিন্তু কাজ বিশেষ কিছুই দেখা যাইতেছে না।

ডুমকা হইতে ফিরিয়াই তোমার চিঠি পাইলাম। তাহাতে জ্ঞান-দা'র খবর পাইয়া সত্যই একটু বিচলিত বোধ করিয়াছি। জ্ঞান-দার সঙ্গে আমার সত্য সম্পর্কটা তাহারও জানা ছিল বলিয়া আমার মনে হয় না। আমি যে মনে মনে তাহার বিশেষ একজন admirer ও সহানুভূতিসম্পন্ন বন্ধু ছিলাম—ইহা অনেকেই জানে না। তবুও তাহার প্রয়াণে, তাহার জন্য আমার বিশেষ দুঃখ নাই—এজন্য যে, আমার মনে হয় তিনি অনেক কষ্ট সহিয়াছিলেন; তাই মা দয়া করিয়া তাহাকে ছুটি দিয়াছেন। এই মাতৃ-দত্ত বিধানের বিরুদ্ধে আমার নালিশ করার ইচ্ছাই জাগে না। আমার কষ্ট হয়, তাহার পরিবারবর্গের কথা ভাবিয়া। দুঃখটা আমার অনুভব করা এজন্য সহজ যে, আমার পরিবারবর্গেরও আমার অভাবে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঠিক এরূপ অবস্থাই দাঁড়াইবার কথা। কিন্তু তবুও অস্বীকার করিতে পারা যায় না যে, দাতা দয়াল, দাতা সত্যই মঙ্গলময়। পূর্ব্বেই বলিয়াছি, মনে একটা সাময়িক ধাক্কা লাগিয়াছিল। কিন্তু মায়ের জবাব শুনিয়া, এখন আর মনে কোন বিক্ষোভ নাই। মা বলেন কি জান? এই যে স্বামীবিয়োগদুঃখ, বা স্ত্রী-বিয়োগ দুঃখ, বা পুত্রশোক ইত্যাদি মর্ম্মান্তিক দুঃখ—ইহা মাতৃহীনতার অবশ্যম্ভাবী পরিণাম। মাতৃমন্ত না হইলে, মানুষ এ সমস্ত অবশ্যম্ভাবী দুঃখের হাত হইতে কিছুতেই পরিত্রাণ পাইতে পারে না; কোন কৌশলই নাই। যতদিন সত্যই আমরা মা-সর্ব্বস্ব না হইব, ততদিন আপনার বলিয়া যাহাদের আঁকড়াইয়া আছি, তাহাদের বিয়োগ উপলক্ষ্য করিয়া মাঝে মাঝে রিক্ত প্রাণের দারুণ দৈন্য বজ্রের মত বাজিয়া উঠিয়া, আমাদের ভীত করিবে, আশে পাশে লোকদের চমকিত করিবে—ইহা অনিবার্য্য। এ সমস্ত সাময়িক বিপর্য্যয়ে আমরা দুঃখিত হই, চিন্তিত হই। কিন্তু এ বেদনা নিষ্ফল, ইহাতে দুঃখীর দুঃখ কমিবে না। তবে যদি এই সমস্ত আকস্মিক বিপদের আলোকে সত্য দুঃখটা ধরা পড়ে, স্বামী হারাইয়া স্ত্রী যদি বুঝিতে পারে বা স্ত্রী হারাইয়া স্বামী জানিতে পারে যে শুধু একজনকে হারাইয়াই আমরা সকলকে হারাইতেছি, এবং চিরকালই এইরূপ হারাইব, তবেই বিপদ সার্থক হইবে, বিপদের মাধুর্য্য ধরা পড়িবে, এত বড় একটা দুঃখও যে সত্যই করুণাময়ী মায়েরই দান হইতে পারে, তাহা মানা চলিবে; নতুবা আর উপায় নাই। আজ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমি তোমার জন্য কাঁদিব, কাল তুমি আমার জন্য কাঁদিবে, তারপরে আবার যেমন চলিতেছিল, তেমনই চলিবে ! এইরূপ গতানুগতিক পাগলামিকে আর প্রশ্রয় দিয়া লাভ নাই। আর যদি সত্যই কাঁদিবার সাধ থাকে, তবে মাতৃহীন জগতের বিশুষ্ক দৈন্য দেখিয়াই কাঁদা উচিত। যার স্বামী বা পুত্র মরিয়াছে, বা যার মরে নাই—উভয়ই তুল্য কৃপার পাত্র ; কারণ তারও আর্ত্তনাদে বিব্রত হইবার দিন সন্নিকট—শুধু আরম্ভ হইতেই বাকী। যার আত্মীয়বিয়োগ ঘটিয়াছে, তা'র তবু ভাল যে বিপদ চুকিয়া গেল, কিন্তু যে-দুর্ভাগা মৃত্যুকে পুত্ররূপে পালন করিয়া ভাবী পুত্রশোকের জন্য অলক্ষিতে প্রস্তুত হইতেছে, সে যে আরও দুর্ভাগ্য। জগতের যাবতীয় দুঃখে একই গান নির্ভুল ভাবে ফুটিয়া উঠিতেছে—

জীবের মা বিনে গতি নাই, নাই রে।

কাজেই আমি মরিলেও, 'জয় গুরু জয় মা', তুমি মরিলেও 'জয় গুরু জয় মা' বলা যদি সম্ভব হয়, তবেই বাঁচিলে, নতুবা কাঁদিবার সুযোগ নিত্য জাগ্রতই রহিয়াছে। যাক্

বুঝ্‌লে ······দা' ! এবারে মা একেবারে ক্ষেপেছে ; একজন নয়, দু'জন নয়, একেবারে চার জন মহাপুরুষের সঙ্গে এবারে আলাপ পরিচয়—বাবাজী, সান্যাল মহাশয়, অন্ধবাবা আর স্বামী রামস্বরূপ। বাবাজীর সঙ্গে আর একবারও দেখা হইয়াছে। 'সেই রথাই রয়' (৪)—আমার জীবন নাকি ধন্য হইয়া গিয়াছে।

(৪) পরিশিষ্ট দ্রষ্টব্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তা'তে আর আপত্তি কি? আমি একথা মানি কেন জান? আমার ঠাকুরের মত এমন আশ্রয় যা'র আছে, সে যত বড় অপদার্থই হোক্, সত্যই তাহার জীবন ধন্য। তারপরে যা' ইচ্ছা হউক্।

ডুমকা গিয়াছিলাম। ধর্ম্মশালায় থাকি। হঠাৎ দেখি নারায়ণ বাবুর গুরুদেব শ্রীযুক্ত ভূপেন্দ্রনাথ সান্যাল মহাশয় আসিয়া উপস্থিত। একই জায়গায় থাকা, একই স্থানে রান্না, আর রাত্রিতে তাঁহারই বিছানার পার্শ্বে শয়ন। গান জান ত?—

'তোমার দয়া হ'লে পরে,
মরুভূমে ফুল ফুটতে পারে'।

ডুমকায় সাধুদর্শন ঠিক সেইরূপ।

ডুমকায় এক বাড়ীতে নিমন্ত্রণ ছিল। দেখি, একজন সাধুর ছবি—জানিলাম ইনি অন্ধবাবা। আমি ইঁহার নাম জানিতাম—ভাগলপুরে ও অন্যান্য জায়গায় ইঁহার অনেক শিষ্য আছেন।

পরে একদিন নারায়ণবাবুকে বলিলাম, এতদিন ভগলপুরে আছি, অন্ধবাবার সঙ্গে দেখা হইল না। ভাগলপুরে ফিরিবার দু'তিন দিনের মধ্যেই এক জায়গায় দেখি, এক গাড়ীর পাশে, পরিচিত কয়েকজন প্রফেসার ও উকিল দাঁড়াইয়া আছেন। একজন বলিলেন, নারায়ণবাবু! গাড়ীতে গুরুদেব। আমি জিজ্ঞাসা করিলাম, কে? উত্তর হইল—অন্ধবাবা। তারপরে প্রণাম। ঐ দিন রাত্রিতে ও গত রাত্রিতে তাঁহার কীর্ত্তন শুনিতে গিয়াছিলাম। তিনি আমার কথা বলিলেন—গোপালবাবু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একজন আনন্দের লোক। গানশেষে যখন নমস্কার করিলাম, তখন মাথাটা নাড়িয়া দিয়া বলিলেন—এই মাথাটা ভক্তিতে ভরিয়া উঠ্‌ক্। আরও একদিন গান শুনিয়াছি; বেশ রসিক পুরুষ মনে হইল।

আর এক সাধু—রামস্বরূপ। ইনি অত্যন্ত নির্জ্জনতাপ্রিয় লোক। লোক-সঙ্গ এড়াইয়া চলেন। বছরে নয় দশ মাস বদরিকাশ্রমে, হিমালয়ে বাস। এ সময় একবার এখানে আসেন, এটাই তাঁহার সাধনার আরম্ভের স্থল। শুনিলাম,—খুব উগ্রতপা সাধু; মনেও হইল তা'ই। কিন্তু দেখিলাম, মহা আনন্দে আছেন, দেখিলে আহ্লাদ হয়। নমস্কার দিলে, তিনিও সঙ্গে সঙ্গে নমস্কার করেন। তিনি বলিলেন—নারায়ণ বাবু! আপনার সঙ্গে আমার এতকালের আলাপ, কিন্তু আপনার বন্ধুকে আজ নূতন দেখিলাম। কিন্তু আমার মনে হইতেছে, এ আমার আপনার চেয়েও (অর্থাৎ নারায়ণবাবুর) আপনার জন। একে দেখিয়া, আমার আহ্লাদের আর অন্ত নাই; ছাড়িতে ইচ্ছা হয় না ইত্যাদি। আজ আবার যাইব। সব কথা বিস্তারে বলিলে বই হইয়া যায়, কাজেই থামিলাম।

প্রবন্ধ পাটনায় যাইয়া পাঠাইব। আগামী কল্য পাটনায় যাইব। সেই ঠিকানায় চিঠি দিও। আমার বাসার লোকদের জন্য তুমি আমার চেয়ে বেশী চিন্তিত হইবে, এ তোমার বোকামী। খবরদার, এ ভুল করিও না; করিলে পরিণামে মজিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একটা কথা শুনিয়া খুশী হইবে—বউ রোজ 'বসিতে' আরম্ভ করিয়াছে। ব্যাপার কি বুঝিলাম না; তা'র ছেলেকেও 'সন্ধ্যা' আরম্ভ করিতে অনুরোধ করিতেছে। দেখ কি দাঁড়ায়!

সাধুরা সকলে যত কথা বলিল, তা'র সারমর্ম্ম—জগতে 'মা'ই আছেন, আর সব মিথ্যা। মায়ের উপর নির্ভর কর, নিশ্চিন্ত হইবে, আনন্দলাভ হইবে। আর আমি বলি—জয় গুরু জয় মা, জয় গুরু জয় মা, জয় গুরু জয় মা।

মায়ের দয়ারও অন্ত নাই, মাধুর্য্যেরও অন্ত নাই। তা'ই না?

আমি অত্যন্তই ভাল আছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৬

বাঁকিপুর
২৯শে মাঘ, ১৩৩৮

ওঁ সদ্গুরুং তং নমামি

স্নেহের·········

সুধীরের হাতে, তোমার চিঠি পেয়েছি বৃহস্পতিবার। কাগজ ডাকে এসেছে—গতকল্য। প্রবন্ধ পড়িলাম—ভুল যা' হইয়াছে, সে জঘণ্য ; পড়িতে পড়িতে আমার লজ্জা বোধ হয়। একটা দৃষ্টান্ত দিই—"প্রভাস-দা ডাক্তারের মত কথা বলিলেন না ; মাতৃভক্ত পুরুষের মতই শ্রীশ্রীঠাকুরের প্রশ্নের উত্তর দিলেন।" "মাতৃভক্ত পুত্রের" স্থলে "মাতৃভক্ত পুরুষ" লেখা, সত্যই জঘণ্য। এজন্য প্রভাস দা'র কাছেও আমি ক্ষমার পাত্র। সুযোগ পাইলেই' সে কথা তাঁহাকে আমি বলিব। আরও ভুল অনেক ; কম্বলের লোম বাছার মত কতই না আছে ! তদুপরি তোমার যে তালি তুমি জুড়িয়া দিয়াছ, তাহাও হইয়াছে অদ্ভুত। তিথির কথা আমি ভুলিয়া গিয়াছি, এটা মনে করার তোমার হেতু কি ছিল, জানি না। সে আবার জুড়িয়া দিলে এমন জায়গায়, যেখানে ও কথা বিশ্রী শুনায়। তোমার খোল আমি বাজাইলে যেমন মধুর হওয়ার কথা, তেমনি মধুময় হইয়াছে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই সংশোধন। কথা কি জান, দাদা, এই সব তা'তে, মনে খুবই কষ্ট হইয়াছে, এই আমার বক্তব্য।

আর এক কথা—তোমাকে যাহা লিখিয়াছিলাম, সরস্বতী পূজায় না যাওয়া সম্বন্ধে, তা' তুমি সকলকেই যে পড়িয়া শুনাইয়াছ, তা'তে যে কষ্ট হইয়াছে, তাহাও না যাইতে পারার চেয়ে কম নয়। এতে কি যে লাভ হইল তোমার, কি সান্ত্বনা পাইলে তুমি, তা' তুমিই জান। আমি কিন্তু নিদারুণ দুঃখিতই হইয়াছি। তুমি দুঃখিত, তাই তোমাকে সহানুভূতি দেখাইতে যাহা লিখিয়াছি, অন্যের পক্ষে তাহা জানা অনাবশ্যক এবং অন্যায়। সেই সব কথা তাহাদের শুনাইয়া যে একটু দয়া ভিক্ষার প্রচ্ছন্ন আয়োজন, তাহা আমাকে ব্যথাই দিয়াছে। একটা কথা তোমার ভুলে যাওয়া অন্যায় যে বাহিরে যত দৈন্যই আমার থাকুক্, অন্তরে কিন্তু দরিদ্র আমি সত্যই নই। ভিক্ষা আমি কিছুতেই করিতে পারি না—অর্থও না, দয়াও না, সহানুভূতিও না। নাইও আমার অনেক কিছুই, আবার আছেও আমার বহুৎ কিছু—যাহা সচরাচর লোকের থাকে না। আমি দয়া ভিক্ষা করিব কোন দৈন্যে? আমাকে যাহারা ভুলিতে চাহে ভুলুক্; কারণ তাহার পরেও আমি থাকিব এবং স্বচ্ছন্দেই।

এই ভাবে যদি বিশ্বাস ভঙ্গ কর, তবে তোমাকে কোন গোপন কথা বলিই বা কোন্ ভরসায়?

আজকাল মা কি ভাবে চালাইতেছেন, তাহা মা'কেই জিজ্ঞাসা করিও। আমার নূতন করিয়া বলিবার মত কিছুই নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চৌধুরীকে বলিও যে, আমার পাওনা তাহাকে ত আমি চিঠি লিখিয়াই জানাইয়াছিলাম। তদুত্তরে তিনি আমাকে চার পাতা চিঠি দিয়াছিলেন। আমার পাওনা—১৮৮৲ (একশত অষ্ট-আশী) টাকা। এ টাকা এখন না পাওয়া-গেলে মুস্কিল খুবই; দেখ কি করিতে পার।

অত্র মঙ্গল। ইতি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৭

বাঁকীপুর
বাং ১৩।২।৩৯

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের............ .

তোমার বহুকাল পরের লেখা পত্র পাওয়া গেল। দেখিলাম ৫ পয়সার টিকেট দিয়া চিঠি দিয়াছ। কিন্তু তবু বেচারা কষ্ট করিয়া আসিয়া পৌঁছিয়াছে। Post-Officc ভাগ্যে Bearing মার্কা দেয় নাই, দিলে মুস্কিল হইত। পয়সা দিয়া চিঠি কিনিতে হইলে তোমার পত্রও ফেরত যাইবে এ সম্বন্ধে কোনও সন্দেহ নাই। কাজেই সাধু সাবধান!

এখন আর সংসারটা প্রায় আমরা চালাইতেছি না। পূর্ব্বের বেগে স্বভাবের নিয়মে একরূপ চলিয়া যাইতেছে। বিস্তারিত এবার শ্রীশ্রীঠাকুরের কাছে লিখিতে হইল। কাজেই আর দোকর পরিশ্রম করিব না।

প্রবন্ধ লেখা চলিতেছে না। যে মানসিক স্বচ্ছন্দতা থাকিলে প্রবন্ধ জমিতে পারে, সে সুযোগ এখন নাই। মনে হয় অন্তরে বাহিরে আমি অমন ঘোর সংগ্রামে বিব্রত যে, লেখা পড়ার Luxuryর এখন সময় নাই।

যাহা হউক ভালয় মন্দয় একরূপ দিন চলিয়া যাইতেছে। মনে হয় সাম্‌নের দিকেই হাঁটিতেছি। অত্র মঙ্গল। তোমাদের কুশল লিখিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৮

বাঁকীপুর

ওঁ সদ্গুরুং তং নমামি

স্নেহের·········

তোমার পত্র পাইলাম। কালুর নিকট হইতে মঙ্গলবার সকালে লোক পাঠাইয়া চিঠি আনিয়াছি। নতুবা হয়তো পাইতে আরও বিলম্ব হইত।

শ্রীশ্রীদেশমাতৃকাপূজা 'মানুষ আন্দাজে' (৫) মন্দ হয় নাই। ইহার মধ্যে মজা এই, যে হোম না করিতে পারারই সম্ভাবনা ছিল, তাহাই বিশেষ চিত্তাকর্ষক হইয়াছিল। একেবারে চমৎকার! একরূপ দিন চলিয়া যাইতেছে। সত্যই ত আর আমি রাস্তায় পড়িয়া থাকিতেছি না। মায়ের কাছে নিশ্চয়ই যাইব, তাতে বিন্দুমাত্রও সন্দেহের হেতু নাই। কাজেই সমস্ত জানিয়া শুনিয়াও মা যদি আমাকে নিয়া রাস্তায় একটু টালিবালিও করে তাত সহিতেই হইবে। কি আর করি, মা যে!

বাসার সকল ভাল আছে। শ্রীশ্রীঠাকুরের পত্র পাইয়া কি কারণে জানি না, হিরণ পূর্ব্বাপেক্ষা বেশী বল পাইতেছে বলিয়া বোধ করে। আশীর্ব্বাদ করিবে, মন বিদ্রোহী হইলেও যেন মায়ের সঙ্গে লড়াই করে। অত্র মঙ্গল। তোমাদের কুশল লিখিবে।

---

(৫) পরিশিষ্ট দ্রষ্টব্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওঁ

কাশীপুর।

ওঁ মহেশপুর, ৯।, [illegible]

স্নেহের —

[illegible]

শ্রী[illegible]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৭

খাজাঞ্চী রোড
বাঁকীপুর
১৫ই আষাঢ়

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের·········

তোমার কার্ড যথাসময়ে পাইয়াছি। উত্তর দিতে বিলম্বের কারণ এখন ত নিত্য জাগ্রত। শ্রীশ্রীঠাকুর ইতিমধ্যে আসিয়াছিলেন জান। সে সময়টা গরম খুব ছিল। আজ কয়েকদিন ধরিয়া বৃষ্টি হওয়ায় একটু কম ছিল; এখনও আবার মাঝে মাঝে অবস্থা খুবই খারাপ হয়। দিনকাল একরূপ করিয়া কাটিতেছে। এখনও অচল অবস্থা আসে নাই। হয়তো নাও আসিতে পারে। বাড়ী-ভাড়া তিন মাস দেওয়া হয় নাই। বাড়ীওয়ালা আরও তিন মাস তাগাদা না দিয়া অপেক্ষা করিতে রাজী আছে। কাজেই একরূপ মেসিন চলিয়া যাইতেছে।

সাধনা যেরূপ হইলে আমি খুশী হইতে পারিতাম এখনও তেমন হইতেছে না। মাঝে মাঝে যেন হয়, আবার কেমন বেতালা হইয়া যায়। যাহা হউক মায়ের ইচ্ছায় চলিতেছে এই ঢের।

লেখা-পড়া হ'চ্ছে না—স্বভাব এবাত্র তথাতিরিচ্যতে, যথা প্রকৃত্যা মধুরং গবাং পয়ঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তস্মৈ

গত বৎসরের তিথিপূজায় লিখিত প্রবন্ধ ছাপা হইবে না, ইহাই আমার ইচ্ছা; আরও একটু ভাবিয়া দেখি। এবারের প্রবন্ধ চলিতেছে। যত শীঘ্র পারি দিব; ঘটনা ত সব জানই।

আমার দুর্ব্বলতা দেখিলে যদি তোমার মন খারাপ হয়, তবে সে ত অতি কঠিন ঘটনা। আমার দুর্ব্বলতার যে অন্তই নাই; তবে তোমার উপায়?

একটা কাজের কথা বলিতেছি, খুব মনোযোগ দিবে এবং যত সত্বর সম্ভব সমাধা করিবে।

আমার Mr. S. N. Choudhury বর্ত্তমানে Zenith Life Insurance Co, Bengal Branch এর Secretary হইয়াছেন। Norton Buildings, Old Court House Corner এই ঠিকানা। তুমি যাইয়া একবার তাঁহাকে শক্ত করিয়া ধর এবং আমার অচল অবস্থার কথা সবিস্তারে তাঁহাকে বলিয়া, এখন টাকা না দিলে যে আর চলিতেই পারে না, তাহা বুঝাইবার চেষ্টা কর। এখন চাকুরী করেন, হাতে কিছু টাকা ত নিশ্চয়ই হয়। এখন একটু জোর চেষ্টায় হানি কি? যাহা হয় সত্বর করিও। অত্র মঙ্গল। তোমার অবস্থা লিখিও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬০

খাজাঞ্চি রোড
বাঁকিপুর
শনিবার

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের.........

তোমার পত্র পাইলাম। শ্রীমান নলিনী আরোগ্য লাভ করিতেছে শুনিয়া নিশ্চিন্ত হইলাম। তাহাকে আমার ভালবাসা জানাইয়া বলিবে যে, শ্রীশ্রীঠাকুর তাহার সেবায় অত্যন্ত প্রীত হইয়াছিলেন। তাঁহার এই সন্তোষ ব্যর্থ হইবার নহে। কাজেই ভবিষ্যতের আধ্যাত্মিক জীবন সম্বন্ধে কি হইবে—ইহা ভাবিয়া যেন সে ব্যস্ত না হয়। শ্রীশ্রীঠাকুরই যথাকালে যথাযোগ্য ব্যবস্থা করিবেন।

প্রবন্ধ এখনও হয় নাই। কলিকাতা হইতে আসিয়া অবধি শরীরটা আজ পর্য্যন্তও এতই বেতাল আছে যে, কোন কাজই করিতে পারিনা। কি যে অসুখ, তাহাও বলিতে পারি না। অথচ একটা অস্বস্তি ও অসুস্থতার ভাব লাগিয়াই আছে। কি যে এর অর্থ, কিছুই বুঝিলাম না। শ্রীযুক্ত বিশ্বরঞ্জন-দা এক তাগিদ দিয়াছেন। কি যে করিব, মাথা-মুণ্ড কিছুই বুঝিতেছিনা।

বিশ্বরঞ্জন-দা'র পত্রে জানিলাম, হাওড়ার ঠাকুরও বর্ত্তমান

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবস্থায় কোনও পরিবর্ত্তন না করার পক্ষেই মত দিয়াছেন। এটা ভালই হইল। অন্ততঃ সমূহ কোনও বিপদ নাই দেখা যাইতেছে।

সমস্ত বিষয় যদি তোমার আমার মনঃপূত না-ও হয়, তবুও বিচলিত হইও না। যাঁহার উপর ভার ন্যস্ত, মায়ের দৃষ্টি ত তাঁহার উপরও ন্যস্ত আছে। মা মঙ্গলময়ী। তিনি যথাকালে যথাযোগ্য ব্যবস্থা নিশ্চয়ই করিয়া লইবেন। এই ভরসাতেই আমাদের খুশী থাকা উচিত, এই আমার মনে হয়। যাঁহার কাজ, তাঁহার সতর্ক স্নেহদৃষ্টি সর্ব্বকার্য্যের পশ্চাতে জাগ্রত রহিয়াছে—ইহা ভাবিয়াই আমরা নিশ্চিন্ত রহিব। তুমি দ্রষ্টা পুরুষই থাক। গায়ে পড়িয়া কাহারও কার্য্যে ব্যাঘাত জন্মান—তাঁহার অনভিপ্রেত বলিয়াই জানিবে।

জন্মতিথি পূজা যদি কোনওরূপে সারিয়া দেওয়াই সাব্যস্ত হয়, তবে আর অযথা আমার আসিবার কোনও প্রয়োজন নাই। আমার পক্ষে বর্ত্তমানে ১০।১২টাকা ব্যয় করার অর্থ তুমি জান! সে শুধু বিশেষ প্রয়োজন বোধ হইলেই করা যাইতে পারে; নতুবা এটা হইবে অপরাধ। কাজেই অযথা আমাকে টানিও না। ইহার চেয়ে অনেক কম খরচে ইচ্ছা-নুযায়ীভাবে আমি এখানেই তিথিপূজা করিতে পারিব। অপ্রয়োজনে আমাকে আর জড়াইতে চাহি না। মা-ই যথা-যোগ্য ব্যবস্থা করিবেন, সে ভরসা আমার আছে বলিয়াই বোধ হইতেছে। বাসার সব ভাল আছে। ছোটখোকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অসুস্থ। চোখ উঠিয়াছিল, এখন আমাশয়। আশাকরি তোমরা কুশলে আছ। বিশ্বরঞ্জন-দা লিখিয়াছেন—রাণী মা ও বড় মা অসুস্থ। কি অসুখ ও এখন কেমন—বিস্তারিত লিখিও। কেমন আছি বলা কঠিন। কখনও মনে হয়, মন্দ কি? কখনও বা ভাবি, ভাল নয় বুঝি!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬১

খাজাঞ্চী রোড
বাঁকীপুর
১৩ই ভাদ্র

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের........

আমি নিরাপদে বাসায় পৌঁছিয়াছি; আমার জন্য চিন্তা করিও না। এ খবর ত যে ভাবে হউক পাইয়াছ। খরচও বাঁচিল, উদ্দেশ্যও সিদ্ধ হইল, তবে আর কি? তবে এতদিন পত্র লিখিবার আয়োজনেই যাইবে, এ আমারও আশঙ্কা ছিল না; ফলে যা দাঁড়াইয়াছে, তাত সুস্পষ্ট; অতএব ভণিতা বৃথা, তার চেয়ে কাজের কথা বলি। অনেকদিন বলি নাই, কাজেই যথাসম্ভব সংক্ষেপে সবই বলিবার প্রচেষ্টা করিতেছি—স্মরণ-শক্তি ভরসা।

অণ্ডালে যাইয়া দেখিলাম বাসায় একা জানকী আর সব আসানসোল গিয়াছে। তখনই জানকী তাহাদের সকলকে আনিতে গেল এবং রাত্রি ১১টায় ফিরিল। কাজেই বুঝিতেছ যে আর সে রাত্রিতে রওনা হইতে পারার সম্ভাবনাই রহিল না। সতুও ঐ রাত্রিতে অণ্ডাল আসিল। ফলে কারমাটার থামিয়া আসিবার আর সুযোগ রহিল না। শ্রীশ্রীরাণীমা অসন্তুষ্ট হইয়াছেন, বোঝা যাইতেছে। কিন্তু যা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হউক তবুও খুশী বোধ করিতেছি এই ভাবিয়া যে শ্রীশ্রীঠাকুরের প্রতিনিধি হিসাবে একজন, দেখা না করিলে মায়েরই মত রাগ করে। এটুকু বজায় থাকুক্ এই আকাঙ্ক্ষা, মায়ের চরণে অপরাধ—সে ত নিত্যই করিতেছি, করিব, তার শেষ কি এ জীবনে থাকে দাদা ?

যথাকালে মোকামা ষ্টেশনে পরদিন পৌঁছিলাম এবং রামদার অনুমান ব্যর্থ করিয়া ও তোমার আন্দাজ সার্থক করিয়া, নরেন-দা ষ্টেশনে উপস্থিত হইল। চক্ষের নিমেষে দেখিলাম আমার জিনিষপত্রটুকু হাতে হাতে লইয়া আমাকে তাহারা একপ্রকার বল প্রয়োগেই নামাইতে জেদ করিতে লাগিল। এদিকে আমার মন কিছুতেই নামিতে রাজী হইল না। বিশেষতঃ জগদীশের সম্বন্ধে পাটনায় যাইয়া আমার কিছু করণীয় আছে কিনা, না জানিয়া আমার রাস্তায় আর দেরী করা সম্ভবপর ছিল না। তারপরে রফা' হইল আমি পরের শনিবারই একবার ওখানে যাইব। এই প্রতিশ্রুতি দিয়া, পাটনা চলিয়া আসিলাম। পরের ঘটনা হইলেও এই প্রসঙ্গ শেষ করিবার জন্য এখানেই বলিয়া রাখি যে পরের শনিবার আমি পুনরায় মোকামা গিয়াছিলাম। সেখানে বেলা ১টার সময় পৌঁছিয়া পরদিন বেলা ১টা পর্য্যন্ত শ্যামা-মায়ের স্নেহাতিথ্য স্বীকার করিয়া অবস্থান করিয়াছি। বলা বাহুল্য, এ সময়টা নরেনদার সঙ্গে সকল বিষয়ে সব আলোচনাই যথাসম্ভব হইয়াছে। তাহা লিখিতে গেলে ত গেছি !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাসায় পৌঁছিয়া জানিলাম শ্রীমান জগদীশের ভর্ত্তি হওয়া হইল না। Domicile Certificate না হইলে ভর্ত্তির সম্ভাবনা নাই বলিয়া বিদায় দিয়াছে।

২।১ দিনের মধ্যেই (মোকামা যাওয়ার পূর্ব্বেই) এক নোটীশ পাইলাম, Income Tax Office হইতে। তাহারা ১৯৩০-৩১ ও ১৯৩১-৩২ শেষ একটা হিসাব চাহিয়া পাঠাইয়াছে। এই হিসাব চাওয়ার অর্থ অনিবার্য্য। এখানে বাজে কথার জায়গা নাই। কত মাহিয়ানা পাইতাম, শুধু এটুকু জানিলেই বাকী হিসাব করা তাহাদের পক্ষে খুব সহজ। এই নোটীশ আসিয়াছে এখানকার অফিস থেকে নয়, মজঃফরপুর থেকে ; এইটিই আরও মজা। নোটীশ পাইয়া মনটা একেবারে চেগা দিয়া গেল ; অত্যন্তই বিপন্ন বোধ করিতে লাগিলাম। মনে হইল যে একটু সুস্থ বোধ করিতেছিলাম, তা মায়ের সহিল না, এর মধ্যেই আবার একি নূতন ঝঞ্ঝাট! যাহা হউক কষ্ট করিয়াই দিন ৩।৪ কাটিয়া গেল। মনটা খুব খারাপ হইয়া গেলে, তাহার একটা চিকিৎসা আমি শিখিয়াছি ; একেবারে অব্যর্থ মহৌষধ। তাহারই প্রয়োগ করিলাম। ফলও ভালই হইল। আস্তে আস্তে মনটা হালকা হইতে আরম্ভ করিল। বিষণ্ণ-ভাবটা কাটিয়া গেল। এসম্বন্ধে রমেশবাবু ও ঐদিকে হীরালালবাবু এই দুইজনকে বলিয়াছি। রমেশবাবুর তদ্বিরের ফলে এক Income Tax এর উকীল, কাগজ পত্র দেখিতেছে। কি করিতে পারিবে না পারিবে এখনও বোঝা যায় নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হীরালালবাবু এক Income Taxএর Asst. Commissionerকে ধরিয়াছে। আমাকে এই অবস্থা হইতে 'টাকা নাই' এই groundএ ছাড়িয়া দিতে তিনি পারেন কিনা সেই চেষ্টা করিতে। তিনি বলিয়াছেন, "দেখি আমি কি করিতে পারি।" ব্যাপারটা আমার হাত পর্য্যন্ত আসিতেছিল, এই হইয়া আছে। এ কাজের গতি খুব ধীর মন্থর। কাজেই কতদিনে কি মীমাংসা হয় বলা যায় না। যাহা হয় যথাকালে জানিতে পারিবে। এই ত গেল বাহিরের দিক্। আমার কর্ত্তব্য আমি ঠিক করিয়া ফেলিয়াছি। টাকা আমার নাই। কাজেই আমি টাকা দিতে পারি না; না পারিলে তাহারা মাল ক্রোক করিয়া জিনিষ পত্র যাহা পায় তাহা নিয়া যাইবে। আমি নিরুদ্বেগে তাহাদিগকে যথেচ্ছা জিনিষপত্র ছাড়িয়া দিতে প্রস্তুত হইয়া আছি। আরও সুখের বিষয়, আমার এই সিদ্ধান্তে মায়ের ইচ্ছায় স্ত্রীটিও রাজী হইয়াছে, কাজেই এ সম্বন্ধে আমার মানসিক অবস্থা একেবারে পরিষ্কার; আমি নিশ্চিন্ত। এই স্থির সিদ্ধান্তের পর হইতে এখন আর এ বিষয়ে আমার মনে কিছু মাত্র উদ্বেগ নাই। দয়া করিয়া তাহারা ছাড়িয়া দেয় ত বেশ; আর যদি আরও বেশী দয়া করিয়া জিনিষ-পত্রটুকুও নিয়া যাইতে প্রস্তুত হয়, তাও বেশ।

আরও একটা খবর—প্রায় ১ মাস যাবত এখানে একটা ক্লাশ আরম্ভ হইয়াছে। ইহাও মোকামা যাইবার পূর্ব্বেই সুরু হইয়াছে, প্রতি শুক্রবার সন্ধ্যা পৌণে ৭টা হইতে রাত্রি ৮ টা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পর্য্যন্ত। এ বিষয়ে শ্রীশ্রীঠাকুরের বিশেষ আগ্রহ ছিল। তিনিই রমেশবাবুকে বলিয়াছিলেন। তাঁহারই চেষ্টায় তাঁহারই বাড়ীতে এ কার্য্য আরম্ভ হইয়াছে। শ্রোতা বর্ত্তমানে ১২।১৪ জন্ হইবে। গত সপ্তাহে ঠিক হইয়াছে একদিন না হইয়া পাঠ সপ্তাহে দুইদিন হইলে ভাল হয়। সে অনুযায়ী এখন হইতে মঙ্গলবার ও শুক্রবার এই দুই তারিখ হইবে। আগামী কল্য এই বন্দোবস্তের প্রথম মঙ্গলবার, কাজেই কাল হইতেই সপ্তাহে দুই দিন করিয়া পাঠ হইবে। আমরা এখন ২য় অধ্যায়ে পৌঁছিয়াছি। এ ব্যবস্থায় আমি অত্যন্ত খুশী বোধ করিতেছি। শ্রীশ্রীঠাকুরের আগ্রহটা যে এত সত্বর কার্য্যকরীরূপ প্রাপ্ত হইয়াছে, ইহাই আমার মহা আহ্লাদের কথা। ইহার পরিণাম যেমন দাঁড়ায়, যথাকালে জানিবে।

শ্রীশ্রীজন্মাষ্টমী পূজা করিয়াছি এবারে ভীষণ। কাশু আসে নাই। তবু একাই একশ। আয়োজনেও আমার বর্ত্তমান দারিদ্র্যের কোন চিহ্নই ছিল না। 'কৃষ্ণ' হঠাৎ যেন ক্ষেপিয়া গেল। এক বিরাট আয়োজন, সর্ব্ব বিষয়ে। তারপরে আর কি? ৷৵০ দিয়া যে মালা ও ফুল পাওয়া গিয়াছিল তাহা তোমরা কল্পনাও করিতে পার না। একেবারে প্রত্যক্ষ কৃপা। পূজা শেষে প্রসাদ পাইতে ৩টা বাজিয়া গেল। "পঙ্গুং লঙ্ঘয়তে গিরিং" নেহাৎ কথার কথা নয় দাদা!

তুমি এখন ব্যস্ত হইয়া হয়তো জিজ্ঞাসা করিবে যে অনেক বাজে বকা ত বকিলে, এবারে কাজের কথা বল; প্রবন্ধের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কতদূর, ১৬ই ত আসিয়া পড়িয়াছে।

এতক্ষণ যে কার্য্যপদ্ধতির list দিলাম তাহাতে তোমার ন্যায় প্রাচীন অশ্বত্থ বৃক্ষের অনায়াসেই বোঝা উচিত সে সময়গুলি নেহাৎ ঘুমাইয়া কাটাই নাই বা কাটান সম্ভব হয় নাই। প্রবন্ধ একটা সমূহ কর্ত্তব্য হিসাবে দিন রাত্রি ভীতি হইয়া আমার স্কন্ধে চাপিয়া আছে। কিন্তু এখনও তিনি স্বরূপে প্রকাশিত হন নাই। অকিঞ্চন বাণীর সেবক আমি। মা যদি জোর করিয়া ঘাড়ে না চাপেন ত আমি অভাজন তাঁর কি করিতে পারি। অত্রাবস্থায় সভয়ে বলিতেছি, যে প্রবন্ধের অবস্থা এখনও ভয়াবহ। যাহা হউক ফাঁকি না দেওয়ারই আন্তরিক অভিলাষ। খুবই অবহিত হইলাম। যথা সত্বর কার্য্য সম্পাদন করিয়া তোমাদের সন্তোষ বিধান করি, এই হৃদয়ের অক্ষম অভিলাষ। অত্র মঙ্গল। আশাকরি তোমরা কুশলে আছ। রামদা ও নলিনের এক চিঠি আজ ২।৩ দিন হইল পাইলাম।

পুঃ—মোটা সাধু আসিয়াছিলেন তাহার সঙ্গে দেখা হইয়াছে। সন্ন্যাসী দাদা—হীরালালবাবু ও কালুর কাছে আমাদের সান্ত্বনা জানাইয়া চিঠি দিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬২

Khazanchi Road
Bankipur
26. 9. 32

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের·········

তোমার পত্র পাইয়াছি। আশা করি শনিবারে তোমার সঙ্গে বীণার দেখা হইয়াছে। তোমাকে পূর্ব্বেই খবর দিতে লিখিয়াছিলাম এবং আমাকে জানাইয়াছে যে, তোমাকে খবর দেওয়া হইয়াছে। বাসার খবর কতক তাহাদের নিকটই পাইয়াছ। বীণা যাওয়ার পরের দিন আবার আবুলের জ্বর হয়। এখন জ্বর নাই, কাজেই বর্ত্তমানে বাসায় শয্যাশায়ী আর কেহ নাই। কিন্তু সকলেই আধমরা। কোনও রকমে চলাফেরা করে।

পথ্যাপথ্য চলে কিনা লিখিয়াছ! এ পর্য্যন্ত চলিয়া আসিয়াছে ও তাহার ফলে আর নূতন ব্যবস্থা ভিন্ন চলিবে না! আমার ব্যবস্থা ছিল—যাহাতে লক্ষ্মীপূজা পর্য্যন্ত নির্ব্বাটে চলে। কিন্তু এতদিনের দীর্ঘ অসুস্থতার অনিয়মে সাধারণ হিসাবের ব্যত্যয় হইয়া গিয়াছে; কাজেই এই ব্যবস্থা। তা' যাহা হউক, মায়ের ইচ্ছা পূর্ণ হউক।

'গীতায় গুরুতত্ত্ব' লিখিয়াছি। এখন কালুর প্রত্যাশী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়া বসিয়া আছি। লোক পাঠাইয়াছিলাম, দুপুরবেলা আসিবে বলিয়াছিল। এখন ৩।০ টা—এখনও তাহার খোঁজ নাই। কাজেই আজকের ডাকে পাঠাইবার ইচ্ছা ত্যাগ করিতে হইল। একে আমি, তাহার উপর আবার অন্যের ভরসায় fair copy! এর আর কি করিতে পারি? যদি লেখান সম্ভব হয়, তবে 'দুর্গাপূজায় বুদ্ধিযোগ', প্রবন্ধও দিব। কিন্তু পরহস্তগতং ধনং, কি হয় দেখ। অন্য আর কোন প্রবন্ধ লিখিতে পারার সম্ভাবনা নাই। যাহা হইয়াছে, তাহাই আমার পক্ষে অসাধ্য-সাধন।

গীতা class চলিতেছে। শ্রোতা পুরুষ ৫জন স্থায়ী আর ২।৩জন অস্থায়ী। স্ত্রীলোকের সংখ্যা বাড়িয়া এখন ৮।১০জন হইবে। মনে হয়, লোকের ভালই লাগে। আগ্রহ ত বেশ আছে দেখা যায়। দ্বিতীয় অধ্যায় শেষ করিবার জন্য এই সপ্তাহে তিন দিন পাঠ হইবে।

শারীরিক দুর্ব্বলতা আমার এখনও যথেষ্ট আছে। ভোরে উঠিয়া প্রথম কার্য্য—একটা কিছু আহারের সন্ধান, নতুবা অচল মনে হয়। আজ একাদশী, দুইবার জলযোগ হইয়াছে; আরও কয়বার হইবে এখনও ঠিক নাই। এটা কি শুধুই দুর্ব্বলতা, না দারিদ্র্যেরও যোগ আছে?

মানসিক অবস্থা এখন আশাপ্রদ। মায়ের বিরুদ্ধে কোন নালিশই থাকা উচিত নয়—এই মনে হয়।

চৌধুরীর খবর কি? এখন যে তাহার সদয় হওয়া দরকার।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬৩

খাজাঞ্চী রোড
বাঁকিপুর

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের.........

মায়ের অনুগ্রহ তোমার হস্তও স্পর্শ করিয়া আসিয়াছে, এ জন্য তোমাকেও আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। অবস্থাটা অত্যন্তই জটিল হইয়া উঠিয়াছিল। একেবারে উপবাসের ঘাড়ের উপর আসিয়া পড়িয়াছিলাম। যেদিন হাঁড়ি বন্ধ হইবে, সেই দিনই এই সাময়িক সাহায্যের ফল সকলের মনের উপরই বিশেষ ভাবে ক্রিয়া করিয়াছে বলিয়া মনে হয়। আশীর্ব্বাদ করিবা, মায়ের দয়া স্মরণ রাখিবার সামর্থ্যের যেন অভাব না হয়।

তোমার style টা এখন ঠিক follow করিতে পারিতেছি না। বরাহনগরে যাইয়া হঠাৎ কেমন বিজ্ঞ হইয়া গেলে, ধরিতে পারিতেছি না। পত্র এমনি ত লিখিবেই না, এমন কি লিখিলেও তার জবাব দিবে না। আর জবাব যা দেও, তাও মনে হয় একদম ফাঁকি। মনে হয় কি জান, কি যেন গোপন কথা চাপা দিতে যাইয়া, তুমি আড়ষ্ট মূর্ত্তি হইয়া রহিয়াছ।

লিখিয়াছ—আমার চিঠির দুই লাইনে ব্যথা পাইয়াছ। সে দুই লাইন যে কি হইতে পারে আমার ত কিছুই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্মরণ নাই। তবে হিরণ বলে যে প্রবন্ধ লিখিতে পারিব না বলাই আঘাতের কারণ হওয়া সম্ভব। আমারও তা অসম্ভব মনে হয় না। কিন্তু এই যদি হয়, তবে এতে আঘাতের কারণ কি আছে? এত সামান্য কারণে অসন্তুষ্ট বোধ করিলে কি মনে হয় জান? মনে হয় তোমরা আমার বর্ত্তমান difficuity সম্বন্ধে একটা মোটামুটি ধারণাও করিতে পারিতেছ না, অথবা আমাকে এমন জীব মনে করিতেছ, যাহা আমি কখনোই নই।

যাহা হউক এক প্রকার চলিয়া যাইতেছে। একটা বিপদ কাটিয়া যায় আর একটা আসে। যেন সমুদ্রের তরঙ্গের উপর বিরাটতর তরঙ্গ। যাহা হউক মায়ের কৃপায় বোঝা যাইতেছে মা সত্যই আনন্দময়ী, এতে কোন সংশয়ই নাই, কিন্তু ঘটনার চাপে আত্মবিস্মৃতি নিদারুণ ক্লেশের কারণ হইয়া দাঁড়ায়। যদি সুযোগ কখনও হয়, তবে প্রয়োজন হইলে বাচনিক বিস্তারিত জানিবে। অত্র মঙ্গল। আশাকরি তোমরা কুশলে আছ। বরাহনগরের ভ্রাতৃবৃন্দকে আমার শ্রদ্ধা, ভক্তি, স্নেহ নিবেদন করিবে।

ইতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬৪

বাঁকীপুর
২২। ১১। ৩২

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের……

তোমার ও রামদার যুগ্মপত্র পাইয়া খুশী হইয়াছি। একথা সত্য যে আজ অনেক কাল পরে তোমাকে বিস্তারিত পত্র লেখার সুযোগ উপস্থিত হইয়াছে। এ সুযোগকে সশ্রদ্ধায় গ্রহণ করিলাম। কাজেই এবারে আর কার্পণ্য করিব না। আরও আগে তোমার চিঠির উত্তর পাওয়া উচিত ছিল। কিন্তু সম্ভব হয় নাই বর্ত্তমানের অবস্থার দারুণ জটিলতার দরুণ। তোমাকে লিখিয়াছিলাম যে, না-চলার অবস্থা আসিতেছে! তাই ঠিক আসিয়াছিল। অবস্থা হইয়াছিল একেবারে শূন্যহস্ত—literally so. এটাকে আমি সঙ্কটের তৃতীয় অবস্থা মনে করি। পূর্ব্বের অবস্থার সঙ্গে একটু তফাৎ এই ছিল যে এবারে সকলের না খেয়ে থাকার সম্ভাবনাটা এখনও হয় নাই, কারণ চাল, ডাইল এখনও আছে। কিন্তু তবুও অবস্থা সঙ্গীন ছিল। চাকরের মাহিয়ানা, স্কুলের বেতন, কাগজের দাম,—বাজার খরচ ত চুলোয় যাক্, বাতিতে দিবার তৈলের পয়সাও ছিল না। অতএব বুঝিতেই পার যে আমার পক্ষে সেটা খুব একটা গুরুগম্ভীর অবস্থা না হইয়া পারে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাই ; কারণ আমি যে নিরুদ্বেগ, এ অবস্থায় এটাও হয় আমার শাস্তির একটা হেতু। কিন্তু মায়ের এমনি দয়া যে যেমন সব নিঃশেষ অমনি ২০৲ পাওয়া গিয়াছে। ১০৲ টাকা বিশ্বরঞ্জন-দা আর দশ টাকা চৌধুরী একই দিন ডাকে একজুতি হইয়া আমার হস্তগত। তা প্রাপ্ত টাকা প্রায় সমস্ত একদিনেই শেষ করিয়া দিয়াছি। লাভ হইয়াছে এই যে, ঝঞ্ঝাট অনেক কমিয়াছে,—অন্ততঃ কিছুদিনের জন্য। এখন তোমার পক্ষে মনে ভাবা সম্ভব যে তাহা হইলে এবার কিছুদিনের জন্য নিশ্চিন্ত—তা বুঝি হইবার নয়। আমিও ঐরূপ ভাবিতেছিলাম—কিন্তু দেখিলাম অকস্মাৎ আজ প্রাতে বাড়ীওয়ালার লোক আসিয়া হাজির। তাঁহাদের কিছুমাত্র দোষ নাই ; এই মাস লইয়া পাঁচ মাসের ভাড়া অর্থাৎ ২০০৲ টাকা এখন বাকী দাঁড়াইবে। বলিয়া দিয়াছি আজকালই দেখা করিব। যাহা হয় পরে জানিতে পারিবে। এ সম্বন্ধে কথা এই, চৌধুরীর কাছ হইতে এক সময় কিছু বেশী টাকা না পাইলে এ সমস্যার সমাধান ত দেখি না। আমি তাহাকে লিখিতেছি, তুমিও একটু জোর দেও। বাড়ীওয়ালাকে অন্ততঃ ১০০৲ টাকা দিলে, তবে আর তিন মাস সুস্থ থাকিতে পারি, না হইলে বেচারাই বা করে কি ?

প্রবন্ধ লিখিতে আরম্ভ করিয়াছিলাম কিন্তু এই অবস্থায় পড়িয়া আবার অগ্রগতি স্তম্ভিত হইয়া আছে। তোমরা হয়তো ভাব যে এর জন্য, যে লোকটার কোন কাজই নাই তাহার একটু লিখিবারও সময় হইবে না কেন ! কথাটা শুনিতে অসঙ্গত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মনে হয় না। কিন্তু কার্য্যতঃ দেখা যায় যে এরূপ এক একটা সঙ্কট যখনই আসে তখন আমার আপ্রাণ চেষ্টা দিয়া আমাকে ধীর স্থির রাখিতে হয়। আমার কাছে তখন মনে হয় যে কাজ করিবার সত্যই সময় আমার নাই; আর একদমই ইচ্ছাও হয় না। একজন লোক যখন মনে ধীর স্থিরভাবে মৃত্যু বরণ করিতে প্রস্তুত হইতে থাকে, তখন তাহার কাছে নিজের বা অন্যের হিত বা অহিতের জন্য কোন কিছু করার বুদ্ধি থাকে না। এখানে তোমার হয়তো জিজ্ঞাসা হইবে যে এ সমস্ত সঙ্কট কালে তোমার বাঁচিবার বুদ্ধি না জাগিয়া মরিবার বুদ্ধি উঠে কেন? মরাটাও যে বাঁচারই একটা অঙ্গ সেটা সত্য করিয়া বুঝিবার লোভে! আমার জীবনের অভিধান হইতে আমি বাঁচা মরার পার্থক্যকে একেবারেই মুছিয়া দিতে পারি কিনা তাই দেখিবার ইচ্ছা করিতেছি। যাক্ বাজে কথা। এখানে তুমি আমার অবস্থা শুনিয়া ঘাবড়াইয়া না যাও সে জন্য তোমাকে জানান দরকার মনে করিতেছি যে—বর্ত্তমান এ অবস্থায় আমার যে মানসিক অবস্থা দেখা যাইতেছে তাহা বেশ আশাপ্রদ। মায়ের ব্যবস্থা কি হইবে তাত সত্যই জানি না। কিন্তু যাহাই ব্যবস্থা হউক না কেন, নিঃসঙ্কোচে আহ্লাদে মায়ের দান বলিয়া সব কিছু গ্রহণ করিতে পারি—তবে না শ্রীগুরুর জয়! কাজেই আশীর্ব্বাদ কর যেন তেমনই অবস্থা লাভ হয়। এমন অবস্থা লাভ হওয়া যে মোটেই অসম্ভব নয়, প্রতিদিনই তাহা সত্য করিয়া বিশ্বাস করিতে ভরসা লাভ করিতেছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মায়ের পূজায় এবারে বাহিরের অভাবের ছাপ সুস্পষ্ট বিদ্যমান ছিল। যেমন আয়োজন হইলে খুশী বোধ করিতাম তেমন হয় নাই; পূজায় বহিরঙ্গ শোভন হয় নাই। তবে পূজা সর্ব্বাঙ্গীনই হইয়াছে। প্রথমে ৭-৭৷৷টায় বসিয়া ১১টা পর্য্যন্ত নীরব পূজা; তারপরে গোটা ১২ র সময় হইতে ৪টা ৪৷৷০টা পর্য্যন্ত আনুষ্ঠানিক পূজা—এইরূপ হইয়াছে পূজার রূপ। মোটের উপর ভালই হইয়াছে। তবে একে খুব ভাল বলিতে পারিলাম না। আর আমার আশঙ্কা যে আমার মায়ের পূজা আমি যে কখনও ভাল করিয়া করিতে পারিব এমনও ভরসা হয় না। যেমন শাস্ত্রমতে গর্ভধারিণী জননী দেবী হইয়াও ব্যবহারে মায়ের অতিরিক্ত কিছু নন, এখানেও মা যেন আমার মা হইয়া কি যে হইয়া গিয়াছেন—কিছুতেই আমার মায়ের বেশী করিয়া তাঁকে পূজা করা আর ঘটিয়া উঠে না। কি করিলে মনটা যে খুশী হইত তাত সঠিক বুঝি না। তবে তোমরা সকলে মায়ের পূজা খাসা করিয়া করিয়াছ, এ সংবাদে খুব আহ্লাদ হইয়াছে। এ কথা শুনিয়া মনে হইয়াছে যে আমার মায়ের পূজা কিনা, তাই এত চমৎকার হইয়াছে! কিন্তু আমার কি হইয়াছে? যাক্‌গে।

রাসের পূজা আমার ঠিক মনোমত হয় নাই। রাসের পূজা আমার ঠিক পূজা নয়—বসা। ঐ দিন শরীরটা ছিল অসুস্থ—খুব মাথাধরা। তা ছাড়া বাহিরে রাস-পূর্ণিমার সেই চেহারাই ছিল না। মেঘ-ঢাকা এক গুরুগম্ভীর বাহিরের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছবি। এ আমার পছন্দ হয় নাই। রাসে যদি বিশ্বসংসার একটা হাসি হইয়া ফুটিয়া না উঠে, তবে শুধু কি বাগাড়ম্বরে তার সংশোধন হয়? তাই খুশী বোধ করি নাই।

তোমাদের চিঠি যেদিন পাই তার পূর্ব্বে ......দাদার এক চিঠি পাইয়াছিলাম কারমাটার থেকে। তারপরে আর এক কার্ড পাইয়াছি গত শুক্রবার, আর সোমবারে পাইয়াছি ১০৲ টাকা। লিখিয়াছেন যে আপনার সেবার জন্য পাঠাইলাম। আর লিখিয়াছেন যে আমি কি একটা টিউসানির যোগাড় করা সম্বন্ধেও ভাবিতে পারি না। উত্তর দেই নাই, শীঘ্রই দিতেছি। লিখিব —ইচ্ছা নাই। কিছু না করার ফলে যাহা লাভ হওয়ার সম্ভব, তাহা যাহাতে সহজে সম্ভোগ করা যায় আমি তাহারই একজন apprentice. আবার চাকুরী করিতে হইলে শ্রীশ্রীঠাকুরের কাছে পৌঁছিয়া তাঁহার তত্ত্বাবধান করিতে পারিলেই ভাল হয়; না হইলে কাজের বুদ্ধি পাইব কোথায়?

প্রবন্ধ আমার যাহা দেওয়ার কথা তাহা সমস্তই দিব, এরূপ আশা ত্যাগ করিবার কারণ এখনও ঘটে নাই। তবে শুনিয়া আশ্চর্য্য বোধ করিবে যে, কাগজ কলম কালি যোগাড় হওয়াও এখন কষ্টসাধ্য হইয়া দাঁড়াইয়াছে, অর্থাৎ কিনা তাহারও ব্যবস্থা নাই। এমন যে লেখক তাহাকে লেখার জন্য উৎসাহ বা তাগিদ দেও, এজন্য তোমাদিগকেও ধন্যবাদ, তাহাকেও ধন্যবাদ।

বীণা যাওয়ার পর তাহার এক চিঠি পাইয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জবাব দিয়াছি, তদুত্তরের এখনও প্রতীক্ষা। সে ভালই আছে।

বাসার সব এখন ভালই আছে। আশ্রমের কুশল লিখিবে। রাণীমাকে আমার প্রণাম জানাইয়া বলিবে তিনি যেন আমার কথা ভাবিয়া দুঃখিত না হন্। যে অবস্থাতেই থাকি শ্রীশ্রীঠাকুরের অহৈতুক কৃপা আমার শিরে অহরহ বর্ষিত হইতেছে। সেই আনন্দই যথাকালে সকল মিথ্যা দুঃখ ম্লান করিয়া প্রকটিত হইবে এরূপ ভরসা করিবার হেতু আছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬৫

খাজাঞ্চী রোড
বাঁকীপুর
১৩।১২।৩২

ওঁ সদ্‌গুরুং ত্বং নমামি

স্নেহের·········

বলনা একবার প্রাণটা খুলে—জয় গুরু, জয় মা। অত্যন্তই বেশী ঘাব্‌ড়ে গেছ কিন্তু। এতটা না হ'লে কিন্তু ভালই হ'তো। তোমার চিঠি বেশ ভাল ক'রেই প'ড়েছি। সবই শুনিলাম; বোঝাও গেল সব। তোমার অভিমান—একদিন যাকে আদর ক'রে আশ্রয় দেওয়া হয়েছিল, আজ তাকে আশ্রম আবার অনায়াসে একরূপ গলাধাক্কা দিয়াই বিদায় ক'রে দিয়েছে। মুখে বল নাই, কিন্তু তোমার মনে মনে ধারণা 'ঠাকুর' আজ অনুপস্থিত ব'লেই এতটা সম্ভব হ'ল। ঠাকুর থাক্‌লে কখনই এরূপ হ'ত না। এরূপ মনে করিয়া অভিমান আরও বেশী হইয়াছে, কাজেই মনঃকষ্টও খুব।

প্রথম কথা—তুমি এত বিচলিত হ'তে যাও কেন? তুমি ত তাড়াও নাই, তাড়াইয়াছে আশ্রম। অথচ তাঁহারা নিশ্চিন্ত আর তুমি অস্থির! এর কারণ কি জান, দাদা? যদিও আজ বহুদিন থেকে আশ্রম পাগলী মায়ের ভার গ্রহণ করেছিল, তবুও তুমি তোমার মন থেকে তার উপর অন্যের চেয়ে একটু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিশেষ কর্ত্তব্য-বোধ কখনই ত্যাগ কর্ত্তে পার নাই। হয়তো সে কথা তুমি জানিতেও না। কিন্তু আজ যখন আশ্রম তাহাদের দায় থেকে মুক্ত হ'য়ে খুশী বোধ করিতেছে, তা দেখে তোমার মনে দুঃখ ক্ষোভের অন্ত নাই। এ শুধু একজনকে তাড়াবার দুঃখই নয়, আরও কিছু আছে। সেই পাগলাকে (ছোকরার নামটা ভুলে গেছি—মনে হ'য়েছে ধীরেন) তাড়ানো যে দুঃখ, তার চেয়ে বেশী দুঃখ পাগলী মাকে তাড়াবার ফলে। একটু লক্ষ্য করিয়া দেখিও। অথচ আশ্রমের কর্ত্তব্যের দিক্ দিয়া কোন্‌টা বেশী, কোন্‌টা কম, ঠিক করা কঠিন। আশ্রম যখন কার্য্যকারিতার মাপকাঠি দিয়া আশ্রমে থাকা না থাকার অধিকার নির্ণয় করিয়া বসে, তখন তার ফলে কে গেল সেটা বড় কথা নয়, আশ্রম যে আদর্শচ্যুত হ'ল, এটাই বিশেষ শোচনীয়। এদিক্ দিয়া উভয় ঘটনাই প্রায় তুল্যমূল্য। কিন্তু দেখিও, তোমার কাছে এর তফাৎ আছে কিনা। সহজ কথা এই যে, পাগলী মার সম্বন্ধে একটা গুরুতর কর্ত্তব্যের বোঝা তোমার মাথায় তুমি অজ্ঞাতে বহন করিতেছ, আজিকার দুঃখের অধিকাংশ তাহারই ফল।

সে কর্ত্তব্য-বোধ যদি স্বীকার কর, তবে ত আশ্রম এতদিন তোমার বোঝা হালকা করিয়া রাখিয়াছে, এই ভাবিয়া এত দিনের জন্য তাদের প্রতি কৃতজ্ঞতা বোধ করিলে, আজিকার দিনে তাহাদের অপরাধ কথঞ্চিৎ লঘু হয়। আবার দায় তুমি গ্রহণ কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এখানে আর একটা কথা দেখ। আশ্রমের লোকদের প্রতি তোমার বিশেষ অভিমানের কারণ এই যে একদিন যাহাকে কত না আদর দেখান হইয়াছিল,আজ তাহার অক্ষমতার দিনে সে সমস্ত ভুলিয়া যাওয়া কতখানি অন্যায়! কথাটা তাদের পক্ষে ঠিক্। কিন্তু তোমার দিক দিয়াও দেখনা। তাঁহারা যে এত দিন ইহাকে কত যত্ন করিয়াছে, এক দিনের দুর্ব্বল মুহূর্ত্তের দুর্ব্যবহারে সে সমস্ত তুমিও ত ভুলিতে রাজী! তাহাদের বর্ত্তমান অভদ্রতাই তোমার কাছেও বড়; পিছনের ভদ্রতার মূল্য দিতে তুমিও প্রস্তুত নহ। আজ তোমার মন আশ্রমের নামটা পর্য্যন্ত কাটিয়া দিতে প্রস্তুত। এতে বোঝা যায় কি? —সম্মোহাৎ স্মৃতিবিভ্রমঃ—।

কি বলিতে চাহিতেছি বুঝিলে কিনা—তাহা ত বুঝিতেছি না। কথা এই, তোমার স্ত্রী পুত্র পরিবার কিছুই ত নেই; লেংটী সম্বল। তবুও যদি তোমরা আমাদেরই মত মিথ্যা কর্ত্তব্যের মোহে জ্বলিয়া পুড়িয়া মরিতে অগ্রসর হও তবে বড়ই কষ্ট হয়। মনে হয়-দূত্তোর, সবাই একই দলের মুর্খ—তবে উপায়?

একদিন আশ্রমে পাগলী মার জন্য স্নেহ যত্ন ছিল, এমন কি যথেষ্ট সম্মান পর্য্যন্ত ছিল। সে ত ভোগ ক'রেছে। সে জন্য দাতাদের আন্তরিক ধন্যবাদ দেও। আজ যদি আশ্রমের বুকে তার জন্য রসাভাব ঘ'টে থাকে, সেখানে তার স্নেহের আসন যদি উঠে গিয়ে থাকে, তবে তাই বা অস্বীকার কর কোন্ সাহসে? আমি বিশ্বাস করি, একদিন যিনি স্নেহভরে সন্তানের মত কোলে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিয়াছেন, আজ যদি রাস্তায় তাড়াইয়া থাকেন, তবে তাহাও তিনিই করিয়াছেন। কারণ আমার ধারণা, এত বড় নিষ্ঠুরতা শুধু মাই করিতে পারেন। তিনি যে মা। মঙ্গল তিনি করিবেনই তা সে কর্ত্তব্য যত কঠোরই হুউক না কেন। পাগলী মা যখন আশ্রমে গিয়াছিল, তখন আশ্রম ছিল তার মায়ের মন্দির, কাজেই সেখানে তখন সে সবই পাইয়াছে। আজ ফল দেখিয়া আমার আশঙ্কা হয় যে হয়তো ক্রমশঃ মনে মনে সে দেবতা ভুলিয়া আশ্রমের মানুষদের করুণা-ভিখারিণী হইয়া তথায় থাকিতেছিল, আজ মানুষ তাহার সঙ্কীর্ণতার নিদারুণ আঘাত দিয়া, তাহাকে তাহার মায়েরই আশ্রমে ফিরিয়া পাঠাইতেছে। আশ্রমের মিথ্যা নিশ্চিন্ততার চেয়ে—রাস্তায় নিরাশ্রয়ের—আমার কেউ নাই হে ভগবান্—অনেক বেশী ভরসার স্থল। তাই আমার ভরসা করিতে ইচ্ছা করে যে নিরাশ্রয়ের যিনি চির আশ্রয়—তিনিই সন্তানকে কোলে তুলিবার জন্য এই নিষ্ঠুর আয়োজন সাজাইয়া তুলিয়াছেন।

কাজেই বুঝিতেছ যে ঠাকুর থাকিলে এমন হইত না, এ আমার ধারণা নয়। আমার আরও ধারণা যে ইহা সেই ভীষণ দয়ালুরই কাজ। পাগলী মাকে আর আশ্রমে ফিরাইয়া আনিবার ব্যর্থ চেষ্টা করিয়া লাভ নাই। কারণ স্নেহ যখন শেষ হয়, তখন ভর-সহান কষ্ট, এ পণ্ডশ্রমে লাভ নাই। তার চেয়ে শুধু দয়া করিয়া কেহ যদি একজনকে দুমুঠা খেতে দিতে রাজী হয় এমন ব্যবস্থা কি হইতেই পারে না? তুমি সেই line এ চেষ্টা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর। আর এই গুরুতর আঘাতের ফলে যদি সে আপন সুস্থতা ফিরিয়া পাইয়া কার্য্যক্ষম হয় তবে সে অন্য কথা।

তোমার উপরও নোটিশ আসিতে পারে, তা অসম্ভব নয়। তুমিও যদি আশ্রমের লোকবিশেষের কৃপার উপর নির্ভর করিয়া ওখানে থাক, তবে নোটিশ নিশ্চয় আসিবে এবং আসাও উচিত। আর তা না হইয়া যদি শ্রীগুরুই হন্ তোমার আশ্রয়, তবে তিনি ঘরে রাখেন কি রাস্তায় চরাইয়া বেড়ান্ সে ভাবনা নেংটীধারী তোমার কেন?

এই ঘটনা সম্বন্ধে আশ্রমের লোকদিগের প্রতি তোমার বক্তব্য বা কর্ত্তব্য কিছু থাকিতে পারে না। তুমি মানিয়া লও, তাঁদের কর্ত্তব্য তাঁহারা শেষ করিয়া দিয়াছেন। বুড়া হ'য়ে গেলে, এখনও বুঝিবে না যে মায়ের কোলের ছেলেকে রাস্তায় ঠেলিয়া ফেলিতে, মা ছাড়া আর কে পারে? পাগলী মায়ের যিনি মা, সেত ওর উপরও এককাঠী না হবে? দেখ না কি করে সেই উন্মাদিনী? আপন বুকের ছেলে নিয়ে কি নৃশংস খেলা? তবু দেখ্‌ই না!

আশ্রমের লোকেরা কে কি করিয়াছে বা বলিয়াছে, তাহা জানিবার বুঝিবার লোভ আমার নাই। যতটুকু তারা দেয়, সেজন্য অজস্র ধন্যবাদ। আর যদি না দেয়, বলিবার কিছু নাই। মানুষ, সে যেই হউক, সঙ্কীর্ণতা আছে বলিয়াই মানুষ। এই সঙ্কীর্ণতার ভিত্তির উপর যদি কেহ আশ্রয়ের সৌধ নির্ম্মাণ করে, তবে আজ না হয় কাল তাহা ধূলিসাৎ হইবেই। মানুষ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এক সময়ে নিশ্চয়ই পদাঘাত করিয়া বুঝাইয়া দিবে যে, সে মানুষ, তাই আশ্রয়নীয় নহে। তার আঘাতে সত্য আশ্রয়কে স্মরণ করিবার সুযোগ পাই, এজন্য প্রাণপণে মানুষের নির্দ্দয়তাকে মূল্যবানই জ্ঞান করিব। যাহা সত্যই মঙ্গল বিধান করে তাহাকে মন্দ বলি কেমন করিয়া ?

এ সম্বন্ধে এখন তুমি যাহা ভাল মনে কর তাই কর। একবার ভেবে দেখ, আমরা কত বড় মূর্খ ! যে কাজ কোন মানুষ সত্যই করিতে পারে, তাহা সে কেমন করিয়া পারিল, কেন পারিল ইত্যাদি ভাবিয়া ভাবিয়া আমরা রাগে দুঃখে পুড়িয়া মরিব ! তা কেন হবে ? যা ঘটিবে তাহাই সত্য। আমার কার্য্য আরম্ভ সেখান থেকে। বিচারক হবার বুদ্ধি আমার আছে কই ? কেন লোকে কি করে তাই যদি বুঝিব, আর দুঃখ দুঃখ করিয়া চীৎকার করিতে হইবে কেন ? কি করা সম্ভবপর হয় না হয়, ইচ্ছা হইলে জানাইতে পার।

বর্ত্তমান ঘটনাকে কারণ করিয়া তোমার নিজের সম্বন্ধে কোনও কর্ত্তব্য নির্দ্ধারণ ভুল হবে। শেষ পর্য্যন্ত ধৈর্য্য-সহকারে সব দেখে যাওয়াই ব্যবস্থা। আর যা কর সবই অন্যায় হবে।

আমার কথা আর বিশেষ কি লিখিব ? অবস্থা ভাল নয়। তবে আমাকে মা এক রকম চালিয়ে নিচ্ছেন। লেখার কাগজের ব্যবস্থা করেছি, বংশীর দোকানে বাকীতে ; নইলে যে লেখা চলে না। আজকাল হাত একদম ছাপ্। সেদিন প্রেমানন্দ স্বামী এসেছিলেন। বউ তাঁকে কয়েকটা কথা জিজ্ঞাসা ক'রে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একদম হতাশ হয়েছে। তিনি বলেন, আমার বর্ত্তমান ব্যবস্থা নেহাৎই ভুল। ঠাকুরের যাহা ইচ্ছা ছিল, তাঁহার তিরোধানে সে ব্যবস্থা উলট্ পালট্ হইয়া গিয়াছে। কাজেই আবার নূতন আলোতে ভাবিয়া দেখা দরকার—ইত্যাদি। এ কথার ফল বউয়ের উপর খুব খারাপ হওয়াই সম্ভব ছিল; কিন্তু আশ্চর্য্য সে সন্ন্যাসীর মত গ্রহণ করিতে পারে নাই। তারও এখন কথা, দেখ চেষ্টা করিয়া—দেখি না ঠাকুর কি করেন। আর আমি? একথা আমার কাণে মোটেই ঢোকে নাই; কাজেই আর আশঙ্কা কি? যা হয় হউক—আমরা বল্‌ব, জয় গুরু, জয় মা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬৬

খাজাঞ্চি রোড
বাঁকিপুর
১৮ই মাঘ

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের.........

তোমার পূর্ব্বের কার্ডও পেয়েছিলাম, আর বিশ্বরঞ্জন-দা'র চিঠিতে যে ফুট্‌নোট লিখেছিলে, তাহাও গতকল্য পূজা করিয়া উঠিয়াই পাইয়াছি। দেখ্‌লে ত, শেষ পর্য্যন্ত আসা হইল না! এতে তুমি যে খুব দুঃখিত হ'বে, তা' আমি ভাল ক'রেই জানি। দুঃখিত আমি নিজেও নেহাৎ কম হইনি। এমনি এক সরস্বতী-পূজা উপলক্ষ্যে শ্রীশ্রীঠাকুরের সঙ্গে প্রথম পরিচয়ের সৌভাগ্য ঘটে। তদবধি শ্রীশ্রীঠাকুরের তিরোধান পর্য্যন্ত সকল পূজাতেই ত উপস্থিত থাকা গেছে। ফলে এমনি একটা মানসিক অভ্যাস হ'য়ে গেছে যে, পূজা উপলক্ষ্যে ছুটে আসতে স্বভাবতঃই মনটা উতলা হ'য়ে পড়ে। অন্যান্য বারের মত এবারেও তাই হ'য়েছিল। যাইনি যে— তবুও এখনও সত্য ক'রে বিশ্বাস হয় না যে, আমি সত্যই যাইনি। যা' হউক, শেষ পর্য্যন্ত দেখা গেল, যাওয়ার দরকার হ'ল না। মোটের উপর ভালই হ'ল। 'পূজায় যেতেই হবে'

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—এই বুদ্ধিটা এইবারে সংযত হওয়ার সুযোগ পেল। আশাকরি এর পরে এমন দুর্ব্বুদ্ধি যা'তে ঘাড়ে চেপে আর না থাকে, তা'রই অভ্যাস করা সম্ভবপর হ'বে! সব দুঃখের মূল কি জান? একটা দুরন্ত অভিমান! ঠাকুর জীবিত থাক্‌তে এমন ঘটনা হ'তেই পারত না যে, সুস্থ শরীরে অন্যত্র থেকে গেলাম, পূজায় আসা হ'লনা; অথচ আগ্রহের তিলমাত্র অভাব নেই! কিন্তু ঠাকুর নিজের ব্যবহার দিয়েই শিখিয়ে গিয়েছেন যে, পেয়ে সুখের পালা শেষ হ'য়ে গেছে। এবারে বঞ্চিত হওয়ার সুখের আনন্দের অধিকারী-ই হ'তে হবে। দেখাই যাক্ না—কোথাকার জল কোথায় গিয়া দাঁড়ায়! ছুটি ত একদিন নিতেই হ'বে! একটু একটু ক'রে যদি বন্ধন ঢিলা হ'তে থাকে, তা'তে লোকসান কি? তোমার আমার ভাললাগাকেই এতবড় করিয়া দেখিও না। জগৎ শুধু সেই মাপেই চলিতে রাজী হইবে না। আমাদেরই একজন যে আন্তরিক অফুরন্ত ইচ্ছা সত্ত্বেও শুধু আর্থিক বিকলতার জন্যই মায়ের পূজায় যোগ দিতে পারিল না, এই সহজ কথাটা কি কাহারও প্রাণে বেদনার মত জাগে? যদি না জাগে, তবে কেন অযথা লোককে বিব্রত কর? বিদায়ের বাঁশী যদি বেজে থাকে, ত তাকেই জা'গতে দাও। সত্যকে সহজেই গ্রহণ কর—যত তিক্তই কেননা লাগুক্!

আশাকরি শ্রীশ্রীঠাকুরের অহৈতুক কৃপায় তোমাদের পূজা সর্ব্বাঙ্গসুন্দর হইয়াই ফুটিয়া থাকিবে! পূজাসাফল্যের বিস্তৃত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

খবর দিও। 'পূজা' পত্রিকা কেন বাহির হইলনা, বুঝিতে পারিলাম না।

আমার অবস্থা আর নূতন করিয়া কি লিখিব? এই অচল অবস্থাও যতদিন চলিতে পারে, চলিবে। তারপরে যেমন বুদ্ধি মা দেন, তেমনি একটা কিছু করিয়া ফেলিব।

একবার চৌধুরীকে গিয়া শক্ত করিয়া ধর এবং বল যে, টাকা এখন না হইলেই নয়। যেমন ক'রে হোক্, এই সময়ে তিনি আমার টাকাটা না দিলেই নয়, ইত্যাদি। কথা আর তাহার শুনিও না। কাজে কিছু করিতে বলিও। আমি তাঁহাকে চিঠি আর দিলাম না, কারণ জবাব তিনি দেন না।

আমার পূজা বহুল পরিমাণে অঙ্গহীন হইলেও আনন্দহীন হয় নাই। মা যে আমারও—তা' এখনও বোঝা যাচ্ছে। অত্র মঙ্গল। তোমাদের কুশল লিখিও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬৭

বাঁকিপুর
৫ই ফাল্গুন
শুক্রবার

ওঁ সদ্‌গুরুং ত্বং নমামি

স্নেহের............

তোমার পত্র পাইয়াছি। মায়ের ইচ্ছা হইলে আগামী কল্য শনিবার হইতে আমি সাত দিন উপবাসের ব্রত গ্রহণ করিব। সম্ভব হইলে মৌনও থাকার ইচ্ছা।

ইত্যবস্থায় আর অধিক লিখিবার ইচ্ছা নাই। প্রয়োজন হইলে পরে দেখা যাইবে।

তোমার স্বভাব জানি বলিয়াই বলিতে হয় যে বিষয়টাকে অযথা জটিল করিয়া ভাবিও না। ইহা আমার পূর্ব্বাবস্থারই অবশ্যম্ভাবী স্বাভাবিক পরিণতি। প্রার্থনা করিও, যেন মায়ের ইচ্ছাই জয়যুক্ত হয়। অত্র মঙ্গল। আশাকরি তোমরাও কুশলেই আছ। তুমি আমার স্নেহ-সম্ভাষণ গ্রহণ কর। ইতি।

পুঃ—আশ্রমের চান্দ্রায়ণব্রত সফল হউক—মায়ের কাছে আমার এই প্রার্থনা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬৮

খাজাঞ্চী রোড
বাঁকিপুর
৬।৩।৩৩

ওঁ সদ্‌গুরুং তং নমামি,

স্নেহের…………

তোমার পত্র পাইয়াছি। এতদিনেও তোমাকে উপবাস সম্বন্ধীয় কোন কথাই লিখি নাই ইহাতে তুমি সবিশেষ দুঃখিত দেখিতেছি। না লেখার একটা সহজ কারণ ছিল, সেটা তোমার লক্ষ্য হয় নাই। আমার যেদিন ব্রতভঙ্গ সেদিন থেকেই আশ্রমে ব্রত আরম্ভ হইয়াছে। আমার ধারণা ছিল এই ব্রতে তুমিও একজন ব্রতী থাকিবে। ইহাই আমার স্বাভাবিক মনে হইয়াছে। কাজেই তোমাদের মৌন ব্রতের মধ্যে আমার ব্যক্তিগত কথা দিয়া তোমাকে উন্মনা করার ইচ্ছা আমার ছিল না। সেই জন্যই বিশ্বরঞ্জন-দা,কেও এখন পর্য্যন্ত কোন চিঠি আমি লিখি নাই।

এখন আমার কথা বলি। উপবাসের সঙ্গে মৌন ব্রতও ছিল। আমার মৌন ব্যাপারটা একবার অনুধাবন করিয়া বুঝিও— বিশেষতঃ যাহার চৌদিকে নিরন্তর লোকেরা তাহাকে অবলম্বন করিয়া সকল কথাই বলিয়া যাইতেছে! প্রথম কথা, উপবাস করার গূঢ় কারণ কি? বিশেষ করিয়া উপবাসের রূপ ও রস,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সত্য করিয়া অনুভব করার জন্য। এক বৎসর হইয়া গিয়াছে, চতুর্দ্দিক হইতে উপবাস উঁকি ঝুঁকি দিয়া নিরন্তর ভয় দেখাইতেছে। এ অবস্থায় আমার যে সঠিক কি কর্ত্তব্য তাহা উপবাসের মধ্যে বসিয়া, নির্দ্ধারণ না করিলে সে সিদ্ধান্ত ভুলই হইবে এই বুঝিয়া, উপবাসের মধ্যে থাকিয়া ভাবী কর্ত্তব্য সঠিক নির্দ্ধারণ ছিল, ব্রতের একটা মুখ্য উদ্দেশ্য। তারপরে উপবাসের তীব্রতার সঙ্গে সঙ্গে মা থাকেন, কি ভয়ে পলায়ন করেন তাহাও বুঝিবার জন্য। উপবাস করিয়া যাহা বুঝিয়াছি তাহা এই যে—উপবাস আমার কাছে যে মাধুর্য্যের উৎস খুলিয়া দিয়াছিল সে সন্ধান যদি লোকে পায়, তবে উপবাস Epidemic এর মত লোককে পাইয়া বসিবে। আশ্চর্য্য অচিন্তিত-পূর্ব্ব সেই সার্থকতার আনন্দ। এক কথায়, উপবাসে আমার বিন্দুমাত্রও কায়িক বা মানসিক ক্লেশ হয় নাই, শরীরের সমস্ত অভিযোগ এমন মধুরতা লইয়া ফুটিয়া উঠিত যে আমি মুগ্ধ হইয়া যাইতাম। উপবাস ছাড়িতে আমার খুব ত্যাগ স্বীকার করিতে হইয়াছে, ইহা হইতেই অবস্থাটা বুঝিবে। এমন যে হইতে পারে, তাহা আমার কল্পনারও অগোচর ছিল। শারীরিক সামর্থ্য এমন ছিল যে অষ্টম দিন সকালেও আমি নীচে হাঁটিয়া গিয়াই স্নান করিয়া নিজের কাপড় নিজে কাচিয়া আসিতে সক্ষম ছিলাম। কোন বিশেষ অসুবিধাই বোধ করি নাই। শ্রীগুরুর আশীষ সর্ব্বদাই শিরে বর্ষিত হইতেছে কিনা জানিতে চাহিয়াছ। সে কথা আর কি বলিব। "প্রাণের প্রাণ তুমি প্রাণ রমণ," যে কত সত্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহাই একটু একটু বুঝিতেছি। এতক্ষণে এ সব বাজে কথা আর না শুনিয়া, কর্ত্তব্য কি নির্দ্ধারিত হইল, তাহাই জানিবার জন্য তোমার মন ব্যাকুল হইয়া থাকিবে। কাজেই সে কথাই এবারে বলা যাউক।—বোধ করিয়াছি, চাকুরীর ফাঁড়া আমার কাটিয়া গিয়াছে; ঐ পথ আর আমার নয়। আমাকে লিখিতে হইবে—ভয়ানক ভাবে লিখিতে হইবে। ঐ পথেই সমস্ত সমস্যার সমাধান বিদ্যমান। সমগ্র গীতারই ভাষ্য লিখিব, গীতায় গুরুতত্ত্বও আলাদা করিয়া পূর্ব্বে সম্পূর্ণ করিব এইরূপ অভিপ্রেত। এই কার্য্য সমাধা করিতে আমার অন্ততঃ এক বৎসর সময়ের প্রয়োজন। এ সময়টা আমার বাঁচা দরকার। এক বছরে আমার অন্যূন মাসিক ৪০৲ টাকা হিসাবে প্রায় ৫০০৲ টাকা প্রয়োজন। আমাকে দিয়া লিখাইতে হইলে মায়ের ইহার যথাযোগ্য ব্যবস্থা করা দরকার। কারণ—"অন্নচিন্তা চমৎকারা, কাতরে কবিতা কুতঃ"। যদি সংস্থান হয় তবে সবই হইবে। লোককে অশ্রুতপূর্ব্ব গীতা শুনাইয়া সেবা করিব। না হয় তাও ভাল, মায়ের ইচ্ছায়, হয় মরিব, নয় বাঁচিব। যেমন তাঁহার খুশী। মায়ের বুকে মরিবারও সুখপ্রদ প্রশস্ত স্থান বিদ্যমান, কাজেই কোন দিকেই ভয়ের কোন হেতু নাই। কথাটা এখন মোটামুটি বুঝিবে। পত্রে আর কত লিখিব; আমার কার্য্য আমি আরম্ভ করিয়াছি, মায়ের কার্য্য মা করিবেন।

বর্ত্তমানে এক মাসের খোরাকীর সংস্থান মা করিয়াছেন; কাজেই এ সময়টা আমি নিশ্চিন্ত। বাড়ী ভাড়া ৩২০৲ টাকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়াছে। এই ভারটা মাঝে মাঝে পীড়া দেয়। দেখা যাক্ মায়ের কি ইচ্ছা। এই মাস হইতে বাড়ীতে আরও দুই দল ভাড়াটিয়া আসিল। তাহারা ২৭৲ টাকা ভাড়া দিবে। আমার ভাগে ১৩৲টাকা রহিল। এই ব্যবস্থা করিয়া শ্রীশ্রীঠাকুরের আদেশ অনুযায়ী বাসা না ছাড়িবার শেষ চেষ্টা করিতেছি। রমেশ বাবুর বাড়ীতে সপ্তাহে দুইদিন (মঙ্গল ও শুক্রবার) 'গীতা'ক্লাশ আট মাস চলিতেছে, জান! গতকল্য হইতে বাসাতেও প্রতি রবিবারে বৈকালে ৩॥—৫॥০ টা পর্য্যন্ত 'গীতা'-ক্লাশ হইবার ব্যবস্থা হইল। বাসায় যে লোক আসিয়াছে, তাহাদের মধ্যে একজন একেবারে বিখ্যাত কীর্ত্তনীয়া। মায়েরই ব্যবস্থা! সে ইঙ্গিতই পালন করিলাম। গীতা ব্যাখ্যায় মা যে অপূর্ব্ব রহস্য রূপে প্রকটিত হইতেছেন, তাহাতে আমি নিজেই মুগ্ধ। অন্যেও যে তৃপ্তি লাভ করে, তাহারও কতকটা পরিচয় পাওয়া যাইতেছে। আমার দিকের সমস্ত আয়োজনই শেষ হইল; এখন শুধু পাত্রীর অভাব। এখন মায়ের ঘাড়ে দায়িত্ব ফেলিয়া আমি চলিতে থাকিব। মা যে মূর্ত্তিতে খুশী—আসুন। উপবাসের অন্তরে মায়ের যে সদা হাস্যমুখ প্রত্যক্ষ করিয়াছি, তাহাতে ঐটাকে আমার মরণের পথ ভাবিতে সঙ্কোচ বোধ হয়। প্রয়োজন হইলে ঐ পথেই আমি হাসিমুখে চলিব। বোধ হইতেছে, এমনই মায়ের বর আছে।

পূর্ণিমার দোল সারিয়া আমাকে একবার আসিয়া পড়িতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লিখিয়াছ! মাঝে মাঝে তোমাদের কথা শুনিয়া মনে হয়—তোমরা দিনকাণা ও রাতকাণা উভয়ই। আমি ইচ্ছা করিলেই যে আসিতে পারিনা—এ কথাটা কি ভাষায় বলিলে তোমাদের স্মরণ থাকে বলিতে পার?

ব্রত সুন্দর হইয়া সার্থক হইয়া উঠিতেছে জানিয়া আমি আহ্লাদিত। মায়ের আশীর্ব্বাদে ব্রতীদের সাধনা সফল হউক—এই প্রার্থনা। বিশ্বরঞ্জন-দা'কে আমার আন্তরিক প্রীতি জ্ঞাপন করিয়া বলিবে যে, তিনি মৌন বলিয়াই এতদিন তাঁহাকে চিঠি লিখিতে পারিতেছি না। গতকল্য শরীরটা একটু খারাপ হইয়াছিল, আজ ভালই আছি। এখন সর্ব্বপ্রকারেই স্বাভাবিক অবস্থা। মায়ের ইচ্ছা পুর্ণ হউক। দেখ দাদা! সবদিক দিয়া বিবেচনা করিয়া দেখিলে মনে হয় যে, 'মা' জিনিষটা নেহাৎ খারাপ ঠিক নয়!

পুঃ—চৌধুরী কিছুই করেন নাই। সম্ভব হইলে তুমি একবার যাইয়া তাঁহাকে জিজ্ঞাসা করিও যে, তিনি যে আমাকে টাকা পরিশোধ করিতে ইচ্ছা করেন—তাহা আমার ইহলোকে, না পরলোকে? যদি ইহলোকেই দিতে হয়, তবে আর কবে দিবেন?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬৯

বাঁকীপুর
বাং ৩০।৩।৩৩

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের............

তোমার পূর্ব্ব পত্র ও পোষ্টকার্ড, প্রেরিত টাকা সবই পাইয়াছি। বহুদিন ধরিয়া স্ত্রীটির অসুস্থতা ও ছেলে পিলেদের অসুস্থতার উপলক্ষ্য করিয়া এমন কাবু হইয়া পড়িয়াছিলাম যে যে একটু "বসিবার"ও সুযোগ ছিল না। অন্যে পরে কা কথা! যাহা হউক, এখন অবস্থা অনেক ভাল, যদিও Normal অবস্থা ঠিক নয়। আজ তোমাকে বেশী কিছু আর লিখিব না, কারণ তুমি ভরসা দিয়াছ যে তুমি নিজেই সশরীরে আমার অভিমুখে রওনা হইতেছ। এখন জিজ্ঞাস্য এই যে, যদি আসিতেছই, তবে একটু বুদ্ধি করিয়া শ্রীশ্রীঅন্নপূর্ণা পূজার পূর্ব্বে আসিয়া পৌঁছিতে পারিলে দোষ ছিল কি? তা যেমন হয় কর, Better late than never. ঠিক্ ঠিক্ কবে আসিতেছ জানিতে উৎসুক রহিলাম। আশাকরি পূর্ব্বেই পত্র লিখিয়া সংবাদটা দিবার সুযোগ পাইবে।

শ্রীযুক্ত চৌধুরী ১০৲ টাকা পাঠাইয়াছেন। কিন্তু কথা এই এখনও যদি ১০৲ টাকা, তবে আর বেশী দিবেন কবে?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এখানকার খবর ভাল। বিস্তারিত মুখেই হইবে। শ্রীমান সুধীর ভাল আছে। এখানকার গীতা ক্লাশ পূর্ণোদ্যমেই চলিতেছে। সম্প্রতি এখানে কলিকাতা হইতে প্রভুপাদ প্রাণগোপাল গোস্বামী আসিয়াছেন। হরিসভায় একমাস ভাগবৎ-পাঠ হইবে। তুমি বৈষ্ণব লোক; ইচ্ছা করিলে এ সুযোগেরও সদ্ব্যবহার করিতে পারিবে। অত্র মঙ্গল। তোমাদের কুশল লিখিবে। তোমার আসার প্রস্তাবে যে আমি বিশেষ একটা খুশীর ভাব বোধ করিতেছি, সে কথাটা কি খুলিয়া বলার প্রয়োজন আছে?

———

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭০

খাজাঞ্চী রোড
বাকিপুর
২৩শে আশ্বিন

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের.........

পত্র লিখিতে যথারীতি বিলম্বই হইল। এখানে আসিয়া এ কয়দিন শরীর ভাল ছিল না। রোজই বৈকালে জ্বর হইত এবং গা বেদনা হইত। শরীরটাও অত্যন্ত দুর্ব্বল ছিল। এইরূপই চলিয়াছে। তবে কাল হইতে একটু ভাল বোধ করিতেছি। মনে হয় এইবারে শরীর আবার ভালই হইবে। যে অসুস্থতার বিবরণ দিলাম এটা লক্ষ্মীপূজার দিনের কথা নয়। ঐ দিন বেশ ভালই ছিলাম।

এই পত্রে প্রথম লিখিতে হয় লক্ষ্মীপূজা কেমন হইল। পূজার আয়োজন ইচ্ছানুযায়ীই হইতে পারিয়াছিল। ফুল সংগ্রহের ভার দিয়াছিলাম রেবার মায়ের উপর। তিনি বিচিত্র রঙ্গের পুরা এক ধামা তাজা ফুল পাঠাইয়াছিলেন— যাহার মধ্যে মা সশরীরে উপস্থিত ছিলেন। পূজার সঙ্গী ছিল দক্ষিণা সেন। পূজক ত নয় দর্শক। পূজা হইয়াছিল অবর্ণনীয়। মায়ের রূপরসের সাগর একেবারে উথলিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উঠিয়াছিল। মাকে লইয়া এখন আমি কি করি, এই ভাবিয়া বিব্রত হইয়া পড়িয়াছিলাম; তুমি হইলে নিশ্চয় ভীম ভৈরব হুঙ্কার ও উদ্দণ্ড নৃত্যে পৃথিবী কম্পিত করিয়া দিতে—এইরূপ মনে হয়। মনের মানুষ পাইলে আমিও হয়তো তাহার গলা ধরিয়া ধেই ধেই নাচিতাম। ভোগ রান্না করিয়াছিল দক্ষিণা সেনের স্ত্রী। বীণার হাত তাহার মধ্যে অতি সামান্যই ছিল। অনেকটা ওকালত-নামা দিয়াই সারিয়াছিল। হোমও হইয়াছিল আশ্চর্য্য। যদিও খুব দীর্ঘকালের ঘটনা নয়, তবুও ঐ সময়টা এক অপূর্ব্ব রসের ভাবে পরিপূর্ণ ছিলাম। কাজেই বুঝিতেছ পূজা করিয়া খুবই আহ্লাদিত হইয়াছি।

ইহার পরের দিন রেবাদের বাসায় গীতা পাঠ করিয়াছি। সেখানে একজন অদ্ভুত সাধক আসিয়াছিলেন। তিনি সকালে ধ্যানে বসিয়া ১১টায় উঠিতেন। তারপরে স্নানান্তে বসিয়া আবার ৬টায় উঠিতেন। তারপরে ঘুরিয়া ফিরিয়া আবার বসিতেন রাত ৯টা পর্য্যন্ত। ইহার পরে একবেলার দৈনন্দিন আহার। তারপরে আবার একটু রাত্রির বিশ্রামের আয়োজন সূচক বৈঠক দিয়া রাত্রির বিশ্রাম। তা তিনি কি করিতেন তিনিই জানেন। এইরূপ কার্য্যক্রম চলিতেছে গত দশ বৎসর। ভদ্রলোকের নিবাস কুমিল্লা জিলায়; বয়স ৭০ এর উপরে। তিনি গীতা শুনিতে চাহিলেন। কাজেই শরীর অপটু-সত্ত্বেও এ আদেশ অগ্রাহ্য করিতে পারিলাম না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমাদের বাসায়ও গতকল্য হইতে গীতা আরম্ভ হইল। নূতন শ্রোতার মধ্যে বরিশালের মুকুন্দবাবু ও অমৃতবাবু (হীরালাল বাবুর বড়দাদা ও ছোড়দাদা)।

বাসায় আসিয়া খবর পাইলাম গৃহিণী গত বিজয়ার দিন রাত্রিতে এক মৃত কন্যা প্রসব করিয়াছিলেন। ঘটনাটা একটু জটিলই হইয়াছিল। শেষ পর্য্যন্ত অকুশল কিছু হয় নাই। জামাতা বাবাজী ছিলেন। দক্ষিণা সেনকেও ডাকা হইয়াছিল। তাহারা তিন জন শেষকৃত্য সমাধা করিয়াছে। বউর শরীর ভালই আছে। অদ্য রান্না করিয়াছে, ইহাই প্রমাণ।

.........র যথাপূর্ব্ব চলিতেছে। আমার প্রতি মনোযোগ দিন দিনই বৃদ্ধি পাইতেছে, এটাই তাহার বর্ত্তমানে বিশেষ লক্ষণ দেখা যাইতেছে।

লক্ষ্মীপূজার দিন প্রাতে দক্ষিণা সেনের বাসায় গীতা পাঠ হইয়াছে। সেখানে......উপস্থিত ছিল। পাঠান্তে আমাকে প্রণাম করিয়াই সে বলিল—আমাকে দীক্ষা দিন্। ইহার পরে দুইদিন তাহার সঙ্গে আলোচনা হইয়াছে। হঠাৎ দীক্ষা নেওয়ার বিপদ তাহাকে বুঝাইয়া দিয়াছি। যতদিন এ বিষয়ে সে তাহার আপন লোক চিনিয়া লইতে না পারে ততদিন ধৈর্য্যের সহিত তাহাকে অপেক্ষা করিতে বলিয়া দিয়াছি।

আর যে কি লিখিব মনে হইতেছে না। পূজার আনন্দে মন যে পরিমাণে পরিপূর্ণ, বাহিরে হাত সে পরিমাণে খালি। সকলে আমাকে জিজ্ঞাসা করে এখন কি হইবে। আমি শুধু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বুঝিতেছি, ভয়ের কোন হেতুই নাই। এমন যার মা, তাহার আবার ভয়ই বা কি, চিন্তাই বা কি? আর তোমাকে কাণে কাণে বলি—এ বিষয়ে মনের কোথাও চিন্তার লেশ মাত্রও নাই। স্পষ্ট বুঝিতেছি, যাহা সুন্দর, যাহা শোভন, যাহা মায়ের মত, আমার মাও তাহাই করিবেন। মায়ের কাজ মা করিবেন—আমি শুধু বলিব—জয় গুরু, জয় মা।

তুমি আমার স্নেহালিঙ্গন গ্রহণ কর। মা এবারে স্নেহে একেবারে অভিষিঞ্চিত করিয়া দিয়া গিয়াছেন এবং দিতেছেন।

অত্র মঙ্গল। তোমাদের আশ্রমের কুশল লিখিও। আশ্রমের সকলকে আমার প্রণাম দিও। বরাহনগরের ভ্রাতৃবৃন্দকে আমার ভালবাসা নিবেদন করিও। বিশ্বরঞ্জন-দা এখন কোথায়?

পার যদি, তবে একবার চৌধুরীর সঙ্গে দেখা করিও। বাড়ীওয়ালা ভাড়ার জন্য লোক পাঠাইয়াছিল। বলিয়া দিয়াছি টাকা নাই। দু ঘরের একঘরেও এখন ভাড়াটিয়া নাই। বাড়ী ছাড়িয়া দিব কিনা ভাবিয়া দেখিব।

———

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭১

ওঁ জয় গুরু জয় মা, ওঁ জয় গুরু জয় মা, ওঁ জয় গুরু জয় মা
ওঁ জয় গুরু জয় মা, ওঁ জয় গুরু জয় মা, ওঁ জয় গুরু জয় মা
ওঁ জয় গুরু জয় মা, ওঁ জয় গুরু জয় মা, ওঁ জয় গুরু জয় মা
ওঁ জয় গুরু জয় মা ॥

বাঁকীপুর
২২।১০।৩৩

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের·········

তোমার পত্র পাইলাম। তুমি চিঠি লিখিতে লিখিতে যে কি লিখিবে তাহা ভুলিয়া গিয়াছ সে অবস্থা সুস্পষ্ট। যা হউক তবুও লিখেছ ত, তাই বা মন্দ কি? আমি লক্ষ্মীপূজার কথা লিখিয়াছি। তুমি লিখিয়াছ যে সবই তুমি জানিতে। তুমি যে ভয়ানক সর্ব্বজ্ঞ হয়ে দাঁড়ালে। এতই যদি জান, তবে চিঠিতে কি আমি লিখিব এটাও যদি দয়া ক'রে জানিতে আরম্ভ কর, তবে আর আমার দিক থেকে চিঠি লেখার ঝঞ্ঝাটটাও থাক্‌বে না। শুধু তুমি জানিয়া নিলেই হইবে।

মায়ের পূজা আসিতেছে। কি দিয়া কি হইবে তাহা কিছুই জানি না। তবুও অন্তরে আহ্লাদের আর অন্তই নাই। আয়োজন কিছু সম্ভব হয় হবে; না হয় তাতেই বা কি?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুধু হাতে, শুধু মুখে, কেবল ব'লব—জয় গুরু জয় মা। এ যদি হয়, তার পরে কি হইল না হইল, সে দায়িত্ব আমার নয়। ভরসা হচ্ছে, আনন্দের ঢেউ ব'য়ে যাবে।

অবস্থার কথা জানতে চেয়েছ। অবস্থা ভালই, তবে পয়সা নেই। এ মাসটা ত·ঘটনাবহুল। কাজেই আমার পক্ষে মাসের এপার হ'তে ওপারে যাওয়া একটু কৃচ্ছ্রসাধ্য। তা যা, হউক ও কথা ভেবে লাভ নাই। মা আমাকে এ বিষয়ে নিশ্চিন্ত ক'রেই রেখেছেন। কাজেই সে ভাবনা মায়ের।

Income Tax সম্বন্ধে একজন officer এর উপর তদন্ত ভার প'ড়েছিল। তিনি তদন্ত করিয়া গিয়াছেন। লোকটি বেশ ভাল বলিয়া আমার বোধ হইয়াছিল। সব কথা তাঁ'কেও বলিয়া দিয়াছি। মনে হইল বিশ্বাস করিয়াছেন। খবর পাইলাম, আমার কাছ থেকে আদায় হওয়ার মত সম্পত্তি আমার নাই এইরূপ Reportই তিনি দিয়াছেন। যদি তাহা হইয়া থাকে তবে এবারের মত Income Taxএর ঝঞ্ঝাটটা মিটিয়াই গেল। মায়ের ইচ্ছায় সবই যে সম্ভব—এ ঘটনা তাহার একটা প্রকৃষ্ট প্রমাণ। তবুও সন্দেহ! এমনই আমরা!

এখন বাড়ীভাড়ার ঝঞ্ঝাট। একবার ভাবি, এ বাড়ী ছেড়ে ছোট একটা বাড়ীতে চ'লে যাই। আবার ভাবি এতদিনত ভালয় ভালয়ই গেল, দেখিনা আরও কিছু কাল—ইত্যাদি রূপে মনে আন্দোলন চ'ল্‌ছে। মা এ ব্যাপারে তাঁহার কি কৌশল দেখাবেন, তাই দেখ্‌বার জন্য লুব্ধ হয়ে বসে আছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লেখাপড়া আরম্ভ হয় নাই। তবে লিখিতে বসা আরম্ভ হইয়াছে। ফল বিশেষ কিছুই এখনও দেখা যায় নাই।

কালীপূজার কথাটা ভুলেই গেছি। রাত্রি ১১টা থেকে ৪॥০টা পর্য্যন্ত পূজা হ'ল। ১০।১৫ মিনিট ভিন্ন সবটাই নীরবে। এ বিষয়ে ভাল মন্দ 'বলাও খুব কঠিন। তবুও ভাবতে ভাল লাগে যে বেশই হইয়াছে। যে ভাবে পূজা হয়, এরূপ ঘটনা হওয়াই যে মায়ের কত বড় দয়া ভাবিয়া মুগ্ধ হই। পূজা কেমন হইল, তার চেয়েও পূজা যে হইল, ইহাই আশ্চর্য্য মনে হয়।

ইতিমধ্যে ভ্রাতৃদ্বিতীয়া গেল! আমি ত 'শূন্য হাতে একা আমি' তা মায়ের ইচ্ছায় ব্যাপারটা ভাল ভাবেই হইয়া গিয়াছে! বীণাই এ ব্যাপারের ভার সানন্দে গ্রহণ করিয়াছে; তাই আমি খালাস। এরূপ কিছু না হইলে আমার অবস্থা কাহিল হইত না কি? তাই ভাবি, মা কতই ফন্দি না জানেন!

...র অবস্থা ভালই চলিতেছে। এতদিন তার আক্ষেপ ছিল যে তার স্ত্রীর এ বিষয়ে যথোচিত উৎসাহ নাই। এখন সে বলে যে তাহার স্ত্রীও দ্রুত তাহারই পথে আসিতেছে। আমার প্রতি স্নেহ নাকি তাহার নিত্যই বাড়িতেছে। কাজেই সে খুব উৎসাহিত বোধ করিতেছে।

তোমার বাসায় পূজার সাফল্যে খুশী হইলাম। Record Break করিতে পারিলে না দেখিয়া দুঃখিত হইলাম। এ প্রসঙ্গে একটা কথা মনে হইতেছে। বাসায় যে মায়ের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছবিখানা আছে, ওখানা হয় তুমি নিয়ে তোমার কাছে রাখ, নতুবা আমাকে দেও। যেমন আছে তেমন থাকা আমার ভাল লাগে না। একটা দৈনিক নমস্কার—এত অন্ততঃ চাই-ই। নইলে যে অবহেলা হয়। তুমি কি বল?

বাসায় জগদীশের জ্বর। আবুলেরও জ্বর জ্বর। এ ভিন্ন প্রায় সকলেই নানারূপে অসুস্থ। এই ভাব চলিতেছে। কাল আমার পেটের অসুখ হ'য়েছিল। আজ ভালই আছি। আমার মোটের উপর ভালই যাচ্ছে। শরীর একটু অপটু হ'লেও মনের আনন্দ অব্যাহতই চলিয়াছে। কাজেই নালিশ করিবার হেতু পাই না। পাগলী মাকে সকলে আহ্লাদ ক'রে নাম দিয়েছ পাগলী মা। এখন যদি সে সত্যই পাগল হয় তবে ত তোমাদের সাধনায় সিদ্ধিই বলিতে হইবে। ওর নিজের দিক্ দিয়া ভাববার কিছুই নেই। কারণ ওর মা আছেন। মা মঙ্গলময়ী, তিনি অসঙ্গত কিছু করিবেন না। ওঁ জয় গুরু জয় মা, ওঁ জয় গুরু জয় মা, ওঁ জয় গুরু জয় মা, ওঁ জয় গুরু জয় মা, ওঁ জয় গুরু জয় মা, ওঁ জয় গুরু জয় মা, ওঁ জয় গুরু জয় মা,

ওঁ জয় গুরু।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭২

খাজাঞ্চী রোড
বাঁকীপুর
২৩শে কার্ত্তিক

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের·········

তোমার মণিঅর্ডারের কুপনটুকুকেই আমার পত্রের জবাব গণ্য করিয়া অগ্রসর হই, এই যে তোমার ইচ্ছা তা বোঝা গেছে। কাজেই তথাস্তু। আরও কিছুকাল পূর্ব্বেই পত্র লেখার ইচ্ছা ছিল। হয় নাই যে তাহাত স্বচক্ষেই দেখিতেছ। কাজেই আর আড়ম্বর না করিয়া কর্ত্তব্যে মনোযোগ দেওয়া যাউক্।

আমার মায়ের পূজা নির্ব্বিঘ্নে সুসম্পন্ন হইয়াছে। পূজা সাকার হইবে কি নিরাকার হইবে সে সমস্যাটা এবার খুব প্রকট ছিল। কারণ হাতে পয়সা ছিল না একটিও। তোমার প্রেরিত টাকা পৌঁছিয়াছে পূজার দিন ৯৷৷৹ টায়। কাজেই উহাদ্বারা পূজার কার্য্য কিছুই চলে নাই। কিন্তু তবুও পূজার ব্যবস্থা সচ্ছলই হইয়াছিল। শ্রীমান্ দক্ষিণারঞ্জন স্বতঃপ্রবৃত্ত হইয়াই পূজার যোগাড়ের সম্পূর্ণ ভার গ্রহণ করিয়াছিল। কাজেই বন্দোবস্তের বিশেষ কোন ত্রুটি ছিল না। আমার মায়ের পূজা যেমন হইলে আমি খুশী হইতে পারি তেমন ত হইতেই পারে না,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

—সে আমার সাধ্যাতীত। তবুও যাহা হইয়াছে খুব ভালই বলিতে হইবে। মিসেস্ গুহ উপস্থিত ছিলেন। পূজার পূর্ব্বের রবিবার গীতাপাঠ শেষ হইলে মিসেস্ গুহ একটী গান করিয়াছিলেন। শুনিয়াই বুঝিতে পারিলাম এবারে আমার মায়ের পূজার সুরটীই মূর্ত্ত হইয়া ফুটিয়া উঠিয়াছে। ঐ ভাবটাই অন্তরে কিছুদিন ধরিয়া ধ্বনিত হইতেছিল। লোকের মধ্যে একটু বিচলিতই হইয়াছিলাম—যেমন দেখিতে তুমি লুব্ধ। কিন্তু তখনও বুঝি নাই, পূজার দিনও ঐ গানটী repeat করা সম্ভব হইবে। কিন্তু তাহাই হইয়াছে। মিসেস্ গুহ উপস্থিত থাকিয়া ঐদিনও ঐ গানটী গাহিয়াছিলেন। উহাতেই এবারের পূজার রকম ও মর্ম্ম সম্যক্ অবগত হইবে আশা করিয়া গানটি তোমাকে উপহার দিলাম। ইচ্ছা যে এক সময় পূজা-মণ্ডপে বিজয়দা বা অন্য কোন মাতৃভক্তের মুখে গানটী শুনিবার সৌভাগ্য হইবে। সেইজন্য সুরও লিখিয়া দেওয়া হইল।

রাস-পূর্ণিমায় গীতাপাঠ ছিল। কাজেই এবারে আমার প্রথানুযায়ী নীরব রাস হইয়াছে বুধবার, এবং গীতা-পাঠ সহ পূজা হইয়াছে বৃহস্পতিবার।

এইরূপে অপূর্ব্ব আনন্দের মধ্যে এই বারের মত পূজা-পর্ব্ব শেষ হইল। আমি অক্ষম, আমি নিঃসম্বল বলিয়াও এত বড় পূজার বিরাট্ আনন্দ-সম্ভোগের সৌভাগ্য হইতে আমি ত কণা মাত্রও বঞ্চিত হই নাই। মায়ের অহৈতুক কৃপায় মা এই মাসাধিক কাল আনন্দস্রোতে ভাসাইয়া দিয়া গিয়াছেন। এ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিষয়ে মুখে কি আর বলিব—শুধু "নমো নমস্তেঽস্তু সহস্রকৃত্বঃ" —জয় গুরু, জয় মা।

এতদিন আনন্দের একটু আতিশয্যই চলিতেছিল; ইচ্ছা করিতেছিল তোমাদের সকলকেই আমার এই আনন্দের অংশী করি। তোমাদের নাই বলিয়া নয়—আমার অনেক আছে বলিয়া—enough and to spare যাহাকে বলে এইরূপই চলিতেছিল। কাজেই এর মাঝে দু'একটা নূতন সমস্যা মাথা জাগাইয়া উঠা খুবই স্বাভাবিক।

গত পরশ্ব তারিখ আমার বাড়ীওয়ালা সীতারামবাবু আমার কাছে হিসাবটা পরিষ্কার করিয়া লইবার জন্য আসিয়াছিলেন। সেই অনুসারে কাল আমি তাহাদের ওখানে গিয়াছিলাম। হিসাব করিয়া সাব্যস্ত হইল এই নবেম্বর মাস পূর্ণ হইলে আমার কাছে তাঁহাদের ৫৫০৲ পাঁচশত পঞ্চাশ টাকা পাওনা হইবে। তারপরে কথা হইল এর পরে কি করা। আমি প্রস্তাব দিয়াছিলাম যদি তাঁহাদের দিকের ভরসা পাই তবে আমি আগামী ফেব্রুয়ারীতক এ-বাসায় থাকিয়া আমার ব্রতের দুই বৎসর পূর্ণ করি। আর যদি তাদের অন্য মত হয় তবে তাহাই করিব। তদুত্তরে তিনি বলিলেন যে অনেকদিন ত দেখা হইল, এখন আমার এতবড় দায়িত্বের হাত হইতে ছুটী নিয়া হাল্কা হওয়ার চেষ্টা করাই ভাল। সেই প্রস্তাব accept করিয়া আমি আগামী ১লা ডিসেম্বরের পূর্ব্বে এ বাড়ী ছাড়িয়া দেওয়া সাব্যস্ত করিয়াছি। শ্রীশ্রীঠাকুরের কথা ছিল এ বাড়ী ছাড়িয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আর নূতন বাড়ী ভাড়া করিবে না। ছেলে পিলে নিয়ে রাস্তায় যাইও। ততটা সম্ভবপর হইবে বলিয়া মনে হয় না। আর একা আমি রাস্তায় গেলেই বা বিশেষ কি লাভ হইবে? সকলকে লইয়া এ চেষ্টা একটা নাটকীয় ব্যাপারে দাঁড়াইবে বলিয়াই আমার আশঙ্কা। ইত্যবস্থায় কি যে করিব কিছুই এখনও ঠিক করি নাই। বুদ্ধির জন্য মায়ের মুখের দিকে চাহিয়া আছি। যেমন বলেন তেমনি করিব। ভাড়া দেওয়ার সামর্থ্য যে নাই তাহাত এতদিনই দেখিয়া আসিতেছি। কিন্তু বাসা যদি ভাড়া করি, তবে ত মাসে অন্ততঃ ১০।১২৲ টাকা নিয়মিতই দিতে হইবে। তাহা কই?

যাহা হউক এতদিনে সত্য সমস্যা আসিতেছে; কাজেই মনে হইতেছে সমাধানও নিকটবর্ত্তী। এতবড় সমস্যায় মা কি সমাধান করেন দেখিবার জন্য তোমাদের ন্যায় আমিও উদ্‌গ্রীব হইয়া আছি। শ্রীশ্রীঠাকুর বলিতেন—মায়ে অসামঞ্জস্য বলিয়া কিছু নাই, দিনের পর দিন আমিও সে কথা সত্য বলিয়াই বুঝিতে পারিতেছি। অতএব শেষ পর্য্যন্ত মাভৈঃ।

এ সম্বন্ধে তোমাকে বলিবার একটা কথা আছে। বাসা যদি ভাড়া করি তবে মাসের ভাড়া ত মাসেই দিতে হইবে, আর একজন সীতারামবাবু যতক্ষণ না পাই। সে জন্য বলি যে যদি চৌধুরীর নিকট হইতে প্রতি মাসে ১২৲ টাকা আদায় করিতে পারিবে মনে এমন বল পাও, তবে না হয় সেটাকেই basis করিয়া একটা বাসা দেখার চেষ্টা করি। চৌধুরীর কাছে এখন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার ১৫৬৲ টাকা পাওনা। ঠিক ১৩ কিস্তিতে শোধ হইতে পারে। একেবারে শূন্যের উপর অন্যকে কি ভরসা দিব ?

বাসায় লোকেরা এখনও বিদ্রোহী হয় নাই। বোধ হয় না-ও হইতে পারে। কারণ আমার তেজ বৃদ্ধি হইয়াছে। আমি তাহাদিগকে বলিয়াছি, অবস্থা যত জটিলই হউক না কেন, আমি বিন্দুমাত্রও ভীত হইব না, কারণ সত্যই আমার মা আছেন। এ কথাটা সত্য কিনা তাহা দেখিবারই অপেক্ষা সকলে করিতেছে।

স্ত্রীটির শরীর আজকাল ভাল নয়। আর সব ভাল আছে। গুরুকৃপা অজস্র অনুভব করিতেছি। কাজেই খুব ভালই আছি। আশ্রমের কুশল লিখিবে। আমাদের প্রমথ দাদার খবর কি ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭৩

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের·········

নানা বাধা-বিঘ্ন-বিপত্তির মধ্যে প্রবন্ধের আমার হাতে যতটা পরিণতি সম্ভব, তাহা লাভ হইয়াছে। এ বারে তোমার দুর্ভোগ আরম্ভ; এখন যাহা হয় কর। আমার আর অযথা বক্তৃতা দিয়া লাভ কি? দুর্গাপূজার বিবরণ এই সঙ্গে দেওয়া গেল না। কা'ল পাঠাইব।

এই মাসের মধ্যেই বাসা ছাড়া প্রয়োজন, অথচ তাহার সঙ্গস্থা ত নাই! দেখা যাক্ কি ঘটিয়া উঠে! চৌধুরী কিছু করেও নাই, বলেও নাই।

বিশ্বরঞ্জন-দা'র চিঠি পাইলাম। তিনি সোমবার বরাহনগর যাইতেছেন—লিখিয়াছেন। ৫ টি টাকাও পাইলাম। কিছু কারণ লেখা নাই; তবে ইহার মধ্যে যদি পূজায় যাওয়ার দায়িত্ব থাকে, তবে তা' ব্যর্থ হইয়াই আছে। মরুভূমিতে জল-বিন্দুবৎ তাহা কোথায় মিলাইয়া যাইবে, কার্য্যকালে আর তাহার সন্ধানও পাওয়া যাইবে না। এ কথা বলার অর্থ—আমার আসার যে এবারে আর সম্ভাবনা রহিল না, তাহা বুঝাইবার জন্য। অন্তরে আনন্দের অভাব নাই।

একটা কথা,—যে প্রবন্ধ দিলাম, তাহার দায়িত্ব আমি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জানি। কাজেই কি ভাবে এটা accepted হয়, তুমি অতি অবশ্য আমাকে যথাসম্ভব সত্বর জানাইবে। সরস্বতী-পূজার প্রবন্ধ লিখি নাই; লিখিব কিনা তাহাও জানি না। শ্মশান-বাসিনীর মুখে কুচভরনমিতাঙ্গীর আভা ফুটিল কিনা একটু খুঁজিয়া দেখিও ত!

আশা করি তোমরা কুশলে আছ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭৪

বাঁকীপুর
শনিবার

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের······

তোমার পত্র পাইলাম। গানটি তোমাকে পাঠাইলাম লিখিয়াছি, কিন্তু পাঠাই নাই। এখন ত খুঁজিয়াই পাইতেছি না। যাহা হউক, পাঠাইবার চেষ্টা করিতেছি। অদ্য শ্রীমান্ দক্ষিণা যাইতেছে, তাহার মারফতে পত্র দিলাম। বিস্তারিত তাহার নিকটেই অবগত হইবে। বাসার যাহা ব্যবস্থা হয়, যথাকালে জানিতে পারিবে।

গীতা পাঠের জন্য আসিতে পারিব কিনা জানিতে চাহিয়াছ। এই উপলক্ষ্য করিয়া ঠাকুরের প্রতিষ্ঠিত আশ্রমে আমি যদি তাঁহার নির্দিষ্ট পদ্ধতিতে নর-নারায়ণের এক আধটু সেবা করিবার সুযোগ পাই, তবে আমাকে কৃতার্থ মনে করিব। ইহাতে কোনও বিনয়ের অবসর নাই। কাজেই যদি বন্দোবস্ত হয়, তবে আমি যেমন করিয়া পারি—আসিব। ১লা ডিসেম্বর বাসা বদলাইবার কথা। কাজেই বাসা বদল করিয়া একটু স্থির হইলেই আমি আসিতে পারি। আমার মনে হয়, ডিসেম্বরের ২য় সপ্তাহে আমার আসিতে বাধা নাই। আমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইচ্ছা—অগ্রহায়ণ থাকিতে থাকিতেই এই ব্যবস্থা আরম্ভ হইলে ভাল হয়।

অত্র মঙ্গল। তোমাদের কুশল লিখিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭৫

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের.........

পত্র পৃথক দিয়াছি। এখন বক্তব্য এই—শ্রীমান্ দক্ষিণা তাহার বাসায় মাকে (আমার মাকে) প্রতিষ্ঠিত করিতে চাহিতেছে। একটা চেষ্টা করিয়াছিল; তাহার কি ফল হইয়াছে তাহার মুখেই শুনিবে। এ সম্বন্ধে আমার একটা কথা আছে। তুমি জান কিনা জানি না, আমার মনে তোমার বাসায় যে আমাদের মা আছেন, তাঁহার সম্বন্ধে একটা স্থায়ী উদ্বেগ আছে। ওখানে ত মা একটু উপেক্ষিত হইয়াই আছেন। অতএব আমার প্রস্তাব, যদি এ বিষয়ে তোমার কোন বিশিষ্ট অভিমত না থাকে, তবে ঐ মাকে দক্ষিণার সঙ্গে দিয়া দিবা। তাঁহাকে তাহার বাসায় স্থাপন করিব। নিত্য পূজা হইবে। এ বিষয়ে আর সব কথা বাচনিক শুনিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭৬

Mahalla—Golakpur
Po. Mahendru.
Patna
5. 12. 33.

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের.........

বাসা ছাড়িয়া নূতন বাসায় আসিয়াছি। উপরে তাহারই ঠিকানা। ২৯শে নভেম্বর বুধবার এখানে আসিয়াছি। এ বাসার জায়গাটা তোমার অপরিচিত নয়। K. K. Guhaর বাড়ী যাইতে Engineering Collegeর ঠিক পূর্ব্ব দিকে রাস্তার মোড়ে এই বাড়ী। অতএব Engineering Collegeএই শেষ পর্য্যন্ত আসিয়া পড়িলাম। পূর্ব্ব বাড়ীওয়ালার সঙ্গে আসিবার দিন দেখা করিয়া আসিয়াছি। তাহাদের হিসাবে ৫৪০৲ পাঁচশত চল্লিশ টাকা পাওনা রহিল। বলিয়া আসিয়াছি এ বিষয়ে পরমাত্মা যেমন ব্যবস্থা করেন যথাকালে জানাইব। তাঁহারা দুঃখ করিলেন এতকাল পরে আমাকে যাইতে দিতেই হইল—ইত্যাদি। ৪০৲ টাকার বাড়ী ছাড়িয়া ১০৲ টাকার বাড়ীতে যাওয়ার মধ্যে একটা ব্যবহারিক-গ্লানি বোধ মানুষের মনে জাগে; কিন্তু আমার উপর মায়ের এমনই করুণা যে এ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিষয়ে বাড়ীর কেহই কোনরূপ দ্বিধা প্রকাশ করে নাই। সকলেই সানন্দে এই পরিবর্ত্তন মানিয়া লইয়াছে।

বর্ত্তমান বাড়ীর মালিক হরিসভার Secretary; তুমি তাঁহাকে চেন। পূর্ব্বে যখন আর একবার এই বাড়ীতে আসার কথা হইয়াছিল তখন এ বিষয়ে বাড়ীওয়ালার মোটেই আগ্রহ ছিল না। কিন্তু এবারে ঘটনা বদলাইয়া গিয়াছে। তিনি আগ্রহ করিয়াই আমাকে এখানে স্থান দিয়াছেন। বাড়ীর ভাড়া ১২৲ টাকা—আমার জন্য ১০৲ টাকা। তিনি বলিয়াছেন ২৲ টাকা তাহার contribution. আমি সম্ভব হইলে বাড়ী ভাড়া বছরে ১০০৲ টাকা করিয়া দিতে বলিয়াছিলাম। তিনি বলিয়াছিলেন যে পূর্ব্বে আসুন। যদি দেখা যায় যে এতেও আপনার দেওয়া কষ্টসাধ্য হয়, তবে না হয় ভবিষ্যতে আবার বিবেচনা করা যাইবে। শেষ কথা তিনি বলিলেন যে যখন ভাড়া একেবারে না দিলেও আমার জোর করিয়া আদায় করিবার সামর্থ্য নাই, সেক্ষেত্রে আর দর দস্তুর করিয়া লাভ কি? ইহার উপরে আর কি বলিব? যখন দেখিলাম যে বাড়ীওয়ালা আমার সঙ্গে ভাড়া ঠিক করার কথা বলিতে বলিতে অশ্রুভারাক্রান্ত হইয়া উঠিয়াছেন—তখন আমি "জয় গুরু জয় মা" ভাবিয়া তাড়াতাড়ি সরিয়া পড়াই সঙ্গত বোধ করিলাম।

এখানে আসিয়া দেখা যাইতেছে যে সকলেই এ পরিবর্ত্তনে অত্যন্ত খুশী। বাড়ীখানা সকলেরই অত্যন্ত পছন্দ হইয়াছে। এত ভাল লাগিতেছে যে মনে হয় যেন কেহ এখানা আমাদের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জন্যই তৈয়ার করিয়া রাখিয়াছে। আমার বিশেষ করিয়া খুশী হইবার তিনটি কারণ। ১ম—গঙ্গা এত কাছে যে রোজ স্বচ্ছন্দে স্নান করা যায়। ২য়—এতকাল পরে আবার পূজার একখানা পৃথক ঘর আমি পাইয়াছি। ৩য়—প্রত্যহই কিছু কিছু চমৎকার ফুল অনায়াসে আসিতেছে।

ইহার উপর আর এক ঘটনা হইল স্থানীয় লোকের আমাদের প্রতি অযাচিত স্নেহ। সকলে নিরন্তর কোথায় কি অসুবিধা হইতেছে তাহার খোঁজ লইতেছেন। কাজেই মনে হয় যেন একেবারে গঙ্গাতীরে নয়, মাতৃক্রোড়েই আসিয়া উপস্থিত হইয়াছি। শ্রীশ্রীঠাকুর ঐ বাড়ী ছাড়িয়া গঙ্গাতীরে আশ্রয় নিতে বলিয়াছিলেন। সত্য সত্যই তাহাই ঘটিয়াছে! গঙ্গার অতি সন্নিকট বলিয়া স্থানটি সাধনারও খুব অনুকূল মনে হইতেছে। অতএব বুঝিতেই পারিতেছ যে মায়ের ব্যবস্থায় কোথাও কোন ত্রুটী নাই। তাঁহার উপর নির্ভয়েই নির্ভর করা চলে।

এখন শুধু কথা এই, যে মায়ের ইচ্ছায় সর্ব্বদিক্ সুসামঞ্জস্য রাখিয়া এখানে যদি টিঁকিয়া যাইতে পারি তবেই হয়।

এখানে আসার ফলে বাসায় গীতা-ক্লাশ ত আর হওয়া সম্ভবপর হইতেছে না। কাজেই একটা নূতন ব্যবস্থা করিতে হইয়াছে। ঐ পাড়ার লোকদের সেবা হইবে আশা করিয়াই বাসায় গীতাপাঠ আরম্ভ হইয়াছিল। সে ইচ্ছা এখনও ত্যাগ করি নাই। সেই জন্য বাসা ছাড়ার সঙ্গে সঙ্গেই অন্যত্র গীতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাঠের ব্যবস্থা হইয়াছে। সকলেই ভাবিয়াছিল ও শ্রীমান্ দক্ষিণারও বিশেষ ভরসা ছিল যে রবিবারের গীতা অতঃপর তাহার বাসাতেই হইবে। কিন্তু তাহা হয় নাই। মায়ের ইচ্ছায় স্থান নির্দ্দিষ্ট হইয়াছে সতুরায়ের বাসায়। এ ঘটনায় সকলেই একটু আশ্চর্য্য বোধ করিয়াছে। কিন্তু তবুও ঘটনা সত্য। গত রবিবারে সেখানে পাঠ আরম্ভ হইয়া গিয়াছে। সতু এই উপলক্ষ্যে নিজেই একটা গান রচনা করিয়াছিল। প্রফুল্ল সেন সেই গানটী গাহিয়াছে। গানটি বেশ চিত্তাকর্ষকই হইয়াছিল। আমাদের নূতন পাড়া হইতে মিসেস্ গুহের নেতৃত্বে ৮ জন মহিলা এখান হইতে হাঁটিয়া গিয়া পাঠে যোগ দিয়াছিল। তন্মধ্যে আমাদের বাসার ২ জনও ছিল। আরম্ভ বেশ ভালই হইয়াছে বলিয়া বোধ হইতেছে। আমার বাসায় ৪র্থ অধ্যায় শেষ হইয়াছিল। এখানে ৫ম অধ্যায় হইতে আরম্ভ হইয়াছে। সতুরায়ের বাসায় গীতা পাঠের কথা বলিতে বলিতে একটা কথা মনে পড়িয়া গেল। সতু আজকাল শেষ রাত্রে উঠিয়া নাম করিতে বসে। বলা বাহুল্য এ ঘটনার সঙ্গে আমার কোনও যোগাযোগ নাই; তাহাদের স্বামী স্ত্রীর মন্ত্র নেওয়ার ঝোঁক দিনের পর দিন বাড়িয়াই যাইতেছে। তাহারা আমাকে সাহায্য করিতে বলে। আমি বলিয়া দিয়াছি যে মা নিজেই সব কিছু করিতে সক্ষম। একটু ধৈর্য্য ধরিয়া থাকিলে তাহাই দেখিতে পাইবে।

এখন মাকে আনার কথা। এ ব্যাপারটা আগাগোড়াই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার মনে হয়, মায়ের নিজেরই কারসাজী। দক্ষিণা ত অন্য মূর্ত্তি কিনিয়া আনিয়া আসনে বসাইয়াও দিয়াছিল। সে মূর্ত্তি রামকৃষ্ণ-মিশনে দান করিয়া দেওয়ার ব্যবস্থা হইয়াছে। তারপরে বুঝিলাম মা-ই আসিতে চাহিতেছেন। তারপরে সব তুমি জান। এজন্যে তোমার মনে দুঃখ হওয়া স্বাভাবিক। যদি স্নেহবশে মাকে নাই দিতে পারিতে, তবে অবশ্যই অন্য ব্যবস্থা করিতে হইত। আমার মনে হয় যাহা হইয়াছে তাহাই বর্ত্তমান অবস্থায় সর্ব্বোত্তম। আমি দক্ষিণা সেনকে স্পষ্ট করিয়া বলিয়া দিয়াছি যে আমার মাকে আমি যখন খুশী তখনই ফিরাইয়া নিতে পারিব।

ব্যাপারটার গুরুত্ব দক্ষিণা এখনও সঠিক বুঝিয়াছে বলিয়া আমার বিশ্বাস হয় না। তবে ক্রমে বুঝিতে বাধ্য হইবে এই আমার ভরসা।

মাকে আনা হইয়াছে খবর পাইয়াই আমি আমার বাসায় নিয়া আসি। তারপরে মা আমার সঙ্গে নূতন বাসায়ও আসিয়াছিলেন। গত শুক্রবার পূর্ণিমা উপলক্ষ্যে মাকে এখান হইতে নিয়া দক্ষিণা সেনের বাসায় স্থাপিত করা হইয়াছে। পূজা হোম ভোগের ব্যবস্থা ছিল। পূজার কথা আর কি বলিব। তাহা মায়ের প্রত্যক্ষ করুণারূপেই ফুটিয়াছিল। এখন সেখানেই রোজ মায়ের পূজা হইতেছে।

.........র ভাগ্যে কত কি ঘটিতেছে তাহা দেখিয়া ও বিশেষ করিয়া তাহার মতিগতির পরিবর্ত্তন লক্ষ্য করিয়া তাহার সম্বন্ধে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমার যে একটা ভাল ধারণা হইয়াছে তাহা বোঝা যায়। কিন্তু যাহাকে বিশেষ ভাবে উপলক্ষ্য করিয়া এত কাণ্ড হইতেছে, এখন বোঝা যাইতেছে এতদিন তাহাকে আমরা লক্ষ্যই করি নাই। ·········র আক্ষেপ ছিল, সে যে কি বস্তু লাভ করিয়াছে তাহার স্ত্রী তাহা আদৌ বুঝিল না। আমি তাহাকে বলিয়া দিয়াছিলাম যে মায়ের ইচ্ছা মানিয়া লইতে হয়; এ বিষয়ে নালিশ করা বৃথা। শুধু ধৈর্য্য ধরিয়া দেখ কি হয়।

আমরা এখানে আসার পূর্ব্বে দক্ষিণা চেষ্টা করিয়াছিল— যাহাতে আমরা ঐ পাড়াতেই থাকিতে পারি। নতুবা তাহার পক্ষে আমাদের দেখাশুনা করার সুবিধা হইবে না। কিন্তু মা শেষ পর্য্যন্ত তাহার এই অন্যায় আব্দার উপেক্ষাই করিয়াছেন। আমরা দূরেই অসিয়াছি কিন্তু তবুও আমাদের দেখার জন্য লোকের অভাব হইতেছে না। এখন ঘটনা দাঁড়াইয়াছে উল্টা; এখন আবার সে আমাদের এদিকে বাসা খুঁজিতেছে,—তাহার কারণ তাহার নিজের চেয়েও তাহার স্ত্রীর ব্যগ্রতা। সে দিন গীতাক্লাসে 'বউ'কে সে বিশেষ করিয়া ধরিয়াছিল। একেবারে আকুল হইয়া সে বলিল—যত শীঘ্র সম্ভব আপনাদের ওদিকে আমাদের একটা বাসা খুঁজিয়া দিন্। আমি কিন্তু আর এখানে থাকিতেই পারিতেছি না। আমার কেবলই মনে হয় আপনারা যেন আর পাটনাতেই নাই—ইত্যাদি। ইহার মধ্যে আর কোন রহস্যই নাই। সোজাকথা যে ইনি মনে মনে দিনের পর দিন আমার মা সাজিতেছেন। এ সন্তানের জন্য মায়ের স্বাভাবিক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্নেহ ব্যাকুলতা। ব্যাপার দেখিয়া এখন মনে হয় দক্ষিণার সৌভাগ্যের কারণ বোধ হয় তাহার নিজের চেয়েও ইনিই বেশী। দেখা যাক্ সবই ক্রমশঃ আরও স্পষ্ট হইবে।

অনেক কিছু লিখিয়াছি। এবারের মত এখন থাক্। আর বেশী লিখিলে পোষ্টাফিসও ক্ষমা করিবে না।

একটা কথা এখনও বলা হয় নি। বউ জানাইয়া দিল যে—সেই কথাটাই সব চেয়ে জরুরি—চৌধুরী টাকা পাঠায় নাই। অথচ সে যদি নিয়মিত টাকা না পাঠায়, তবে এখানেও ভাড়া দেওয়া সম্ভবপর হইবে না, ফলে অবস্থা হইবে পূর্ব্ববৎ। অতএব তুমি বিশেষ চেষ্টা করিয়া যাহাতে টাকা পাঠানটা নিয়মিত হয় তাহার ব্যবস্থা করিবা এবং এ কিস্তির টাকা যাহাতে অবিলম্বেই আসে তাহাও দেখিবা। সেটা যে কেন জরুরি তাহা বোধ হয় বুঝিতেই পারিতেছ।

বাসার সব ভাল আছে। আশ্রমের কুশল লিখিবে। শ্রীযুক্তা রাণীমাকে আমার প্রণাম জানাইয়া বলিবে যে আমরা বেশ ভালই আছি। আমাদের জন্য ভাবনার কোন কারণ নাই। ইতি

পুঃ—বাড়ী পরিবর্ত্তনের খবর পাইয়া বিশ্বরঞ্জন-দা অগৌণে আমার পত্রের উত্তর দিয়াছেন এবং ৫৲ টাকাও পাঠাইয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭৭

Golakpore
P.O. Mahendru
Patna
1. 2. 34

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের·········

পত্র পাইলাম। ইতিমধ্যে আমার মুঙ্গের যাওয়ার সুযোগ মা ঘটাইয়া ছিলেন। Mr & Mrs Guha, রমেশ বাবু, যতীশ বাবু এবং দেবেশ বাবু ব'লে আর এক ভদ্রলোক ও দক্ষিণা, এই কয়জনে গিয়াছিলাম। পত্রিকায় বিস্তারিত বিবরণ পড়িয়াও যে ঘটনা কিছুই বোঝা যায় না, তাহা স্বচক্ষে অবস্থা দেখিয়া বোঝা গেল। এ সহর পূর্ব্বেও আমি অনেকবার দেখিয়াছি; এখনও দেখিলাম। এ যে সে—তাহা দেখিয়া বুঝিবার সাধ্যই নাই। দালান ভাঙ্গিয়া যে শুধু কতকগুলি ইষ্টকস্তূপেই পরিণত হইয়া যাইতে পারে—ইহা না দেখিলে কখনই বোঝা যাইত না। বিরাট্ চক্‌বাজার-ময় রাজবাড়ী ভাঙ্গিয়া এমন করিয়া গুঁড়া করিয়া রাখা হইয়াছে যে দেখিলে মনে হয় যেন পুরাতন কোনও সহরের কতকগুলি ভগ্নস্তূপের সমষ্টি। লোহার কড়ি বরগা, মোচড়াইয়া পাঁজা করিয়া রাখা হইয়াছে। দৃশ্য দেখিলে মনে হয় যেন স্বপ্ন দেখিতেছি; এ যে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাস্তব তাহা দেখিয়াও বিশ্বাস করিতে কষ্ট হয়। সেখানকার লোকগুলিকে দেখিলে মনে হয় যেন ইহারা পরপারের লোক; ইহাদের সঙ্গে আমাদের একটা লোকান্তরের ব্যবধান ঘটিয়া গিয়াছে। সকলেরই প্রশ্ন—কত লোক মরিয়াছে? সে যে কত কেহই ঠিক জানে না। সহরের দুর্গন্ধ সাক্ষ্য দেয়—অনেক মানুষ এখনও স্তূপের নীচে চাপা আছে। কবে উঠিবে কে জানে? এই স্তূপ পরিষ্কার করা সেও যেমন তেমন কথা নয়। অনেক দিন লাগিবে নিঃসন্দেহ।

অবস্থা দেখিলে কয়জন মরিয়াছে এ প্রশ্ন আর থাকে না। আশ্চর্য্য মনে হয় যে ইহার মধ্য হইতেও মানুষ বাঁচিল কেমন করিয়া। যেখানে সমস্ত দালান চুরমার হইয়া ভাঙ্গিয়া পড়িয়া সমস্ত অলি গলি পর্য্যন্ত ঢাকিয়া ফেলিয়াছে, সেখানে মানুষ যে কেমন করিয়া বাঁচিতে পারে তাহাই বুদ্ধির অগম্য। ভগবানের শক্তির কাছে মানুষের শূন্যগর্ভ অহঙ্কার যে কত তুচ্ছ তাহার এক বীভৎস দৃষ্টান্ত ধ্বংসগ্রস্ত মুঙ্গের। দালান যে ইটের সমষ্টিমাত্র, এক একখানা করিয়া ইট খুলিয়া ফেলিয়া, বাড়ীর চেহারা পর্য্যন্ত নিঃশেষে মুছিয়া দিয়া, এই উলঙ্গ সত্য প্রত্যক্ষ হইয়া পড়িয়াছে।

শিবপূজা-পদ্ধতি একখানা পাওয়া গিয়াছে; কিন্তু আর একখানা না পাইয়া এ খানা পাঠাইয়া দিই কোন্ ভরসায়? যেখানা পাইয়াছি সেখানা তোমার বলিয়াই সন্দেহ হয়।

তুমি ত বরিশাল চলিলে—তারপর? চৌধুরীর সঙ্গে শুধু পত্র

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যবহারের ফলে যে কিছু হইতে পারে এমন ত মনে হয় না। যাওয়ার পূর্ব্বে একবার খবর নিবে নাকি? অন্ততঃ Telephoneএ।

যাহা হউক তবুও তোমার যদি যাওয়া হয় তবে খুশী হইব।

দক্ষিণা সেন গত মঙ্গলবার আমাদের পাশের বাসায় আসিয়াছে। তাহার স্ত্রীর বাসা এখনও পছন্দ হইতেছে না। এ কথা কেন লিখিলাম জান? জগতের কোন কিছুকেই বুঝি মানা চলে না। যা বুঝি সবই যে ভুল দাঁড়ায় হে!

গত মঙ্গলবার দক্ষিণা সেনের বাসার পূর্ণিমা কৃত্য আমার বাসায়ই হইয়াছে। সে প্রথমতঃ বেশী গা করে নাই। কিন্তু আমি অগ্রসর হওয়ার ফলে মা-ই যথাযোগ্য ব্যবস্থা করিয়াছেন। ১২টা হইতে ৬টা পর্য্যন্ত পূজা হইয়াছে। ফলে গ্রহণের সময়ে আমি কিছুই করিতে পারি নাই; শুধু বসিয়া বসিয়া ঝিমাইয়াছি।

আর যে কি লিখিবার ছিল মনেও পড়ে না। অনেকে আমার চতুর্দ্দিকে এখন বসিয়া আছে। কাজেই এখন থামিতেই হইতেছে, শুধু একটা কথা—

আজ আবার কোম্পানীর এক চিঠি পাইলাম—A. C. Sen নিজেই লিখিয়াছেন। লিখিয়াছেন যে ইতিপূর্ব্বেও আর এক চিঠি লেখা হইয়াছে। তাহা আমি পাই নাই। পত্রে আমাকে দেখা করিতে লেখা হইয়াছে। তাহাদের স্মরণ আছে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সরস্বতী-পূজার সময় আমি কলিকাতা যাই। ঐ সময়ে আমাকে তাহাদের সঙ্গে দেখা করিতে বলিয়াছে। উদ্দেশ্য সুস্পষ্ট। এখন তাহাদের নূতন বছর আরম্ভ হইবে; তাই দুই বছর পরে এই আহ্বান। এ সম্বন্ধে তোমরা কি বল? আমার কর্ত্তব্য সম্বন্ধে আমার মনে দ্বিধার বিন্দুমাত্রও স্থান নাই। আমি মা-কেই রাখিব। তা'র ফলে জগৎ ইচ্ছা হয় থাকুক, না হয়তো রসাতলে যাউক্।

একটা আহ্লাদের কথা,—এবারে বউও বলে—'চাকুরীর আর দরকার নাই, মা যা' করেন তাই হইবে।' মরি নাই যখন, তখন আর কি করিয়া বলি যে, না খাইয়াই মরিব! ইত্যাদি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭৮

PO. Mahendru
Patna
26. 2. 34

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের........

আজই তোমার পত্র পাইয়াছি। রমেশবাবু চিঠিখানা পাঠাইয়া দিয়াছিলেন। এখন আবার চিঠি লিখিয়া খাম খানা পাঠাইয়া দিয়াছেন, আজই চিঠি ডাকে দেওয়ার জন্য। ভাবিয়াছিলাম আস্তেব্যস্তে পরে জবাব দিব; এই ব্যবস্থার ফলে under compulsion লিখিতে হইল। কাজেই কি যে লিখিব, কিছু মনেই পড়ে না। এখন তোমার কপাল ঠিকা।

কি কি কাজে যেন বিশেষ ব্যস্ত ছিলাম—যা'র জন্য এতদিন তোমাকে চিঠি লেখা হয় নাই। লেখার তাগিদ অনেকবার মনে উঠেছে। এ বারের tour এ মুঙ্গের ও মতিহারী গিয়াছিলাম। সঙ্গী পূর্ব্ববৎ। কেবল Behar Publishing House এর ম্যানেজার ছিলেন না। মতি-হারীর দৃশ্য নূতন রকমের। পায়ের তলায় যে মাটীটা আমাদের এত ভরসার স্থল, তাহা যে ফাটিয়া কি ভাবে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চৌচির হইয়া যাইতে পারে, এবারে তাহা প্রত্যক্ষ হইল। সমস্ত সহরটা একেবারে ফুটির মত ফাটিয়া গিয়াছে। স্তূপী-কৃত বালি ফেলিয়া মানুষ-চলাচলের রাস্তা করিতে হইয়াছে। এখানে মাটী ফাটার জন্য দালান পড়িয়াছে অনেক কম। কারণ দালানগুলি চুরমার হইয়াও মাটী ফাটার জন্য দাঁড়াইয়া থাকিবার সুযোগ পাইয়াছে। মাটীর অভ্যন্তরের অবস্থা বুঝাইবার জন্য কূয়াগুলির পাঁচ দশার একটা বিবরণ দিতেছি। তাহাতেই বুঝিবে—কি হইয়াছে! (১) কোন কূয়া ভিতরে বসিয়া গিয়াছে (২) কোথাও বাঁধান কূয়া ৩।৪ ফুট উপরে উঠিয়া গিয়াছে (৩) কোথাও কূয়াগুলি বালিতে ভর্ত্তি হইয়া গিয়াছে (৪) কোথাও কূয়া হইতে জল ও বালির ফোয়ারা ফুটিয়াছে (৫) কোথাও পাকা কূয়া একেবারে ফাটিয়া চুরমার হইয়া গিয়াছে। কাজেই বুঝিতে পারিবে মৃত্তিকার বুকে কি অদ্ভুত শক্তির তাণ্ডবলীলা চলিয়াছে! মজঃফরপুরে মতি-হারীর ভাব ও মুঙ্গেরের ভাব সম্মিলিত; মাটী ফাটাও আছে আবার প্রকাণ্ড ইমারত ইষ্টকস্তূপে পরিণত হওয়া—এ-ও আছে। মুঙ্গেরের ধ্বংসলীলা বিশেষ করিয়া লোকের দৃষ্টি আকর্ষণ করে এইজন্য যে, সেখানে চকবাজার, বড়বাজার একেবারে ইটেই পরিণত হইয়া গিয়াছে। মজঃফরপুরে কোন একটা বিশেষ জায়গার চেহারা এমন হয় নাই বটে, কিন্তু এমন কাণ্ড মোটের উপর মজঃফরপুরে ঘটিয়াছে অনেক বেশী। সেখানে বড় সহর বলিয়া ধ্বংসের পরিমাণ মুঙ্গেরের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুলনায় কম হইলেও দ্বিগুণ হইবে। এ যে কি দৃশ্য, না দেখিলে বুঝা কঠিন। মানুষ যত খারাপই ভাবুক্ না কেন, এত খারাপ যে ঘটিতে পারে—এ মানুষ বিশ্বাস করিতেই ভরসা পায় না। এ ছাড়া কত জমি যে বালু চাপা পড়িয়া মরুভূমি হইয়া গেল, তাহার হিসাব গবেষণা-সাপেক্ষ। এ এক নিদারুণ সত্য তুঃস্বপ্ন।

ওখান হইতে শিবরাত্রির দিন সন্ধ্যায় ফিরিয়াছি। রাত্রি ৯টায় পূজা। কাজেই কি করিয়া আর তেমন পূজা হয়! বিশেষ চেষ্টা করিবার সামর্থ্যও ছিল না। পূজা ও হোম করিয়া রাত্রি ২টাতেই বিশ্রাম করা সঙ্গত বোধ হইয়াছে। তবুও সব মিলাইয়া যে লাভ হইরাছে, তাহাতে মাকে মন্দ বলিবার জো নাই।

প্রবন্ধ এবার হইতে আমি দিব না—এ পূর্ব্ব হইতে নির্দ্ধারিতই আছে। কাজেই আমার কাছ থেকে কিছু পাওয়ার আশা সময় থাকিতেই ত্যাগ কর। আশ্রম-বিবরণীও আমি লিখিব না। জন্মতিথি-পূজার বিবরণ বিস্মৃতির গর্ভে সুখে আছে। তাহকে জাগান অনাবশ্যক। সরস্বতী-পূজার বিবরণ লেখার ইচ্ছা নাই। কাজেই এখন থেকে পথ দেখ; নতুবা পরে অনুতপ্ত হইবে। আমি দিব না ইহাই আমার সিদ্ধান্ত। একটা প্রবন্ধ ত হাতেই আছে! ঐটা দিয়াই "নমো নমঃ" বলিয়া কাজ সার।

চৌধুরী যেভাবে হিসাব চাহে, তাহা আমি দিতে পারিব না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সে যদি দেওয়ার সময় হিসাব না লিখিয়া পারে, তবে আবার লিমিটেড কোম্পানীর দোহাই দিয়া তারিখওয়ারী রসিদের প্রয়োজন পায় কোথায়? তাহাকে বলিও, এখন তাহার ১৩৬৲ টাকা বাকী আছে; ইহা আমার সত্য জানা আছে। ইহার চেয়ে আর হিসাব দিতে পারিব না। তাহা ছাড়া অধিকাংশ টাকারই রসিদ সঙ্গে সঙ্গে দেওয়া হইয়াছে, তাহা কোথায়? যে গুলি বাকী আছে, তিনি নির্দ্দেশ করিয়া দিলে একসঙ্গে তাহারও রসিদ দিয়া দিতে পারি। কিন্তু হিসাব বিস্তারিত আমার নাই, এই সোজা কথা। আমার চেয়ে ত তুমিও ভাল জান! এ বারের টাকা সে কখন দিবে? এখন থেকে আবার তাহার পিছনে লাগ। এটাও তোমার এক রকমের চাকুরীই হইল।

ডি, এম, দাস কোম্পানীকে লিখিয়া দিয়াছি, চাকুরীর ফুরসৎ আমার নাই—ইচ্ছাও নাই; অতএব ক্ষমা করুন। তাহারা এখনও ক্ষমা করে নাই। হয় ত মনে করে যে, এটাও একটা style. যাহা হউক, শীঘ্রই তাহারা নিরুদ্বেগ হইবে; ব্রাহ্মণের ছেলে আর চাকুরী করিতে যাইতেছে না।

আর কিছুই মনে হইতেছে না। আমি ত বেশ আছি। মায়ের দয়ার অন্ত নাই। আশা করি তোমরাও সকলেই বেশ আছ! আর যদি অন্যরকম থাকিয়া থাক, তবে সেটা নেহাৎই তোমাদের দুর্ভাগ্য। এ অবস্থায় আমি আর কি বলিব? শুভমস্তু।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭৯

মহেন্দ্রু, পাটনা
২৯শে মার্চ্চ ১৯৩৪

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের.........

তোমার চিঠিও পাইয়াছি এবং প্রেরিত টাকাও পাইয়াছি। চিঠি দিতে একটু বিলম্ব হইয়া গেল, কেন পরে বলিতেছি।

চৌধুরীর কাছে আমার পাওনা ছিল ৪৪০৲ চারিশত চল্লিশ টাকা। সেই কথা উল্লেখ করিয়া আমি ত তাঁহাকে অনেক চিঠি লিখিয়াছি। তিনি এই কথাটাই জানিতে চাহিয়াছেন এবং আমিও তদুত্তরেই তাহা জানাইয়াছি। যদি দয়া করিয়া সে কথা স্মরণই না রাখা হয় তবে এ বলার শেষ কোথায়? এখন বাকী রহিয়াছে ১২৬৲ টাকা। তুমি এক কাজ করিও। এ টাকা ত তোমারই যাইয়া আদায় করিতে হইবে। অতএব তুমি একখানা চোথা খাতা তৈয়ার কর। তাহাতে বাকী জমা ১২৬৲ টাকা এই লিখিয়া লও। যে তারিখে যত টাকা দেওয়া হইবে তুমি তাহার হাতে তাহা লিখাইয়া লইবে ও তাহাকে একখানা রসিদ দিয়া আসিবে। ইহাই আমার সবচেয়ে ভাল ব্যবস্থা মনে হয়।

তোমাকে একটা নূতন কথা শুনাইতেছি। আগামী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুক্রবার (শ্রীশ্রীঅন্নপূর্ণা-পূজার দিন সন্ধ্যায়) দানাপুর Express এ এখান হইতে রওনা হইয়া আমি শনিবার সকালে ৬৷ টা কি ৬৷৷৹ টায় কলিকাতা পৌঁছিতেছি। আমি রমেশ বাবুদের সঙ্গে যাইতেছি। আগামী রবিবার তাঁহার ছেলের পৈতা ভবানীপুর তাঁহার দাদার বাসায় বসিয়া হইবে। সেই উপলক্ষ্যেই আমার যাইতে হইতেছে। তুমি যদি এত সকালে ষ্টেশনে দেখা করিতে পার ভাল। নতুবা সোমবার পর্য্যন্ত আমি তোমাদের খবর নেওয়ার চেষ্টা করিব। কারণ শনি, রবি ঐ দুই দিন আমার ছুটী মিলিবে বলিয়া ভরসা হয় না। ওখানে কতদিন থাকা হইবে ইত্যাদি এখনও অনিশ্চিত। তবে বেশী দিন আর কেমন করিয়া হয়! এই ব্যাপারটাই সুস্থির হইতে অনেক চিঠি পত্র টেলিগ্রাম হইয়া গেল। সেই অপেক্ষায় তোমাকে পূর্ব্বে জানাইতে পারি নাই। আসিতেছি—কাজেই অধিক লেখা নিষ্ফল। আশাকরি কুশলে আছ।

দোল হইয়াছে চমৎকার—পূর্ণিমায় সরব সাড়ম্বরে; পঞ্চমীতে নীরবে, একেলা। আমরা ভাল আছি। আশাকরি ত তোমরাও তদ্রুপ।

সুধীরের পত্রখানা তাহাকে পৌঁছে দিবে, তাহাদের বাসায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮০

মজঃফরপুর
৩০।৪।৩৪

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের.........

তোমার পত্র পাইয়াছি। উত্তর অপেক্ষায় তুমি যে ব্যস্ত তাহাও জানি; তবুও যথারীতি বিলম্বই হইল। তোমার সমস্যা জটিল, ছেলে পড়াইয়া আশ্রমে থাকিতে তুমি কিছুতেই রাজী হইতে পার না। একথা সুস্পষ্ট কর্ত্তাদের জানাইয়া দেওয়া দরকার, এতে কোনই বিচার বিবেচনা নাই; সোজা রাস্তা। সমস্যা ইহার পরে। আমি ভাবিয়াছিলাম তোমার ওখানে যখন আর স্থান হইবে না, তখনই আমার কাছে হইবে। কিন্তু সমস্যার সমাধান এত সহজে হইল না। 'বউ' তোমার এক শত্রু পক্ষ হইয়া দাঁড়াইয়াছে। তোমার নাকি আমার বাসায় স্থান হইতেই পারে না, তার ফল নাকি আমার পক্ষে ভয়ঙ্কর খারাপ। ফলে হইল এই যে জটিলতা বাড়িয়াই গেল, জোর করিয়া কিছু করিতে গেলে অশান্তি বাড়িয়াই যাইবে। তাই ওপথেও হইবে না। এখন তুমি যাও কোথায়? তুমি বলিবে— 'সে আমি জানি না, তুমিই যা' হয় ঠিক কর।' আমি বলিব —'আমি ও ছাই কিছুই জানিও না, বুঝিও না। যা' হয় মা-ই ঠিক করিবেন'। তুমি আমি নির্ব্বোধের মত মাথা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঘামাই কেন? আর কিছু না জানিলেও এটা জানি নিশ্চিত যে, মা যথাযোগ্য ব্যবস্থা যে করিবেনই, এতে সন্দেহ মাত্রও নাই। এ জোর মাতৃভক্তির উচ্ছাস নয়, মাতৃকৃপার স্বীকারোক্তি মাত্র। তোমার কি ব্যবস্থা হইতে পারে ভাবিয়া মনে মনে একজনের কথা সাব্যস্ত করিলাম যে, তাহার সঙ্গে তুমি থাকিতে পার কিনা! এটা আমার মনের কথা। কাজেই আর কেহই জানিত না। কিছুদিন পরে সেই লোক আসিয়া আমাকে বলিল যে, আমার অনুমতি হইলে তুমি তার সঙ্গে থাকিতে পার। আমি অবশ্য রাজী হই নাই, কারণ তাহাতেও জটিলতা আছে। কিন্তু মনের কথা ধরিয়া মা যে ব্যবহার করিলেন, তাহাতে মায়ের উপর ভরসা করিব না কেন?

এখন পরামর্শ এই—দেখ মা কি করেন। যখন মনে হইবে—আর উপায় নাই, তখন মায়ের বুদ্ধি গ্রহণ করিয়া যাহা হউক একটা করা যাইবে। তবে তোমার ভয় পাওয়া চলিবে না। অবস্থা যতই জটিল, ততই আমার আহ্লাদ। মজা দেখিব—মা কি করেন! আমাদের জটিল সমস্যা মায়ের কাছে কেমন অতি সহজ ঘটনা! এতবড় বিশ্বটা নিয়া যিনি ছিনিমিনি খেলেন, তাঁ'র কাছে তোমার আমার সমস্যা কতটুকু? আর মা যদি কিছুই না করেন, তবে ত পথ আরও সহজ। লেংটি ত আছেই—লাফিয়ে পড়্‌বে একেবারে রাস্তায়। এতে যদি দুঃখের, সঙ্কোচের, অপমানের কাহারও কথা থাকে, সে ত মায়ের। যে মা ছেলের ব্যবস্থা না

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিবে, তাকে লজ্জা দেওয়াই উচিত। (তুমি হয় ত বলিবে কি-বা লজ্জা দিব তোমা, লজ্জাহীন তুমি চিরকাল!) final decision এর পূর্ব্বে তোমার আমার দেখা হওয়া প্রয়োজন। তোমার ত এ মুখো হইবার জো নাই! ক'জেই দেখা যাক্— আমার দিক দিয়া কি হইতে পারে। তুমি মনতোষ দা'কে জিজ্ঞাসা করিবে যে, তাহার plan এর কি অবস্থা। যদি আমার ওখানে আসা হয়, তবে ত এ ক্ষেত্রে সর্ব্বোত্তম। তুমিও আসিয়া জুটিবে। আর তা' যদি না হয়, তবে পরে যাহা হয় দেখা যাইবে।

শ্রীমান্ সুধীরের পত্র তুমি পাইয়াছ। তাহাতে এখানকার খবর কি আছে জানি না। আমার মায়ের পূজা সম্বন্ধে জানিবার তোমার ঔৎসুক্য আছে। ঐ সময়ে আমি ছিলাম খুব অসুস্থ। কয়দিন আগে থেকেই শরীর খারাপ। আমার ভরসা ছিল, পূজার দিন হঠাৎ জ্বর ছাড়িয়া যাইবে, আমি মহানন্দে পূজা করিব। পূজার দিন সকালে দেখিলাম, অবস্থা কাহিল ত আছেই, তা' ছাড়া শরীর এত তুর্ব্বল যে, বসিলেই থর থর করিয়া কাঁপে। তখন ভাবিতে চেষ্টা করিলাম, মায়ের কি ইচ্ছা! ও দিকে আয়োজন সব প্রস্তুত; মনে হইল, একদম পূজা না করিয়া কি পূজার রূপ হয়— মা বুঝি এবার সেইটাই দেখিবেন! আমার দ্বারা পূজা যে চলিবে না, এ তখন নিশ্চিত। সময় পূর্ব্বে নির্দ্দিষ্ট ছিল ৯টা; অবস্থায় পড়িয়া বদলান হইল—১০টায়। কি করিলাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জান ? গরমজলে স্নান করিয়া পূজার আসনে গিয়া বসিলাম। সংকল্প রহিল—যতক্ষণ জ্ঞান থাকিবে ততক্ষণ পূজা। সঙ্গের লোকদের বলিয়া রাখিয়াছিলাম যে আমি অক্ষম হইলেও তাহারা উঠিবে না। শুধু মা মা করিবে ; কিন্তু বসিয়া থাকিবে ততক্ষণ—যতক্ষণ পূজায় লাগার কথা। তারপরে ত পূজা সুরু হইল। শেষ হইল ৫টায়। সে রুগ্ন পূজা নয়, একেবারে সিংহবিক্রমে। কোথায় বা অসুখ আর কোথায় বা দুর্ব্বলতা ! আমি ভাবিলাম কি জান—simply a miracle. আমরা বলি প্রত্যক্ষ হও প্রত্যক্ষ হও—আর প্রত্যক্ষ হইবে কি করিলে বলিতে পার ? আমাকে দেহে মনে সম্পূর্ণ অপটু করিয়া মা দেখাইলেন যে মায়ের পূজায় আমার কোন আনুকূল্যের মায়ের অপেক্ষাই নাই। মা নিজেই পারেন সব। আয়োজন হইতে পূজা পর্য্যন্ত —সাধনা হইতে সিদ্ধি পর্য্যন্ত। এমন পূজা যেমন হওয়ার কথা তাহাই হইয়াছে। একেবারে marvellous, এমন 'ন ভূতো ন ভবিষ্যতি'—এমনই মনে হয়।

পূজার পূর্ব্বদিন কাশী হইতে কোটীশ্বর-দা আসিয়াছিলেন পূজায়ও যোগ দিয়াছিলেন। তবে তাঁহার কেমন লাগিয়াছে ঠিক জানি না। তিনি ৭।৮ দিন ছিলেন। কথাবার্ত্তাও অনেক হইয়াছে। গিয়া তিনি লিখিয়াছেন যে তাঁহার কাছে আমার দেনা আমার অসুস্থতার জন্য তিনি পুরাপুরি আদায় করিতে পারেন নাই। সময়ান্তরে নাকি সুদ সমেত আদায় করিবেন এমন ভয় দেখাইয়াছেন। চিঠির শিরোনামায় লক্ষ্য করিলে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেখিবে আমি মজঃফরপুর হইতে তোমাকে চিঠি লিখিতেছি। Mr. K. K. Guha বদলি হইয়া কিছুদিনের জন্য এখানে আসিয়াছেন—বোধ হয় এক বছরের জন্য এখানেই তাহাদের থাকিতে হইবে—তাঁহাদের সঙ্গে দেখা করিতে। কাজেই গীতা পাঠ করিতে তিন দিনের জন্য এখানে আসিয়াছি। রবিবার সকালে পাটনায় ফিরিব। আমার কাছে তোমার লিখিত চিঠি অন্যেও পড়িবে—পত্র লেখার সময় এই সহজ সত্যটা যেন মনে থাকে। তুমি ত সত্যই কাছা-ছাড়া। এখানকার খবর ভাল। ....র অবস্থা জটিল। তুমি যা বলেছ ও সত্যই আমার একটা দুর্ভোগ। তবুত মায়ের ছেলে। মা ফেলবেন কি করে? তাহার মেয়ের অনেকদিন জ্বর। গুরুকৃপায় নির্ভর করিয়া সে তাহার ভালরূপ চিকিৎসার বিরুদ্ধে; ওদিকে তাহার নিজের যখন মাথা ধরিয়াছিল, তখন উন্মত্তবৎ ব্যবহার ত করিয়াছেই, তদুপরি সকলকে শাসাইয়াছে—যথাসর্ব্বস্ব ব্যয় করিয়া আমার চিকিৎসা কর ও শুশ্রূষা কর; আমি না থাকিলে তোমাদের আর টাকা দিয়া কি হইবে? একরূপের ব্রহ্মজ্ঞান বটে—আত্মানং সততং রক্ষেৎ—

আর ত কিছু লিখিবার মনে হয় না।

.........র অবস্থা আশাতীত ভাল চলিতেছে। তাহার পরিবর্ত্তনে সকলেই বিস্মিত।

রায়কাঠির চিঠি পাইয়াছি। সকলে ভাল আছে। অত্র মঙ্গল। তোমাদের বিস্তারিত খবর দিও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮১

পাটনা

২৩।৫।৩৪

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের............

তোমার গত শুক্রবারের চিঠির জবাব কারমাটারের ঠিকানায় দিতে লিখেছিলে। তদনুযাযী পত্র পাইয়া চিঠি দিয়াছি কিন্তু তোমরা আস নাই। এ অবস্থায় উত্তর কেমন করিয়া পাইবে? তোমার চিঠি পড়িয়া মনে হয় এ কথাটুকুই হয়তো তোমার মনে নাই।

দেখা যাইতেছে, আমি লিখিলেও আমার চিঠি অনায়াসে যাইয়া তোমার কাছে পৌঁছিতে পারিতেছে না; তাতে মনে হয়, পত্র আদান প্রদানের কি যেন একটা আভ্যন্তরীণ বিঘ্ন দাঁড়াইয়া উঠিয়াছে।

এবারে আমার পত্র না পাইয়া তুমি রীতিমতই চটিয়া গিয়াছ। এতে কিছু লাভ নাই। পত্র না পাওয়া ত যেমন ছিল তেমনই রহিল। শুধু মনোক্ষোভটাই লাভ! আমার কথা কি জান? রাগটা অত্যন্তই কুৎসিৎ জিনিষ। ইচ্ছামত কাজ না হইলেই চটিতে হইবে এ নেহাৎই ছেলে মানুষী। আমাদের এই বয়সে তাহা নিতান্তই অশোভন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গত বৈশাখ মাসটা আমি অত্যন্তই ব্যস্ত ছিলাম বলিয়া বোধ করিয়াছি। ৩০শে চৈত্র হইতে ২রা জ্যৈষ্ঠ পর্য্যন্ত। এবারে বিশেষ পূজার ব্যবস্থা ছিল। মা এবারে পূজা মূর্ত্তিতেই বিশেষ করিয়া প্রকট হইতে চাহিতেছেন মনে হয়। খুব আনন্দেই কাটিয়াছে—জের এখনও চলিতেছে।

যাহা বলিলাম তাহার অর্থ এই নয় যে আমি কেবল দিন রাত্রি পূজাই করিয়াছি। একেত নেহাৎ ঢিলেঢোলা আলসে ধাতেরই লোক। তার উপরে যদি একটু কিছু বিশেষ হয় তবে আর রক্ষা আছে? অন্যে হয়তো ইহা সত্ত্বেও আরও অনেক কিছু করিতে পারিত। আমার ত ইহা সামলা'তেই প্রাণান্ত।

তদুপরি আজকাল গরম অত্যন্ত। বেলা ১০টা হইতে বৈকাল ৫টা টিকিয়া থাকিবার চেষ্টাতেই যায়। তারপরে বিশ্রাম। দিনে রাত্রে এখন যে আমি আর সময়ই দেখিতেছি না। কি দিয়া যে কি হইতে পারে বোঝাই কঠিন।

এদিকে চক্ষুর উন্নতি হইয়াছে! লেখাপড়া উভয়তঃই চশমা না হইলে চলে না, অথচ একটা নিজের মত চশমাও ত নাই। কাজেই সুবুদ্ধির কার্য্য হইল—লেখাপড়া এড়াইয়া চলা।

বলিবার সুযোগ হয় নাই যে বীণা এখন আমাদের এখানেই আছে। ইতিমধ্যে তাহারাই আবার পাঠাইবার ব্যবস্থা করিয়াছে। ছেলেপিলেরা পাঁচড়ায় কষ্ট পাইতেছে। কিছু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিছু অংশ আমিও পাইয়াছি। এইরূপই চলিতেছে। তবুও মোটের উপর বেশ ভালই।

উষাদিদির সঙ্গে তোমার খড়ম পাঠাইতে পারি নাই। ঐ দিন ছিল দেশমাতৃকা-পূজার পরের দিন। পূজার পরের দিন ভদ্রলোকের হাতে খড়ম কিনিবার পয়সা থাকে কি করিয়া? পয়সা আরও থাকিলে ত পূজারই অন্য কাজে লাগিতে পারিত! দেখা যাউক্ অতঃপর সুযোগ পাইলে দেখিব।

ছুটুর সম্বন্ধের কথা বিশ্বরঞ্জন-দার পত্রেই লিখিয়াছি। পুনরুক্তি নিষ্ফল।

অত্র মঙ্গল, তোমাদের কুশল লিখিও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮২

P.O. Mahendru
Patna
9. 1. 35

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের·········

তোমার পত্র ও টাকা পাইলাম। চৌধুরীর হিসাবে কি দাঁড়াইয়াছে, আমাকে লিখিতে ভুলিও না। আমার শরীরটা মাঝখানে বেশ একটু বেতাল হইয়াছিল। কিছুদিন কুইনাইন কিছুদিন বেলপাতা ও শিউলি পাতার রস, তারপরে আদার রসে স্বর্ণসিন্দুর খাইয়া এখন ভাল আছি। চিন্তার কোনই হেতু নাই। মায়ের ইচ্ছায় জীবনের এই সুদীর্ঘকাল অনবদ্য স্বাস্থ্য ভোগ করিয়াছি, এখন যদি এই শেষের দিকে একটু বানচালই হয়, তবেই বা নালিশের কি হেতু আছে? এই ত নিয়ম।

তোমার সঙ্গে দেখা হওয়ার খুব যে প্রয়োজন ছিল, তাহা আমিও মানি, কিন্তু হইল না যে—সে দায়িত্ব যদি মানুষের উপর দিতে হয়, তবে তাহা তোমাদেরই। বহুপূর্ব্বে সাব্যস্ত হইল, হাওড়ার ঠাকুরের পূজায় উপস্থিত থাকিতে পারি—এমন করিয়া কলিকাতা যাইব। পূর্ব্বেই তাগিদ দিলাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমাকে ও মনতোষ দা'কে। কিন্তু ঠিক পূজার পূর্ব্বদিন ৫টি টাকা ও সংবাদ আসিয়া হাজির যে—কাল পূজা। যদি শুধু তারিখটা আমাকে জানাইতে, তবে আমি নিজের খরচেই নিশ্চয় উপস্থিত হইতাম—কাহারও মুখাপেক্ষা করিতাম না। তাহা ছাড়া K. K. Guha আমাকে তাঁহাদের সঙ্গে বোলপুর ও কলিকাতা যাইতে অনুরোধ করিয়াছিলেন। তাহাও তোমাদের ব্যবস্থার জন্যই প্রত্যাহার করিতে হইয়াছে। এই গেল যাহা ঘটিয়াছে আমার দিকে। আমি তোমাদের মতি-গতি দেখিয়া বুঝিয়াছি, কলিকাতায় গীতাপাঠ করিতে যাই—মায়ের এমন ইচ্ছা নয়। কাজেই সমস্ত ব্যবস্থা ঠিক থাকা সত্ত্বেও যাত্রাকালে ব্যবস্থা বদলাইতে বাধ্য হইয়াছি। আবার কবে দেখা হইবে, তাহা এখন সম্পূর্ণ অনিশ্চিত দাঁড়াইয়াছে। আশ্রমের বর্ত্তমানে যেমন অস্থিরচিত্ততার ব্যবস্থা, তাহাতে শেষ পর্য্যন্ত আমার কলিকাতা যাওয়া আবশ্যক কি অনাবশ্যক প্রতিপন্ন হয়, তাহার কিছু ঠিক্ নাই। অথচ পূজা ত আমার করিতেই হইবে। অসময়ে এখানে পূজা হওয়া সাব্যস্ত হইলে ত তাহা আমার মনোমত হইতে পারিবে না। নিজেকে এই অনিশ্চয়তার মধ্যে রাখা আমার ভাল লাগে না। সেইজন্যই গত সোমবার এখানে মায়ের মূর্ত্তি গড়ান আরম্ভ হইয়াছে। এর ফলে আমিও যে এ বারের মত পাটনাতেই থাকিয়া গেলাম, তাই ত মায়ের ইচ্ছা দেখিতেছি। আমার ভাবনা আর কাহারও ভাবিবার প্রয়োজনই হইবে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অণ্ডালে যাইয়া বউ কেমন আছে, কিছুই জানি না। তা'রাও পত্র লেখে না, আমরাও না। মোটামুটি একটা খবর পাইয়াছি যে, ভালই আছে। খুকী, আবুল প্রমোশন পাইয়াছে, জান বোধ হয়! এবার হইতে জগদীশও আবার স্কুলে ভর্ত্তি হইয়া পড়িতে চাহিতেছে। যদি Free studentship পায়, তবেই ভর্ত্তি হওয়া সম্ভব। এখন মায়ের যাহা ইচ্ছা।

লেখাপড়া এখন একটু একটু করিয়া নিয়মিতই করিতে চেষ্টা করিতেছি। এ দিকেই বিশেষ করিয়া জমিয়া যাইতে ইচ্ছা হয়, কারণ গীতা আমার লিখিতেই হইবে, না হইলে বোধহয় ছুটি নাই।

পাটনায় আমার পারিপার্শ্বিক অবস্থা প্রীতিপ্রদ। বেশ আনন্দেই দিন চলিতেছে। শ্রীমান্ দক্ষিণা বদলী হইয়া খড়্গপুর চলিল। পরিবার কিছুদিন পাটনায় থাকিবে। মনা, সতু ভাল আছে।

শ্রীশ্রীরাণীমাকে আমার প্রণাম দিবে। অত্র মঙ্গল। তোমাদের সকলের কুশল প্রার্থনীয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮৩

পাটনা
চৈত্র সংক্রান্তি
১৩৪১

স্নেহের·········

তুমি আমার নববর্ষের স্নেহ ও প্রণাম গ্রহণ কর। আমি ও তোমার পক্ষ হইতে যথাযথ তৎপ্রাপ্তি পূর্ব্বাহ্নেই স্বীকার করিয়া লইলাম। তোমার যেন কষ্ট করিয়া তাহা আর আমাকে জানাইতে না হয়—নববর্ষে এই হউক তোমার অযাচিত লাভ। আমাদের মঙ্গল। আশা করি তোমাদেরও মঙ্গল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮৪

পাটনা
৩রা বৈশাখ
১৩৪২

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের·········

তোমার পত্র পাইলাম। আমার নববর্ষের চিঠি পাওয়ার পূর্ব্বেই তুমি কোন্ চিঠি ডাকে দিলে বুঝিলাম না। কারণ আজকের চিঠি ভিন্ন তোমার অন্য কোনও চিঠি আমি পাই নাই।

তোমার চিঠি পাইয়া আমি শুধু আশ্চর্য্য হইলাম। একটা 'কিছু না' অবলম্বন করিয়া মানুষ যে কেমন করিয়া এত বড় একটা অনাবশ্যক গোলযোগ পাকাইয়া তুলিতে পারে তাহা দেখিয়া অবাক্ হইয়াছি। প্রথম কথা পথ-নির্দ্দেশ। উত্তর তুমি জান—'রাই ধৈর্য্যং রহু ধৈর্য্যং, হামগচ্ছত মথুরাপুরী'—এখানে সত্যসত্যই কোন্ দূতী মথুরাধিপতির নিকট তোমার অবস্থা বর্ণনা করিতে যাইতেছে, তাহা নির্দ্দেশ করা কঠিন। কিন্তু আমি ভরসা করি নিশ্চয়ই কেহ যাইবে, আর যদি নাও যায় তবে মথুরাধিপতি নিজেই অবস্থা দেখিতে আসিবেন, কাজেই আরও দেখ ; দেখাই দরকার। যতক্ষণ সুস্পষ্ট নির্দ্দেশ না পাও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে—'যাও'—ততক্ষণ থাকিতেই হইতেছে। থাকা দরকার। ইহাতে তুমি ঠকিবে না। কাজটা কষ্টসাধ্য হইতে পারে তবুও এই কর্ত্তব্য বলিয়া আমার ধারণা। যাহারা তোমাকে বিদায় দিতে পারিলে বাঁচে, তাহারাও কিন্তু সত্য সত্যই তোমাকে বিদায় দিতে পারিতেছে না। কারণ, তাহার ফল তাদের পক্ষে হবে আরও শোচনীয়, আরও কষ্টদায়ক। তুমি লিখিয়াছ—এবারেও তোমাকেই 'দায়ী'—করিয়াছে। কোন্ অপরাধ, কার অপরাধের জন্য দায়ী? কোথায় কে অপরাধ করিল যে, তজ্জন্য তুমি দায়ী হইবে? এদের কি সব মাথা খারাপ হইয়াছে? এমন অমূলক জুলুম, এ যে আমি ভাবিতেই পারি না। তুমি ত আশ্রমের পক্ষ হইয়া কৈফিয়ৎ তলব করিলে আমার! আমি যথাসাধ্য কৈফিয়ৎ দিয়াছি; এরজন্য জবাবদিহি করিবার অধিকার আছে কার, আমি ত জানি না।

আমার একটা অসুবিধার কথা তুমি উপেক্ষাই করিতেছ। এত কাণ্ড হইয়া গেল। আমি কিন্তু এখনও সঠিক জানি না, এর মূল বিষয়টা কি। তোমার সংবাদ—"যুদ্ধ ঘোষণা করিয়াছ"। আমি বলিতে চাহিয়াছি—করি নাই, এটা মিথ্যা কথা। অথচ এই ভিত্তিহীন একটা সংবাদ লইয়া সাধন-সমর ইতিমধ্যেই সুরু হইয়া গিয়াছে। এখন আমার তোমাকে জিজ্ঞাস্য—আমি তোমাকে কি লিখিয়াছি না লিখিয়াছি, সে কথা কি সূত্রে তাহারা জানিতে চাহে? এ সম্বন্ধে তোমার দায়িত্ব কতখানি আমি জানিতে চাহি। তুমিই কি এ চিঠির মর্ম্ম কোন সূত্রে তাহাদিগকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জানিতে দিয়াছ ? যদি দিয়া থাক, তবে তোমার বর্ত্তমান দুর্ভোগ তাহারই অবশ্যম্ভাবী প্রতিক্রিয়া। আশ্রমের কাহাকেও লিখিত আমার চিঠি তলব করিয়া দেখিবার অধিকার আশ্রম আচার্য্যের আছে, ইহা আমি সজোরে অস্বীকার করি। তোমার কথা শুনিয়া এ সম্বন্ধে আমি আমার কর্ত্তব্য নির্দ্ধারণ করিব। তোমার অবস্থা শোচনীয় হইবে মনে করিয়াই, এখনই তাঁহাকে এ বিষয়ে আমি চিঠি লিখিতে পারিতেছি না।

তোমার মানসিক এই দুরবস্থার মধ্যেও তোমাকে কয়েকটি দুর্ব্বাক্য না বলিয়া আমি পারিতেছি না। তোমার মস্ত বড় দোষ, তুমি অনাবশ্যক নিজকে পারিপার্শ্বিক অবস্থার ভিতরে না জড়াইয়া পার না। এক আশ্চর্য্য কৌশলে অযথা জড়াইয়া পড়। আমি পুনঃ পুনঃ তোমাকে বলিয়াছি নিজেকে একেবারে আল্গা রাখ। সাতেও থাকিও না, পাঁচেও থাকিও না। কিন্তু সে তোমার অসাধ্য ! কার কথা কি বলে অন্যে, কি বলে রাম বা শ্যাম, তাতে তোমার কি দরকার, দাদা ? দাও না সকলকে স্বচ্ছন্দে উৎসন্ন যেতে। এই যে অযথা দরদ বোধ করিতে যাও, তাতে লাভ আর কিছুই হয় না, শুধু বাড়ে তোমার লাঞ্ছনা।

আমি এত কথা আন্দাজে বলিতেছি না। দেখা হইলে দৃষ্টান্ত দিয়া দিয়া বুঝাইয়া বলিব। তাই বলি এখনও সাবধান হও। ভাল মন্দের বিচারক হইও না। মতামত প্রকাশ করিও না। যতটুকু কাজের ভার পড়িবে, গাধার মত—নির্ব্বোধের মত করিয়া যাইবে। লোকে দেখুক্ একটা অন্ধ, নির্ব্বোধ,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাণ্ডজ্ঞানহীন লোক আশ্রমের দরজায় জীয়ন্তে—মরা হইয়া পড়িয়া আছে। এ হইলে তবেই তোমার mission সার্থক হইবে।

এবার সূর্য্য রাজা, মন্ত্রী বুধ, রাজকোপ ত আরম্ভ হইয়াছে; মন্ত্রীও বুদ্ধির জাল বুনিবে। কাজেই সাধু সাবধান। রাজকোপ আমার উপরও পড়িয়াছে। রাজা বোধ হয় ভুলিয়া গিয়াছে যে আমরা—

মায়ের খাস তালুকে বসত করি,
জমিদারের কি ধার ধারি ?

অত্র মঙ্গল। তোমাদের কুশল লিখিও।

পুঃ—এক পয়সার টিকেট পাঠাইয়াছ কেন ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮৫

Po. Mahendru
Patna
6. 5. 35

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের·········

টাকা পাইলাম। পত্রের জবাব দিতে বা লিখিতে কখনও সুযোগের অভাব, কখনও সামর্থ্যের অভাব অন্তরায় হইয়া দাঁড়ায়। এসব ত মামুলি কথা। এবারে কাজের কথায় আসা যাক্। ছোট্ট একটু সংবাদের মধ্যে এবারে তুমি আমার বিরুদ্ধে এক মস্ত বড় অভিযোগ খাড়া করিয়াছ। তাহার জবাব দেওয়া প্রয়োজন মনে হইল! এখানে প্রথমেই বলিয়া রাখি যে আমি তোমার কথাটা ভালরূপ বুঝি নাই। কারণ, যথারীতি তোমার কথা অত্যন্তই vague. আমি যা বুঝেছি তাহারই উত্তর দিব। তুমি লিখেছ—······র মুখে শুনিয়াছ, আমি war declare করিয়াছি এবং এরূপ ব্যাপার তুমি আমার কাছ থেকে আশা কর নাই। প্রথমে তোমার মনোভাবের উত্তর দিব। যদি তুমি জান যে একরকমের কাজ আমার পক্ষে অসম্ভব, তবে অনায়াসে সেটাকেই সত্য ধরিয়া আমার বিরুদ্ধে অভিযোগ খাড়া করিলে কোন্ বুদ্ধিতে?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অমি কাহারও বিরুদ্ধেই war declare করি নাই। যে-হেতু এরূপ করা আমার বুদ্ধিতে নিতান্তই অনাবশ্যক। আমি আমার পারিপার্শ্বিক অবস্থাকে আমার নিজের চেয়ে বেশী সত্য ও বড় বলিয়া জানি। যাঁহার ইচ্ছায় ছোট বড় সমস্ত ঘটনা ঘটে তাঁহার শক্তি, বুদ্ধি এবং মঙ্গলময়ত্ব আমার চেয়ে এত বেশী যে সেই শক্তির সঙ্গে লড়াই বাধাইয়া লাঞ্ছিত হইবার সখ বা সাধ আমার নাই। বিশেষতঃ, চতুর্দ্দিকে যাহা ঘটে এবং ঘটিতেছে তাহার বিরুদ্ধে আমার ব্যক্তিগত কোন নালিশও নাই। ঘটনার অন্তর্নিহিত সদিচ্ছা আমার কাছে সুস্পষ্ট। ইত্যবস্থায় হঠাৎ আমি কাহার সঙ্গে লড়াই করিতে উদ্যত হইলাম তাহা কাজে কাজেই আমার পক্ষে বোঝা একটা কষ্টসাধ্য ব্যাপার। ঘটনার হাতে স্বচ্ছন্দচিত্তে জীবনটাকে ভাসাইয়া দিয়া, হঠাৎ আজ তুচ্ছ মতামতের জন্য ঘটনার সঙ্গে যুদ্ধ জুড়িয়া দিব এতবড় নির্ব্বুদ্ধিতা এখনও আমার ঘাড়ে চাপে নাই। তোমার কথার ভঙ্গী ও আনুষঙ্গিক আপশোষ্‌ শুনিয়া আশঙ্কা হয় যে তুমি বোধ হয় শুনিয়াছ যে আমি তোমাদের আশ্রমের বিরুদ্ধেই যুদ্ধ ঘোষণা করিয়াছি। এমন যদি শুনিয়া থাক তবে সেই সম্বন্ধে আমার কথা এই যে, সে কথায় তুমি কাণ দিও না। আশ্রম চালাইবার ভার যাঁহার উপর তাঁহার দায়িত্ব, তাঁহার বেদনা তিনিই ভাল বোঝেন। তাঁহাকে কোনরূপে বিব্রত করিয়া তাঁহার গুরু দায়িত্বকে গুরুতর করার নীচাশয়তাও আমার বুদ্ধিতে অশোভন। আমার ব্যক্তিগত এমন কোন প্রয়োজন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাই যার জন্য এমন ঘরের খেয়ে বনের মোষ তাড়াবার বুদ্ধি আমার হবে। অধিকন্তু আমি যদি ভিক্ষুক হইতাম, প্রার্থী হইতাম, দুর্ব্বল হইতাম, দুঃখী হইতাম তবে না হয় যুদ্ধই করিতাম। আমার নাই কি, যার জন্য অযথা আমি লোকের সঙ্গে লড়িব ? তবে কথা এই, তা হ'লে······আমাতে যুদ্ধ দেখিল কোথায় ? তুমি জান কিনা জানি না, ·········র আমার বিরুদ্ধে অভিযোগ আছে যে আমি আশ্রমের সঙ্গে যে সহায়তা দিয়া সেবা করিতে সক্ষম, তাহাতে আমি উদাসীন বা পরাঙ্মুখ। সে সম্বন্ধে তাহাকে আমি আমার সুচিন্তিত স্থির সিদ্ধান্ত জানাইয়া দিয়াছি যে আশ্রমের কর্ত্তৃপক্ষের সঙ্গে একজুতি হইয়া কোনও কাজ করার যে কোনও সম্ভাবনা কোন কালেও আছে তা আমার বিশ্বাস নাই। কারণ অন্যের পরামর্শ বা সাহচর্য্য লইয়া কাজ করা বিশেষ ভাবে·········র প্রকৃতি বিরুদ্ধ—এ এখনও আমার মত। যতদিন না ভুল প্রতিপন্ন হইবে ততদিন এ মতেই আমি প্রতিষ্ঠিত থাকিব। কাজে কাজেই আমার সঙ্গে আশ্রমের যোগ সূত্র দিনের দিন যেমন লুপ্তপ্রায় হইয়া আসিতেছে, তাহাই চলিবে। যেখানে আমার প্রয়োজন নাই সেখানে কোনওরূপে মাথা গুঁজিবার লোভ আমার নাই। একে যদি ঘোষণা বল তবে এর নাম neutrality ঘোষণা—আমি আশ্রমের কোন কিছুর মধ্যে সজীব ভাবে থাকিব না, তার ঘোষণা। আর সত্যই ত নাই। সেই সত্য কথাটাই সুস্পষ্ট বলিয়া দিয়াছি। কখনও সুযোগ ঘটিলে যাঁকে বলা বিশেষ ভাবে দরকার তাঁকেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সরল সহজ ভাবে সব কথা ভাঙ্গিয়া বুঝাইয়া দিব। এর জন্য যদি তুমি 'হা হতোস্মি' কর—তবে করিতেই থাক। এর জন্য আমার কোন সঙ্কোচ বা অনুতাপ নাই। অন্ততঃ কিছুকালের জন্য আমার মনে আমি থাকিব এই আমার লোভ। যুদ্ধ করুক্ তাহারা—যাহারা দুর্ভাগ্য। আর যদি যুদ্ধই করিতে হয় তবে নির্ব্বোধ, অসহায়, দুর্ব্বল, দুঃস্থ মানুষের সঙ্গে কি যুদ্ধ করিব? যুদ্ধ যদি হয় ত হবে মায়ে পোয়ে। মা সশস্ত্র—সন্তান নিরস্ত্র, ভক্তের ভাষায়, দেখিব—মা' হারে কি পুত্র হারে। এখন বাগাড়ম্বর ছাড়িয়া সহজ কথাটা তোমাকে বলি—দিব্যি নিশ্চিন্ত আরামে মায়ের কোলে আছি। আমি কেন যাব দাদা! দুর্ভাগ্য কুড়াইতে? যাদের মরার সখ আছে, তাহারা মরুক। আমি বাঁচিয়া গিয়াছি; বাঁচিয়াই থাকিব। সুধীরের খবর কিছু জান? এবারে দোলের সময় সতুর লেখা একখানা ছোট্ট নাটক এখানে অভিনীত হ'য়েছিল। বেশ ভাল হ'য়েছে। ঐখানা আগামী সংখ্যা "পূজায়" ছাপাবার জন্য পাঠাব। তুমি যথাবিহিত ব্যবস্থা ক'রো। ভাল আছি সকলে। তোমাদের কুশল লিখিও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮৬

P.O. Mahendru
Patna
17. 5. 35

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের·········

তোমার কার্ড পাইয়া বিস্মিত হইলাম। ইতিপূর্ব্বে কয়েকদিন তোমার সঙ্গে পত্র লেখার ঘটা চলিল। তুমিও জানাইলে যে, তাহার ফল তোমার উপর ভালই হইয়াছে। কিন্তু এখন আবার লিখিতেছ যে, তোমার কল চলিতে চাহিতেছে না। এখান থেকে কিছু উত্তেজনার দরকার। এমন কেন হইবে আমি কিন্তু ঠিক বুঝিতে পারিতেছি না। ভাই! আমার আশঙ্কা হয় যে, তোমার মধ্যে কিছু আছে very wrong—যাহা কেবলই বিগড়াইয়া যাইতে চাহে। এমন কোন রকমেই হওয়া উচিত নয়। সামান্য সামান্য কারণ অবলম্বন করিয়া কেবলই মন খারাপ হইবে, নিজের অন্তরের সুখ দুঃখ অন্যের ভাল মন্দ ব্যবহারের উপরই নির্ভর করিবে—এ অবস্থা নিতান্তই শোচনীয়। এ নিতান্তই কাপুরুষতা। মাতৃসন্তান এ অবস্থা মানিতে পারে না। সাধকের সুখ-দুঃখের কি পরিণতি ঘটিবে, সে সম্বন্ধে কি তোমার সংস্কার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহা আমি জানি না। যদি মনে কর যে, সাধকের সুখ-দুঃখের কোন জ্ঞানই থাকিবে না, তবে সে ধারণা ভুল। সাধকের পক্ষে সুখের এবং দুঃখের মূল্য হইবে সমান। যেহেতু সত্যই দুইটা সমান। দুইটাই তুল্যভাবে মায়ের দান। দুইটাই অগ্রগতির জন্য সমভাবে প্রয়োজনীয় ও আদরণীয়। দুঃখকে ভয় করিবার সাধকের কোন হেতুই নাই। সবই যদি মায়ের ব্যবস্থা—যেমন তোমরা সর্ব্বদা মুখে বল—তবে সে ব্যবস্থা তোমার ঘাড়ে যখন চাপে, তখন তাহাতে বিচলিত হবে কেন? তোমরা মায়ের কাছে সাজ ভালমানুষ! তাঁকে বল দয়াময়ী, স্নেহময়ী, প্রেমময়ী ইত্যাদি। কেহ যদি মাকে অন্যরূপ বলে, তবে তোমরা বিচলিত হও। আর সংসারের ঘাতপ্রতিঘাতে যখন আহত হও, তখন রাগ কর মানুষের উপর, রাগ কর অবস্থার উপর। তখন সাহস হয় না মায়ের উপর রাগ করিতে, দু'টা কড়া কথা মাকেই শুনাইয়া দিতে! তখনও মুখে বল—মা দয়াময়ী! উদ্দেশ্য —যেন মায়ের বাহ্যিক সম্মানটা বজায় থাকে। অন্যদিকে মনের ঝাল ঝাড় মানুষের উপর চটিয়া। কিন্তু প্রকৃত প্রস্তাবে এ রাগের পাত্র কে? গালি দিতে হইলে মাকে দেওয়া উচিত। যদি জান যে মা অন্যায় করিতেই পারেন না, তবে জগতে চটিবারও কোথাও হেতু থাকিতে পারে না। মা ছাড়া আবার কর্ত্তৃত্ব আছে কার? এই গোঁজামিলের সংশোধন কর। চটিবার কারণ থাকে মায়ের সঙ্গে লড়। তাঁকেই গাল দেও। তাঁর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপরই অভিমান কর। আর মা যদি তেমনই ভাল মানুষ হ'য়ে থাকেন—যেমন তোমরা বল—তবে অযথা মানুষের দুর্ব্বলতা উপলক্ষ্য করিয়া নাকে কাঁদুনি কেন? এর নাম কোন্ দেশী সত্যপ্রতিষ্ঠা? বুঝিবে এক, বলিবে আর, করিবে অন্য! আমার ভয় হয়, আমি বুঝি তোমাদের ভাল করিয়া বুঝিতেই পারি না। সত্য কথা কি জান? কোথায় তোমার দুঃখের কথা শুনিয়া দুঃখ করিব—তা না হইয়া আমার অন্তরে হয় যন্ত্রণা, রাগ হয় তোমার বালকোচিত নির্ব্বুদ্ধিতায়।

আগামী কল্য শিলং যাইতেছি। এই ঠিকানাতেই পত্র দিও। ওখানকার ঠিকানা এখনও জানি না। বিশ্বরঞ্জন-দা এখন কোথায়? তিনি কি আমার বিস্তারিত পত্র পাইয়াছেন? অত্র মঙ্গল। তোমাদের কুশল লিখিও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮৭

Shillong
22. 6. 35.

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের·········

তোমার কার্ড পাইয়াছি। আগামী কল্য ভোরে আমাদের শিলং ত্যাগ করার কথা। কাজেই পাটনার ঠিকানাতেই চিঠি দিবা। এখানে আমরা ৩৪ দিন থাকিলাম। তন্মধ্যে গীতা পাঠ হইয়াছে ২৪ দিন। ইহার ফলে আমার পক্ষে অন্য কাজ করা অসম্ভব হইয়াছে। ভাবিয়াছিলাম—এখানে আসিয়া বেশ লেখা হইবে, কিন্তু কার্য্যতঃ কিছুই হয় নাই।

আমার পত্র পাঠ করিয়া তুমি দুঃখিত হইয়াছ। কারণ দর্শাইয়াছ এই যে তোমার জন্য আমরা দুঃখ পাই সেই ভাবিয়াই আবার তোমার দুঃখ। এও বাজে কথা। তোমার কথাই তুমি ভাব না, আমাদের কথাই আমরা ভাবিব। আমার সুখ দুঃখ তোমার ঘটনার উপর নির্ভর করিবে, এ আমি কিছুতেই ঘটিতে দিতে রাজী নই। তুমি দুঃখ পাইয়াছ এই জন্য যে তুমি আমার কথাটা ভাল করিয়া তলাইয়াই দেখ নাই। শুধু আমার উপর অভিমান করিয়াই তুষ্ট রহিয়াছ। আমি তোমাকে আদ্যন্ত এই বলিতে চেষ্টা করিয়াছি যে অন্যের ব্যবহারের উপর যতক্ষণ তোমার মনের সুখদুঃখ নির্ভর করিবে ততদিন তুমি মন্দভাগ্যই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

থাকিবে, কারণ অন্যে যাহা করিবে তাহার উপরে তোমার কোন হাত নাই এবং কখনও থাকিবে না। এই কথার উত্তরে তুমি বলিতে চাও যে তোমার পারিপার্শ্বিক অবস্থাটা এমনই জটিল যে তৎপ্রতি উদাসীন থাকিয়া সুস্থ থাকা কোন নরদেহধারীর পক্ষে সম্ভবপর নহে। তোমার আরও বলিবার কথা এই আছে যে অন্যের অবস্থা এর চেয়ে অনেক সহজ বলিয়া কেহই তোমার গুরুতর অবস্থাটা সম্যক্ হৃদয়ঙ্গম করে না। এইখানে কথা এই যে, তোমার এই যে সিদ্ধান্ত যে তোমার মত কঠিন অবস্থা আর কাহারও নহে—এটা তোমার ভুল এবং একটা মস্ত বড় আত্ম-প্রতারণা। একটা সত্য কথা তুমি জানিয়া রাখ যে যে যেখানে আছে, তাহার জন্যই কঠিন অবস্থা তাহার চতুর্দ্দিকে আছে। এ বিষয়ে কাহারও অবস্থাই অন্যের চেয়ে সহজ নয়। সকলের অবস্থাই অত্যন্ত কঠিন। কেবল অন্যে মনে করে, অন্যেরটা সহজ—সেটা তাহার ভুগিতে হয় না বলিয়া। অন্তরে শান্তি লাভ করিতে হইলে, নিজেকে অবস্থার ঊর্দ্ধে তুলিতেই হইবে, অবস্থা কঠিনই হউক আর সহজই হউক। অবস্থা যত কঠিনই হউক, মানুষ তাহার ঊর্দ্ধে চিরকাল উঠিতে পারিয়াছে, চিরকাল পারিবে, ইহাই শান্তিলাভের নিত্যকালের ইতিহাস। যে কথায় দুঃখ পাইয়াছ তাহা এই যে, তোমার মনের এই যে ভাব, যে তোমার অবস্থা অস্বাভাবিক বলিয়াই তুমি তাহার বিরুদ্ধে সুস্থির হইয়া দাঁড়াইতে পার না, আমি মনে করি এটাই তোমার মস্ত বড় দুর্ব্বলতা—এটা তুমি আগাগোড়াই ভুল বুঝিয়া আসিয়াছ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এ সম্বন্ধে বলিলেও যখন তোমার রাগ হইতে আরম্ভ হইয়াছে তখন মনে হয় অবস্থা আরও জটিল। তুমি অন্যের জন্য কষ্ট পাও, এ কথা কি এখনও তোমার বিশ্বাস হয়? এটা না মায়ের রাজ্য? এখানে কি এমন অব্যবস্থা থাকা সম্ভবপর? আমার কিন্তু নিশ্চিত ধারণা—"দোষ কারো নয় তো মা—আমি স্বখ্যাতসলিলে ডুবে মরি শ্যামা"! অত্র মঙ্গল। আশাকরি তোমরা কুশলে আছ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮৮

মজঃফরপুর

১২।৯৩৫

ওঁ সদ্‌গুরুং তং নমামি,

স্নেহের............

পত্র পাইয়াছি। প্রবন্ধ পাঠাইয়াছি। কলিকাতা হইতে ফিরিয়া অবধি আমার আর সোয়াস্তি নাই। নিত্যই গীতা। রমেশবাবুর আত্মীয় একদল শোকগ্রস্ত লোক আসিয়াছিলেন। তাহাদের জন্য আবার বিশেষ পাঠ ও আলোচনা। তাহাদের জন্য চেষ্টা মায়ের ইচ্ছায় ব্যর্থ হয় নাই। তাহারা দিব্য আরামে আছে দেখিয়া আসিয়াছি। তবে তাহাদের ভয়, স্বস্থানে ফিরিয়া গেলে আবার কেমন হইবে! সেআর আমি কি জানি? পূর্ব্বের মত নিশ্চয়ই হইবে না। এ ছাড়া এতকাল পরে স্থানীয় হরিসভার সখ হইল আমার গীতাপাঠ শুনিবার। একক্রমে ৪ দিন সেখানে পাঠ হইয়াছে। সমস্ত মোড়লেরাই উপস্থিত ছিলেন। একবিষয়ে সকলে একমত—"একদম নূতন —আর কখনও এমন শুনি নাই"—স্ত্রীলোকেরা কাঁদিয়াছেন— "গীতা যে এত সহজ করিয়া বোঝা যায় তাহা পূর্ব্বে জানিতাম না"—ইত্যাদি—এখন ইহার ফল কি হইবে কে জানে? তবে আমার দুর্ভোগ বাড়া আশ্চর্য্য নয়। হয় তো প্রতি সপ্তাহে একদিন এখন হরিসভাকে দিতে হইবে। ইহা ছাড়া একদিন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রমেশবাবুর বাসায় "শ্যামসুন্দরের" পূজা হইল। অমরবাবু উপস্থিত ছিলেন সস্ত্রীক, খুবই moved হইয়াছিলেন। বলিয়াছেন, পূজা যে এমন জীবন্ত হয় তাহা জানিতাম না। ইহা ছাড়া গত রবিবার বাসায় "মায়ের পূজা" করিতে হইয়াছে। তোমার Father no. 2 স্বপ্নে দেখিয়াছে ছেলের অসুখের জন্য মায়ের পূজা হোম হওয়া দরকার—নতুবা আরোগ্য হওয়া কঠিন। বিশিষ্ট লোকের দ্বারা পূজা হওয়া দরকার এবং সে লোক আমি—ইত্যাদি ইত্যাকারে বিব্রত হইয়া হয় পূজা, নয় পাঠ লইয়াই আছি। এখন বই লিখিবে কে? লেখা কিছুই অগ্রসর হইতেছে না। কি হইবে কে জানে?

তুমি লিখিয়াছ যে আমি কেবল বক্তৃতা দিয়া যাইব। অন্যে আমার কথা দিয়া বই লিখিবে! তা যদি হয় তাতেই বা ক্ষতি কি? মায়ের সত্যপ্রচারের বাহন যে ভাবে যাকে করিবেন সেই হইবে—তোমার আমার ভাগাভাগি কে মানিবে বল? সত্য জগতে লোকের সেবার জন্য প্রচার হওয়া দরকার—তা হ'লেই হ'লো। সে অন্যেই করে বা আমিই করি।

পাটনার ঠিকানায় পত্র দিও। অত্র মঙ্গল, তোমাদের কুশল চাই। একজন ত তোমার খড়মের মাপ নিয়াছেন সে দিন; আবারও খড়মের কথা লিখিয়াছ—stock করিবে না কি?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮৯

Po. Mahendru
Patna
21. 10. 35

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের.........

ক্রমান্বয়ে তোমার তিনখানা কার্ডই পাইয়াছি। পত্রের উত্তর দিতে যথেষ্টই বিলম্ব হইয়াছে জানি; কিন্তু উপায় ছিল না। কিছুদিন ধরিয়া যে অবস্থা চলিতেছে তাহাতে পত্রের উত্তর দেওয়া সাধ্যাতীতই বটে। গতকল্য ভ্রাতৃদ্বিতীয়ার ফাঁকে একখানা খাম সংগ্রহ করিয়াছি। নতুবা তোমার reply কার্ডএর সদ্ব্যবহার করিতাম। বিশ্বরঞ্জনদারও দুই খানা কার্ড পাইয়াছি। উত্তর না দিতে পারার একই কারণ। এখন প্রথম কথা এই—মায়ের পূজা আগামী মঙ্গলবার। যে ভাব চলিতেছে এরূপ থাকিলে পূজা নিরবয়ব হইতে বাধ্য। তাহাতে আমি খুব বেশী দুঃখিত হইব তা নয়। কিন্তু আমি ছাড়া আরও ত লোক আছে! সকলের এতটা সহিবে কি না কে জানে। কাজেই তুমি একবার Mr. Choudhuryর সঙ্গে দেখা করিয়া শেষ চেষ্টা করিবা। আমার চেষ্টার দিক্ দিয়া ত এই একমাত্র স্থান। তারপরে যদ্ভবেৎ তদ্ভবেৎ। এ একটা নূতন রকমের crisis আসিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপস্থিত। এ আশ্চর্য্য কিছুই নয়। এমনই ত হইবার কথা। বর্ত্তমান গোলযোগের হেতু·····র প্রতিজ্ঞাবিস্মৃতি। আমার ঘটনাত জান। একটুকু এদিক ওদিক হইলেই আমি অচল। ভুলের margin যে মোটেই নাই। ধর কাহারও যদি ২০৲ টাকা মূলধনে সংসার চালাইতে হয় তাহার মধ্যে যদি ৫৷৹ টাকা শিক্ষা-ব্যয় নির্দ্দিষ্ট থাকে—তারপরের balance এ কতদূর নৌকা চলিতে পারে ? যাহা হউক এ জন্য তোমার চিন্তিত হইবার কারণ নাই। মা-ই যথাযোগ্য ব্যবস্থা করিতেছেন ও করিবেন।

এত কথা বলার কারণ এই যে ইহারও একটা আশ্চর্য্য bright side আছে। এবারে কিন্তু আমার সঙ্গীগণ আমার সঙ্গে খুবই সহযোগিতা করিতেছে। সকলেই ধৈর্য্যসহকারে হাস্যমুখে সমস্ত অসুবিধা অগ্রাহ্য করিতেছে। এবারে ইহাই মায়ের বিশিষ্ট দান।

এতকথা না লিখিলে ভাল হইত। তা যখন লিখিয়াছি ত বেশ করিয়াছি। তুমি কিন্তু পত্র পড়িয়া সকলকে শুনাইবার উৎসাহ এবারের মত সংযত রাখিও।

এবারে লক্ষ্মীপূজা হইয়াছে চমৎকার। একদম নূতন style —বিশ্বশ্রীমূর্ত্তির পূজা। খুবই উপভোগ্য হইয়াছিল। বর্ণনা বিশেষ কিছু আসিতেছে না।

গীতা পাঠ করিতে আসিতে বিশ্বরঞ্জন-দা লিখিয়াছেন। এখন এ বিষয়ে আমার কথা—আমি এই নভেম্বর মাসেই আসিব কি ডিসেম্বর মাসে আসিব এই সমস্যা। ডিসেম্বর মাসে আসিলে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার হাওড়ার ঠাকুরের পূজা দেখা সম্ভব হয়। সেজন্য আমার নিজের ইচ্ছা বড়দিনের ছুটীর কাছাকাছি আসিব। এতে যদি তোমাদের বিশেষ কোনও অসুবিধা থাকে তবে লিখিও; পূর্ব্বেই আসিবার ব্যবস্থা করিব। এ বিষয়ে তোমাদের মতামত জানিয়া চূড়ান্ত সিদ্ধান্ত করিব। একটা গোপন কথা—যেভাবে এখন আছি তাই যদি আরও কিছুকাল চলে—তবে স্থান ত্যাগ যে অসম্ভব হইবে—এও এক সম্ভাবিত বিঘ্ন খাড়া আছে। যাহা হউক তোমাদের মত লিখিও।

...   ...

তুমি আমাকে অনন্তদার অপ্রত্যাশিত মৃত্যু-সংবাদ দিয়াছিলে। গত শুক্রবার আমাদের এখানেও শ্রীমান কালুর ছোট ছেলেটি ৯ দিন নিউমোনিয়ায় ভুগিয়া মারা গিয়াছে।

আজ আমি সমস্ত দিন অসুস্থ। খুব মাথা ধরিয়াছে। উপরন্তু সন্ধ্যায় গীতা পাঠ। আশাকরি তোমরা কুশলে আছ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯০

Po. Mahendru
Patna
14. 11. 35.

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের............

রামের নামীয় ৫৲ টাকা, ও তদনন্তর তোমার প্রেরিত ৩৲ টাকা এবং তোমার দুই কার্ড সমস্তই পাইয়াছি। উত্তর দিতে এতদিন লাগিল এতে তোমার ত আশ্চর্য্য হইবার কিছুই নাই। আশাকরি এ বিষয়ে এখন তুমি অভ্যস্ত হইয়া গিয়াছ।

আমার মায়ের পূজা যথাভিলষিত ভাবেই সুসম্পন্ন হইয়াছে। পূজার দুই দিন পূর্ব্বেও মনে হইয়াছিল যে পূজার বহিরঙ্গ দিক্‌টা এবারে আর বাদ না দিয়া উপায় নাই। কিন্তু পূজার পূর্ব্বদিনে সমস্ত অদল-বদল হইয়া গেল। তারপরে যাহা ঘটিয়াছে তাহাতে কাহারো মনেই আর কোন ক্ষোভের কারণ নাই। অনুমান ১০০ শত লোক প্রসাদ পাইয়াছে, আয়োজনেও কোন কার্পণ্যের প্রয়োজন হয় নাই। তারপরে পূজার কথা। আমার মায়ের পূজা কিছুদিন ধরিয়াই আমার কাছে এক সমস্যা। কেমন যে পূজা হওয়া উচিত, কেমন হইলে যে ঠিক মানান সই হয় তা আমি বুঝিতেই পারি না। গতানুগতিক পূজা-বিধি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার মায়ের পূজায় নিতান্তই অশোভন। মায়ের সঙ্গে আমার সম্পর্কের এই পঞ্চবিংশ বর্ষ এবারে পূর্ণ হইল। মায়ের সঙ্গে ভাল মন্দ যেমন হউক আমার একটা সত্য সম্পর্ক বিদ্যমান। তাঁহাকে 'আগচ্ছ পরমানন্দ' ও বলিতে পারি না—'ক্ষমস্ব' বলিয়া বিদায়ও করিতে পারি না। অথচ কি যে করিতে পারি তাহাও জানি না। তাই এবারে মনে ভাবিয়াছিলাম যে সত্য-প্রতিষ্ঠার দিক্‌টাতে একটু বিশেষ মনোযোগ দিতে হইবে; পূজকদেরও সেই কথাই বলিয়া দিয়াছিলাম। মনে ভাবিয়াছিলাম যে সত্যপ্রতিষ্ঠার দিক্‌টাত ধরি, তারপরে পূজার গতি মা যেমন ফিরান তেমনি হইবে। আমার ধারণা সত্য-প্রতিষ্ঠার পূর্ণ পরিণতি জগদ্ধাত্রী পূজায়।

এই সমস্ত ধারণা নিয়ে ত পূজায় অগ্রসর হওয়া গেল। যথারীতি পূজা হইবার সব ব্যবস্থা লইয়াই বসা গেল। প্রাতে মায়ের নাম করিয়া, মায়ের পূজার উদ্বোধন করা হইয়াছিল। মধ্যাহ্ন পূজা আরম্ভ হইল—৯টা ৪০ মিনিটের মত সময়। তারপরে যাহা হইল তাহাকে পূজা আর বলি কি করিয়া—কারণ এ পূজায় আচমন, আসনশুদ্ধি, সঙ্কল্প, দেবতা পূজা কিছুরই আর ফাঁক পাওয়া গেল না—সহজ কথায় এ ব্যাপারে পূজার কোন অঙ্গই ছিল না—বেলা ২॥০ ঘটিকার সময় দেখিলাম যে এমন জায়গায় আসিয়া পৌঁছিয়াছি যেখানে কোন কিছুই আর করা চলে না—যা করি তাই মিথ্যা অনুষ্ঠান মাত্র হবে—পূজা আয়োজন, পূজা-দ্রব্য নিয়া আমি মহা মুস্কিলে পড়িলাম। ও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সকল করি কি ?—একটা কথা বলা ভাল—যদি মনে কর এতক্ষণ আমি নীরব, নিষ্পন্দ হইয়া ধ্যানস্থ ছিলাম, তাহা হইলে কিন্তু ভুল হইবে। আমি সেই দিক দিয়াই যাই নাই। অনবরত পূজা চেষ্টাতেই ব্যাপৃত ছিলাম ; এবং একটু সময়ও নীরব থাকি নাই। কিন্তু নোঙ্গর ফেলে দাঁড় টানার মত, পূজা যেখানে আরম্ভ হইয়াছিল, সেখানেই দাঁড়াইয়া থাকিল। কোন অনুষ্ঠানই আর মাথা খাড়া করিবার সাহস পাইল না। নিরবয়ব পূজা বর্ষণহীন ঘন কৃষ্ণ মেঘের মত জমাট রহিল ; এখন আয়োজন বলে পূজা কর—অবস্থা বলে—অসম্ভব। মনে হইল কোন কিছু করার চেষ্টা—পণ্ডশ্রম। যতটুকু পারি কেবলই বলি —মা-মা-মা-মা-মা। মা বলার পরিবর্ত্তে যা করিব তাই লোকসান —এমন শুভ সুযোগ জীবনে যদি আর না ঘটে—আজ প্রাণ ভরিয়া মা বলার সাধ মিটাইব—পূজার বালাই যার, সে ভাবুক ইত্যাদি। অতঃপর মনে মনে একটা রফা হইল—ব্রহ্মার্পণং -ভিত্তিতে এপারে ওপারে মা দেখিয়া—দ্রব্যরূপা জগদ্ধাত্রী কেমন করিয়া অর্পণের প্রবাহ বাহিয়া মহাসমুদ্রে ডুবিয়া যাইতেছে—তাহা লক্ষ্য করিয়া উপচার-অর্পণ অজুহাতে মায়ের ডাক চলিতে লাগিল। এইরূপে অচল পূজা একটা গতি লাভ করিল। লোকেও বুঝিল যে শেষ পর্য্যন্ত পূজা হইল। আমিও বুঝিলাম যে আমার দায়োদ্ধার হইল। পূজা যে কি হইল তখন তাহা কিছুই বুঝিলাম না। যতই দিন যাইতেছে ততই বুঝিতেছি—এবারের পূজা হইয়াছে মায়ের কৃপাঘনরূপ ; বলিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বুঝাইবার মত ঘটনাই নয়। যাহা কিছু বলিলাম সবই বাহিরের দিকের কথা। অন্তরের দিক্ অবর্ণনীয়। পূজায় আমার লাভ হইয়াছে—একটা নূতন রকমের পূজার style শিখিয়া ফেলিয়াছি। আমার মায়ের পূজার একটা খুব শোভন রূপ হইবে—আর কি করিব ভাবিতে হইবে না। আমি কি বস্তু তা ত জানই। আমার মা কিন্তু মোটেই আমার মত নয়। মা—মা একেবারে—একেবারে—……হুঁ……*।

থাক্ পাগলামী। কাজের কথা বলি। বিশ্বরঞ্জন-দা লিখেছেন আমার সুযোগ মত গীতাপাঠের ব্যবস্থা করিতে। অধিকন্তু তিনি প্রস্তাব করেছেন যে তাঁহার ইচ্ছা কাশীর আশ্রমেও গীতাপাঠ হউক। তাই আমি প্রস্তাব দিয়াছি যে ৮ই, ৯ই ডিসেম্বর পর্য্যন্ত আমি কলিকাতা অভিমুখে রওনা হইতে পারি। ৬ই ডিসেম্বর পাটনায় 'গীতা-জয়ন্তী' হইবে—তারই ঠিক পরে। কলিকাতা কতদিন থাকিব সে হিসাব অনাবশ্যক। ২য় অধ্যায়ের বাকী অংশ ও ৩য় অধ্যায় সম্পূর্ণ করা আমার ইচ্ছা। এখন মায়ের যেমন মরজি হয় তেমনই হইবে। কাশীতে গীতাপাঠ জানুয়ারীর ২য় সপ্তাহে হইতে পারে। এই কথা জানাইয়া বিশ্বরঞ্জন-দাকে চিঠি দিয়াছি। তিনি সম্মতি জানাইলেই সঠিক তারিখ ধার্য্য করিব। একটা কথা—এবারে আশ্রমে গীতা পাঠের ব্যবস্থা ঘরে না করিয়া বাহিরে হইলে কি অসুবিধা হইবে? তোমরা ভাবিয়া দেখিও।

আমার crisis রূপান্তর গ্রহণ করিয়াছে। তবে এখনও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমি পারে পৌঁছাইতে পারি নাই। সে, মায়ের যেমন ইচ্ছা তাহাই হউক। আমরা অনধিকার চর্চ্চা নাই বা করিলাম।

এখানকার সকলে ভালই আছে। বাবার শরীর খুবই খারাপ। তাঁহার ইচ্ছা আমি একবার যাইয়া তাঁহাকে দেখিয়া আসি। কিন্তু আমার যে ইচ্ছামত কাজ করিবার অক্ষমতা কত বিরাট্ তাহা ত তিনি জানেন না। কাজেই তিনি হয়তো দুঃখিত হন্ এই ভাবিয়া যে আমি তাঁহাকে দেখিতে যাইতে ইচ্ছাই বোধ হয় করি না। যাহা হউক, আমি মায়ের উপর ভার দিয়া রাখিয়াছি। মা নিশ্চয়ই যথাযোগ্য ব্যবস্থা করিবেন। তোমার প্রেরিত ঔষধে কোনই ফল হয় নাই, এ-খবর আমিও পাইয়াছি।

শ্রীমান সুধীর 'ভাল নাই' অবস্থাতেই একরূপ অগ্রসর হইয়া চলিয়াছে। তোমার অভিযোগ তাহাকে জানাইয়াছি। বরাহনগরের সকলকে আমার স্নেহ-সম্ভাষণ জানাইবে। রাণীমাকে আমার প্রণাম দিবে। আশাকরি গীতা-পাঠের যে ব্যবস্থা প্রস্তাবিত হইল, ইহা সকলেরই মনঃপূত হইবে। তোমাদের কুশল প্রার্থনীয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯১

PO. Mahendru
Patna
7. 2. 36.

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের.........

কার্ড পাইলাম। বিশ্বরঞ্জন-দার বেরীবেরী হইয়াছে শুনিয়াছিলাম। আজকাল তিনি কেমন আছেন লিখ নাই। পরামর্শাদি যেমন খুশী চলুক; ইহাতে আমার কোনও 'হায় আপশোষ' নাই। যেমন ইচ্ছা হউক্। তোমাদের রকম সকম I hate. ইচ্ছা হইলে স্বচ্ছন্দে তোমরা গোল্লায় যাইতে পার। প্রমথদার ছেলের বিবাহ নির্ব্বিঘ্নে হইল কিনা তিনিও জানান নাই, তোমারও জানাইতে স্মরণ নাই। এটাই জগতের style. পাগলীমার যদি টালিগঞ্জে স্থান হইয়া থাকে সে ত উত্তম কথা। বরাহনগরে তাহার আর থাকার চেষ্টা না হওয়াই ভাল।

এখন পূজার কথা। তোমার ছবি নির্ব্বিঘ্নে পৌছিয়াছিল। তাহা অতি উত্তম করিয়া তোমার দাদামশায়ের কারখানাতেই বাঁধান হইয়াছিল। পূজার পূর্ব্ব রবিবারে পূজকদের ডাকিয়া কেমন করিয়া পূজা করিতে হইবে তাহা বুঝান হইয়াছিল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছেলে পিলে নিয়ে পূজক সংখ্যা ২৭৷২৮ জন হইয়াছিল। দর্শকও কয়েক জন ছিলেন। পূজা অতি উপাদেয় হইয়াছিল। ভাব উচ্চাঙ্গের কিন্তু রকম শিশুজনবোধ্য। সকলেই খুব আনন্দ পাইয়াছেন। ৯৷৷টায় আরম্ভ—৫টায় শেষ। প্রসাদাদি বিতরণে রাত্রি হইয়া যাওয়ায়—যেহেতু স্থানাভাব (পূজা বারান্দায় হইয়াছে)—আরতির পূজা ১ম দিন সন্ধ্যার জন্য রাখা হইয়াছিল। ২য় দিনের পূজা বেশীটাই অন্তর্মুখী—উচ্ছাসহীন—গাম্ভীর্য্যপূর্ণ; তবে খুবই চিত্তাকর্ষক। বৈকালে স্তবস্তুতি ও মাতৃলীলা গান। গান ভাল হয় নাই; স্তবস্তুতি বেশ হইয়াছিল। তারপরে 'বাসুদেবে'র' গানের রিহার্সেল।

সূর্য্যপূজা K. K. Guha দের বাড়ীর উঠানে। সকাল হইতেই আকাশ বেশ মেঘাচ্ছন্ন ছিল। গঙ্গাতীরে উন্মুক্ত প্রাঙ্গন—তাতে পাটনার শীত। অনেকে ত শীতের ভয়ে স্নানও করিতে পারে নাই। যাহা হউক—পূজা আরম্ভ হইল। সূর্য্যদেব দর্শন দিবেন কিনা সেটা দৈব ঘটনাই থাকিল। যখন গুরু পূজায়—ইদং স্নানীয়ং—তখন একেবারে ঝম্ ঝম্ বৃষ্টিতে আলোয়ান কাপড়শুদ্ধ সমস্ত লোকের শিরে শিরে আকাশ-গঙ্গার ধারা। অবস্থা বুঝিতেই পার। ভয় হইল শেষ পর্য্যন্ত না একাই থাকি! তাহা হইল না; কেহই আমাকে ত্যাগ করিলেন না। জোরে পূজা চলিতে লাগিল। কিন্তু হৃৎকম্প ত এ অবস্থায় থাকিবেই। কিন্তু সূর্য্যপূজা যে! সূর্য্য কোথায়? তৎপরিবর্ত্তে এ যে বৃষ্টি। মায়ের নাম করিয়া চলিতে লাগিলাম,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যেমন পাগলীর খুশী। সন্তানের শুধু এক ভরসা। বৃষ্টি থাকিলেই যে সূর্য্য আসিতে পারে না তাত নয়, তিনি ত আছেনই—কৃপা করিয়া দর্শন দিলেই হইল। তারপরে বৃষ্টিধোয়া পরিষ্কার আকাশে মেঘের পরদা সরাইয়া সরাইয়া শ্রীসূর্য্য যখন উদিত হইলেন, তখনকার সেই মহান্ দৃশ্য ভাগ্যবানই দেখিয়া থাকে। চমৎকার—চমৎকার! একি সূর্য্য না চন্দ্র—সৌন্দর্য্য না ঐশ্বর্য্য—জ্ঞানের প্রতীক না ভক্তির বিগ্রহ—বুঝিবার জো ছিল না। মনে হইল, ভাগ্যে বৃষ্টি হইয়াছিল নইলে এমন মজা হইত না। বুঝিতেইছ পূজার পদ্ধতি! উপভোগ কেমন হইতে পারে তাহাও বুঝিয়াই লও। দেখিয়া শুনিয়া মনে হইল, আমার মা যে কি তাহা ভাল করিয়া বুঝিবার 'বিদ্যা' আমার কবে হইবে? যা হয় হউক্, না হয় না হউক্--কিন্তু সত্যই—জয় গুরু, জয় মা) !!!

নামের দিন লোকসংখ্যা ছিল অতি অল্প। কিন্তু বেশ জমিয়াছিল। সাধ হইয়াছিল—আমার যাওয়ার দিনে আমাকে এই নামই শুনাইতে হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯২

P.O. Mahendru
Patna
24. 3. 36

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের·········

তোমার কার্ড পাইলাম। তুমি যাহা লিখিয়াছ, তাহার কোন অর্থ আছে বলিয়া আমার মনে হইল না।······কে চিঠি দিতে আর কয়েক দিন বিলম্ব করিলে কি সুফলের আশা তুমি কর, আমি ভাবিতেই পারি না। শুধু, যে ঘটনা অপ্রিয় বোধ হইতেছে, তা' যতটা সম্ভব বিলম্বে ঘটুক—এই যা' সান্ত্বনা। যাহা হউক, আমি তাঁকে চিঠি যথা সময়েই দিয়াছিলাম এবং উত্তরও পাইয়াছি। তিনি এক পোষ্টকার্ড লিখিয়া আমাকে জানাইয়াছেন যে, 'পত্রে আপনি যে মনোভাবের পরিচয় দিয়াছেন, তাহা আপনার পক্ষে শোভন হয় নাই'—ইত্যাদি। অধিকন্তু তিনি অতি অবশ্য আমাকে একবার তাঁহার সঙ্গে দেখা করিতে বিশেষ অনুরোধ করিয়াছিলেন এবং যাওয়ার খরচ বাবদ ৫টি টাকাও পাঠাইয়াছিলেন। আমি money order ফেরত দিয়া তাঁহাকে জানাইয়া দিয়াছি যে, আলাপ-আলোচনায় কোনও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুফল হইতে পারে—এ ভরসা আমার নাই; কাজেই যাওয়া অযথা।

তাঁহার ভাব দেখিয়া মনে হয় যে, আমি আশ্রমের সঙ্গে সর্ব্ব সংশ্রব পরিত্যাগ করিতে কৃতনিশ্চয় হইলাম কেন—তাহা যেন তিনি বুঝিতেই পারেন নাই! না পারাও আশ্চর্য্য নয়। কারণ আমার সঙ্গে তাঁহার আদর্শের কি যে তফাৎ—বা তফাৎ কিছু আছে কিনা তাহা বোধ হয় ভাবিয়া দেখিবার অবসরও তিনি কখনও পান নাই বা আবশ্যকও মনে করেন নাই।

আমার মতে চলিতে হইলে তাঁহার যাহা করিতে হইবে, তাহা তিনি করিতে রাজী হইবেন বা করিতে পারেন—এমন বিশ্বাস করা সহজসাধ্য নয়। কাজেই আমি তাঁহার উপর কোন ভরসাই রাখি নাই। আমার মতে এই যাহা হইল, তাহা ভালই হইল। আদর্শের গোঁজামিল দিয়া, বা অসত্যকে প্রশ্রয় দিয়া ধর্ম্মতঃ যে অন্যায় করিয়া যাইতেছিলাম, আজ আমি তাহা হইতে মুক্ত হইয়া আনন্দই বোধ করিতেছি।

এতকাল মিথ্যা আশায় ছিলাম যে, যদি বা সুবুদ্ধির উদয় হয়! কিন্তু ঠাকুরের তিরোধানের পরে আজ পর্য্যন্ত একদিনও কি তোমরা শুনিয়াছ, আশ্রম-আচার্য্যের ঠাকুরের আদর্শ বা সাধন-সমর আশ্রমের উন্নতি সম্বন্ধীয় কোনও কথা বা আলোচনা? যদি আশ্রম-উন্নতির কথা হয়, তবে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বড়জোর তিনি 'আর্য-নিকেতন' ভাবিতে পারেন; সাধন-সমর আদর্শ বলিয়া তাঁহার অন্তরে কোন ভাব নাই ও ছিলও না—এই আমার ধারণা। ইত্যবস্থায় আর কেন? Let us agree to differ. আমার পথে আমি চলিব, তাঁ'র পথে তিনি। আর তোমরা যেদিকে সুবিধা বোধ কর!

.........র কাছে আমি যে চিঠি দিয়াছি, তাহা সকলকে দেখান তাঁ'র কর্ত্তব্য। কিন্তু সেরূপ পথ তাঁ'র পছন্দ হইবে—এমন মনে হয় না। সেইজন্য মাষ্টার মশায় প্রভৃতিকে দেখাইবার জন্য তাহার এক copy এই সঙ্গে দিলাম। যাঁহার প্রয়োজন দেখিতে পারেন। অত্র মঙ্গল। আশা করি তোমরা কুশলে আছ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯৩

PO. Mahendru
Patna
12. 6. 36.

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের............

তোমার মূল পত্র ও তুই reminder সবই পাইয়াছি। উত্তর বরাহনগরে না দিতে হইয়া অন্যত্র দিতে হইল এ ভালই হইয়াছে। প্রথমতঃ—তোমাকে একটু মন্দ বলা দরকার, তোমার স্বভাবের অধোগতি দেখাইবার জন্য; তারপরে তোমার জ্ঞাতব্য বিষয় লিখিব।

এবারে নিমাই ও পরেশ পরীক্ষা দিয়াছে। তুমি আশ্রম হইতে চিঠি দিলে, অথচ তাদের পরীক্ষার ফলের কথা জানাইবার তোমার একটু ইচ্ছাও হইল না—এ আশ্চর্য্য। আমি উহাতে বিস্মিত হইয়াছি।

ছুটুর বিবাহ হইল। কোথায় সম্বন্ধ হইল, কেমন ছেলে, কি করে—কিছু কি আমাকে এ পর্য্যন্ত লিখিয়াছ? এও কি তোমার অনাবশ্যক খবরের তালিকায় পড়ে নাকি? অথচ একথা একবার উল্লেখও কর নাই। তোমার পত্রে প্রসঙ্গক্রমে ছুটুর বিবাহের পরে তুমি মনস্থির করিবে শুনিয়া বুঝিয়াছিলাম যে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছুট্টুর বিবাহ; সেও আমার চিঠি নয়—সুধীরের। যাক্।

তোমার প্রশ্ন—তুমি এখন কি করিবে? জিনিষটা সর্ব্বপ্রকার অযথা sentiment বাদ দিয়া সরলভাবে বুঝিয়া দেখিতে হইবে। প্রথম কথা, দেখিতে হইবে তুমি বরাহনগরে আছ কেন? যে জন্য আছ, তাহা যদি সিদ্ধ হইয়া থাকে বা হইতেছে এমন হয়, তবে ত উত্তম। না যদি হয়, কি কর্ত্তব্য এবং সে কর্ত্তব্যসম্পাদনের সামর্থ্য তোমার আছে কিনা। তুমি অনেকদিন পূর্ব্ব হইতে আশ্রয়ে থাকিবার তোমার বহু অসুবিধার কথা বলিয়াছ এবং এ পর্য্যন্ত আমিও বলিয়াছি—দেখ, মা কি করেন। তোমার অসুবিধার নালিশের মূল কথা-অনেকের ব্যবহার তোমার মানসিক ক্লেশপ্রদ। আমি বলিয়াছি—এদের আমল দিতে হয় না—ভাল না লাগার দায়িত্ব সকলেরই নিজ নিজ ব্যক্তিগত অপরাধ—ইত্যাদি। আমার উদ্দেশ্য ছিল যে ভাল লাগা না লাগা কোনও একটা বিশেষ কার্য্যে অগ্রসর হওয়ার মূল কারণ হইতেই পারে না। মন যতদিন না আকাশের মত বিশাল হইবে, ততদিন লোকের ব্যবহারের ঘাত-প্রতিঘাত দুঃখ হইয়া মানুষকে ব্যথা দিবেই, সে যেখানেই যাউক্ না কেন! তুমি কিন্তু বিষয়টাকে আদর্শের দিক্ দিয়া বিচার করার দিকে সুস্পষ্টভাবে কখনই অগ্রসর হও নাই। আশ্রম জীবন হিসাবে, গুরু-গৃহে বাস করিবার মূলে জীবনের যে আদর্শ বিদ্যমান, তাহা যে সর্ব্বথাই ব্যর্থ হইয়া যাইতেছে, এ ভাবটা প্রত্যক্ষভাবে তোমাকে কখনও বিশেষ করিয়া পীড়া দিয়াছে বলিয়া আমি মনে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিতে পারি নাই। আমি এতদিন সেই নালিশেরই অপেক্ষায় ছিলাম। আজও তোমার স্পষ্ট করিয়া সে নালিশ উঠিয়াছে কিনা তাহাও জানি না। ভাল না লাগা আর এই আদর্শহানির গ্লানি এক কথা নয়। ভাল না লাগা মানুষ সইতে পারে না মুখে বলে, কিন্তু কার্য্যতঃ সত্যই পারে। কিন্তু আদর্শের প্রতি আকর্ষণ যেখানে সজীব, সেখানে আদর্শচ্যুতির গ্লানি সত্যই অসহনীয়। সে তাহা আত্মঘাতী চেষ্টার মত কষ্টদায়ক বলিয়া বোধ করে। এ বোধকরার ব্যাপারটা নিতান্তই ব্যক্তিগত। যাহার মধ্যে আসে সে-ই ইহার মর্ম্ম জানে। ইহা কখনই পরামর্শ করিয়া হয় না----হইতে পারে না; পারিয়াও লাভ কিছু নাই।

এখন কথা এই, তুমি এই রকম মর্ম্মান্তিক কোনও বিদ্রোহ অন্তরে অন্তরে অনুভব কর কিনা সেইটাই তোমার খুব ধীর স্থির ভাবে বুঝিয়া দেখিতে হইবে। বিষয়টা কিন্তু কি হওয়া উচিত সেই দিক্ দিয়া দেখিলে ভুল হইবে। শুধু দেখিতে হইবে কি হইতেছে।

যদি এই দিক্ দিয়া তোমার আশ্রমবাস অসম্ভব হইয়া থাকে, তবেই তদনুযায়ী কর্ত্তব্যনির্দ্ধারণের সময় আসিয়াছে বুঝিতে হইবে।

তারপরে কথা, কর্ত্তব্য ঠিক্ হইলেও আমি সে কর্ত্তব্য গ্রহণ করিতে পারি কিনা---সে সামর্থ্য আমার আছে কিনা তাহাও দেখা দরকার। সব কর্ত্তব্যই সকলে পালন করিতে পারে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এমন কাজ করিয়া লাভ নাই, যাহার মূল্য দিতে আমি অসমর্থ; তাতে লাভের চেয়ে লোকসান বেশী হয়—শান্তির পরিবর্ত্তে অশান্তি বাড়ে। মূল উদ্দেশ্যই ব্যর্থ হইয়া যায়।

তুমি যদি মনে কর, এই ভাবে আশ্রমে তুমি থাকিতে পার না, তবে দেখিতে হইবে আশ্রম পরিত্যাগের দায়িত্ব তুমি গ্রহণ করিতে রাজী আছ কিনা। ইহার ফলে অনেক দুঃখ—অনেক অসুবিধা আসাই সম্ভব—তাতে তুমি প্রস্তুত কিনা। একটা সুবিধা সুনিশ্চিত হইলে, একটা অসুবিধা পরিত্যাগ—সে ত সহজ কথা। সুবিধা অসুবিধার দিক্ দিয়া, নূতন পথ হয়তো অধিকতর দুঃখের হইতে পারে। তাতে তুমি রাজী কিনা মনের সঙ্গে সে সম্বন্ধে ধীরচিত্তে বোঝা পড়া করিয়া লওয়াই এক্ষেত্রে বিশেষ কর্ত্তব্য। মন যদি এতে ভয় না পায়—তারপরে ত পথ পরিষ্কার—'হে ভবেশ, হে শঙ্কর, সবারে দিয়াছ ঘর, আমারে দিয়াছ শুধু পথ'।

তুমি এখানে, ছাড়িবে কিনা তাহাও আমাকে ঠিক করিয়া দিতে বলিয়াছ, এবং তারপরে কি গ্রহণ করিবে তাহাও আমাকে বলিয়া দিতে লিখিয়াছ। এর মধ্যে হয়তো তোমার মনেরও অজ্ঞাতসারে দুঃখকে ফাঁকি দেওয়ার একটা ফন্দি আছে। তুমি একটা নির্ঝঞ্ঝাট পথ চাও। তাহা হইতে পারে না। তোমার দুঃখকেই বরণ করিতে হইবে। তবে দুঃখের যিনি বিধাতা, তোমার উপর দয়া করিয়া তিনি যদি তোমাকে দুঃখ হইতে রেহাই দেন, সে উত্তম। কিন্তু তুমি নিজে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদি দুঃখকে এড়াইতে চাহ, তবে দুঃখ তোমার কোমর জড়াইয়া পড়িয়া থাকিবে—যেখানে যাও সঙ্গে সঙ্গে যাইবে, এই মূল কথা। এখন তুমি বিষয়টাকে সবিস্তারে ভাবিয়া কর্ত্তব্যনির্দ্ধারণ কর। এই গেল তোমার দিকের কথা।

আমার দিকের কথা এই—আমার যদি সাধ্য থাকিত তবে আমি তোমাকে আমারই দুঃখের কারবারের অংশীদার হইয়া থাকিতে আহ্বান করিতাম। সে সুযোগ মা এখনও সৃষ্টি করেন নাই। পরিবারের লোকদের আপত্তির কথা তোমার মনে হইতে পারে। সে কথা বড় কথাও নয়, চরম সত্যও নয়; ও একটা অবান্তর ঘটনা। মূল কারণ--আমার অস্বাভাবিক অসচ্ছলতা। এখনও আমার যা অবস্থা, তাতে অংশীদারের বসিবারই জায়গা নাই। এখনও এখানে কারুর ভার সইবে না, সে যত ভারহীনই হউক্ না কেন। তবুও এটা একটা অবস্থা, কাজেই নিশ্চয় পরিবর্ত্তনশীল। যদি অকূলে ভাস, তবে ভাসিতে ভাসিতে একদিন মথুরা-নগরীতে এসেও যদি পৌঁছাও--এতেও আশ্চর্য্য হইবার কিছু থাকিবে না। কিন্তু প্রথমে ভাসাই অনিবার্য্য। কূলে থাকিয়া আসা চলে না। ওখানে কতদিন থাকিতে পারিবে? কি করিতে ইচ্ছা হয় সরল সহজভাবে লিখিও। শ্রীমান জগদীশ পাশ করিতে পারে নাই। আমার ছোট ভাই এবার প্রথম বিভাগে matric পাশ করিয়াছে। অত্র মঙ্গল। তোমার কুশল লিখিও। মায়ের ইচ্ছা পূর্ণ হউক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯৪

P.O. Mahendru
Patna
8. 1. 35

ওঁ সদ্‌গুরুং ত্বং নমামি

স্নেহের........

তোমার পাইয়াছি। তুমি লিখিয়াছ বিস্তর, কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে আমি তোমাকে বিশেষ করিয়া যে কথাগুলি জিজ্ঞাসা করিয়াছিলাম, সে সম্বন্ধে তুমি সম্যক্ নিরুত্তর। পত্র পড়িয়া আশঙ্কা হইয়াছে, আমি বোধ হয় আমার কথা তোমাকে বুঝাইতেই পারি নাই।

বর্ত্তমানে তোমার আশ্রমবাসে কি সুবিধা আছে না আছে, সে সম্বন্ধে আমার নিজের কোনই ভ্রান্ত ধারণা নাই! তুমি আশ্রম ছাড়িলে সকলেই যে স্বস্তির নিঃশ্বাস ফেলিয়া বাঁচিবে এতেও আমার কোনই সন্দেহ নাই।

আমি জানিতে চাহিয়াছিলাম, আশ্রম ছাড়িলে তোমার থাকাখাওয়া সম্বন্ধীয় যে সমূহ অসুবিধা উপস্থিত হইবে, সেই অসুবিধা ভোগ করিতে তুমি প্রস্তুত আছ কি না। এ বিষয়ে মনে কোনও দ্বিধার ভাব থাকিলে, নাক কাণ গুঁজিয়া পড়িয়া থাকা ছাড়া গত্যন্তর নাই। আর যদি যাহাই ঘটুক তাহাই সহিতে প্রস্তুত হও, তবে তুমি যখন ইচ্ছা তখনই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আশ্রমের সংশ্রব পরিত্যাগ করিতে পার। ইহাতে আমার আপত্তি ত নাই-ই বরং এতদিনে বাহ্যিক মুক্তিলাভ ঘটিল ভাবিয়া আমি আনন্দিতই হইব। আশ্রম-পরিত্যাগ সম্বন্ধীয় বুদ্ধি শুধু আমার সুস্থির হইলেই চলিবে না, এ সম্বন্ধে তোমার বুদ্ধি সুস্থিরেরই বেশী প্রয়োজন কেন, তাহা তুমি যে কেন বুঝিতেছ না, আমি ভাবিয়াই পাই না। আমি শুধু বুদ্ধি দিতে পারি, কিন্তু বুদ্ধির ফলে যে দুর্ভোগ অনিবার্য্য বলিয়াই ধরিয়া লওয়া উচিত, তাহা তোমারই ভোগ করিতে হইবে, এ বিষয়ে তোমার ভার লাঘব করিবার কোন সামর্থ্য বর্ত্তমানে আমাতে দেখা যাইতেছে না—এই কথাই আমি বলিতে চাহিয়াছি। আমি হইলে কি করিতাম সে কথা আমি বলিও নাই, বলিতেও চাহি না। তুমি কি করিতে পার, তাহাই বিবেচ্য। বর্ত্তমানে আশ্রমের সংশ্রব যে সর্ব্বথা বর্জ্জনীয়—এতে দ্বিমত থাকিবার অবসর নাই। কিন্তু তোমার বুকের জোর বুঝিয়া তোমার অগ্রসর হইতে হইবে। বাহির হইয়া আবার ফিরিতে চাহিবে এমন যেন না হয়।

তুমি জিজ্ঞাসা করিয়াছ, তোমার অবস্থা দেখিয়া আমার কি একটুও দুঃখ হয় না? তোমার বাহিরের অবস্থা দেখিয়া দুঃখিত হইবার কোন হেতু আছে বলিয়া আমার মনে হয় না। এত সহজে দুঃখিত হইতে হইলে এতদিনে আমার দুঃখের বোঝা দুর্ব্বিসহ হইত। তবে তোমার মনের অবস্থা দেখিয়া কিছু কিছু দুঃখ হয় বৈ কি। সে তোমার দ্বিধার ভাব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেখিয়া। মায়ের পথে চলিতে যাহা কর্ত্তব্য বলিয়া বোধ করিবে, তাহা যত কঠিন হউক করিতে প্রস্তুত--এ দেখিলে না আনন্দ হইবে? এ না হইলেই দুঃখ—যে ভোগ করে তার--যারা দেখে তাদেরও সকলের।

ইহা ছাড়া আর এক মুস্কিল—অন্যের দুঃখে দুঃখিত হইবার সামর্থ্য আমার আছেই এত অল্প যে আমি নিজেই আমার হৃদয়-হীনতার পরিচয় পাইয়া অসহায় বোধ করি।

আমার এদিকের ঘটনাগুলি দিনে দিনে বেশ জটিল হইয়াই চলিয়াছে। রকম দেখিয়া মনে হয়, হয় তো বা কোনও গুরুতর পরিবর্ত্তন সমাগতপ্রায়। বাড়ীওয়ালা ভাড়া নিয়মিত পাইবে না আশঙ্কা করিয়া, অপর দিকে আমাকে যাইতে বলায়ও একটা চক্ষুলজ্জা আছে--এই উভয় সঙ্কট এড়াইবার জন্য বাড়ী বিক্রয় করিবার বুদ্ধি করিয়াছে। ১৫০০্ টাকা মূল্য পাইলেই সে যে--কোন লোকের কাছে বাড়ী বিক্রয় করিয়া দিবে। অন্য লোক আসিলে কাজেই আমাকে ছাড়িতে হইবে। তা যদি হয় আমি প্রস্তুত। বাড়ী ছাড়িতে হইলে পাটনা ছাড়িতে হইবে বলিয়াই আমি ধরিয়া নিব এবং ভাড়া দিতে না হয় এমন জায়গায় আশ্রয় নিব--তা মুক্ত আকাশের চন্দ্রাতপতলে সাধারণের রাস্তা পর্য্যন্তও হইতে পারে। তা কার্য্যকালে দেখা যাবে। আমি আনন্দের সঙ্গে প্রস্তুত।

যে টাকা মায়ের বর্ত্তমান বরাদ্দ—তাহা প্রয়োজনের তুলনায় কম বলিয়া একদিক ঢাকিতে গেলে অন্যদিক ফাঁক হইয়া যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই চ'লেছে বহুদিন। এখন দেখা যা'--অপরং বা কিং ভবিষ্যতি।

এ সমস্ত কি প্রমাণ করে জান? মায়ের প্রতি আমার নির্ভরতা ও ভালবাসার ঐকান্তিক অভাব। তোমাদের হয়তো এ কথা অযথা বিনয় বলিয়া বোধ হইতে পারে, কিন্তু বাস্তবিক তাহা নয়। মায়ের নাই কি? তবুও যদি সন্তান থাকে অভাবগ্রস্ত, তবে নিশ্চিত বুঝিতে হইবে—এ অবস্থা মায়ের সঙ্গে সন্তানের বিরোধেরই অবশ্যম্ভাবী পরিণতি। তবুও এতে ভয়ের কোন কারণ নাই। মায়ের দয়া অনায়াসে সন্তানের অক্ষমতাকে অতিক্রম করিতে পারে। আমি অক্ষম, দুর্ব্বল—কিন্তু মায়ের যে মহিমার অন্তই নাই! কাজেই নিয়ত-পরিবর্ত্তনশীল মায়ের আনন্দলীলার ক্রম-বিবর্ত্তন দেখিয়া যাইতেছি। যতক্ষণ সজ্ঞানে আছি, ততক্ষণ সম্মুখের দিকেই চলিব—এতে যাহাই হউক না কেন।

এখানকার সকলে ভালই আছে।

তোমার বুদ্ধিতে কি ভাঁটা লাগিয়াছে যে, দিন দিনই তাহা কমিতেছে বলিয়া বোধ হয়! জিজ্ঞাসা করিয়াছ—এখানে দুর্গাপূজার আয়োজন করিতেছি কিনা। এ প্রশ্ন আমাদের কাণে অদ্ভুত—কোথায় দুর্গাপূজা আর কোথায় আমি! আর সব আয়োজন ত শেষ করিয়াছি, এখন বাকী আমার দুর্গাপূজার আয়োজন! এ বরাহনগর-আশ্রম-প্রচলিত বুদ্ধিই বটে! ২০শে জুলাই সোমবার শ্রীশ্রীঠাকুরের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জন্মতিথি পূজা। তাহা দ্রব্যযজ্ঞ হিসাবে অনুষ্ঠিত হইবে, কি জ্ঞানযজ্ঞ হইবে—তাহারই যা'র ঠিক নাই, সে করিতে থাকিবে এখন হইতেই আগামী ৫ই কার্ত্তিকের মহাপূজার অনুষ্ঠানের যোগাড়! আমি আর যাই হই, তোমাদের মত বিকারগ্রস্ত উন্মাদ নিশ্চয়ই নই।

শ্রীমান সুধীরের ভাই এখানে Engineering Collegeএ ভর্ত্তি হইল। তাহারা দুই ভাই সুধীরের ডাক্তারখানাতেই থাকিবে। সুধীরের শরীর যথা পূর্ব্বং—ভাল নাই। তোমার দেহের আবার ঘটা'লে কি? মন ভাল না—দেহ ভাল না—তবে থাকিবে কি নিয়া? একটু জোর-জার ক'রে কয়েকটা দিন বেশ ভালই থাক না!

গীতা লেখার সম্বন্ধে বলিবার মত কিছু নাই বলিয়াই নির্ব্বাক্ আছি।

তোমাদের কুশল লিখিবে। কি স্থির কর, তাহাও জানাইবে। আমি বেশ ভালই আছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PO. Mahendru
Patna
24. 7. 36.

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের.........

তোমার পত্র পাইলাম। গত সোমবার হইতে শ্রীশ্রীঠাকুরের জন্মতিথি-উৎসব আরম্ভ হইয়াছে--আগামী মঙ্গলবার পর্য্যন্ত চলিবে। বুধবারে আমার রমেশবাবুদের বাড়ীতে গীতা-পাঠ আরম্ভ হইবার স্মৃতি-উৎসব। তারপরে আমার ছুটী। আমার উৎসব অর্থাৎ আমার যথাশক্তি বাক্যব্যয়; এ কয়দিনেই খুব ক্লান্ত বোধ করিতেছি। বিশেষ কারণ, আজকাল এখানে খুবই গরম পড়িতেছে। রাত্রিতেও ভাল করিয়া ঘুমাইবার জো নাই। এখন শ্রীশ্রীঠাকুরের ইচ্ছায় যথা-নির্দ্দিষ্ট কার্য্যক্রম সুসম্পন্ন হইলেই হয়। তোমার অবগতির জন্য একখানা উৎসব-তালিকা তোমাকে পাঠাইলাম। উহার মধ্যে বৃহস্পতি-বার ছুটী মনে হইবে, তাহা নয়। ঐদিন হরিসভায় গীতা পাঠ হয়। কাজেই বাসার কার্য্যক্রমে তাহার উল্লেখ হয় নাই। ইহার পরে ৯ই আগষ্ট জন্মাষ্টমী।

তোমার পত্র পড়িয়া বুঝিলাম তুমি অত্যন্তই বিচলিত হইয়াছ। তোমার এরূপ বিব্রত বোধ করিবার সত্যই কোন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কারণ নাই। যে আশ্রম বাস পরিত্যাগ করিতে, তুমি নিজেই বলিয়া আসিতেছ তুমি উদ্‌গ্রীব, তাহা যখন সত্যই ঘটিতে যাইতেছে, তখন তোমার এমন আত্মহারা হওয়ার কি যে কারণ থাকিতে পারে, তাহা আমি ভাবিতেই পারি না। তুমি হয়তো বলিবে যে অপর পক্ষের নিকট হইতে এ সময়ে এতখানি অভদ্রতা তুমিও কল্পনা করিতে পার নাই। যদি না পারিয়া থাক, তবে বুঝিতে হইবে তাহাদের চিনিতে তোমার এখনও অনেক বাকী। অথচ তোমার ধারণা তুমি নিঃশেষে তাহাদিগকে চিনিয়া ফেলিয়াছ। অন্য দিকে, এ অভদ্রতার পরিবর্ত্তে তাহারা যদি বেশ ভদ্র ব্যবহার করিত তবে কি হইত জান? তাহা হইলে তুমি তাহাদের সমস্ত আদর্শচ্যুতি, অনাচার উপেক্ষা করিয়া ঐখানেই লাগিয়া থাকিতে! তোমার মন যে এখনও আশ্রম ত্যাগে প্রস্তুত হয় হয় নাই তোমার অস্বাভাবিক মানসিক অস্বস্তি তাহারই অভ্রান্ত প্রমাণ। আমি ইহা জানিতাম বলিয়াই তোমার নিজেকে এ সম্বন্ধে সিদ্ধান্ত করিতে বলিয়াছিলাম।

তুমি যে তিথিপূজার অজুহাতে টুক্ টুক্ করিয়া ঐ দিকেই আর একবার পা বাড়াইবে তাহাও আমি জানিতাম। শুনিয়া সুখী হইলাম, মা তীব্র বাধার সৃষ্টি করিয়া তোমার দুর্ব্বলতাকে দমন করিয়া দিয়াছেন। এখনও যদি ঠাকুরের ইচ্ছা, মায়ের অভিপ্রায় স্পষ্ট বুঝিতে না পার, তবে আর কেমন করিয়াই বা কবে বুঝিবে?

তোমার এক আশ্চর্য্য ভাবিবার রকম আছে। তুমি মনে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর যে ঠাকুরের ইচ্ছা, মায়ের ইচ্ছা তুমি আশ্রমেই থাক--শুধু অন্যে মায়ের ইচ্ছাকে ঠেকাইয়া রাখিতেছে। এ নিছক্ নির্ব্বুদ্ধিতা। মায়ের ইচ্ছা ঠাকুরের ইচ্ছা অমোঘ। তাহা ঠেকাইবার সাধ্য কোন শক্তিমানের থাকে না। যতদিন ছিলে ঠাকুরের ইচ্ছাতেই ছিলে। এখন তাঁহার ইচ্ছাতেই তাড়িত হইতেছ। এর জন্য রাগ করিতে হয় ঠাকুরের উপর, মায়ের উপর রাগ কর; কাপুরুষের মত তৃতীয় পক্ষ ধরিয়া ঝুলিবার চেষ্টা কর কেন?

এখনও তোমার বুদ্ধি--বরাহনগরের অন্যত্র কোথাও থাকিতে পার কিনা! তুমি কি বরাহনগরের ভূত, যে ঐ শ্মশান আর ছাড়িতেই চাহিতেছ না? যদি ঐ আগুনই পোহাইবার সখ, তবে আর ছাড়াই বা কেন? নাক কাণ গুঁজিয়া আশ্রমের মাটী কামড়াইয়াই পড়িয়া থাক!

মোটকথা--সব বিষয়টা ধীর স্থিরভাবে ভাবিয়া দেখ, অস্বাভাবিক ও কিছু ঘটে নাই--নূতনও কিছু ঘটে নাই। শুধু তুমিই নূতন অবস্থাকে সাদরে গ্রহণ করিতে পারিতেছ না, মায়েরই স্নেহের ব্যবস্থা বলিয়া কিছুতেই বিশ্বাস করিতে পারিতেছ না। শ্রীশ্রীঠাকুরের ইচ্ছায় সব হইতেছে বিশ্বাস কর, স্কন্ধের ভূত অমনি নামিয়া যাইবে। এখনও ঠাকুরের লেখার দোহাই দেও, আশ্রমের উপর দাবী প্রমাণ করিতে! ঠাকুর কি মৃত? তিনি কি সব দেখিতে শুনিতেছেন না? বরাহনগরের বাহিরে কি ঠাকুরের বা মায়ের অধিকারের বা

২০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্থানের অসংকুলান আছে ? তুমি ভেবেছ কি ? এবার আশ্রমের মিথ্যা মোহ ঝাড়িয়া ফেল, মায়ের কোলে ঝাঁপ দেও। বাঁচ আচ্ছা---মর সেও আচ্ছা ! আমার সঙ্গে দেখা হইলে যদি সুবিধা মনে কর, এবং আসা যাওয়ার সংস্থান হয়, তবে ২।৪ দিনের জন্য আসিয়া সব বক্তব্য নিঃশেষ করিয়া যাইতে কোনই বাধা নাই। শ্রীমান সুধীরের বাসা এখন আমার বাসার কাছে। তাহারা দুই ভাই এখন সেখানে থাকে। তুমি আসিয়া সুধীরেরই অতিথি হইবে। সকল দিক বিবেচনা করিয়া এই সাব্যস্ত করিলাম ; অধিকন্তু সুধীর বলিল যে·········দা যদি পাটনা আসাই সাব্যস্ত করেন, তবে জন্মাষ্টমীর পূর্ব্বে আসার চেষ্টা করায় হানি কি ? আমি বলিয়াছি—সেও খুঁটার জোরের উপর নির্ভর করে।

যদি না আসা হয় তবে পরামর্শ এই—কলিকাতাতেই কোথাও একটা থাকিবার স্থান করার চেষ্টা দেখ। বন্ধুবান্ধবেরা যদি একটু স্নেহ করেন, তবে একজন লোকের ব্যবস্থার জন্য ভাবিবার কি আছে ? তবে অতঃপর একটু গা ঢাকা দিয়া কিছু দিন যেন নিছক্ আপন মনে থাকিতে পার এই করিতে হইবে। আর, কোন ফাঁকি দিয়াই আর পুরাতন সংশ্রব জিয়াইয়া রাখিবার চেষ্টা করিবে না। সহজ কথা---আশ্রমের সঙ্গে পূজা পার্ব্বণেও আর কোনও যোগ থাকিবে না। ভাল আছি। আশাকরি অচিরেই শান্ত সুস্থ বোধ করিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯৬

Po. Mahendru
Patna
15. 11. 36.

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের······

তোমার পত্র পাইয়াছি। যতই দিন যাইতেছে ততই যেন বেশী করিয়া বুঝিতেছি এবারের পূজা উপলক্ষ্য করিয়া মাতৃ-কৃপা কি অকৃপণ ধারেই না বর্ষিত হইয়াছে। তবুও এ সম্বন্ধে বোঝার এখনও অনেক বাকী। দিনে দিনে বর্দ্ধিত হারে এই মাতৃকৃপার মূল্য হৃদয়ঙ্গম হইবে ইহাই আমার ধারণা। এতদিন ত বিষয়টার আলোচনা আমাদের লক্ষ্য করিয়াই করিয়াছি। এখন সহরের লোকদের সঙ্গে যতই দেখাশুনা হইতেছে ততই বুঝিতেছি সর্ব্বসাধারণের উপরও পূজার প্রভাব কতখানি বিস্তৃত হইয়াছে। তাহাদের মতে এবারের পূজা Patnaর একটা রীতিমত sensation। যাহারা আসিয়াছিল সকলেই একেবারে বিস্ময় বিমুগ্ধ। যাহারা আসে নাই, শুনিয়াছে, তাহারা আগামী বর্ষে তাহাদের দুঃখ মিটাইবে এই বলিয়া মনকে প্রবোধ দিতেছে। আমারও এখন মনে হয়—যাহা ঘটিয়া গেল তাহা কি স্বপ্ন না সত্য ? তাই মহাপুরুষেরা বলেন যে সত্যের প্রকাশ কল্পনার চেয়েও অনেক বেশী আশ্চর্য্যজনক ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আশ্রমের সঙ্গে তোমার সংশ্রবের অবসান যে তোমার দুর্ভাগ্যের ঘটনা নয়, সৌভাগ্যেরই সূচনা, এটা যে তুমি বুঝিয়াছ, ইহাতে আমি আনন্দিত। এ কথা আমি জানিতাম, ইহাই আমি তোমাকে বুঝাইতে চেষ্টা করিয়াছি। পূজা উপলক্ষ্যেও একথা আমার স্মরণ হইয়াছে ; কিন্তু আমি এ সম্বন্ধে কিছুই বলা আবশ্যক মনে করি নাই। আমি অপেক্ষা করিয়াছি তোমার নিজের বুঝিবার। তাহা যে ঘটিয়াছে ইহাতে আমি পরমানন্দিত।

কলিকাতার পূজার ঘটনা তোমার পত্রে আভাস পাইলাম। যখন…ও…দুজনেরই চিঠি পাইলাম যে পূজা অত্যন্তই ভলে হইয়াছে তখন বিষয়টাকে আমি অন্যভাবে বুঝিতে চাহিয়াছিলাম। আমাদের পূজা যে ভাল হইয়াছে এতে ত আমাদের কোনই কৃতিত্ব নাই--এ শুধু একটা অহৈতুক মাতৃকৃপার বিরাট দৃষ্টান্ত। পূজা যখন এই ব্যাপার, তখন এ পূজা ত সর্ব্বত্রই অনায়াসে ভাল হইতে পারে। যখন শুনিলাম, আমাদের সকল কেন্দ্রেই পূজা এত ভাল হইয়াছে তখন আমার মনে হইল যে এই বুঝি সেই সুসময়--যখন মা নিজেকে বিশেষভাবে, ব্যাপক প্রত্যক্ষভাবে প্রকটিত করিতে নিজেই খুব ব্যাকুল হইয়াছেন--নিজেকে প্রকাশিত করিবার সুযোগ খুঁজিতেছেন। তাই আমাদের অক্ষম প্রচেষ্টাকে উপলক্ষ্য করিয়াও তাঁহার এই মহা প্রকাশপরায়ণতা। তাই আমার মনে হইয়াছিল যে এই দিকে দৃষ্টি রাখিয়া আমি ……র কছে প্রস্তাব করিব যে আমাদের বিভিন্ন কেন্দ্রের পূজা প্রচেষ্টার পশ্চাতে যে সঙ্কল্প আছে তাহাতে ত অনায়াসেই আমরা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মিলিতে পারি। আমরা যদি এই সঙ্কল্পের দিকে--মায়ের এই প্রকাশভাবের স্ফুটীকরণে দৃঢ়প্রতিজ্ঞ হই, কায়মনোপ্রাণে মাকে কৃপাময়ীরূপে ব্যপকভাবে প্রকাশিত দেখিবারই সমবেত চেষ্টা করি, তবে কার্য্যে স্থূলে আমরা ভিন্ন ভিন্ন ভাবেও অধিকতর শক্তিশালী হইয়া, অধিকতর সফলতার অধিকারী হইতে পারি। এটা আমার খুবই সঙ্গত এবং সম্ভবপর উপায় বলিয়াই মনে হইতেছিল। কিন্তু তোমার পত্র পড়িয়া আমার এই ভাবের স্বপ্ন ছুটিয়া গেল। মনে হইল "তদানাশংসে বিজয়ায়, সঞ্জয়।" এমন ভাল পূজা হইল—অথচ দশমীর এই নিছক্ দোকানদারী, —এ দুটা যে সত্য হইতেই পারে না। অথচ এমন লোক কত আছে যে শেষের অংশটুকু বালকোচিত ভাবিয়া পূজা-পর্ব্বটাকে মহান্ করিয়া দেখিবার ব্যর্থ চেষ্টা করে--নিছক্ আত্ম প্রবঞ্চনা। ফাঁকি এবং ভগবান হাতে হাত ধরিয়া চলিবে—ভগবানের এখনও এমন দুরদৃষ্ট ঘটে নাই।

যথারীতি কালীপূজা হইল। সুধীরও সঙ্গে বসিয়াছিল, কিন্তু এবারের পূজার বৈশিষ্ট্য হইল এই যে সংহারিণী শক্তির ভয়ঙ্করীত্বটা কিছুতেই বোধগম্য করা গেল না। মৃত্যু-বোধটা শান্ত উদাসীন ভাব পর্য্যন্ত গ্রহণ করিল--কিন্তু যেমন হওয়া চাহিয়াছিলাম তাহা হয় নাই। এটা দুই কারণে ঘটিতে পারে। এক—তত্ত্বটাকে সঠিক ভাবে ধরিতে না পারার ফলে, কিম্বা অন্য কোনও জাগ্রতভাব ইহার বিরুদ্ধে কার্য্যকরী ছিল--এমনও হইতে পারে। মাঝে মাঝে এমন হইয়াছে যেঐ মৃত্যু-বোধটাই আনন্দময়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইয়া উঠিতে চাহিয়াছে—যাহাকে আড়াল দিতে হইয়াছে। সংক্ষেপতঃ, শেষে এই সিদ্ধান্ত করিতে ইচ্ছা হইয়াছে যে গত মাতৃ-পূজার ফলে অন্তরে এমনই একটা 'কুচ পরোয়া নেই' ভাব জমাট বাঁধিয়া রহিয়াছে যে আর কোনও কাল্পনিক ভাব চিত্তে আর দানা বাঁধিতে পারে নাই। এই হইলেই ত ভাল! তাই না?

আমার মায়ের পূজা সমাগত—কি হইবে বা কি হইতে পারে কিছুই জানিনা। তবে পূজা হইবে এবং আনন্দ হইবে—এ সুনিশ্চিত। তবে আর অন্য হিসাবে প্রয়োজন কি?

হিসাবের কথায় একটা কথা মনে হইল—পূজার বাবদে আয়ের চেয়ে ব্যয়ের অঙ্ক বেশী, টাকা তিরিশের। এ আমার পক্ষে একটা ঘটনা হইলেও মারাত্মক নয়।

আর জ্বর হয় নাই। তবে শরীরটা যে এখনও স্বাভাবিক অবস্থা লাভ করে নাই তাহা ঠিক। তবে এই লাভ না করা যদি বয়সের গুণে হইয়া থাকে তবে ত একটা স্থায়ী ব্যাপার। আর তা না হইয়া যদি আগন্তুক কারণেই সত্য এইরূপ হইয়া থাকে, তবে যথাকালে অবশ্যই প্রতিকার ঘটিবে। ব্যবস্থামত ৩ দিন গীতা হইয়াছে, অদ্য ৪র্থ দিন। তোমাদের কুশল লিখিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯৭

মজঃফরপুর

২৫।২।৩৭

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের.........

তোমার পত্র পাইয়া অত্যন্ত দুঃখিত হইলাম। মনে হয় তোমার ভীমরতি হইয়াছে। লোকে যে বলে—সাত কাণ্ড রামায়ণ প'ড়ে, সীতা কার বাপ—তুমি কি তারই দৃষ্টান্ত?

তোমার পত্র পড়িয়া মনে হইল, তুমি যমালয়ে যাইবার টিকেট কিনিয়া গাড়ীর অপেক্ষায় আছ। যথাসময়ে আমাকে আসিয়া একটা hearty send-off দিয়া যাইবার প্রতিজ্ঞা স্মরণ করাইয়া দেওয়াও আবশ্যক বোধ করিয়াছ! যদি বুঝিয়া থাক তোমার মৃত্যুকাল সন্নিকট, তবে তাতে আমার আপত্তি করিবার কিছুই নাই। যদি সত্যই মৃত্যু আসে, তবে আমি তোমাকে অপেক্ষা করিতেও বলিব না, সঙ্গে যাইতেও চাহিব না, হায়—হায় করিয়া বুক চাপড়াইব তেমন সম্ভাবনাও কিছু দেখিতেছি না। এদিক দিয়ে বলার আমার কিছু নাই। মরিবে—ত মর, বেশ! কিন্তু আর ভাল লাগে না—কি হে? কি ভাল লাগে না? কাকে ভাল লাগে না? কথা শুনিলে আমার কি মনে হয় জান? নূতন করিয়া আর মরিবার আবশ্যক হইবে না—মরিয়াই আছ; তোমার ভূতটা আমাকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চিঠি লিখিয়াছে। নতুবা সাধক নামধারী কোনও জীবিত মনুষ্য মৃত্যুর অপেক্ষা করিবে এই ভাবিয়া যে—আর ভাল লাগে না—ইহা জীবনের অশোভন পরাজয়। তুমি বলিবে ঘটনা দুরন্ত—অবস্থা প্রতিকূল---মানুষ দেখা যায় না—কেবল জন্তু—জন্তু। মানিলাম সব—মানিলাম চতুর্দ্দিকে ভূতেরা সব বিকট বদন ব্যাদান করিয়া তোমাকে কামড়াইতে চাহিতেছে—সব স্বীকার ; কিন্তু শুধু জিজ্ঞাসা করিব তোমার মা কোথায় ? তাঁহার কি ইতিপূর্ব্বেই গঙ্গালাভ হইয়াছে, না তিনি জীবিত ? মা যদি থাকেন, তবে থাকুক না তার সঙ্গে দুচার দশটা ভূত ! নাচুক না মায়ের এক কোলে তারা—অন্য কোলে তুমি। এতে এমন অসহায় বোধ করার আছে কি ? এ জগতে চক্ষু মেলিয়া প্রথম যাঁহার চক্ষে চক্ষু পড়ে, তাঁকে দেখিয়া যদি—এতটুকু সইতে না পার, এতটুকু উপেক্ষা করিতে না পার,—তবে মরাও মন্দ নয় বোধ হয়। একটা কথা গোপনে আছে এর ভিতরে। তোমরা সন্ন্যাসী মার্কা লোক। তোমাদের হয়তো এই মায়াচ্ছন্ন জগৎ, অনিত্য জরা-মৃত্যু-কণ্টকিত এই দেহের উপর মাঝে মাঝে একটু বিতৃষ্ণা আসার প্রয়োজন বোধ হইতে পারে-- আসন্ন মুক্তির ইহা পরিচিত চিহ্ন মনে হইতে পারে। সে গুড়ে বালি, দাদা। সাধু হও, মোহান্ত হও, যত উচ্চ শিখরেই থাক না কেন এই জগতের কোন কিছুকে যদি অবজ্ঞা কর, ঘৃণা কর, কৃপার চক্ষে দেখ, ছাড়িয়া যাইতে ব্যস্ত হও, তবে সেই ভ্রম সংশোধন করিতে আবার যে আসিবে, এ ধ্রুব সত্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এ জগতে মা আছেন---মা'ই আছেন, আর কেহ নাই, আর কিছু নাই। মা দিয়ে গড়া--মা দিয়ে ভরা--মা-ময়ী মা ; ভালবাসলেও মাকে--অবজ্ঞা করলেও মাকে। কাজেই জগতকে যদি চোখ রাঙ্গাও--আর নয় এই চল্লাম--সেটা বাস্তবিক মাকেই চোখ রাঙ্গান হয়। শুধু তোমার একার মাকে নয়, আমার মাকে, সকলের মাকে। তুমি যদি কুলাঙ্গার হবে, হও না নিজে। তা বলিয়া আমাদের সকলের মাকে তুমি ধম্‌কাও কোন্ সাহসে ?

তুমি বল ভাল লাগে না--আমার কি মনে হয় জান ? ভুল নাই, ত্রুটী নাই---শুধু সুন্দর, সুন্দর, সুন্দর। এখানে বাঁচিতে সুখ, মরিতে সুখ, বন্ধনে সুখ, মুক্তিতে সুখ। থাকিতে বলিলে এইখানে মহানন্দে থাকিয়া যাইব চিরকাল। যাইতে বলিলে রওনা হইব, এখনই এই মুহূর্ত্তে। আমি নিরেট মূর্খ, মা জ্ঞানময়ী সাক্ষাৎ। আমি কি জানি, থাকা ভাল, না যাওয়া ভাল—সুখ ভাল, না দুঃখ ভাল--মান ভাল, কি অপমান ? বরং এই বুঝি--খুব সহজে নিঃসন্দেহে--যে সবই ভাল--সকলই মায়ের দেওয়া মায়ের দান। যাক্---কে জানে তোমার মা কেমন ! আমার মা--থাক্ সে কথা—তোমাকে কি বলবো ? তুমি যে গাল দিয়েছ আমার মাকে—কাজেই চুপ্ !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯৮

খুলনা
২১।৫।৩৭

ওঁ সদ্‌গুরুং তং নমামি

স্নেহের·········

এখন খুলনায় আছি। রবিবার রাত্রিতে রায়কাঠী রওনা হইব। সেখান হইতে কলিকাতা যাইয়া ২।৩ দিন বিলম্ব হইবে। থাকিবার স্থান--C/o Kashiswar Ganguly 3 Sambhu Chatterjee St. ---সেখান থেকে ভগুাল। কয়দিন থাকিব ঠিক নাই; তবে বেশীদিন নয়। পাটনা ফিরিবার তারিখ এখনও অজ্ঞাত।

পাটনা হইতে আসিয়াই তোমাকে একখানা চিঠি লিখিব ভাবিয়া আসিতেছি কিন্তু ইতিপূর্ব্বে তেমন সুযোগ হয় নাই। তোমার যদি পাটনা-পূর্ব্ব মানসিক অবস্থা বজায় থাকিত তবে ইতিমধ্যে আমাকে তুমি ২।১ খানা চিঠি লিখিতে উৎসাহ বোধ করিতে। তেমন সুযোগও তোমার ছিল, কিন্তু তাহার সুযোগ নেওয়া আবশ্যক মনে কর নাই। তোমার এই ভাবান্তর আমি বহুদিন হইতে লক্ষ্য করিয়া আসিতেছি। সেই কথাটাই আসিবার পূর্ব্বদিন তোমাকে বলিতে চাহিয়াছিলাম। মনে হইল, প্রশ্নটা তুমি স্বচ্ছন্দচিত্তে আলোচনা করিতে এখনও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইচ্ছুক নহ। তাতেও বিশেষ কিছু বলিবার থাকিত না। কিন্তু এ সম্বন্ধে যে সামান্য ২।১টা কথা হইল তাহাতে তুমি যাহা প্রকাশ করিয়াছ তাহার সারমর্ম্ম এই যে—এই ভাবান্তরের দায়িত্বও আমার। কথাটা শুনিয়া আমি আশ্চর্য্য বোধ করিয়াছি। যে ঘটনার সঙ্গে কোন যোগাযোগ আমার নাই বলিয়াই জানি, তাহার দায়িত্ব আমার হইল কেমন করিয়া সে রহস্য আজও আমার কাছে রহস্যই আছে। কথাটা খুব সুস্পষ্ট করিয়াই প্রকাশিত হওয়া দরকার, যেন কোন পক্ষে ভুলের কোনও অবসর না থাকে। তুমি আশ্রমে থাকা পর্য্যন্ত আমার সম্বন্ধে তোমার মনোভাব আমি এই বলিয়া জানিতাম যে আমার সঙ্গে তুমি কোন বিরুদ্ধতাই বোধ কর না, আমার নিকট হইতে তোমার আশঙ্কার কোনও কারণ আছে বলিয়াও তোমার ভাবে মনে হইত না। কিন্তু কিছুদিন ধরিয়া আমি যেন একটী প্রতিপক্ষ হইয়া দাঁড়াইয়াছি, যেখান হইতে সতর্ক থাকিবার দরকার আছে—আশঙ্কার কারণ আছে; কাজেই গোপনীয়-তারও প্রয়োজন আছে। সব চেয়ে বড় কথা—আমার কাছ হইতে তুমি সাধনপথের বিঘ্ন লাভেরও আশঙ্কা কর। এমন-তর একটা অদ্ভুত ভাব যে তুমি কোথা হইতে লাভ করিলে আমি জানি না। আমাকে আমি কিছু কিছু জানি বা জানিবার চেষ্টা করি বলিয়াই আমার ধারণা। আমি যদি আমার মধ্যে তোমার সম্বন্ধে কোনও বিরুদ্ধভাব পোষণ করিতাম, তবে তোমার মনোভাব অতি সহজেই আমি বুঝিতে পারিতাম। কিন্তু তেমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিছু আমি আমার মধ্যে খুঁজিয়া পাই না বলিয়া, তোমার এই বর্ত্তমান মনোভাব---যেমন আমি বুঝি--আমাকে আশ্চর্য্যান্বিত করিয়াছে। একের সঙ্গে অন্যের বিরুদ্ধতা অসঙ্গত হইলেও অস্বাভাবিক নয়; এ নিত্য নৈমিত্তিক ঘটনা। কিন্তু তোমার সঙ্গে ঘটনাক্রমে জীবনের যে সম্পর্ক দাঁড়াইয়াছে, তাহাতে এমনতর ভাব তোমার পক্ষে নিতান্তই দুঃখদায়ক না হইয়া পারে না। অথচ এই বিষয় নিয়া আমার মনে কোন বেদনাই নাই, কারণ এই ব্যাপারে আমার দিক্ দিয়া কোন contribution ই নাই, এমনই আমি ভাবি। অথচ আমার এই নিরুদ্বেগ ভাব তোমার মনোভাবের তুলনায় তোমার চক্ষে নিষ্ঠুরতা বলিয়াও মনে হওয়া অসম্ভব নয়। এটাই হইল এই ঘটনার সবচেয়ে শোচনীয় দিক। এই সম্বন্ধে তোমার কথা সরল সহজ ভাবে বলিবার বল সঞ্চয় কর। তারপরে আর কথা হইবে। আশা করি শ্রীগুরুকৃপায় আনন্দে আছ। রাম ধর্ম্মশালা গিয়াছে বোধ হয় জান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরিশিষ্ট

(১) জাহানারা

কোন এক সখের থিয়েটার দলে নিরক্ষর এক ছোকরা অভিনেতা ছিল। সাজাহান নাটকে সে জাহানারার ভূমিকা গ্রহণ করিত। তাহার ভূমিকা তাহাকে আদ্যন্ত মুখে মুখেই শিখাইয়া দিতে হইত। বালক অত্যন্তই ভাল অভিনয় করিত বলিয়া দলের লোকেরা তার জন্য এইটুকু কষ্ট স্বীকার করিতে আপত্তি করিত না। কিন্তু এই অভিনেতাকে নিয়া দলের আরও একটা বিশেষ অসুবিধা ছিল। অভিনয়ের জন্য ডাক হইবার ঠিক সময়টাতে বালক অত্যন্ত অস্থিরতা প্রকাশ করিত। 'জল খাইব,' 'বাহিরে যাইব' ইত্যাদি নানা অজুহাতে সে ষ্টেজ হইতে ছুটিয়া পালাইতে চেষ্টা করিত। সেই জন্য তাহার যিনি শিক্ষক এবং পরিচালক, বালককে মঞ্চস্থ করিবার পূর্ব্ব পর্য্যন্ত তাঁহাকে বালকের সঙ্গে সঙ্গেই পাহারা হিসাবে থাকিতে হইত; বালকের অভিনয় আরম্ভ হইবার সময়কালে বালককে গলা ধাক্কা দিয়া তাহার যথাস্থানে তাহাকে ঠেলিয়া দিতে হইত। যেমনি আসরে নামা অমনি বালক একদম জাহানারা—শ্রোতৃমণ্ডলী তাহার আশ্চর্য্য কণ্ঠস্বর ও অপূর্ব অভিনয়-কৌশল দেখিয়া বিস্ময় বিমুগ্ধ হইয়া যাইত।

(২) ষোলটি কারণ

সহাধ্যায়ী দুই বন্ধু ছাত্রাবাসে একত্র থাকিয়া পড়াশুনা করিত। এক বন্ধু কিছুদিন পরে জানিতে পারিল যে অপর বন্ধু মদ্যপান করিতে আরম্ভ করিয়াছে। জানিয়া অবধি সে সর্ব্বপ্রযত্নে তাহার বন্ধুর এই কু-অভ্যাস ত্যাগ করাইতে চেষ্টা করিতে লাগিল। কিন্তু তাহার সমস্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চেষ্টা ব্যর্থ করিয়া দিনে দিনে অপর বন্ধু ঘোরতর মগুপায়ী হইয়া উঠিল। তার পর বন্ধুদ্বয় পাঠ্যাবস্থা অতিক্রম করিয়া যে যাহার জীবিকা-উপার্জনের পথে ভিন্ন ভিন্ন স্থানে চলিয়া গেল। অনেক কাল পরে হঠাৎ একদিন সেই মগুপায়ী বন্ধুটি তাহার পুরাতন বন্ধুর কর্ম্মস্থলে তাহার বাড়িতে আসিয়া উপস্থিত হইল। অপ্রত্যাশিত ভাবে এত কাল পরে বন্ধুকে পাইয়া বন্ধু অত্যন্ত খুশী হইল বটে, কিন্তু বন্ধুর মগুপানের কু-অভ্যাসের এখন কি পরিণতি ঘটিয়াছে জানিবার জন্য তাহার অত্যন্তই কৌতুহল হইল। কিছুকাল ভালরূপে অনুসন্ধান করিয়া সে নিশ্চিতরূপে জানিতে পারিল যে তাহার অতিথি এখন আর মগুপান করে না। এত বড় কু-অভ্যাসের হাত হইতে তাহার বন্ধু কেমন করিয়া রক্ষা পাইল জানিবার জন্য সে বন্ধুর কাছে তাহার মগুপান-পরিত্যাগের প্রকৃত ইতিহাস জানিতে চাহিল। বন্ধু তাহার সৎসাহসে উত্তর দিল—আমার মদ ছাড়িবার যোলটি কারণ। বলিয়াই সে আরম্ভ করিল—মদ ছাড়িবার আমার প্রথম কারণ, বহুকাল যাবৎ মদ কিনিবার মত টাকা আমার নাই। দ্বিতীয় কারণ—যেমনি বলিতে আরম্ভ করা অমনি শ্রোতা বন্ধু বক্তার কথায় বাধা দিয়া বলিল, ব্যস্। বাকি কারণগুলি বলা অনাবশ্যক।

(৩) "পাইরলে হয়"

পুস্তকে ছাপা হইয়াছে "পারলে হয়।" যাহাদের কথা এখানে উল্লেখ করা হইয়াছে সেই সমস্ত গ্রাম্য লোকেরা "পারলে হয়" বলে না, বলে "পাইরলে হয়"। ইহাই তাহাদের বিশুদ্ধ ভাষা।

গ্রামের সখের যাত্রাদল—অভিনয় হইতেছে "বেহুলা"। বিশ্বকর্ম্মা লক্ষীন্দরের জন্য লোহার বাসর ঘর তৈয়ারি করিয়া স্বস্থলে ফিরিতেছেন,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাস্তায় তাঁহার পথ আগ্‌লাইয়া মা মনসা নিজে দাঁড়াইয়া। বিশ্বকর্ম্মাকে তিনি বলিলেন, তুমি ফিরিয়া যাইয়া ঐ বাসরঘরে একটা ছিদ্র করিয়া এস। বিশ্বকর্ম্মা বলিলেন, তেমন কর্ম্ম অসম্ভব। কারণ বাসরঘর রক্ষার জন্য চাঁদ সদাগরের অত্যন্ত কড়া পাহারার ব্যবস্থা। মা মনসা বলিলেন, এ কার্য্য তোমার করিতেই হইবে; কারণ ঐ ব্যবস্থার আমার অত্যন্ত প্রয়োজন। অগত্যা বিশ্বকর্ম্মাকে অনিচ্ছায়ও রাজি হইতে হইল। মা মনসা তাহাকে তিন সত্য করাইলেন, "পাইরবে" "পাইরবে," "পাইররে"? বিশ্বকর্ম্মা তিনবারই নতশিরে জবাব দিলেন, "পাইরব," "পাইরব"—উদ্বেগ-আশঙ্কিতচিত্তে জনান্তিকে বলিলেন' "পাইরলে হয়।"

(৪) "সেই রথাই রয়"

একটি ছেলে "ক" বলিতে পারিত না। সে 'ক' কে বলিত র। এই নিয়া তাহার বিদ্যারম্ভে গোলযোগ বাধিল। আদ্যক্ষরেই আট্‌কাইয়া গেল এবং আত্মীয় স্বজনের হিংস্র এবং অহিংস্র সমস্ত সংশোধন চেষ্টাকে ব্যর্থ করিয়া বালক 'ক' কে 'র' বলিয়াই চলিল। ঘরের চেষ্টার ব্যর্থতায় হতাশ হইয়া বালককে স্কুলে ভর্ত্তি করিয়া দেওয়াই আত্মীয় স্বজনের মত হইল। ভরসা—গুরু মহাশয়েরা যদি বা অসাধ্য সাধন করিতে পারেন। বালক স্কুলে যাওয়ার প্রস্তাবে অত্যন্ত উৎসাহিত হইল। সে বোধহয় মনে করিল যে হয়ত এবারে সে 'ক'য়ের অত্যাচার হইতে রেহাই পাইল। তাহাকে সাজাইয়া গুছাইয়া স্কুলে পাঠান হইল। দ্বিতীয় দিন স্কুলের বেলা হইয়াছে। বালক তাহার খেলাধূলা নিয়াই ব্যস্ত—স্কুলে যাওয়ার কোন উৎসাহই আজ আর তাহাতে দেখা গেল না। মা জিজ্ঞাসা করিলেন,"কি রে খোকন!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্কুলে যাবি না ?" ছেলে উত্তর দিল—আর যাব না—ওরাও সেই কথাই কয় অর্থাৎ সেই এক কথা—"ক ক-ই" করে।

(৫) "মানুষ আন্দাজে"

এক নব-বিবাহিত যুবকের এতকাল মায়ের হাতের রান্না যাহা অমৃতময় বলিয়া বোধ হইত সেই রান্নাতে অত্যন্ত অরুচি আসিয়াছে। রোজই রান্নার ব্যর্থতা নিয়া মাকে অনেক কথা শুনিতে হইত। শেষ পর্য্যন্ত মা রোগ বুঝিয়া উপযুক্ত ব্যবস্থা করিলেন। বালিকা নববধূকেই একদিন রান্নার ভার দিলেন। ছেলে আহারে বসিয়াছে। মা নিকটেই উপবিষ্টা। বাটি হইতে থালায় ডাল ঢালিয়াই যুবক রাগে হুঙ্কার দিয়া বলিল, 'এ-ও নাকি মানুষে খেতে পারে ? এ যে একেবারে কাঁচা !' পাক হইয়াছে ছোলার ডাল। ডালের জ্যান্ত চেহারা দেখিয়াই সে রান্নার গুণাগুণ বুঝিয়া লইয়াছে।

সুস্থিরচিত্তে মা বলিলেন, 'বাপু, সহিয়া লইতেই হইবে। বউ ছোট্ট মানুষ। সবে তার রান্না সুরু হইয়াছে। ক্রমে শিখে নিবে। এমন অস্থির হইলে চলিবে কেন ?"

যুবকের রাগ আরম্ভ হইয়াছিল রান্নাটাকে মায়ের হাতের কাজ মনে করিয়া। কিন্তু যখন জানা গেল এ কীর্ত্তি বধূর, তখন আচম্বিতে তাহার ক্রোধের উত্তাপ শীতল হইয়া গেল। কিছুকাল—(বোধ হয় বিস্ময়ে ?) চুপ করিয়া থাকিয়া থালার উপরে ছড়ান ডালের দু'চারটা টিপিতে টিপিতে সহাস্যবদনে বলিয়া উঠিল—তা মা যাই বল' "মানুষ আন্দাজে" কিন্তু বেশ সিদ্ধ হইয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi